
<u>Mehiarer</u> রশিনার।

ইতির্ত্ত-মূলক উপাখ্যান।



### কলিকাতা।

কালেজ-কোয়ার ৪ ন ও তবনস্থ " বাঙ্গালা সাথারিক রিপোর্ট যন্ত্রে " জীবারকানাথ রায় কর্তৃক মুদ্রিও।

व्याचिन, ১२१७।

# অভিন্নহাদয় ঐীযুক্ত বাবু দ্বারকানাথ লাহিড়ী অভিন্নহাদয়বরেষ।

### প্রাণ সদশ দারি!

আমি তোমারই ইচ্ছানুসারে এই শ্রম্যাধ্য কার্য্য: ক্ষেত্রে প্রবেশ করিয়াছি, আমি এপথের প্রথম পথিক, অজ্ঞাত-পদ্ম নির্ব্বাচন করিতে যে কি পর্য্যন্ত কণ্ঠ পাই-য়াি তাহাও তুমি বিশেষ ৰূপে অবগত আছু। ামার সাধু-অভিলাষ পূর্ণ করিতে আমি যত্নের ক্রেটি করি নাই, কিন্তু, পাঠক মহোদয়পণ যাহাই বিবেচনা করুন্, তুমি আমার এই বহু-পর্যাটন-ক্ষম "্রশি-নারাকে " কখনই অবহেলা করিতে পারিবে না; একে ্তামার ইচ্ছা, তাহাতে আবার বন্ধু-প্রদত্ত দামগ্রী, ইহা তোমার নিকট আমার ন্যায় চির-সমাদৃত থাকিবে। অতএব হে প্রিয়দর্শন! আমি এই কুদ্র গ্রন্থমালা, কুস্থম-হারের ন্যায় তোমার কঠে অর্পণ করিলাম, আমি নিশ্চয়ই জানি, স্লেহের চক্ষে म लहे मुन्तत (प्रथाय। धकर्ग, धहे शूखक्यानि তোমার চক্ষে যেরূপ পতিত হইল, সেই রূপ সহদঃ
পাঠকব্যুহের নিকট সমাদৃত হইলে আমার সকল শ্রম
সফল বোধ করিব।

এক্ষণে সক্কৃতজ্ঞচিত্তে স্বীকার করিতেছি, যে, শ্রীযুক্ত দারকানাথ রাষ মহাশয় পরিশ্রম স্বীকারপূর্ব্বক এই ্রিহের আদ্যোপাস্ত সংশোধন করিয়া দিয়াছেন।

কোঁড়কদী আশিবন, ১২৭৬। बनग्रजूना **बीकानीकृष्य नारि**फ़ी।

#### ভ্ৰম সংশোধন।

১৮১, ১৮৩ ৪ ১৮৫ পৃষ্ঠার শিরোদেশে যে " সুন্ধ বাদে " পদ আছে, তৎপরিবর্তে পূর্বোক্ত দুই পৃষ্ঠায় " পুত্রবর্তেশ " এবং শেষোক্ত পৃষ্ঠায় " আমখাদে " পদ পাঠ করিতে হইবে।



### প্রথম খণ্ড।

প্রথম পরিচ্ছেদ।

#### शिविमद्धरहे।

প্রায় দুই শত বংসর গত হইল, একদা শীত প্রত্তুর্ন মধ্যক্ষ্ণ কালে কতকণ্ডলি সামন্ত,—কেহ বা পদব্রজে কেহ বা অখপুষ্ঠে কেহ বা ছির্বাহনে এক খানি সুসজ্জীভূত শিবিকা বেন্টন করিয়া আর্যাসর্ভ হইতে দাক্ষিণাত্যে গমন করিতেছিল। দিনমণি প্রচণ্ডমূর্ত্তি বাল্ল করিয়া খারতর-করজাল-বিস্তার-পূর্ব্বক পৃথিবীয় জীবজ্ঞ মুহকে সন্তথ্য করিতে লাগিলেন; তখন পথিকিরা আত্যক্ষণ তাপিত এবং কুংপিপাসায় অত্যন্ত কাতর হইয়া যৎপরে জি কন্ট পাইতে লাগিল; তদ্দর্শনে জনৈক সদ্ভান্ত অখারে লি পুরুষ উচ্চেঃবরে কহিলেন, "প্রতিকাণ! যদি আমরা ক্ষণে আশ্রেহান না লইয়া ক্ষমান্তরে চলিয়া যাই, তাহা ছবল সুর্য্যোত্তাপে এই নির্দ্তন প্রান্তরে আমাদের গ্রামনশক্তি রহিত হইয়া আলিবে; অত্রব সমূথে যে নীল-নীর্ক্ষ্

আশ্রম লওয়া সর্বতোভাবে বিধেয়; পরে সুর্যান্তের কিঞ্ছিৎ
পূর্ব্বে যথন এই সম্ভপ্তা পৃথিবী শীতলমূর্ত্তি ধারণ করিবেন,
তথন যথাস্থানে গমন করিলেই হইবে; অতএব চল, সকলে
পর্বতনিদ্দে ক্ষণকাল বিশ্রাম করি। " ওাঁহার পরামর্শ সকলেরই
মনঃপূত হইল। পরে পথিকেরা ক্রতবেগে পর্বতাভিমুখে গমন
করিতে লাগিল; অতি অপে সময়ের মধ্যে তথায় উপস্থিত
হয়্মী গিরির উপত্যকায় বিশ্রামন্থান নির্দিষ্ট করিয়া প্রভাকরের
অক্তগমন-প্রতীক্ষায় বিলম্ব করিতে লাগিল।

শ্বেমে দিননাথ অস্তাচল-গমনোম্মুথ হইলেন, দেখিয়াশাথিকেরা স্ব যানারোহণে শিবিকা-বেষ্টন প্রঃসর গমন
করিতে লাগিল। কিন্তু, ভাস্কর সম্পূর্ণ অস্তগমন না করিতেই
উদ্ধু শৈলশিথরছায়ার গস্তব্য পথ এককালীন ঘোরতর তমসাবৃত
হইতে লাগিল; কিয়দূর গমন করিতে না করিতেই গোত্র সমুদান্তির বিছেদাং শ অস্ককারাছের হওয়াতে পাস্থেরা আপনাদিগকে
ভীষণ-দুর্লক্ত্য্য-দুর্গবেটিত বন্দীর নায় অবলোকন করিতে
লাগিল। তথন তাহারা অতি সাবধানে চলিতে লাগিল, বিশেযতঃ উম্পান্থিত দিবাগঠিত বিচিত্র-কায়্মকার্য্য-থচিত বসনাবৃত্ত যে শিবিকা ছিল, ত্যাহকেরা পাছে স্থালিতপদ হয়,
এ জন্য সকলে ধীরে ধীরে চলিতেছিল।

এইর্পে তাহারা কিয়দূর গমন করিলে, এমনি একটি সংকীর্ণ ও বন্ধুর পথে উপস্থিত হইল যে, তাহাতে দুই জন মনুষ্যেরও পালাপাদী হইয়া গমন করা সুকঠিন,—ইহার স্থানে স্থানে প্রাজন পাদপ বিশ্বাতি ইইয়া পতিত রহিয়াছে; আবার প্রার দুই

পার্শে বেতস-সতাদারা আবৃত, এবং কোন কোন দ্বানে ঐ সকল
লতা কুজভাব ধারণ পূর্বাক পথকৃদ্ধ করিয়া রহিয়াছে। বাহকেরা
অতি সাবধানে শিবিকা বহিষ্কৃত করিতে জাগিল, আর আর সমভিব্যাহারী সামন্তরণ শিবিকার পশ্চাৎ পশ্চাৎ গমন
করিতে লাগিল।

তাহারা অতি কঠে পথবাহন করিতেছে; ক্রমে র্জনী প্রহরাতীত হইল, এমন সময় কতকগুলি অন্ত্রধারী পুরুষ বীহা-मिशक आक्रमण कतिल, এवर ठिकट्ट नाग्न वादकमितीत হন্ত হইতে সবলে শিবিকা হর্ণ করিয়া ক্রতগমনে প্রাষ্ঠান করিল। বাহকদিগের আর্তনাদে বৃক্ষিবর্গ আকর্যান্তিত হহি: শিবিকারকার্থে ভৈরব নাদে তদভিমুখে প্রধাবিত হইল। ভাহা-দের সমূখবর্ত্তী বীর এক জন আক্রমণকারীর ব্র্যাপ্রে বিশ্ব হইয়া, ঘোরতর চীংকার পূর্বক তৎক্ষণাৎ ভূপতিত হইল। मुमूर्वत ठी कात धानि व्यवन कतिया अन्धावती रेमनावृत्म छरम বিশ্বল হইয়া চিত্রমূর্তিবৎ দুখায়মান বৃহিল। তথন আক্রমণ-কারীদিগের মধ্য হইতে এক জন বীরপুরুষ াদর্পে তীৎকার করিয়া কহিলেন, "যে যেখানে আছ, স্থির হইয়া দভায়মান থাক, আগমনের চেফা করিও না, এক পদ অগুসর হইলে প্রাণ हादाहरत ;- श्वित हरेशा थाक, अप्शक्तार निर्दिश्च भमन করিতে দিব। " কেহই কোন কথা কহিল না, বরৎ পূর্বা-পক্ষা অধিকতর ভীত হইয়া পুত্তলিকাবৎ দণ্ডায়মান থাকিল।

রক্ষীদিগের মুখে কোন উত্তর না পাইয়া সেই ব্যক্তি বিকট-বরে হাস্য করিলেন। হাসিতে হাসিতে কহিলেন, " আবারও বলিডেছি, তোমরা বৃথা আক্রমণের চেন্টা পাইও না, কেন জীবন বিসম্ভর্ন দাও ? ভোমাদের শোণিতে এই পবিত্র স্থান কলস্কিত করিতে ইচ্ছা করি না। "

রক্ষীদিণের মধ্যে এক জন কিঞ্চিৎ সাহসে ভর করিয়া অন্ধকার মধ্যে মৃদুষরে কহিল, " আপনি কে?" আগন্তক উত্তর করিলেন, আমি যে হই, সে কথায় ভোমাদের প্রয়োজন নাই; ভোমরা শীঘু এখান হইতে পলায়ন কর, নতুবা রক্ষা নাই।"

ক্লীদির্গের মধ্য হইতে প্রশন হইল, "জনাব! কথার জাবে বুঝিতেছি, আপনি এক জন বীরপ্রুষ; কোন কথা ক্রিজাসা করিতে ভয় হয়, কিন্তু জিজাসা করিলে বলিবেন কি?"

বীরপুরুষ উত্তর করিলেন, "যদি ভোমাদের নিকট ত্রিলিবার যোগ্য বোধ হয়, তবে না বলিব কেন?" এই কথায় কিছু আখাস পাইয়া রক্ষী কহিল, "জনাব! আমাদের পাল্কী কোথায়?"

বীরপুরুষ ঈষদ্ধাস্য পূর্বক কহিলেন, " শিবিকার কথায় ভোমাদের আবিশ্যক কি? তাহা যথা ইচ্ছা তথায় হউক,— ভোমরা এখান হইতে প্রস্থান কর, নতুবা এখনই মারা যাইবে।"

কাতরম্বরে উত্তর প্রদত্ত হইল, " পাল্কীতে যে তরুণী আছেন, আজিকার সমস্ত দিন তাঁহার একরূপ উপবাসে গিয়াছে, সূতরাৎ তাঁহার অত্যন্ত কট হইতেছে; অতএব তাঁহাকে শীঘু নিরান্দিক ছানে সইয়া ঘাইতে হইবে। বলুন, এ ব্যঙ্গের সময় নয়।"

আক্রমণকারী কহিলেন, " ভোমাদের সহিত ব্যঙ্গ করিব কেন? যে তক্লণীর পরিচয় ভোমরা প্রদান করিলে, ভাঁছাকে কি আমরা জানি না? ভাঁহার যথাযোগ্য সভুদ বা সংকারের বৃটি হইবে না। যদি তিনি পথ-পর্যাটনে অভ্যক্ত কাভর হইয়া থাকেন, তবে আয়াদের এখানে একবার আতিথা বীকার ইকরিলে হানি কি?"

তথন বৃক্ষিণণ অধীর ছইয়া বিলাপ করিতে লাগিল। তাহাদের কাতরোক্তিতে তিনি কর্ণপাতও করিলেন না, বর্ৎ উচৈচ্ছেরে হাস্য করিতে লাগিলেন। তাঁহার হাস্য করেণে এক জন মহারোষে কহিল, "রে দুরাছ্মা দস্য! আমাদে প্রকুল কন্যাকে কোথায় রাশিলি! শীঘু আ্যাক্রিয়া দে, নচেৎ এখনই ইহার প্রতিফল দিতেছি।"

ভাষার বাক্য শেষ হইজে, আক্রমণকারী বীরপ্রুষ কর্ষিই উণুভাবে কহিলেন, "ছাগীর কণ্ঠজাত স্তনের ন্যায় ভোমাদের বাক্য কোন কার্য্যকর নছে। ভোমাদিগকে এখনও সংগ্রোমশ দিভেছি, শীমু প্রস্থান কর; নত্বা এই আমার হক্ত আবি ভিযোচন করিতে অগুনর হইতেছে।"

বীরপ্রথের যে কথা দেই কাল। এ কথার মুর্কা র্কিপ্র না বুঝিত এমন ময়। তাহাদের মধ্যে এক জন বিনয়নমুবচনে কহিল, "জনাব্! আমাদের কেন প্রাণে মারেন? ঐ কল্যাটির জন্য আমরা সকলে মারা যাইব; এত গুলি নর্হত্যা হইবে, মোপনি কি ইহা পাপ বলিয়া জ্ঞান করেন না। আমাদিগকে রক্ষা করেন; জগদাখর আপনাকে অবস্টাই এই সংকর্মের প্রভার দিবেন! বীরের্ড এরুপ রীতি নয়, য়ে, শর্ণাপ্তত্ত্ব প্রভারার করেন, অভএব আমরা আপনার শর্ণার্টী "ভোষাদের মিষ্ট কথায় আমি ভুলি না। যাক্, সে কথায় আর কান্ধ কি? ভবে-ভোষাদের প্রভুর নিকট এইমাত্র কহিও, যে, তিনি যাহাকে দসুত্র বলিয়া অবজ্ঞা করেন, অদ্য ভাহার প্রিয়তমা কন্যা সেই দসুত্র হত্তে নিপতিতা হইয়াছেন।" এই বলিয়া তিনি শতুসন্থি হইতে অন্তর্হিত হইলেন।

# দ্বিতীয় পরিচ্ছেদ।

#### পৰ্বত-তলে

রক্ষিবর্গ বাঁহার সহিত বাক্বিতথা করিতেছিল, তাঁহার আর কোন উত্তর না পাইয়া বিবেচনা করিল, যে, তিনি আর তথায় নাই। তথন তাহারা মহাচিত্রাসাগরে মগ্ন হইল। তাহাদের মনে এটি দৃঢ় বিখাস ছিল যে, ছতি-মিনতিতে বশ করিয়া, আক্রমণকারীর নিকট হইতে তরুণীকে উদ্ধার করিবে; কিন্ত দুরা-শার দশবর্ত্তী হইয়াযে পর্যান্ত তাহারা বীরপ্রুম্বের সহিত কথোপ-কথনে ছিল, সে পর্যান্ত তাহাদের তত দুঃখানুত্ব করিতে হয় নাই। এক্ষণে বীরপ্রুম্বেরও কোন উত্তর নাই, সুররাৎ তাহারাও ভরুণীর প্রায়শদর্শনের আশা ভরুসা পরিত্যাগ করিল। কেবল ভরুণীর আশাও নহে, দেই সঙ্গে আপনাদের প্রাণের আশাও পরিত্যাগ করিল। তাহাদের দুঃথের আর ইয়তা নাই, বেমন প্রাণাধিক পুজের বিয়োগে পিতা রোদন করেন, ভরুণীর জন্য ভাহার। তভোধিক বিলাপ করিতে লাগিল। বিলাপ না করিবে কেন? সম্ভানবিয়োগে জনকজননী শোকসম্ভাপে দগ্ধ হয়েন বটে, কিন্ত ভাঁহাদের প্রাণের কোন আশঙ্কা নাই; রমণীর জন্য ভাঙ্গা > দের প্রাণের সমূহ আশঙ্কা,—ছাত্কের কুঠারে নিশ্চরই প্রাণ বিনক্ট হইবে। অভএব, প্রাণ বাঁচাইবার উপায় নির্ভারণ করা আবশ্যক হইয়া উঠিল।

বিলাপকারী সামন্তদিগের মধ্যে এক জন অপেকাকৃত পুছির হইয়া কহিল, "কেন আর ক্রন্দন কর ভাই সকল? সরণে রোদনে ফল কি? একণে বিবেচনা কর, সকলেরই প্রাণ্ডিছার নত, প্রাণরক্ষার উপায় উদ্ভাবন করা আবশ্যক হইতেছে, ক্রিয়ে হয়, প্রাণ হইতে প্রাথনীয় বন্ধ পৃথিবীতে আর কিছুই নাই। এক্ষণে কিনে প্রাণরক্ষা পায়, তাহার উপায় কর।"

ভাহাদের মধ্য হইতে আর এক জন কহিল, দুর্মি যথার্থ কথা কহিয়াছ ভাই। আমাদের প্রভূ যেরূপ নিচুর, ভাহাতে কি কোন আপত্তি শুনিবেন? এ সংবাদ শুনিবামার তিনি আমাদের প্রাণবিনাশ করিবেন। "

অন্য আর এক জন হতাখাস হইয়া কহিল, "তোমরা কেন আর অলীক জণ্পনায় প্রবৃত্ত হইয়াছ? এবার প্রাণ কি আর বাঁচিবে? ঐ শুন, সিংহ, ব্যাখু প্রভৃতি জন্তগণ হোক্-নাদে বিচরণ করিয়া ফিরিডেছে; অণুে উহাদের গ্রাস হইতে আপনাদিগকে রক্ষা কর, পরে অন্য উপায় করিও। আরও বিলি, দস্যুগণের অসাধ্য কর্ম নাই, তাহারা একবার পাল্কী হরণ করিয়া লইয়াছে, আবার সকলে জুটিয়া আমাদিগকে এক-বারে বিনাশ করিয়া হাইবে, তাহার আর সন্দেহ নাই।" প্রথম ব্যক্তি কহিল, "ভাই রে! সিংহ ব্যাদুে খাইবে, ছাকাইতে মারিবে, তাহাতে দুঃখের বিষয় কি? সেত আমাজ্রে প্রার্থনীয়। কেননা, এ কাল নিশীথে ভাহারা যদি অনুপুঁহ করিয়া আমাদের জীবন-ধ্বংস করে, ভবেত মানটা রক্ষা পায়; কিন্তু প্রভূর নিকট এই দুর্ঘটনার বার্তা প্রদান করিলে তিনি অধু প্রাণবধ করিয়া ক্ষান্ত হইবেন না, নানাক্রপ অপমান করিয়া জীবনান্ত, ধরিবেন। অপমানের সহিত মৃত্যু অপেক্ষা এ মৃত্যুক্সহসু প্রণে ভাল।"

্লিপুর এক জন কছিল, "ও সকল কথা রেখে দাও ভাই भूतका ! आमि यादा विन, यनि मत्नामक दश, करव कादा है कत । " बेरे कथाय मनामा यम कहिएड क्रिंटे बूंडि कहिल ना। अक জন কহিল, " তুমি কি করিতে পরামর্শ দাও?" দে কছিল, "যদি আর্ত্তিকার রাত্তি কোন মতে নির্বিল্পে প্রভাত করিতে পারি, তবে কল্য শাহজাদীর অনুসন্ধান করা যাইবে। বোধ হয়, এখান হইতে দস্যুদিগের আবাসন্থান অধিক দূর নঃ হইতে পারে। তাহারা আমাদের সহিত যুদ্ধে কথনই সমর্থ हहेरव मा ; यमि कालि डाहारमत अनुमन्तान भाहे, उः रशक्राभहे হউক, তাহাদের নিপাত করিয়া শাহলাদীর উদ্ধার করিব ' " 🛦 ভাছাদের মধ্যে প্রধান ব্যক্তি কছিল, " ৪ সকল বুথা কথায় মামার সমতি দিতে ইচ্ছা করে না। কেননা, শাহ-नामीटक रुत्र कतिया ममूर्या कथनहै निकटि दाटश नाहै, तम মনুসন্ধান কেবল বৃথা পণ্ডশ্রম মাত্র। এক্ষণে প্রভূর নিকট ক বলিয়া উপস্থিত হইব, তাহারই পরামর্শ কর।" এ কথার छत रक्टरे कहिल ना। नकरलरे नीत्रव रहेशा द्रहिल।

অনেক ক্ষণ পরে সেই ব্যক্তি আবার কহিল, " আমরা এ ঘোর বিপদে কথনুই পড়িতাম না; এই কাফের হিন্দুবেহারা-গণই ইহার মূল কারণ হইয়াছিল।"

ইহা শুনিয়া বাহকণণ রোদন করিতে করিতে কহিল, "জনাব্! দাসেরা কি অপরাধ করিল?"

সে কিছু উণুভাবে কহিল, "মর্ কাফের! ভোদের দোষে এ বিপদ ঘটিল না? আমরা কি এ দেশের পুথ ঘাট জানি? তোরা সর্কাদা এদেশে গমনাগমন করিয়া থাকিস;—নিশ্সুই সেই ডাকাইতের সহিত তোদের মিল ছিল, তোরাই আমাদিগকৈ বিপথগামী করিয়াছিলি, তাহারত আর সন্দেহ নাই!"

এই স্বার্থপর সৈনিকদিগের কথায় বাহকণণ যে কি পর্যান্ত ভীত হইল, তাহা বর্ণনা করা যায় না। ক্ষণকাল পরে বাহকণণ ক্রোধভরে কহিল, "আচ্ছা, আমাদের যদি ক্ষমতা থাকে, তবে আমরা নির্দোষ হইতে পারিব।" সে ইহা শুনিয়া কহিল,—

। " প্রভুর নিকট তোরা কি কহিবি?"

ক্ষাৰ কৰি কৰি কৰিব ৷ "

করিতে অনুমতি করিল। আজাকার্কার হিন্দু বাহকদিগকে বন্ধন করিলে, সকলে তথা হইতে নিজ্জুা হইয়া দক্ষিণাভিমুখে প্রস্থান করিল।

### তৃতীয় পরিচ্ছেদ।

#### শিবির-সন্নিকটে।

রক্ষিণণ-পরিদেটিতা শিবিকারোহিণী তরুণীর পরিচয় জানিতে পাঠক মহাশ্রের কৌতৃহল জন্মিয়া থাকিবে। পরন্ত, আমরা যে, সময়ের বর্ণনায় প্রবৃত্ত হইরাছি, তথন ব্রীলোকদিগের অন্তঃ-পূর হইতে বহির্গত হইবার প্রথা এককালে রহিত হইয়াছিল। যাহা হউক, এক্ষণে কে তাঁহাকে হরণ করিল? তত্ব্রান্ত পশ্রুথ জানিতে পারিবেন, তবে এইমাত্র প্রকাশ্য যে, তরুণীটি সমাটি সাজাহানের পৌল্রী, কুমার আরাঞ্জেবের কন্যা। তিনি পিতা-মহের জন্মোৎসব সন্দর্শন করিয়া পিতার উদ্দেশে মাদুরা গমন করিতেছিলেন। যথন দাক্ষিণাত্যের সেনানী-পদে আরাঞ্জেব নিযুক্ত ছিলেন, তথন তাঁহার পরিবার তথায় ছিলেন। কুমার আরাঞ্জেব সদৈন্য কেন যে তথায় অবস্থান করিতেছিলেন, তাহা বোধ হয়, প্রায় সকলই জ্ঞাত থাকিবেন; তত্ত্ত্তান্ত প্রকাশ করা এক্টেল আথ্যায়িকার উদ্দেশ্য নহে।

শ্রারা-শ্বের কন্যার আগমনের বিলম্ব দেখিয়া অত্যন্ত উদিগ্ন ছইলেন। তিনি তাঁহার দিল্লী হইতে যাত্রার সংবাদ অগ্রেই প্রাপ্ত হইরাছিলেন। দিল্লী এবং মাদুরা গমনাগমনে যে সময় লাগে, তাহা অতিবাহিত হইল, তথাচ কন্যার সংবাদ নাই। কন্যার উদ্দেশে দৃতপ্রেরণ করিলেন। সর্বাদাই উদ্বিশ্বে কাল-যাপন করেন; আহার, বিহার, রাজকার্য্য-পর্য্যালোচনা পর্যাস্ত

একরূপ বন্ধ হইল; মায়ার এরূপ মোহিনী শক্তিই বটে! সম্ভানর জন্য পিতামাতার মন এত উতলা না হইবে কেন?

যে দিন সামস্তদিগের মধ্য হইতে দস্যুগণ শিবিকা হরণ করে, তাহার প্রায় এক মাস পরে, আরাঞ্জেব পটমণ্ডপে দরবারে বসিয়াছন, চতুর্দিকে পারিষদ, মুন্সবদার প্রভৃতি ওম্রাহগণ স্ব স্ব কর্মে নিযুক্ত আছেন; বছসংখ্যক লোক নিজ নিজ ইপ্সিড সাধনে গমনাগমন করিতেছে। এক জন সিপাহী কুমারের সক্ষ্থে আগমন করিয়া অবনত-শিরে কহিল,——

" দিল্লীখরের জয় হউক।"

আরাঞ্জেব তাহার প্রতি দৃষ্টিপাত করিলে সে কহিল, "জাহাপনা! শাহজাদীর সঙ্গে যে সকল রক্ষী ছিল, তাহারা অসিয়াছে, কিন্তু তাহাদের সঙ্গে পালকী নাই।"

এই কথা শ্রবণ করিয়া আরাজের অত্যন্ত বিশ্বয়াপয় ইইয়া কহিলেন, " কি, পাল্কী নাই? তাহাদের ডাকত।"

সিপাহী দেলাম করিয়া চলিয়া গেল। তিনি করলগু-কপোলে চিন্তা করিতে লাগিলেন। "রক্ষিণণ ফিরিয়া
আসিল, রশিনারা কোথায়! তাহাকে কি দিল্লীতে রাখিয়া
আসিল গৈতাহারত তথায় থাকিবার কথা ছিল না, আর সে
যে দিল্লী হইতে এখীনে আগমন জন্য যাত্রা করিয়াছে, তাহাত
পূর্বেই শ্বনিয়াছি? দ্বারবান্ কি অলীক কহিল? না পথে
কোন পীড়া হইয়া তাহার মৃত্যু"—— মৃত্যু! এই সাৎঘাতিক
কথাটি ক্ষরণ হইবা মাত্র তাঁহার হৃৎকম্প ইইতে লাগিল।
পূথিবী শুন্য দেখিতে লাগিলেন, চক্ষুং হইতে অজসু বাষ্পবারি
বিগলিত হইতে লাগিল। সম্বানবৎসল জনকজননীর ক্লাহে

অপত্য-রেহ কি প্রগাঢ় রূপে অন্ধিত বৃহিয়াছে! আরাঞ্চেবের মনে কভ অচিন্তনীয় ভাবনার উদয় হইতে লাগিল, ভ্রক্তমেও যাহা কথন ছদয়ে স্থান দান করেন নাই, এরপ কত শত চিন্তা আসিয়া তাঁহার ছদয়ক্ষেত্র আক্রমণ করিল; কন্যার মৃত্যু স্থির कुष्पता कृतिशा निःणस्य द्रापत कृतिए वाशित्वत, नग्ननज्ञत्व বক্ষের পরিচ্ছেদ পুলাবিত হইয়া গেল, মন্তিক্ চঞ্চল হইল, চক্ষে অন্ধকার দেখিতে লাগিলেন; তথন তিনি উপাধানে পৃষ্ঠ স্থাপন कतिया निःम्भारकत् नाय दृष्टिलन। ऋगकाल भरद मीर्घ निःम्बाम পরিত্যান পূর্বক গাত্রোত্থান করিয়া রুমাল দ্বারা চক্ষের জল মুছিতে মুছিতে আবার চিম্বা করিতে লাগিলেন, "বোধ হয় ভাছার হরু হয় নাই, যদি পীড়া হইয়া পথে তাহার মৃত্যু হইড, তবে - ফ্রণণ অবশাই আমাকে সংবাদ দিত; তাহা हरेल ीविकार वा ना जानित्व किन ना, तम प्रात् नार ! তবে কি পথে কোন শবৃহত্তে পড়িয়াছে? হিন্দুস্থানে আমার শব্দু ৯ এমন শব্দু কে ? তবে কি পথে কোন ডাকাইতের সর্দার ? " বলিতে বলিতে আরাঞ্জেবের চক্ষু: লোহিত বর্ণ হইল, জ্বুগল আকৃঞ্চিত হইয়া উঠিল, অধরোষ্ঠ কাঁপিতে লাগিল। ক্রোধের আতিশয্যে আর কিছু চিন্তা আদিল না; রক্ষীদিগের আগমন প্রতীক্ষায় সমূখে দৃষ্টি করিয়া রহিলেন।

ক্ষণকাল পরে দৌবারিক আসিয়া অভিবাদন করিয়া কহিল, ক্ষাহাপনা! রক্ষিণণ ছারে দণ্ডায়মান; কি আজা হয়?" আয়াঞ্জেব কহিলেন, "তাহাদের সমুখে আনয়ন কর।"

্রেরারিক আজামাত্র তাহাদের লইয়া আসিল। তিনি ক্রিক্স্ "তোরা রশিনারাকে কোথায় রাখিয়া আসিলি?" রক্ষিণণ যথাবিধি অভিবাদন করিয়া নভশিরে দঙায়মান থাকিল। তাহাদের মধ্যে যে ব্যক্তি নিরপরাধ বাহকদিগকে বন্ধন করিয়াছিল, সে কর্যোড়ে কহিল, " জাঁছাপনা, বলিভে শক্ষা হয়, কিন্তু যদি———

তাহাকে আর কিছু বলিতে না দিয়া আরা ক্ষেব অত্যস্ত বাগু হইয়া কহিলেন, "তোদের ভাব দেখিয়া আমার মন অত্যস্ত উৎক্তিত হইতেছে,—শীঘু বল্ রশিনারা কোথায়?"

मिर याकि कहिल, " श्राय अक माम शृंख हरेल. माम्बर्स শাহজাদীকে লইয়া সহ্য পর্বতের নিকট দিয়া আসিতেছিছ-হিন্দু বেহারাগণ কোন্ এক দস্যুর সহিত মিল করিয়া, আমাদে বিপথগামী করিয়াছিল; সেই দিন রাত্রে ছোরতর জ্বাঞ্চ भारता आभारतत् अरशका मनवरन त्याके, अकान के कार् हो। आमारमत आक्रमण कतिल, (हरकत जल किली। ফেল্লিডে) জনাব! দে কথা বলিতে নফরের—" পরে চক্ষের জল মুছিয়া কহিল, কাফের ডাকাইতগণ বেহারাদের 🛶 📽 হইতে পালকী সমেত শাহজাদীকে হরণ করিয়া প্রস্থান করিল। আমরাও তদুক্ষার্থে অগুসর হইলাম, কিন্তু অন্ধকারের মধ্যে তাহারা কোন দিকে গেল, তাহার কিছুই সম্ভান পাইলাম না। কিন্তু তাহাদের গমন সময়, এক জন কহিয়া গেল, যে, "রক্ষিণণ, ভোমাদের প্রভুর নিকট কহিও, যে, ভিনি যাহাকে দৃস্য বলিয়া ঘূণা করেন, আজি তাঁহার প্রিয়তমা कन्गा त्मरे ममुश्रद्ध निপण्डिंग इरेलन्।" अरे दिना दस्म द्यामन कतिए नाशिन।

আরাঝেবের শেষ কম্পনাই সতা!

তিনি এই কথা শুনিবামাত্র মহাক্রোধানলে জবলিয়া উঠিলেন'; কপোল যুগল ঈষৎ রক্তান্ত হুইল, চকুঃ প্রদীপ্ত হুইয়া
নে অগ্নিক্ষালি উচ্চারণ করিতে লাগিল, নাসারস্কু,
শির্কিতায়তন হুইয়া বিকম্পিত হুইতে লাগিল, দম্ভদারা অধ্বর
দশন করিতে লাগিলেন, প্রভাকর-কর্মপার্শী জলধি-জলবং,
দাবানল সদৃশা, প্রচণ্ড-ছতাশন-জবালাবং, কঠোর দৃষ্টিতে
বাছকদিগের প্রতি চাহিয়া রহিলেন। তাঁহার সেই কুপিত
ব্রুগ্নি ত্লা ভীষণ মূর্তি সন্দর্শন করিয়া বাহকগণ ভয়ে অখণ্য
ব নায় কাঁপিতে লাগিল, কন্দীদিগেরও ভয়ে প্রাণ ওষ্ঠা-

র ন্যায় ক্যাপতে লাগেল, রক্ষাদেগেরও ভয়ে প্রাণ ওড়া্রাহকগণ সবস্তন-হস্ত উচ্চ করিয়া রোদন করিতে করিতে
ক্রিড্র

লা দাং দাদেরা কোন অপরাধ করে নাই;

স্থান সমুদা মিথ্যা বলিলেন। দস্যুগণ আমাদের নিকট
হইতে পাল্কী হরণ করিয়াছে, দে কথা মিথ্যা নহে; কিন্ত,
রা কথন যুদ্ধ করিতে জানি না, ইঁহারাও শাহজাদীর
উদ্ধার করিতে কিছুমাত্র যতন করেন নাই। এক্ষণে প্রাণ বাঁচাইবার জন্য এই হিন্দু হতভাগাদের বাঁধিয়া আনিয়াছেন।
আমরা বাদশাহের নফর, নিরাপরাধ, আমাদের প্রাণে
মারিবেন না।"

আরা ধ্রেব ক্রোধ গন্তীর ঘরে কহিলেন, " আমি আর কিছু শুনিতে চাহি না।" অনস্তর উচৈতঃ ঘরে " জলাদ, জলাদ" বলিয়া চীৎকার করিয়া উঠিলেন। আহ্বানমাত্র চারি পাঁচ ন ঘাতক আসিয়া উপস্থিত হইলে, তিনি কহিলেন, " এই কানের বাহকদিগের সহিত রক্ষীদিগকে বধ কর।"

কতকণ্ডলি শিপাহী রক্ষীদিগকে বন্ধন করিতে লাগিল। পরে ভাহাদিগকে বধ্যভূমিতে লইয়া গেল। আরাঞ্চেবের বেগম, বেগমের পরিচারিকা, রশিনারার সহচরী, সকলের কর্ণে এই সংবাদ গেল; অন্তঃপুর তান্ধু-মধ্যে মহারবে রোদন-ধ্রনি উঠিল।

## চতুর্থ পরিচ্ছেদ।

#### ব্যথিতান্তরে।

এদিকে শিবিকাপহারিগণ সেই নিশীথকারে
পথ উত্তীর্ণ হইয়া একটি পর্বতীয় দুর্গ-সমীপে नी
উক্ত দুর্গ পর্বতের উপরিভাগে সংস্থাপিত ছিল,
বার যে একটি প্রপ্ত উপায় ছিল, তাহার সন্ধান দুর্গন্ধী
এবং কতিপয় বিশ্বাসী সেনানী ব্যতীত অন্য আরু কেইছ
জানিত না। সুতরাং তাহারা সচরাচর যে পথ অবলঘন
করিয়া দুর্গে যাতায়াত করিত, তথায় উপস্থিত হইয়া অপরের
অবোধগম্য একটি সক্ষেতধনি করিবামাত্র, উপর হইতে সুক্র
রজ্জু-সংযোজিত কয়েকটি হিন্দোলক অবতারিত হইল। ভ্রুমন,
তাহাদের মধ্য হইতে এক জন সমুচিত সন্মান সহকারে কহিল,
"শাহজাদি! নিজ শিবিকা পরিতাগ করিয়া এই দোলাকের ছিল,
কর্মন।" রশিনারা কি করেন, অগতা তাহাদের ক্রিড়া
সেই দোলায়ন্তে উপবিকটা হইলেন। অতি অপ্পক্ষণের প্রি

**তিনি শুন্মার্গে উ**থিত হইয়া দুর্গদ্বারে উপনীতা হইলেন। **এইরুপে আর** আর সকলে তথায় উপস্থিত হইয়া দুর্গে প্রবেশ করিলে দ্বার রুদ্ধ হইল।

রশিনারার আগমনের পূর্কেই গিরিদুর্গের একটি গৃহ
সুসজ্জিত এবং পরিচর্যার্থ দাসীগণ সুশিক্ষিত হইয়া তাঁহার
আগমন প্রতীক্ষায় তথায় অবস্থান করিতেছিল। তিনি
তথায় উপস্থিত হইলে, পরিচারিকাদিগের মধ্য হইতে এক জন
বন্ধাঞ্চলি হইয়া কহিল, " ষামিনি! আপনি এখানে পরমসুথে
বাস করুন; যথন যাহা অভিলাষ হয়, আমাদিগকে বলিবেন,
খথাসাধ্য আমরা আপনার সেবা করিব; আমরা আপনার
দাসী। ।"

"ৰামিনি!" এই সন্বোধনে রশিনারার মনে মহাজোধ জিঞ্জি। একে আপনার বিপন্ন অবস্থায় যৎপরোনান্তি প্রতিত্যপুক হইয়াছেন, তাহাতে দাসীর মুখে এই অবমাননাসূচক ক্রোধনে মহা জোধান্তিতা হইলেন। রশিনারা কেবল বসিবার উপক্রম করিতেছেন, এমন সময়ে পরিচারিকা তাঁহাকে "ৰামিনি।" বলিয়া অভ্যর্থনা করিল বলিয়া আর বসিতে পারিজেন না। নাসিকার ক্লুর রন্তু, সহন প্রশ্বাস সহকারে স্কীত ও কম্পিত হইতে লাগিল,—কুপিত ভুজনীর ন্যায় নাসাগজ্জন ধ্বনিত হইতে লাগিল, সুকোমল কমল মুখ ঈবদারক হইয়া উঠিল, বিশাল লোচন গোলাক্ত হইয়া দিছ্পিত হইতে লাগিল, সুপ্রশন্ত ললাটতলে শিরা প্রকাশ পাইতে লাগিল, বিচিত্র জমুগলও ঈবৎ বিকম্পিত হইতে লাগিল, বিচিত্র জমুগলও ঈবৎ বিকম্পিত হইতে লাগিল, প্রান্তেশ ইবং বক্ল হইল; এইরপে ক্লোধাবেশে রশিনারা

কাছাকে কিছু না বলিয়া বেণী হ'ইতে পুষ্প উন্মোচন করিয়া ফেলিতে লাগিলেন, এবং দশনদারা অধর দংশন করিতে লাগিলেন।

সেই সক্রোধ-ভাষণ-মূর্তি দর্শন করিয়া দাসীগণ ভয়ে তথা হইতে প্রস্থান করিল। একটি মাত্র পরিচারিকা পলায়ন করিল না, সে অনিমেধ-নয়নে রশিনারার প্রতি চাহিয়া রাষ্ট্রপার তথন যদি তাঁহার বুদ্ধির দ্বিরতা থাকিও, তবে জানিতে পারিতেন, যে পরিচারিকাটি কিরপে বুদ্ধিমতী। অধর-পলবে এবং নয়নপ্রান্তে বুদ্ধির প্রভাব বিরাজ করিতেছিল। চতুরা দাসী ঈষং বিকসিত মুখে ব্যক্তের সহিত কহিল;

" শাহজাদি! একের অপরাধে অন্যের দণ্ড করেন কেন? ভাল আমরাই যেন অপরাধ করিলাম,— সুমধুর রসময় ওষ্ঠাধর, সুদীর্ঘ মনোহর বেণী,— যুবজন সপৃহনীয় বস্ক, ইহাদের দোষ কি?"

রশিনারা এ কথার কোন উত্তর করিলেন না। গুন্থকার কহিতেছেন, " কোধের স্বভাব।"

ক্রোধ ভীষণ-সুর্ত্তি ধারণ করিয়া লোকের অন্তরে কর্তকণ থাকে? ক্রোধাতিশয়ের ক্রমে শমতা হইয়া আসিতেছিল, এমন সময় দাসীর মুখে বাঙ্গ গুনিয়া মুখের গভীরতা দূর হইল। এবং কহিলেন, "তোমার নাম কি?"

দাসী রশিনারার মুখ অপেক্ষাকৃত প্রফুল দেখিয়া মনে মনে ভাবিল, যে, প্রভুর মতানুযায়ী কার্য্যসাধনে তাহাকে বড় একটা কট পাইতে হইবে না। অনন্তর প্রসন্ন হইয়া সহাস্য মুখে ভাঁহার প্রশেনর উত্তর করিল,——

"দাসীর নাম গোলাবী।"

রশিনারা তাহার দিকে চাহিয়া রহিলেন। ক্ষণকাল পরে

• কহিলেন, "গোলাব, তুমি কোন্জাতি?"

গো। "হিন্দুবংশে এ অভাগিনীর জন্মী হই-য়াছে?"

র। " এখনও হিন্দু আছ?"

গো। "আঁছি।"

র। "তবে হিন্দু হইয়া যবনী-পরিচ্ছদ ধারণ করিয়াছ কেন?"

. গো। "প্রভুর ইচ্ছানুসারে।"

র ; "কেন?"

গো। " আপনি মুসলমানী; কি জানি বিধর্মিণীর পরি-চর্যার আপনি যদি অসম্ভক্তী হন, সেই জন্য আমরা যবনী-বেশ ধারণ করিয়াছি।"

র। " তবে ধ্রপ্ত কথা প্রকাশ করিলে কেন?"

র্গো। হাসিয়া কহিল, "ইচ্ছাক্রমে নহে । আপনকার মোহিনী-শক্তিতে এ কথা গোপন করিয়া রাখিতে পারিলাম না বলিয়া প্রকাশ করিলাম।"

এই কথা শুনিয়া রশিনারা ঈষদ্ধাস্যপূর্বক মুখাবনত করিয়া আসন গুহণ করিলেন। অধোবদনে ভাবিলেন, "একি আমার কোন কথার উত্তর করিতে পারিবে না? দেখি-তেছি এটি সামান্য পরিচারিকা নহে, সে কথা প্রকাশ না করিতেও পারে। ভাল জিজাসা করিয়াই বা দেখি না কেন?" প্রস্থাশে কহিলেন,——

" গোলাব; তুমি কি আমার কোন কথার উত্তর করিতে পারিবে না?"

দাসী কিছু বিনিতো হইয়া কহিল, "কি কথা? অনুমতি ইউক।"

র। " আগে স্বীকার কর, যথার্থ বলিবে?"

গো। "এ দাসীকে কেন অপরাধিনী করেন? আপনার নিকট আমি সকল কথাই ব্যক্ত করিতে পারি। কিন্তু এক কথা এই যে, যদি স্বার্থপ্রায়ণার স্বার্থের বিশ্ব না-হয়।"

র। "এ কথায় তোমাদের বার্থের ব্যাঘাত নাই। ভাল, বল দেখি, আমাকে এখানে কে কি অভিপ্রায়ে আনিয়াছৈ?"

গো। মুখাবনত করিয়া কহিল, "শাহজাদি, দাসীর অপ-রাধ লইবেন না। আমি পূর্কেইত বলিয়াছি, আমি স্বার্থপরা-য়ণা,—আমা হইতে এ কথার উত্তর হইবে না।"

ুরশিনারা কিছু ক্ষুমা হইয়া কহিলেন; "তবে এ কথার উত্তর কোথায় পাইব?"

দাসী কহিল, " আমাদের প্রভূ ইহার উত্তর দিবেন। "

ইহাতে রশিনারার মুখ মলিন হইল, তাহার সহিত মনস্তাপের লক্ষণ প্রকটিত হইল, চক্ষে বিশ্ববিশ্ব বারি বিগলিত হইতে লাগিল; নিজ ভবিষ্যৎ চিস্তা করিতে লাগিলেন,—রক্ষিণণ তাঁহাকে হারাইয়া কি করিতেছে? তাঁহাকে উদ্ধার করিতে কি যক্স করিতেছে না? তাঁহার পিতার নিকট কি বলিয়া তাহারা উপস্থিত হইবে? তাহাকের প্রাণিওত বাঁচিবে না! আরাঞ্জেব তাঁহাকে কবে মুক্ত করিত্বেন? বস্তকাল অন্তর্হিত জন্মভূমির মনোমোহিনী শোভা মনোমধ্যে সমুশিত হইল, পিতামাতার স্বেহময়মুর্ক্ত মনে পড়িল, পিতান

মহের ভালবাসার কথা মনে পড়িল, ভ্রাতাদিগকে মানসপটে দিখিতে লাগিলেন, সমবয়স্কা সহচরীদিগের সুকোমুল মধুর কাস্তি কার্বি হইল,—রশিনারা অধােমুখে কাঁদিতে লাগিলেন।

কিরাতগণ অরণ্যে গমন করিয়া শারীস্তক প্রভৃতি বিহঙ্গম ধুত করে; পরে আমোদপ্রিয় ব্যক্তিগণ বিবিধ যতন করিয়া পক্ষীদিগকৈ পিঞ্চরাবন্ধ করিয়া রাখে। রশিনারাও আপনাকে সেই রূপ হেমপি শ্বরাবদ্ধ বিহন্দীর ন্যায় অনুভব করিতে লাগিলেন। বিহঙ্গী পিঞ্বরের মধ্যে যে প্রকারে ঘূরিয়া বৈড়ার, চিম্বা-ব্যাকুলিভান্তকরণে তিনিও সেই রূপ ঘরিতে ,লাগিজেন। যেন তিনি পিড়শিবিরে উপস্থিত হইয়াছেন, ভাঁহার পিতা দিল্লীর এবং পথের কৃশলবার্তা তাঁহাকে জিজ্ঞাসা করি-. তেছেন। আবার যেন বেগম একটি পরিচারিকা তাঁহার নিকট - পাঠাইয়া দিয়াছেন, তিনি তাহার সহিত জননীর ভাষুতে উপস্থিত इंडेलन, এবং जननीत निक्रे मूथ-मृः (थत कथा कड़े कहि-त्मन । अत्त भाजात निक्षे विषाय लहेशा निक निविद्य छलिएनन, ্ সহচরীগ্রণ ভাঁহাকে বেষ্টন করিয়া চলিল। আত্মবিল্পলতা বশতঃ বৈন তিনি ষথার্থই শিবিরে ঘাইতেছেন; এই রূপ অনুভুত ছওয়াতে তিনি যথায় বসিয়াছিলেন, তথা হইতে উঠিলেন। ठाँशांक भगतामाठा प्रिशा भावादी विक, " भावजािम, কোথা যান ? "

রশিনারা তাহার বাক্যের প্রাপ্ত মনোযোগ করিলেন না। স্থারের নিকট উপস্থিত হইলে, দাসী অতি ব্যস্ত হইয়া তাঁহার অঞ্চলপ্রাম্ভ ধারণ করিল। রশিনারা গমনে অশক্তা হইয়া স্থিয়নেত্রে গোলাবার প্রতি চাহিয়া রহিলেন। দাসী অতি সুম- ধুর বরে কহিল, "আপনি এত উতলা হন কেন? স্থির হউন; এখানে——

রশিনারা তাহাকে আর কিছু বলিতে না দিয়! ক্রুদ্ধ হইয়া কহি-লেন, " তুমি আমার গমনে বাধা দিও না, আমি শিবিরে যাই।"

দাসী তাঁহার আত্মবিস্থলতা জানিতে পারিয়া কহিল, "সে জন্য চিন্তা কি! আপনি এখানে কণকাল বিশ্রাম করুন, আমি আপনাকে রাখিয়া আসিতেছি।"

এই বলিয়া গোলাবী তাঁহাকে পূর্বে স্থানে বসাইল। ত্নি অবাক্হইয়া অভিভূতের নায় উপবিন্ধী রহিলেন; তথনও তাঁহার সম্পূর্ণ সংজ্ঞা লাভ হয় নাই, ক্ষিপ্তার নায় কতরূপ কহিতে লাগিল। লেন। মনশ্যঞ্জলা বশতঃ শীতকালে শীতর্মি পর্বতোপরি অবস্থানেও তাঁহার ললাট হইতে স্বেদবিন্দু বিগলিত হইতে লাগিল। রশিনারাকে ঘর্মাক্ত-কলেবরা দেখিয়া গোলাবী তাঁহার লাল লইতে ওড়না খুলিয়া স্বতন্ত্র স্থানে রাখিয়া দিল; একখান ক্ষমাল লইয়া স্বেদজল উত্তমরূপে মুভাইয়া দিল। দাসীর স্বশ্র্যায় তাঁহার শারীরিক যন্ত্রণার হুটা হইল; এবং আত্মবিদ্ধলতাও দূরু হইল। তথন তিনি দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্বক চক্ষে বন্ত্র দিয়া রোদন করিতে লাগিলেন। অনেক ক্ষণ কেইই কোন কথাঁ কহিলেননা; কিছু পরে দাসী কহিল,——

" আপনি কেন রোদন করেন? এখানে আপনার কোন প্রকার, অনিষ্ট হইবার সম্ভাবনা নাই,—এখানে মহাসুখে থাকিবেন।"

রশিনারা ভাহার বাক্যের উত্তর করিলেন না। দাসী আবার কহিল, "বুথা চিম্বা করিয়া কেন শরীর ক্ষয় করেন? দৈব- নির্বন্ধেই হউক, বা অন্য কোন কারণেই হউক, শারীরিক বা মানসিক কোন রূপ কর্ষ্ট উপস্থিত হইলে মুর্থেরাই অইধর্য্য হইয়া পড়ে, কিন্তু বুদ্ধিমানেরা কথন শোক-তাপে অভিভূত হন না। তবে বুদ্ধিমতী হইয়া কেন আপনি অবোধের ন্যায় কর্ম করি-তেছেন?"

রশিনার। মুখোত্তোলন করিয়া দাসীর প্রতি চাহিলেন। গোলাবী দেখিল, তাঁহার অভূপটল-সংবৃতা শশিকলার ন্যায়, শৈবালাবৃতা পঙ্কুজিনীর ন্যায়, সুকোমল মুখ মলিন হইয়াছে, অনর্গল অঞ্চবারি চক্ষে বহিতেছে। রশিনারা সকাতর করণম্বরে ক্রিকিন,——

"গোলাব! পরের অধীন হইয়া থাকিতে কাহার ইচ্ছা করে? আমি বাদশাহের কন্যা,—কি রূপে এরূপ যন্ত্রণা ভোগ করিব?."

এ কথায় পর্দু:খ-কাতরা গোলাবীর চিত্ত গলিয়া গেল।
কিন্তু দু:খ প্রকাশ করিয়া দে কি করিবে? প্রভূর অভিপ্রায়ানুযায়ী কার্য্য করাই ভাষার উদ্দেশ্য। প্রভূত্তপন্নমতি দাসী কাতরভাব এ রূপে গোপন করিল, যে, রশিনারা ভাষার কিছুই জানিতে
পারিলেন না। দে কহিল,——

" আপনি কি পরের অধীন হইয়াছেন?"

র। " হয়েছি বৈ আর কি!"

গোলাবী সময় বুঝিয়া ঈষৎ গর্কিত বচনে কহিল, "বোধ হয়, দিল্লীর মত নহে।"

র। "দিল্লীর মত কি, বুঝাইয়া দাও। গো। "দিল্লীতে যেমন অল্পংপ্র-কারাগারে বন্দীর ন্যায় থাকিতে হয়, এখানে দেরূপ থাকিতে হইবে না; বর্থ ইচ্ছামত ভূমণ করিতে পারিবেন।"

র। (সজোধে) "বাল্যাবধি বন্দীর ন্যায় আছি, যাব-জ্জীবন সেই রূপই থাকিব,—এরূপ স্বাধীন হইতে চাহি

গো। "ভাল, আপনার কথাই বলবং থাকুক; এখান হইতে দিল্লী প্রতিগমন কিরুপে করিবেন?"

র। "আশু কোন উপায় নাই।"

গো। "তবে ভাবেন कि?"

রশিনারা কিঞিৎ ঔদাস্য সহকারে কহিলেন, " গোলাব ! আমাদের সংস্কৃতের অধ্যাপক কহিতেন, জননী জন্মভূমিশ্চ স্বর্গাদিপি গরীয়সী।"

গো। ( হাসিয়া ) ব্রীলোকের ভাগ্যে তাহাতে कि? "

ুর। "কেন্?"

গো। "জন্মভূমি বর্গ তুলা, দেত পুরুষের পক্ষে। জী লোকের বিবাহ হইলেই স্বামীর গৃহে যাইতে হয়; (হার্সিয়া,)জানেনত?"

র। (সদর্পে) "মোগলবংশীর রাজকন্যাগণ ্সে ভয় কথনই করে না।"

গো। " আপনি কেন নিয়মাতিক্রম করিয়া চলুন না; আপনাকে আদর্শ রাখিয়া মোগলবংশীয় কন্যাগণ চলিবেন।"

ইহা শুনিয়া রশিনারা তীক্ষণ্ঠি নিক্ষেপ পূর্বক গোলাবীর মুখ্পানে চাহিয়া রহিলেন; চক্ষের পলক স্নার নাই। ঘন ঘনু শ্বাস বহিতে লাগিল, আবার কপোল্ডয় রক্তিমাবর্ণ হইল, মুখকান্তি আবার গভার হইল, ইবং বিকৃঞ্চিত রক্তান্ত আধরে ছি আবার কাঁপিতে লাগিল, আরক্ত নয়নমুগলে বারিধারা বিগলিত হইতে লাগিল, চক্ষে বন্ত্র দিলেন, আর কোন কথা কহিলেন না। দাসীও নানাপ্রকার সাস্ত্বনা বাক্যে তাঁহাকে প্রবাধ দিতে লাগিল; তাহাতে তাঁহার মন প্রবোধ মানিল না। ক্ষণকাল পরে আর একটি পরিচারিকা আসিয়া কহিল, "আহারীয় প্রস্তুত। " রশিনারা মুখ তুলিলেন না। গোলাবী তথন রশিনারার কোমল করপল্লব স্থকরে ধারণ করিয়া কহিল,

" লাহজাদি! বিপদে না পড়িলে কথনই সুথের আয়াদ পাওয়া যায় না,—চলুন, ভোজন করিয়া আসুন। "

র্শিনারা ক্ষণকাল নীরব। ভাবিলেন, " যত দিন দেছে প্রাণ থাকিবে, তত দিন শারীরিক নিয়ম প্রতিপালন করিতেই হইবে; তবে কেন শ্রীরুকে কফ প্রদান করি?" প্রকাশে কহিলেন, "চল।"

দালী একটা প্রদীপ ধরিয়া অণ্ডে অণ্ডে চলিল; রশিনারা গোলাবীর সহিত তাহার পশ্চাদ্গমন করিতে লাগিলেন। পরে অন্য আর একটি কক্ষায় উপস্থিত হইলেন। তথায় দেখিলেন, বছবিধ খাদ্য সামগ্রী প্রস্তুত রহিয়াছে; ভোজনপাতের নিকট একটি সমুজ্জ্বল প্রদীপ জবলিতেছে এবং বিশবার জন্য একখানি উৎকৃষ্ট আসন স্থাপিত রহিয়াছে। রশিনারা আসন গুহণ করিয়া বিশেষ পর্যাবেক্ষণ করিয়া দেখিলেন, আট্রাই ব্যতীত তংকালজাত অধিকাংশ খাদ্য প্রচুর পরিয়াণে প্রস্তুত। রশিনারা তৎ সমুদায় হইতে কিছু কিছু

ার করিলেন। পরে তথা হইতে পূর্ব্ধ-কথিত গৃহে প্রান্তিগমন
ক দিব্যশহ্যা-মণ্ডিত পল্যক্তে শহন করিয়া সর্ব্ধপনাশিনী নিদ্যাদেবীর উপাসনায় চিত্তকে নিয়োজিত
চলন।

### পঞ্চম পরিচ্ছেদ।

### शितिष्ठर्भ मन्दर्भति।

যামিনী প্রভাত হইল। শ্রমোপজীবী ব্যক্তিগণকে নিজ জে কর্মে প্রবৃত্ত করাইতেই যেন বায়সকুল ব্যাকুল হইয়া । কা ধ্বনি করত তাহাদের নিয়াভঙ্গ করিতে লাগিল; শারীক দধীয়াল প্রভৃতি বিহঙ্গমগণ সুমধুর হরে বিভূপুণগানে নিসমূহের শ্রবণে সুধাবর্ষণ করিতে লাগিল; বলাকানিচয় বল পক্ষ বিস্তারপূর্বক পাদপশাখা হইতে জলাশয়ের প্রতি প্রধাবিত হইল; চক্রবাক্গণ দিবা সমাগম জানিয়া হ হ বির্ইণী প্রেয়সীর উদ্দেশে প্রস্থান করিতে লাগিল; রাশি রাশি চুজ্মটিকা উত্তুল শৈলশৃত্ত সকল ও দিল্লখল ব্যাপৃত ছরিতে লাগিল; জম, লতা, গুলু হইতে শিশিরবিন্দু মন্দ মন্দ ব্যাকিং পতিত হইতে লাগিল; প্রাচীদিভাগ হইতে সুর্যাদেব দেখা দিলেন, ক্রমে তাঁহার রশ্মিজাল ত্রার ভেদ করিয়া পর্বতের ইতন্ততঃ সংলগ্ন হইল; শিশিরসিক্ত প্রশন্ত বৃদ্ধিত সৈই সুর্যাল শিশিরাছ ভূবে অবনত হইয়া সুর্লাজ্যকর্ণ

ব্যক্তিব্যুহের ন্যায় নমুভাবাবলন্ত্বন পূর্বক ঈশ্বপ্রেমে মগ্ন হইয়াই বেন প্রেমাঞ্চপাত করিতে লাগিল; মহীধরের অগ্নিরাশি সদৃশ তেজাময় প্রকাণ্ড প্রকাণ্ড চূড়া ও তুষার-মণ্ডিত ক্রমগণের পত্র-বিটপাদি রক্তাতপ ছারা বিচিত্র বর্ণে বিভূষিত হইল; বিহঙ্গগণের মধুক্ষরিত কুজিতে জগতীতল যেন সন্তোষের অক্ষে উপবিক্ট হইয়া প্রমেশবের মহৈশর্যের ভাব সকল প্রকাশ করিতে লাগ্নিল।

রশিনারা তখন শয়া পরিত্যাগ পূর্ব্বক ঘথাবিধি নিত্য-কর্ম সমাধা করিলেন; এবং উপাসনা শেষ করিয়া বেশগুষা করিলেন। পরে পরিচারিকাদিগকে আন্থান করিয়া দর্গের সকল স্থান দেখিতে গমন করিলেন। পরিচারিকামগুলী পরিবেটিতা হইয়া দুর্গের কক্ষ্যায় কক্ষ্যায় পর্বতীয় ব্যক্তি-গণের বিভব দেখিয়া বেড়াইতে লাগিলেন। দেখিলেন, পর্বত-শিখরে প্রস্তরময় মনোহর পুরী; হর্ম্যা-কলেবরে স্থপতিগণের কারু-নৈপুণ্যের প্রভাব বিরাজ করিতেছে। কোথাও কঞ্চা-সংবঙ্গিত দীর্ঘাকার অসি সকল কক্ষ্যার ভিত্তিতে দোদুল্যমান র্হিয়াছে; কোথাও সুশানিত বর্ষাসকল স্থুপে সুপে সংরক্ষিত রহিয়াছে; কোথাও শিঞ্জোচ্ছাটিত শরাসন, কোথাও শর্নিকর প্রপূরিত ভূণগ্রাম, কোথাও চর্ম্ম, কোথাও বর্ম্ম, বন্দুক, অগপর্যাণ প্রভৃতি যুদ্ধোপকরণ পর্য্যাপ্ত পরিমাণে রহিয়াছে। কক্ষ্যার দ্বারে দারে ভীমপরাক্রম প্রহরিগণ সশস্ত্রে পূররক্ষা করিতেছে। রশি-নারা ভূমণ করিতে করিতে একটি সুসজ্জিত হর্ম্মা-মধ্যে প্রবেশ করিলেন; এবৎ দেখিলেন, তাহার একাৎশে দিব্য শী্যা-মডিত একথানি পল্যক্ত রহিয়াছে, অন্য দিকে বছবিধ कुर

স্করে স্থান জবে সুসজ্জিত রহিয়াছে; তাহার সন্ধিকর্ষে বসিবার ইৎকৃষ্ট আসন এবং হর্ম্যতল পদসপর্শ-সুখজনক গালিচা ছারা আবৃত। অপরিমিত কুসুম, কোথাও স্তুপাকারে, কোথাও স্থাকারে, কোথাও স্থাকারে, কোথাও মালাকারে সুগন্ধ বিস্তার করিয়া শোভা পাইতেছে। স্থানে স্থানে অপ্রকৃচন্দন, মৃগনাভি প্রস্তৃতি সুগন্ধি দুব্য স্থাপাতে ছাপিত রহিয়াছে। হর্গ, রজত, সফাটিক ছিরদরদ-নির্মিত বিবিধ আজ্নাম, আত্রদান, গোলাবপাশ, বিবিধ শিশপ-সম্পাদ্য প্রলিকা, মনোহর শামাদানোপরি নানা বর্গের শেজ,—হর্ম্যসজ্জার কিছুমাত্র অন্বহান নাই। রশিশনারা গৃহের শোভা দেখিয়া, তাঁহার মুখের ভাব কিছু পরিবর্ত হইল। ভাবিলেন, "পরের অনিই করিয়া দুরাল্মা দস্যগণ ভুমণ করে বটে, কিন্তু, সামাজিক নিয়মে ইহাদিগকে অনভিজ্ঞ দেখিতেছি না।" প্রকাশে কহিলেন,—

### , " গোলাব ! এই সকল পুস্তক কাহার ? "

গোলাবী কহিল, "অপরাধ লইবেন না; ইহার কিছুই আমরা জাত নহি, তবে এইমাত্র বলিতে পারি, যে, আমাদের প্রভু আপনার মনোরঞ্জনার্থ এই সকল পৃস্তক সংগুহ করিয়া রাখিয়াছেন।

রশিনারা বুঝিলেন, এই দকল পুস্তুক দুর্গস্থামীর। এজনা কিছু প্রদন্ধ হইলেন। প্রদন্ধ হইলেন কেন? তাহার এই ভাব বোধ হয়, যে, দুর্গ স্থামী কথনই মুর্থ নহে, মুর্থের নিকট কথনই গুছের আদর নাই; সুত্রাৎ পণ্ডিত হইয়া কথনই তাঁহার প্রতি অভদুতা প্রকাশ করিবেন না; এই বুঝিয়া প্রদন্ধ ইলেন। পারে আর কিছু না বলিয়া প্রকের নিকটি, উপবেশন পূর্বক মহাকবি ছাদিক্ত গোলেন্তা নামক একথানি গুদ্ধ লইয়া তাহার সভাব-বিশিষ্ট করেকটি কবিতা পাঠ করিলেন। পরে তাহা পরিতাগ করিয়া সুবিখ্যাত হাফেজ, ফারদুসি প্রভৃতি কবিদিগের কাব্য লইয়া পাঠ করিতে লাগিজের। আবার তাহা ত্যাগ করিয়া অন্যমনন্ধ হইয়া কি ভাবিতে লাগিলেন, ভাবিতে ভাবিতে আর এক খানি গুদ্ধ লইজেন; সেখানি সংস্কৃত গুদ্ধ। রশিনারা মাতৃ এবং সংস্কৃত ভাষায় বিলক্ষণ পণ্ডিতা ছিলেন; সংস্কৃত পাঠ করিতে করিতে ভাষার প্রকাশন মুখকান্তি কিছু গঞ্জীর ছইল; পরে দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিয়া তাহা ছইতে এই কবিতাটি আবৃত্তি করিলেন, যথা—

" সহি গগণবিহারী কলাব্যধ্বংসকারী,
দশশতকরধারী জ্যোতিষাংমধ্যচারী।
বিধুরপি বিধিযোগাৎ গ্রাস্যতে রাহ্মণাসো,
লিখিতমপি ললাটে প্রোজ্ঝিতুং কঃ সমর্থঃ॥"

পঠে সমাপ্ত করিয়া দীর্ঘনিশ্বাস-সহকারে পৃস্তক নিঃক্ষেপ করিলেন। কোমল কর-পল্লব কপোলে বিন্যাস পূর্বক অধোবদনে নয়ন মুদ্রিত করিয়া ভাবিতে লাগিলেন, " তবে কেন বৃথা চিস্কা করি? ললাট-লিপিতে যাহা আছে, তাহা অবশ্যই ঘটিবে, কেহই খণ্ডন করিতে পারিবেন না।" এইরূপ প্রবোধ মনোমধ্যে উদিত হওয়াতে অপেক্ষাকৃত সুস্থির হইলেন। আবার দিল্লীর সুথপ্রাসাদ মনে পড়িয়া, অতি অধৈর্য্য হইয়া উঠিলেন; চক্ষে বক্তপ্রদান করিয়া রোদন করিতে লাগিলেন। চিন্তা ক্ষরগাহী রহলে এক স্থানে বসিয়া থাকিতে ভাল লাগে না;

রশিনারা আসন ত্যাগ করিয়া উঠিলেন; পরিচারিকাগণ উছার দিকে চাহিয়া রহিল। গৃহের যে দিকে পল্যন্ত ছিল, তথায় গিয়া তাহা হইতে এক খান বন্ধ লইয়া আপাদ-মন্তক আচ্ছাদন পূর্বক তাহার উপরি শয়ন করিলেন। যখন দুশ্চিম্ভা লোকের অন্তঃকরণ আক্রমণ করে, তথান প্রাক্তির নিদ্যু সঙ্গে আসিয়া উপস্থিত হন,—রশিনারা ভাবিতে ভাবিতে নিদ্যুত হইলেন। তখন কোথায় বা চিম্ভা আর কোথায় বা সুথ, দুঃখ,—সকলই তাঁহাকে একাকিনী রাখিয়া প্রস্থান করিল।

## যষ্ঠ পরিচ্ছেদ।

#### পর্বতীয় প্রাসাদে।

যথন রশিনারার নিদ্যাভঙ্গ হইল, তথন বেলা প্রহরাতীত হইরাছে। তিনি গাভোত্থান করিয়া উঠিয়া বসিলেন; দেখিলন, তাঁহার শহ্যার পার্শ্বে এক প্রমসুদ্দর যুবাপ্রুষ উপবিষ্ট আছেন; অনিমেষ-নয়নে তাঁহার প্রতি চাহিয়া রহিলেন। বাধ হইল, যুবকের বয়স্ সপ্তবিংশতি বংসরের নূান হইবে না; শরীর ঈষং দীর্ঘ, মুখ্মগুলে বুদ্ধির প্রাথ্য্য এবং বীরভাব প্রকাশ পাইতছে। আর শরীরের অবয়ব, সুপ্রশন্ত বহুঃ ঈষং স্কাত; ললাটদেশ ঈষং প্রশন্ত ভাবে কি অপুর্ব জীদপাদন করিতেছে; সুল দার্ঘ বাছ্যুগল,

বিশাল গুটা, সুকোমল মুখকান্তি, নাসিকা ঈষদোয়ত, দীর্ঘায়ত আরক্ত পদ্দাচকুঃ; মন্তকে উদ্ধীয়, তদুপরি অর্কপ্রভা সদৃশ এক খণ্ড হীরক জবলিতেছে। মনোজ গৌরাঙ্গ যোদ্ধার পরি-ছেদে আছাদিত, কটিতটন্থ কটিবদ্ধে বিবিধ কারুকার্যাবিশিষ্ট ক্ষেন্স-বলিত পিধানাবৃত অসি দুলিতেছে; হন্তে একটি ক্ষুমন্তবক শোভা পাইতেছে। এই অদ্যুপ্র যুবককে দর্শন করিয়া রশিনার; ভীত ও কম্পান্থিত-কলেবরা হইলেন। রশিনারার শরীর কাঁপিল কেন? যুবতা ললনা প্রথম পুক্ষ দর্শনে এইরপই কাঁপিয়া থাকেন।

রশিনারার চকুং যত ক্ষণ যুবাপ্রুষের প্রতি ছিল, সেপর্যান্ত তিনি অধোবদনে কি ভাবিতেছিলেন। যথন তাঁহার দৃষ্টি তরুণীর প্রতি পড়িল, তথন তিনি সচকিত হইয়া উঠিলেন এবং তরুণীর অসামান্য রূপলাবণ্য দেখিয়া নিস্পান্দের ন্যায় রহিলেন। এরূপ রূপবতী কামিনী আর কথন দেখিয়াছেন কি না, তাহা তিনি বুঝিয়া উঠিতে পারিলেন না। নিমেষশুন্য সোচবে তিনি তাঁহার অপূর্ক-সৌন্দর্য-শোভা দেখিতে সাগিলেন।

তরণীর বয়স্ বিংশতি বংসর; কেবলমাত্র যৌবনমন্দিরের প্রথম সোপানে পদার্পণ করিয়াছেন,—নবযৌবন-ভরে সতত ব্রীড়াসফুচিত। লজ্জাবতী লতিকার ন্যায় মনোজ কান্তি স্পর্শমাত্র বিকৃষ্ণিত হইয়া পড়ে। নবশরদের মেঘ ঈষৎ বায়্ ডাড়িত হইয়া যেমন চঞ্চলগতি ধারণ করে, নবযৌবনভরে এই রূপবতী কামিনীও সেইরূপ চঞ্চলা হইলেন। তরুণীর শরীর সাধ্যমাকৃতি,—ক্ষীণাকৃত্রি; ক্ষীণকলেবরাই বটে, কিন্তু এ ক্ষীণাঙ্গের

্ সর্ব্বত্র সুগোল, আর সুললিত। সুক্ষা-কার্য়কার্য্যে কেশবিন্যাস, সেই কেশ স্থলবেণীসম্বন্ধ, মুক্রাহার এবং কুসুমদামে গুথিত, বেণীর অণুভাগ হেমভূষায় সুসজ্জিত, যেন মণিবিশিষ্টা কাল-क्वी शृष्ठत्मत्मत अज्ञात उत्रत मिशा मुनिट इ ; - मर्मनशादा • যুবজন-ছদয়ে তীক্ষ বিষদন্ত দংশন করে। প্রফুল পদ্দক্রেরের তুল্য বর্ণ। সুপ্রশন্ত অথচ সুগোল ললাটদেশ, শার-দীয় চন্দ্রের ন্যায় উজ্জ্বল ও অতি রমণীয়, ুদে ললাট অনশ্বমূর্ত্তি-প্রকাশক। ললাট-লন্বিত জ্ঞাযুগল, যেন চিত্র-করের তুলিকাদারা সুচিত্রিত, পরসপর সংযুক্ত নহে, কামের কার্মাকের ন্যায় বক্র, আকর্ণ পর্যান্ত অন্ধিত, উভয় জ সূচাগুরং কর্ণযুগলের সহিত মিশিতে মিশিতে স্থগিত হই-রাছে। তরিদেন দীর্ঘায়ত চকুঃ বিস্ফারিত ও অনির্বাচনীয় চটুলতা ও মাধ্য্য-প্রকাশক; নয়নবর্ণ নবনীলোৎপল-দল তুল্য; চক্ষুংপল্লবে সুবন্ধভঙ্গী। সুক্ষা চিকুর-জালে পক্ষ-শোভা, দে পদ্মরাজি মধ্যে মধ্যে প্রতিভাত হইতেছে; যেন দৃশ্য পদার্থ দর্শন জন্য প্রান্তিযুক্ত নয়ন-ভারাকে নয়নপলব ব্যজন ১করি-তেছে। আর চক্ষের জ্যোতিঃ অতিশয় উজ্জ্বল; সে উজ্জ্বল নয়নের কটাক্ষ সমধিক কোমল, নলিনী যেমন কোমল, সেই রূপ কোমল। কিন্তু দোষ-গুণ ছাড়া বস্কু নাই, স্লিপ্টোজ্জল কর-বিশিষ্ট বিধুকলারও কলক্ক আছে, সুকোমল কমলের मृगात्लक कण्ठेक आष्ट,— य विश्वां कमल अवर मृष्णा, সুগন্ধ, সুকোমল গোলাব পুষ্পের বৃত্তে কণ্টকের সৃষ্টি করি-য়ाছেন, বোধ হয়, দেই নিদারুণ বিধাতা আবার এই স্থির, বিশ্ব, গম্ভীর কটাক্ষে কালকুট-কণা সংস্থাপিত করিয়া সময়ে

मगरत मर्भाएक कर्तात विधान करिया नियाएकन। उक्नीत অপাঙ্গে জ্যোতির্ময় সুমধ্র কটাক্ষ, সময়-গতিকে খট্টাসীন युवरकत् चनरत् कृत्रस्त्र वियमरखत् नाग्न मर्भन कतिल। নাসিকা সুগঠিত, শুক্চঞ্ছু বা তিলপৃষ্প তুল্য ; সে নাসা সেই ভূবন-মোহনু দুখের অপুর্ব শোভা বিকাশ করিতেছিল। তরিদেন গোলারী অধর, ঈষং বিকৃঞ্জিত, রসপূর্ণ; প্রফুল পঙ্কজে रंग मध्, এ द्वन मध् नरह ; मध्करत्त्र मध्करत्व रंग मध् निष्कि, এ তাহাও নহে; যে অভূতপূর্ব্ব পদার্থ দর্শনে বিনা উপদেশে মনে তাহার মাধুর্য্যের উদয় হয়,—কথন কখন বা রসাবেশে মন অধৈর্য হয়, এ সেইরূপ মধুর্সে প্রপূরিত রহিয়াছে। মুকুা-বিনি দিত দন্ত, সে দন্তের মধুর হাস্য,—পাঠক মহাশয় বুঝিতে পারিবেন এ হাদ্যের কিরুপ শক্তি! যে শক্তি-প্রভাবে পরপীড়ন নিবন্ধন অ,তি জাগরিত হয়, দে শক্তির কথা কহিতেছি না; যে মনোহর বন্ধ একবার দেখিয়া আমরণ পর্যান্ত বিশৃত হওুয়া ষায় না, আমি এছক্ষণ তাহারই বর্ণন করিতেছিলাম। স্মৃতিপটে যে মধুর ক্রাস্যের কোমলতা এবং মধুরতাদি গুণের ভাব চির-চিত্রিত থাকে, আমি ভাহারই কথা বলিতেছি। আর কপোল যুগল, সুপরু আমু ফল বা অমৃত ফলোপম; নবনীতের ন্যায় কোমল विभल विकाশ कतिएउए । जैयर मीर्घ जैयर चूल तर्छन থাচিত সুকোমল বাহুযুগল; তদ্গুভাগে মৃদুর্ক্তাভ কোমল কর-পল্লব, তাহাতে মনোহর অঙ্গুলি গুলি কতিপয় অঙ্গুরীয় ছারা বিভূষিত রহিয়াছে। নবরবি উদিত হইলে দুর্বাদলোপরি শিশির-বিন্দু ঘেমন নানাবর্ণে রঞ্জিত দেখা যায়, রশিনারার অভিনব লার্বশ্যের প্রতিভাতেই যেন কঠিন প্রস্তরগুলি প্রতিভাত

হইতেছে। মুখঞ্জীতে অনির্ব্ধচনীয় বুদ্ধির প্রভাব, নমুতা, কোম-লুতা, মধ্রতা এবং মনোহারিতা প্রণের বিশেষ পরিচয় দিতেছে।

শরীরের সর্বত্ত বদন ভূষণে মণ্ডিত। যেখানে যাহা ধরে, তাহার কিছুরই অসদ্ভাব নাই। পিবরোন্নত বহুঃ কাঁচলি ভূষিত। পেশওয়াজ, ওড়না পায়জামা ছারা কমনীয় কলেবর স্পাক্ষানিত। সূক্ষা-কারুকার্য্য-সম্পন্ন ওড়নার তল হইতে, সুবর্গ মুক্রা হীরকাদি অমূল্য রক্তের চাক্চিক্য বহিষ্কৃত হইতেছে। যেন বিমল সর্নী-সলিলে শশিকরবিশিষ্ট প্রভূত নক্ষত্রমালা বিভূষিত নীলাম্বর প্রতিবিশ্ব ধারণ করিয়া কুমুদিনী শোভা পাইতেছে। যুবক স্থিরদৃষ্টিতে দেই ভূবনমোহিনী রমণীর যৌবন-শোভা দেখিতে লাগিলেন। যে সৎকম্প করিয়া তর্কণীকে হরণ করিয়াছেন, ওাঁহার রূপ দেখিয়া তাহা ভূলিয়া গেলেন।

্রশিনারা, যুবককে চক্ষুর পলকহীন দেখিয়া লজ্জায় অধো-বদনে ঘূরিয়া বসিলেন। রশিনারাকে অধোমুখী দেখিয়া যুবক দীর্ঘনিশাস পরিত্যাগ করিয়া মৃদুমদদ স্থরে কহিলেন, " সুন্দরি! অধোমুখে কেন?"

রশিনারা এ কথার উত্তর করিলেন না। কেবল বিন্মু-বদনে অঙ্গুলি দারা বসনাপুর সূত্র ছিঁড়িতে লাগিলেন।

গোলাবী সহসা বলিয়া উঠিল, "মহারাজ! আপনি কি জানেন না, বিধাতা লজ্জা দ্বারা রমণী-দেহের সৃষ্টি করিয়াছেন।" যুবক কহিলেন, "না গোলাব, শুদ্ধ লজ্জাও নহে; আরও

গোলাবী কহিল, " অনুমতি হউক। "

কিছু আছে।"

যুবক ঈষদ্ধাস্য-সহ কহিলেন, " বিধাতা যেন কি ভাবিয়া রমণী-চক্ষে ভূজঙ্গ বিষের ন্যায় কালকুটেরও সৃষ্টি করিয়াছেন। "

গোলাবী। "মহারাজ! এ কথার তাৎপর্য্য কি?"

যুবক আবার মধুর হাস্য করিয়া কহিলেন, "দেখ না, এই র্মণীয় বিদ্যুদাম তুল্য তুর কটাক্ষে আমার হৃদয়-মধ্যে বিষদ্ধিকীর্ণ হইয়াছে?" অনন্তর, রশিনারার প্রতি কহিলেন, "কেন আর আমার প্রাণ বধ কর? সুন্দরি! কথা কও লক্ষ্যা কি?

্র্যুবক অনেক যতন করিয়াও রশিনারার মুখ উঠাইতে পারি-লেন না। অগত্যা তিনিও অধোমুখে রহিলেন।

জ্ঞানেক হল পরে তরুণীর কণ্ঠষর ন্তনা গেল। তিনি মনে মনে কি কথা কহিতেছিলেন; হঠাৎ তাঁহার মুখ হইতে একটি প্রশন হইল। যুবকের কর্ণে সুমধ্র ব্যরে এইরূপ প্রশন প্রবেশ করিল।

" মহাশর! আমার কোন কথার উত্তর করিতে পারেন?"
নীবীনার কর্কবিনির্গত সেই মধ্র-ধ্বনি, যেন গায়কের সঙ্গীতনৈপ্ণাের সংরাব সদৃশ যুবকের কর্ণে প্রবেশ করিল;
ভাহার ছদয়ে, কর্ণে, রোমাবলি মধ্যে, ধমনী পর্যান্ত এ
সুমধুর ধ্বনি প্রধাবিত হইল। তথন তাঁহার নিমেষশূন্য লোচনের আর একবার পলক ফিরিল। সহর্ষ মুখে উত্তর করিলেন,
"কি প্রশ্ন? বল, উত্তর করিয়া চরিতার্থ হই।"

রশিনারা যুবকের পরিজ্ঞদাদি দেখিরাই বুঝিয়াছিলেন, যে, ভিনিই দুর্গন্বামী। তথাপি জিজাসা করিলেন, "এ সুন্দর পুরীর অধিকাঁরী কে?"

যুবক কৈটিলেন, "ঈশবেজ্ছার আমিই এ দুর্গের অধি-পতি।"

র। " আপনার নাম কি শুনিতে পাই না?"

যু। " আমার নাম শিবজী।"

র। "পিতার মুখে শুনিজে পাই শিবজী ডাকাইতের সরদার। আপনি কি সেই শিবজী?"

শি। "হাঁ সুন্দরি! আমি সেই দস্যই বটে।"

রশিনারা সগর্কে কহিলেন, "তুমি কিরপ ধাতুর লোক?", রশিনারার তিরস্ভারে শিবজী মুখাবনত করিয়া মৃদুস্থরে কহিলেন, "কেন?"

রশিনারা আবার দেইরূপ ভাবে কহিলেন, " আগে ভাবিয়াছিলাম, তৃমি উমত্ত হইয়াছ; এখন দেখিতেছি তৃমি, তাহাও নও,—আপন বুঝ পাগলেও বুঝে।"

শী। "কেন? পাগল কেন মনে ভাবিতেছ?"

র। "তুমি যে আপন হৃংপিও আপনি ছেদন করি-য়াছ, তাহা কি এখনও বুঝিতে পার নাই?"

শি। "দে कि?"

র। " আরে আবোধ আমাকে হরণ করিয়াছ, এই অপরাধে তুমি সমূলে নফ হইবে।"

শিবজী গর্কিত বচনে কহিলেন, " এমন বীর কে?"

র। "মোগল সমুটি।"

শি। "যোগল সমুটি? (হাসিয়া) তিনি যে আমার ভয়ে আহার নিদু। পরিত্যাগ করিয়াছেন, তাহাত তুমি জান না।" র। "দে যাহা হউক, তুমি আমাকে কেন হরণ করিলে?"
শি। "বিশেষ প্রয়োজন সাধনে——

তাঁহার বাক্যাবদান না হইতেই রশিনারা গম্ভীর স্বরে কছিলেন, " কি প্রয়োজন?" শিবজী ঈষদ্ধাস্য করিয়া কছিলেন, "বাদশাহের বন্ধ হইব বড় ইচ্ছা হইয়াছে।"

এই কথা শ্রবণ মাত্র রশিনারার সুদীর্ঘ নয়নযুগল ক্রোধে আরক্ত বর্ণ হইল, অধর-পল্লবে তিরস্কার করণাভিলাষের চিহ্ন প্রকটিত হইল, নাসাপুট কাঁপিতে লাগিল, অনিল-বিলোড়িত নলিনীর ন্যায় স্থদয় উৎকম্পিত হইতে লাগিল, সুকোমল মুখকান্তি একেবারে বিবর্ণ হইল। সদর্পে কহিলেন,———

"তৈমরলঙ্গ বংশীয় রাজকন্যা হইয়া এখন কি দস্যুর গৃহিণী হইব?"

শিবজীও গর্কবিক্ষারিত বচনে কহিলেন, "ক্ষতিই বা কি? তৈমরলক প্রভৃতি মহা মহা বীরগণ যেরপে বীর্যা প্রকাশ করিয়া, রাজ্যপ্রতিষ্ঠা করিয়া গিয়াছেন, সেই রূপ তাঁহাদের কংশাপেক্ষা অত্ল স্বাধীন বীর্যাশালী রাজার সহিত বন্ধুতা সংস্থাপনে ক্ষতিই বা কি?"

রশিনারা আর কোন কথা কহিলেন না। ক্ষণকাল পরে
শিবজী হাস্যবিক্সিত বদনে, "সুন্দরি, আমি কখনই
দস্যুনইি; আমি এই মহারাস্ট্রের স্বাধীন রাজা। যাহা হউক,
আপনি এখানে প্রায় সকল বিষয়েই হাধীন ভাবে থাকিবেন;
কেবল এই দুর্গতাার করিতে পারিবেন না। আমি সময়ে
সময়ে আসিয়া আপনার সহিত সাক্ষাৎ করিয়া নয়ন-প্রাণ
চরিতার্থ করিব। এক্ষণে বিদায় লইলাম।"

শিবজী ইহা বলিয়া তথা হইতে চলিয়া গেলেন। পরে রাশিনারাও দাসীসঙ্গে কক্ষাস্তরে গমন করিয়া স্থান-ভোজনাদি কার্যো ব্যাপূতা হইলেন।

## সপ্তম পরিচ্ছেদ।

#### রাজ্য-বিস্তারে।

রশিনারাকে উদ্ধার করিতে আরাজের বাগু হইলেন। কিন্তু আনেক যভেনও শতুর গতিবিধির অনুসন্ধান পাইলেন না। পরে অসঙ্খ্য দৈন্য-সামন্ত-সমতিব্যাহারে মহারাষ্ট্রীয় দুর্গ আক্রমণ করিতে দৃদৃদ্দকলপ হইলেন। দৈন্য-সজ্জা হইতে আরম্ভ হইল । যে দিন যুদ্ধে যাত্রা করিবেন, তাহার অব্যবহিত পূর্বেই একটি বিশেষ প্রয়োজনীয় সন্ধান পাইলেন; দে সংবাদে আরাজের সদৈন্যে দিল্লীতে যাইতে বাধ্য হইলেন। তুখন দাক্ষিণাত্যের সুবাদার শাইস্ভা খাঁর প্রতি কন্যা উদ্ধারের ভারাপণ করিয়া কহিলেন, "আমি কোন বিশেষ কার্য্যাধনে দিল্লী যাইতেছি, তোমার নিকট যে অপ্পমাত্র দৈন্য থাকিল, যদি কৌশলে ইহার হারা রশিনারাকে উদ্ধার করিতে পার, তাহা হইলেন তোমাকে বিশেষ পুরস্কার দিব। অনুক্ষণ শতুর ছিদ্যানুসন্ধানে থাকিবে। আমি ছতাশন-মুখে পতজের ন্যায় তোমাদিগকে যাইতে অনুমতি করিতেছি না, তোমার সাহায্যার্থ রাজ্ঞা জয়সিংহ এবং দেলের খাঁ দেনানীছয়কে যত শীক্র পারি,

পাঠাইয়া দিব; তাত্মা বলিয়া আলস্যে কাল কাটাইও না।
ফলতঃ যে দেনানী আমার কন্যার উদ্ধার করিতে এবং দস্যুকে
ধরিয়া দিতে পারিবে, সেই আমার একান্ত প্রিয়পাত্র হইবে। "
এই বলিয়া আরাঞ্জেব অভি ব্যস্ত হইয়া বহুল দৈন্য সামস্ত
সমভিব্যাহারে দিলার অভিমুখে প্রস্থান করিলেন। শাইস্তা খাঁও
আপনার স্থাপমাত্র ক্লাবল সহ পূনার সন্ধিকর্ষে শিবির সংস্থাপান পূর্বাক সুক্রের উদ্যোগে থাকিয়া দেনাপতিদ্বয়ের আগমনের
প্রতীক্ষায় রহিলেন। আমরাও এই অবকাশে মহাবীর শিবজীর
জীবনচরিত সংক্ষেপে বর্গন করিতে প্রবৃত্ত হইলাম।

যুশ্ন সুবর্গ-মণি-মাণিক্যাদি-প্রসূতা ভারত-রাজ্যলিপ্সু হইয়া হিমান্টলের উত্তর ভাগ হইতে মোগলেরা সদর্পে দিল্লীর রাজধানী আক্রমণ করেন, তথন বাদশীহ ইবাহীমলদী অসংখ্য দৈন্য সমন্তিব্যাহারে সেই আক্রমণের প্রতিরোধ করেন। কিন্তু বহু বিস্তীর্ণ ভারতবর্ষ কথনও একের অধীনে থাকিবার নহে। তৎকালীন দিলীর বাদশাহ ইব্রাহিমলদী কতিপর উৎকট নিয়মের অনুসূবণ করিয়া আপামর সাধারণের অসন্তর্ফির কারণ হইয়া ইঠিলেন; ভাঁহার পাঞ্জাব প্রদেশীয় মহাবির্যাশালী সেনানী দৌলত খাঁ শত্রপক্ষের সহায় হইয়া দিলীতে পাঠানবংশীয় রাজনাগণের প্রভূত্ব নিঃশেষ করিলেন।.

মহাবলপরাক্রান্ত মোগলেরা যুদ্ধে দিন দিন পাঠানদিগের নিস্তেজ করিতে লাগিলেন বটে, কিন্তু বহুকাল পর্যান্ত তাঁহাদের স্বাধীনতা দাক্ষিণাত্যে বিরাজ করিতেছিল।

পাঠান জুপালদিগের রাজপাট বিজয়পুর তথনও সর্বাৎশে শর্কর-কবলিত হয় নাই। যথন ইব্রাহিম আদিলশাহ বিজয়পুরের সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন, তথন শাহজী নামধেয় জানৈক সদ্ধান্ত মহারাষ্ট্রীয় বীর পুরুষ তাঁহার সেনানী-দিগের মধ্যে এক জন প্রধান বলিয়া গণ্য ছিলেন। শাহজী কালক্রমে স্থীয় গুণে ধন, মান, যশঃ সঞ্চয় করিয়া অদেশের মধ্যে প্রাধান্য সংস্থাপন করেন। তিনি দুই সংসার করেন, তত্মধ্যে জ্যেষ্ঠা ভার্যা জিজী বাঈয়ের গর্ভে তাঁহার দুই পুত্র হয়, প্রথম পুত্রের নাম শাহজী, দিতীয় পুত্রের নাম শিবজ্মী।

শিবজীর জন্মের প্রায় দশ বংদরের পরে সপরিবারে শাহজী বিজয়পুরে গমন করেন। কিন্তু, সপুজনিবিবার্দ্দর্মধানেই বিশেষ প্রচলিত আছে; জিজী বাই মুপুজনীর সহিত বিবাদ, করিরা কনিষ্ঠ পুল শিবজীকে লইয়া পিজালারে গমন করিলেন। তথায় নিম্যাল্কর নামক কোন সভ্যান্ত ব্যক্তির কন্যা শুহুই বাইরের সহিত শিবজীর বিবাহ হইলে পর, জিজী বাই পুল এবং পুলুবধূ লইয়া পূণা নগরে বাস করিতে লাগিলেন। জ্যেষ্ঠা জী আপনাকে স্থামিসুথে বঞ্চিতা করিয়াছেন বলিয়া শাহজী তাঁহাদের কথা একেবারে ভুলিয়া যান নাই; তাঁহারা পূণায় বাস করিতেছেন শুনিয়া শাহজী আপন জাইগীর এবং জী, পুল ও পুলুবধূর ভক্তাবধান জন্য দাদাজী কোণ দেও নামক এক জন সুবিজ্ঞ ব্রাহ্মণকে নিযুক্ত করিয়া পাচাইয়া দিলেন। দাদাজীর দক্ষতা গুণে অপে দিনের মধ্যে পূণাক যাবতীয় অধিবাসী শিবজীর প্রখান সহচর হইল।

পূণা প্রদেশীয় বলিষ্ঠ ব্যক্তিগণ এবং শাহজীর অখেটানিকগণ লইয়া শিবজী সৃগয়াচ্ছলে সহ্য পর্বতের যাবতীয় দরী ও ঘর্ষর বিশেষক্রপে পরিজ্ঞাত হইলেন। এই সময় শিবজীর বর্মন ষোড়শ বংসর মাত্র। কথিত আছে, তিনি তাঁহার অধীনস্থ দৈনিকগণ লইয়া কন্ধল দেশ ভয়করক্সপে অবলন্ধন করেন। যাহা হউক, তিনি ক্রমে ক্রমে অস্ত্রশস্ত্রাদিতে সুশিক্ষিত হইয়া নিজের বিভব বর্জন এবং স্থাদেশের স্থাধীনতা সম্পাদন করিতে যতন পাইতে লাগিলেন।

যথন দাক্ষিণাত্যে মোগল পাঠানের মধ্যে ঘোরতর সমরানল প্রাক্তবিত হয়, তথন শিবজী কথন বা মোগলের স্থপক্ষতা কথন বা পাঠানের সহায়তা করিয়া দ্বীয় দলবল বৃদ্ধি করেন। যথন দেখিলেন, তিনি আত্মরক্ষায় নিতান্ত অসমর্থ নহেন, তথন মহারাষ্ট্রীয়া গিরিদুর্গ গুলি, তাহার রক্ষীদিগকে পরান্ত করিয়া আত্মসথি এবং কালক্রমে কন্তলের সমুদার উত্তর ভাগ অধিকার করিয়ান্সিলেন।

বিজয় পুরের বাদশাহ, শিবজীর দমনের জন্য অত্যন্ত যতন পাইতে লাগিলেন; কিন্তু, কোন ক্রমে কৃতকার্য্য হইতে পারিলেন না। শিবজীকে আয়ন্ত করার মানসে তাঁহার পিতা শাহজীকে কারাবদী করিলেন। এই মহাবিপদ শ্রবণ মাত্র তিনি সমুটি সাজাহানের শরণাপন্ন হইলেন। যে পর্যান্ত শাহজী বন্ধন-দশা হইতে বিমুক্ত না হইয়াছিলেন, সে পর্যান্ত শিবজী কোনরপ অত্যাচারে প্রবৃত্ত হন নাই। মোগল সমাটের অনুগুহে যেই তাঁহার পিতা মুক্তি লাভ করিলেন, শিবজীও অমনি পূণার সমগু দক্ষিণাৎশ এবং পর্বতীয় দুর্গ গুলি অধিকার করিলেন। বিজয়প্রের বাদশাহ শত্রবিজত দেশ পুনরুদ্ধারের মানসে প্রথমে অনেক উপায় অবলম্বন করিলেন; কিন্তু কিছুতেই শিবজীকে আয়ন্ত করিতে না পারিয়া পরে মহা-

পরাক্রমশালী আফ্জুল খাঁকে প্রেরণ করেন। আফ্জুল খাঁ শিবজীকে আয়ত্ত করা দূরে থাকুক, তিনি শিবজীর সুকৌশলময় চাতরে পড়িয়া সদৈন্যে নিধন প্রাপ্ত হইলেন। তথন বিজয়-প্রপতি নিতান্ত হীনদশায় পতিত হইয়াছিলেন, তিনি আগত্যা শিবজীর ইচ্ছানুসারে সন্ধি করিলেন, সেই সন্ধির নিরমানুসারে শিবজী পূণা এবং কন্ধলের সমুদায় ভূভাগের অবিতীয় অধীশ্বর হইয়া বসিলেন।

মাওল উপত্যকানিবাসী মাওলীগণ শিবজীর প্রধান সহচর ছিল। এতদ্বাতীত, বর্গী, সিলিদার, হিতকরী এবং ফাসু নামধের সমরপ্রিয় ব্যক্তিগণ অপ্নারোহী, পদাতি, এবং প্রণিধি, হইয়া শিবজীর সৈন্যদলভুক ছিল। যে সকল দূরারোহ পর্কতে অজা, সরীসৃপ প্রভৃতি জন্তগণের গমনাগমন করা অসাধা, সেই সকল বন্ধুর স্থানে শিবজীর সৈন্যগণ অনায়াসে গতিবিধি করিত। তিনি এই সকল পরিশ্রমী, দুংখসহিক্ষু, সাহসী এবং রণপণ্ডিত ব্যক্তিদিগের সাহায্যে মহামহা বিপদ্দাগর উত্তীপ হইয়া স্থদেশের প্রসম্পাদন এবং দুর্দান্ত য্বনদিগের দস্ত

অতঃপর, কি সূত্র মোগলদিগের দেশ সকল অধিকার করিবেন, তাহার উপায় উদ্ভাবন করিতে লাগিলেন। শিবজীব গ্রপ্তচরেরা মোগলদিগের গতিবিধির অনুসন্ধানে প্রবৃত্ত হইল, ঘটনাক্রমে রশিনারা সেই সময় দিল্লী হইতে মাদুরা ঘাইতেছিলেন, চরমুথে পর্বতের উপত্যকায় রশিনারার আগমনবার্তা দিনিয়া মহারাষ্ট্রপতি তাঁহাকে হরণ করিয়া আনিলেন। তিনি এই মনঃছ করিয়া আরাজেরের কন্যাকে হরণ করিলেন, যে, ক্ন্যার

উদ্ধারের জন্য মোগল সমুটি অবশাই তাঁহার মনোমত কার্য্য করিবেন, তাহার অণুমাত্রও সন্দেহ নাই। এক্ষণেরশিনারার অপূর্ব্ব রূপরাশি দর্শন করিয়া একেবারে বিমোহিত হইলেন। যেমন এদিকে মোগল রাজ্য লইয়া দিল্লীতে আত্মবিগুহ উপদ্বিত হইল, তেমনি সময় পাইয়া শিবজী আপনার রাজ্য বিস্তৃত করিতে এবং আরাজ্বের কন্যার প্রণয়ভাজন হইতে যক্তন পাইতে লাগিলেন দ কালে তাঁহার ইচ্ছা কি পর্যান্ত পূর্ণিত হইয়াছিল, তাহা আমরা ক্রমে ক্রমে পাঠক মহাশয়কে জানাইতেছি।

# অফ্টম পরিচ্ছেদ।

#### ছঃস্বপ্নে।

রশিনারাকে হরণ করিয়া মহারাষ্ট্রপতি যেখানে রাখিয়াছিলেন, তথায় মনুষ্য-সমাগম আছে, সহজে এরপ অনুভূত হয়
না। মহারাষ্ট্রের উত্তর সীমা শাতপুরা পর্বত; ইহার উত্তর দক্ষিণে
বিভ্ত হইয়া সভাক্ষি শৈলমালা বিরাজ করিতেছে; এই পর্বতের
পূর্বভাগ অভিশয় ঢালু এবং প্রকাণ্ড প্রকাণ্ড বৃক্ষ ও ওলালভাদি
ছারা নিবিত্ বনাকীর্ণ; পশ্চিম কটক অভ্যন্ত দুর্গম, পূর্ব
কটকের ন্যায় ইহাও ঘোরারণ্যে আচ্ছাদিত, এই সহ্যাদ্রির
শিথর-দেশে বহুসংখ্যক দুর্গ নির্মিত ছিল। এই সমুদায়
দুর্গমধ্যহ রায়গড় সমধ্যক প্রসিদ্ধ; শিবজী রায়গড়ে বাস করিভেন এবছাতীত মহারাষ্ট্রপতির শাসনাধীন যে সমুদায় দুর্গ

ছিল, তাহার সহিত আমাদের কোন সংসুব নাই। যাহা হউক, শত্রুগণ পর্বভীয় দুর্গ দুর্গম বলিয়া আক্রমণের চেফা হইতে এককালে নিরাশ হইত। এতাদৃশ স্থানে রশিনারাকে আনয়ন করিয়া শিবজী বিপক্ষের আক্রমণ বিষয়ে এককালে শক্ষাবিহীন হইয়াছিলেন।

গিরিদুর্গের প্রায় সমুদায় অট্টালিকার চত্র্দিকেই পুঞ্চোদ্যান শোভিত ছিল। রশিনারা গোলাবীর সহিত কথন বা কুসুম কাননে, কথন বা পর্মতের অধিত্যকায়, কথন না দুর্গন্থ মনোহর প্রীর মধ্যে ভুমণ করিয়া নয়ন তৃপ্ত করিতেন। শিবজীর সহিত প্রতাহই তাঁহার সাক্ষাৎ হইত; মহারাষ্ট্রবাজের প্রতি তাঁহার যে আন্তরিক ঘৃণা ছিল, তাহা ক্রমে দূর হইল; শিবজীর সহবাসে রশিনারার প্রবৃত্তি পর্যন্ত পরিবর্তিত ইল। শিবজী যেমন সহাস্যমুখে তাঁহার সন্তোম সাধনে যতন পাইতেন, তিনি তজ্ঞপ সন্তোমের চিক্ত মুখে দেখাইতেন না। কিন্তু, অন্ধান্ন নদী যেমন সাগরোদ্দেশে গমন করে, রশিনারাও সেই রূপ শিবজীর প্রতি অনুরাণিণী হইলেন; কেন যে রশিনারা তাহা গুপ্ত করিয়া রাখিতেন, তাহা তিনিই বলিতে পারেন।

এক দিন রশিনার। পূর্বপরিচিত পৃস্তকালয়ের মধ্যে পৃস্তক পাঠ করিতেছেন, গোলাবী একডান-মনে তাহা স্থানিতেছে। গৃহের বাতায়ন প্রলি উদ্বাটিত, সুমন্দ গন্ধবহ পৃত্তের ছাণ বহন করিয়া দৌরভে গৃহ ব্যাপ্ত করিতেছে, সুরভি দুব্যে মাজ্জিত বসনের সুগল্ভে গৃহ মোহিত করিতেছে। রশিনারা ক্ষণকাল পাঠ ক্ষান্ত রাখিয়া কহিলেন,——

<sup>&</sup>quot; গোলাব, মনে সুধাহয় না কেন? "

গোলাবী, ঈষদ্বিক্সিত মুখে কহিল, "সেত আপনার ইচ্ছাধীন;—আপনিই তাহা সম্পাদন করিতে পারেন।"

র। (ক্ষিত বদনে) "তাও ত বটে। ভাল তাহাতেই বা সুথ কি ।" এই কথা রশিনারা কিছু নৈরাশ্রোর সহিত কহি-লেন।

গো। "শাহজাদি! এত কুক্ক হন কেন?"

্র। " ফুর নই। তবে যে জীব মাতেই কালের অধীন এই দঃঋ!"

গো। : " এ কথার অর্থ কি ? বুঝাইয়া বলুন। "

র। "দীর্ঘনিখাস পরিতাগ করিয়া ক**হিলেন,** "আষার কপালে সুখ নাই।"

🖖 রো। " সুখ নাই ? কি প্রকারে জানিলেন ?"

"শুন" বলিয়া রশিনারা তার দৃষ্টিতে দাসীর প্রতি চাহিলেন; সহাস্য মুথ কিছু গদ্ধীর হইল। হস্ত হইতে পুস্কক
নিক্ষেপ করিয়া অতি দুঃথের সহিত গদগদ শ্বরে কহিলেন,
"শুন্ধগোলাব, সে সকল কথা ভোমাকে বলিতেছি।" অতঃপর
তিনি প্রায় রোদনোশ্মুখী হইয়া কহিতে লাগিলেন, "গত রাতে
প্রগাঢ় নিদ্বায় এক অভুত স্থপ্প দেখিয়াছি, আমার পিতামহ
রুপু-শ্যায় হততেতনে রহিয়াছেন ৷ তাঁহার আসন্ধ কাল উপশ্বিত দেখিয়া পিতৃত্য পিতা রাজ্যলিপ্র্ হইয়া আপনা আপনি
ঘোরতর যুক্ক আরম্ভ করিয়াছেন; অবশেষে দৈবানুক্লো পিতা
ঘেন পিতৃত্যদিগকে সবংশে দিনাশ করিয়া দিলার সিংহাসনে
উপবিষ্ট হইয়াছেন। ইতাগ্রেই পিতামহ কালের করাল-গ্রাস
হইতে, অব্যাহতি পাইয়াছেন। তথন তৃক্ষ পার্থিব দুখ্যমাহে

মুগ্ধ হইয়া পিতা যেন এই বৃদ্ধ কালে তাঁহাকে ভীষণ কারাগৃহে বৃদ্ধ করিয়া নিষ্কণ্টকে হিন্দুস্থান রাজ্য শাসন করিতেছেন। এইরূপ দুঃস্থপ্প দেখিতেছি, ইতিমধ্যে যেন একটি সূর্য্য সদৃশ তেজন্বী পুরুষ আমার শযার পাশ্বে দণ্ডায়মান হইয়া মহাদন্তে, কহিলেন, হতভাগিনি! তোর আরু নিস্তার নাই, সাজাহানের দশা তোর ঘটিবে!" অনন্তর নিদ্ধা ভঙ্গ হইল। এই রূপ স্থপ বৃত্তান্ত সমাপ্ত করিয়া রশিনারা নিঃশন্দে রোল্ন করিছে লাগিলেন।

ছপ্পের কথা প্রবণ করিয়া গোলাবী শীহরিয়া উঠিল। অনেক হৃণ উভয়েই নীরবে থাকিলেন। পরে দাসী কহিল, "আপনি কেন রোদন করেন? ছপ্প ক্থনই সভ্য হয় না। অমূলক বিষয় আন্দোলনে, কেবল শরীর হৃদ্য় করা মাত্র, কোন ফল নাই।"

-রশিনারা চক্ষের জল মুছিয়া কহিলেন, " তাহা সত্য, কিন্তু সুস্থপ্প প্রায় সফল হয় না; দু:স্থপ্প যে ফলিবে না, তাহা কে কহিবে।"

গো। "ভাল তাহাই যদি সতা হয়, তবে অসুখের বিষর কি।"

ুর। "নাকেন।"

নো " অন্তাঘাত হইবে বলিয়াই শক্কা, ইইলৈ আরু কি।" র । " এমনও কথা! অন্তের ক্ষতভানে যে কি পর্যান্ত যন্ত্রণা, যে একবার অক্সাঘাত প্রাপ্ত হইয়াছে, দেই তাহা বলিতে পারে!"

গো। " এরপ অব্রাঘাত কাহার প্রতি হইয়াছে।"

্রশিনারা আবার দীর্ঘনিখাস পরিতাগ করিয়া ক**হিলেন,**" এই হতভাগিনীর প্রতিই হইয়াছে!"

গোলাবী ব্যঙ্গের অবকাশ পাইয়া হাসিতে হাসিতে কহিল, "তবে চিকিৎসককে ডাকিতে হইবে কি।"

ন্তনিরা রশিনারার বিশুক্ষমুখে ইবদ্ধাস্য প্রকাশ পাইল। কহিলেন, "গোলাব! এ রোগের ঔষধ নাই! ভোমাদের ক্রাঙ্গুলির স্সাধ্য কি—-?"

গো<u>।</u> " শাহজাদি ! আপনার নিকট তাঁহার আর পরিচয় দিতে হইবে না; আপনি তাঁহাকে বিশেষ রূপে জানিয়াছেন। "

্র। " পরের গুণে মোহিত হওয়া কেবল বিজ্পনা মাত্র; যদিও কথান কোন দিন সন্তোষের উদয় হয়, ভবে সে পথে কেন্ কণ্টক দিতে যাব?"

. গো। " আচ্ছা আমি জিজাসা করি, আপনি থিকে সম্ভুক্ত হন? "

র। "কবরের মধ্যে শয়ন করিতে পারিলে বোধ হয় সুখী হইব।"

গোলাবী অবাক্ ছইয়া রহিল। রশিনারা কোন বিষয়

ধুবু জানিয়া এই রূপ কহিলেন; তাহা দাসীর নিকট ব্যক্ত
করিলেন না।

## নবম পরিচ্ছেদ।

#### শয়নাগারে ৷

• শর্থকালের প্রারয়্পে যথন পৃথিবী সুন্দরী কেতকীকুসুমে অঙ্গানুরাগ করেন, তথন তাহার সৌরবে কেনা বিমোহিত হন? রূপ, রস, গল্ধে কেতকীকুসুম যেমন চিত্তহারক, সেরপ আর দেখা যায় না। মধুলোলুপ মধুব্রত, মধুমিশ্রিত সুমধুর বরে কেতকী আলিঙ্গনে প্রধাবিত হয়, মধুপান করিয়া তৃপ্ত্রইবে বলিয়া কুসুমের উপরি উপবিষ্ট হয়; কিন্তু তাহার মধুপান করা দূরে থাকুক, কেবল সুতীক্ষ কণ্টকাছাতে পক্ষ ছিল্প ভিন্ন হয়, ও কুসুমরজঃ চক্ষে প্রবেশ করিয়া অপরিণামন্দর্শী মধুকরকে অন্ধ করে।

মুনুষ্য ভবিষ্যৎ অন্ধ। মধুমন্ত মধুকরের ন্যায় রূপ, রুদ, গকে বিমোহিত। শিবজাও দেইরূপ নবযৌবনদম্পন্না রশিনারার রূপগুণ সন্দর্শনে বিমোহিত হইলেন। বিমোহিত হইলেন। বিমোহিত হইলেন। বিমোহিত হইলেন। বিমোহিত হইলেন। বিমোহিত হইলেন। বুঝিতে পারিলেন না বলিয়াই আপানার পারাণময় হৃদয়ে অপূর্ব রূপনিধি রশিনারার প্রতিমুর্তি চিত্রিত করিলেন। যদি জানিতে পারিতেন, যে, তাহার আশা-বৃক্ষে কি ফল ফলিবে,—তিনি দেরূপে কি রূপ লাঞ্ছিত হইবেন, তবে তিনি তাহাকে দেখিয়া মোহিত হইতেন কি না, বলিতে পারিনা। কিন্ত, তিনি পরিণামে রশিনারার প্রতিমুর্তি হৃদয় হইতে অপন্যন করিতে যক্তন পাইয়াছিলেন। বৃথা যক্তন! পাষাণে

মুর্ত্তি থোদিত হইলে তাহা কি সহজে বিলয় প্রাপ্ত হয়? পাষাণ লয় পর্য্যস্ত অপেক্ষা করে। শিবজীর দেহের লয় না হইলে সে মুর্ত্তি কথনই অন্তর্হিত হইবে না।

রায়গড়ের যে কক্ষায় রশিনারা বাস করিতেছিলেন, তাহা অপূর্বরূপে সুশোভিত। বিশ্বতৃথকর নয়নর শ্বন সমুদায় দুবের সুসুজ্জিত, গৃহের ভিত্তিতে মনোহর তসবার সকল সংস্থাকিত, গুজদন্ত ও সফাটিকয়য় শামাদানোপরি তীক্ষোজ্জল প্রদীপ প্রজ্ঞালিত হইতেছে; আতর, গোলাব, কুসুমদাম প্রভৃতি সুগদ্ধি দুবের ঘুল গৃহবরাপ্ত হইতেছে; বিচিত্র-বসন-ভূষণে শোভিতা পরিচারিকাগণ হর্মাতলে নিঃশদ্ধে বসিয়া আছে। রশিনারা অধাবদনে পল্যক্ষে উপবিষ্টা রহিয়াছেন, শিবজী তাহার নিকটে বসিয়া অধামুখে কি ভাবিতেছেন। কাহারও মুখে বাক্য নাই। অনেক ক্ষণ পরে মহারাষ্ট্রপতি দীর্ঘনিশ্বাস সহকারে মুখোত্রোলন করিলেন; এবং রশিনারার মুখের প্রাতি চাহিয়া অতি প্রেমপূর্ণ স্বরে কহিলেন,——

, "রশিনারা, তোমার ও পদমমুখ কি বিকসিত হইবে না?"

রশিনারা সুকোমল দৃষ্টিতে শিবজীর প্রতি চাহিয়া মৃদুবীণাশনবং মধুর মরে কহিলেন, " প্রভাকর উদিত হইলেত পদা প্রকৃষ্ণ হইবে?"

শিবজী সহাস্যমুখে কহিলেন, " প্রভাকরের উদয়ের বিশ্ব কি?——"

রশিনারা সলজ্জভাবে ঈবং হাসিয়া মুখাবনত করিলেন। আবার যেন কি ভাবিয়া মুখ গদ্ধীর হইল। অতি বিমর্ষ ভাবে কহিলেন, " বিলম্ব কি, তাহাত বলিতে পারি না,— বোধ হয় সুর্যা আরু উদিত হইবেন না!"

এ কথায় শিবজীর মুখের ভাবান্তর হইল; এবং অতি নৈরা-শ্যের সহিত কহিলেন, " আমার অভিলাষ যে নিতান্ত অমুলক, তাহা আমি বিশেষ রূপে জানিয়াছি, তবে যে দুরাশা পরিভাগ করিতে পারিতেছি না, এই ক্ষোভ।"

র। " অভিলয়িত বিষয় সকল সময়ে সুস্ধিয় হইটো, দুঃধ হে কি পদার্থ, লোকে ভাহার বিশ্বমাত্রও জানিতে পারিত না। "

অনন্তর রশিনারার কর্তের হর কিছু বিকৃত হইল। শিবজী শ্রনিয়া তাঁহার দিকে চাহিয়া দেখিলেন, যে, উভয় চক্ষু: হইতে দরদরিত বারিধারা বিগলিত হইতেছে; চক্ষুর জল অনিবার্য্য হওয়াতে অঞ্চল ছারা নয়ন আজ্ঞাদন করিলেন। শিবজী ক্ষীকাল অভিভূতের ন্যায় থাকিয়া পরে কহিলেন,——

" রশিনারা, ছি তুমি কাঁদিতেছ! "

রশিনারা নয়নজল মার্জ্জন করিয়া দীর্ঘ-নিঃশ্বাস সহকারে কহিলেন,——

" বোধ হয়, আপানি আমাকে আর কখন কাঁদিতে দেখি-বেন না।"

প্রকৃত উত্তর না পাইয়া শিবজী আবার মুখ নত করিলেন ।
রশিনারার জনয় মনস্তাপে গুনিগু হইতেছিল; বিগুহবতী দেবীপ্রতিমার নাায় নিসপন্দ হইয়া রহিলেন। কিয়ৎক্ষণ পরে শিবজী
কহিলেন,——

<sup>&</sup>quot; আমি কি ভোমার উপাসকের যোগ্য নছি?"

না বিশ্বারা আর ভাব গোপন করিয়া রাখিতে পারিলেন না। অতি সরল দৃষ্টিতে শিবজীর প্রতি চাহিয়া কোমল কর-পল্লব ছারা তাঁহার করাকর্ষণ করিলেন। শিবজী তাঁহার প্রতি নয়নপাত করিলে তিনি অতি মিউখরে কহিলেন,——

" মহারাজ! আপনিত নিজ বুদ্ধিবলে স্থানের মুখোজ্জ্বল, করিতেছেন! আপনি কি বিবেচনা করেন না, যে, গুরুজনের অনিভিমতে—

বুলিতে বলিতে তাঁহার চকু: জলভারাকীর্ণ হইল, কণ্ঠরোধ হইয়া আসিল; আর কিছু বলিতে পারিলেন না।

শিবজী রশিনারার আন্তরিক ভাব জানিতে পারিয়া কিছু প্রসন্ধার ইলেন । তাঁহারা একাপুচিত্রতা প্রযুক্ত আর একটি ব্যাপার দেখিতে পান নাই। হারদেশে ফকীর-বেশধারী এক জন লোক প্রদীপ হস্তে দখায়মান ছিল। হঠাৎ শিবজীর তৎপ্রতি দৃষ্টি পড়িল। আগন্তক তাঁহার দৃষ্টির অভিলামী, সূত্রাৎ তাঁহার চকুঃ তৎপ্রতি নিক্তিপ্প ইইবা মাত্র সে হস্ত উত্তোলন করিয়া কহিল,

" মহারাজের জয় হউক। "

শিবজী ভাহাকে চিনিতে পারিয়া নিকটে আসিতে অনুমতি করিলেন। ফকীর উপুযুক্ত আসন গুহণ করিলে তিনি কহিলেন,—

" দৃত, ভোমাদের মঙ্গলত ? "

ফকীরবেশী কহিল, "সাক্ষাৎ শিবভুল্য শিবজীর অশিব হইবার সম্ভাবনা কি ?"

শি। " ভবানীর আশীর্ঝাদে অবশাই মদল হইবে। একণে কোথা হইতে আমিতেছ?" দূ। "মহারাজের নিকট হইতে বিদায় লইয়া কথন বা সম্মানী, ফকীর, বৈদ্য, মংস্য-মাৎসাদি-বিজ্ঞোর বেশ-ধারণ করিয়া মোগলদিগের গতিবিধির বিষয় অবগত হইয়া এক্ষণে দিলী হইতে প্রত্যাগত হইয়াছি।"

রশিনার। দ্বিদৃষ্টিতে দূতের প্রতি চাহিয়া রহিলেন।

लि। " मिल्लीत में योग कि?"

দৃ। " আপনি কি তাহার কছু শুনেন নাই?"

শি। কিছু দিন হইল শুনিয়াছিলাম, কুমারেরা না কি সক-লেই দিল্লীর সিংহাসন পাইতে প্রয়াস পাইতেছেন। "

দৃ। "হাঁ মহারাজ! তাহার একরপে শেষ হইয়া গিয়াছে।
সমুটি সাজাহানের ভূতীয় কুমার আরাঞ্চের যুদ্ধে অপর তিন
কুমারকে সপুত্র বিনাশ পূর্বক এব ওর্ বৃদ্ধ বাদশাহকে কারাবন্দী
করিয়া আলমগের নাম ধারণ করত বাদশাহী পদ গুহণ দ্বিয়ায়াছেন।"

রশিনারা ইহা শুনিবা মাত্র বাডাহত কদলীর ন্যায় পণ্ডিতা এবং মুচ্ছিতা হইলেন। শিল্পজীর চক্ষু: তরুণীর প্লুঙি, তিনি তৎক্ষণাৎ তাঁহাকে ধরিলেন। অনন্তর বাস্ত হইয়া কহিলেন,——

" গোলাব ! "

मानी। " यहात्राख!"

শি। "গোলাব, গোলাব, সর্বভ!"

দাসী গোলাবপাশ হইতে গোলাব লইয়া রশিনারার মুখে ললাটে সিঞ্চন করিতে লাগিল।

শিवजी बरु इ तिनादाक ख्या व कतिए काशिकत।

দাসীগণ তাঁহার সাহায্য করিতে লাগিল। ক্ষণকাল পরে শিবজী দূতের প্রতি চারিয়া করিলেন, "ত্মি এক্ষণে বিদায় লইতে পার।"

দূত কিছু বিন্মিত[হইয়া টলিয়া গেল।

## প্রথম খণ্ড সমাপ্ত।

## রশিনারা।

## দ্বিতীয় খণ্ড। প্রথম পরিচ্ছেদ।

#### आज्ञामित्र ।

যে দিন দূত দিলীর সংবাদ শিবজীর নিকট প্রদান করে, তাহার দুই দিন পরে মহারাষ্ট্রপতি করলগ্নশীর্ষ হইয়া আজু-মন্দিরে উপবিষ্ট আছেন; অন্য আর কেহই তথায় নাই; মনুে মনে একটি কথার আন্দোলন করিতেছেন, সে চিন্তা সুখ-দুঃখ উভয় মূলক।

শিবজী রলিনার। সন্তম্ভে তর্কবিতর্ক করিতেছিলেন। উপত্যকা হইতে রশিনারাকে হরণ, প্রথম আলাপে যেরপ ভাব, ওাঁহার সন্তোষ-সাধনে ঐকান্তিক যজন—এই সকল যেন হৃদ্য-মধ্যে গুছিত রহিয়াছে, মনশ্চকু: উম্মালন করিয়া তাহা পাঠ করিতে লাগিলেন; পাঠ করিতে করিতে মুখমণ্ডল কিছু প্রফুল হইল। রশিনারা তাঁহার যে প্রণয়াকান্তিক্ষণী, তাহা তিনি বিলক্ষণ রূপেই বুঝিতে পারিলেন। কিন্তু বৃদ্ধিমানেরা আনক বিবেচনা করিয়া কার্য্যে প্রবৃত্ত হন। শিবজীও মহা কৃদ্ধিমান; মহতের নাায় বিদ্ধান্ত করিতে আরম্ভ ক্রিলেন।

"রশিনারা আমার প্রতি যথার্থ অনুরাগিণী, একণে লক্জাক্রমে তাহা ব্যক্ত করুন বা না করুন, সময়ে মনের গতি রোধ করিয়া রাখিতে পারিবেন না। আমার মনোবাঞ্চা অবশাই পূর্ণ করিবেন।" এই কথাটি শিবজ্ঞী একবার, দুই বার,—বহুবার মনে মনে আন্দোলন করিতে লাগিলেন; কোন বিশ্বই তথন মনে করিলেন না। হর্ষে শরীর রোমাঞ্চিত হইল, অভ্রতপূর্ম চিত্রপ্রমাদ হুদয়ে বিরাজ করিতে লাগিল, প্রফুল মুখ আরও প্রফুল হইল; এই পৃথিবী যেন মহাসুখের হান বলিয়া অনুভূত হইতে লাগিল; তথন আপনার ন্যায় সকলকেই সুখা বিবেচনা করিতে লাগিলেন; মনের অক্কার দূর হইল; শরীরের সক্ষুতি ছিণ্ডণ হইল; যে দিকে চাহেন, সেই দিকেই দেখেন, যেন দয়া, মমতা, প্রাতি, প্রসন্মতা—সকলই মুর্তিমতী হইয়া বিচরণ করিতেছে!

অনেক ক্ষণ পরে তাঁহার আবার চিত্তের ভাবান্তর হইল।
অক্সাৎ তাঁহার অন্তঃকরণে আর একটি কথার উদয় হইল;
রশিনারার সহিত একাত্ম হইলে ভবিষ্যতে বজাতীয়গণের বিরাগভাজন এবং সমাজচ্যত হইতে হইবে। এই মহানন্দকর সুখের
সময়, শেলবং এই কথাটি তাঁহার বদয়-মধ্যে প্রবেশ করিল;
প্রবেশ করিবামাত্র মুখের প্রফুল ভাব দূর হইল, বদয়ের প্লানি
প্রদীপ্ত হইয়া উঠিল। তথা আর আসনে ভিন্তিতে পারিলেন
না, ত্রন্ত হইয়া গাত্রোম্থান করিলেন, ক্রন্ত পদবিক্ষেপে কক্ষ্যার
মধ্যে পদস্ঞালন করিতে লাগিলেন। অধিক ক্ষণ পদস্ঞালন
করিয়া কিছু ক্লান্তি বোধ হইল, তথা বাতায়ন সমিধানে দ্যায়স্থান হইলেন; সুগন্ত সুশীতল বহিবাহু ভাঁহার দীবং হ্যাক্স

কলেবরে লাগিতে লাগিল,—ইহার ছারা দৈহিক যন্ত্রগার কিছু ছাস হইলে আবার পূর্ব্বের আসনে আসিয়া উপবিষ্ট হইলেন।

শিবজী অনেক কণ অন্যমনন্ধ থাকিয়া পরে স্থাবিলেন,
"আমি এরপ চিন্তা কেন করি? প্রকৃত পক্ষে ধরিতে হইলে

হিন্দু ও মুসলমানে কিছু ইতরবিশেষ নাই; উভয় জাতীয়
ব্যক্তিগণইত ঈশ্বরের সন্তান! তবে রশিনারাকে বিবাহ করিলে
দোষ কি? বর্ণ এ বিবাহে আমার বিশেষ উন্নতির সন্তাবনা
আছে। আরাজ্যেব কন্যার অনুরোধ ও রেহ কথনই পরিণ্
ত্যাগ করিতে পারিবেন না, ভবিষ্যতে তিনি অবশাই আমার
মঙ্গল সাধন করিবেন;—এ নিতান্ত অসম্ভব কথা! এত্ত্রুণ
বৃথা চিন্তায় সময়ক্ষেপ করিতেছিলাম; যে ব্যক্তি রাজ্যলোতে
পিতাকে বন্দী এবং ভ্রাতাদিগের মন্তক্তেদ্দন করিতে পারিয়াছে, সে যে সন্তানকে রেহ করিবে, তাহারই বা সন্তাবনা কি?
যাহা হউক, তাঁহার অনুগুহ-নিপুহের ভরসায় আমার প্রয়োজন
কি?"

অনন্তর ভাবিলেন, "ষজাতীয় ব্যক্তিগণ আমার প্রাপ্ত কেন বিরক্ত হইবেন? আমিত ব্যবহার-বহির্ভূত কর্মে প্রবৃত্ত হই নাই? যবন-বালার পাণিগুহণে যদি দোষ হইত, তবে রাজপুতনার নৃপতিগণ কথন মুসলমানকে কন্মাদান করিতেন্ না। তাঁহারা ক্রিয়ে, আমিও দেই সূর্য্যবংশীয়; \* তবে আর্মি

<sup>\*</sup> ইহা নিশ্চর বলা যাইতে পারে যে, মহারাক্রীয়েরা ভারত-বঁর্বার আদিম বাসী নহে; পুর্বে ইহাদিগের পারস্য দেশে বাস ছিল। সুবিখ্যাত মহমদের শিষ্য আবুবেকারের অভ্যা-

ইচ্ছাকে পরাঙ্মুখ করিতে অণুসর হইব কেন? আমি নিতান্তই রশিনারাকে বিবাহ করিব, ইহাতে যদি সমাজচ্যত হই, সেও ভাল;—এতাদৃশ রূপবতী প্রণরিনীর সহবাসে অরণ্য-বাসও মহাসুখ!"

হঠাৎ তাঁহার ছদয়-মধ্যে একটি কথার উদয় হইল; যেন অস্করাত্মা তাঁহাকে সন্মোধন করিয়া কহিলেন; সেই কথাটি তাঁহার উৎুসাহক্টেছিওণ করিয়া তুলিল; সেই কথাটির সহিত সন্ধোষ যেন মুর্তি পরিগুহ করিয়া আসিয়া উপস্থিত হইল, সন্ধোবের আবির্ভাব দেখিয়া দুশ্চিস্তা পলায়ন করিল। তাঁহার ছদয়-মধ্যে সপ্রনাব-ধ্বনিবৎ এই কথাটি হঠাৎ বাজিয়া উঠিল, "শিবজী দ্বির হও, সবুরে মেওয়া ফলে!"

শিবজী আসন পরিতাগ করিয়া উঠিলেন; এবং যখন
দিবাকর অস্তাচলগামী, তথন কক্ষা হইতে বহিগত হইলেন;
বাহিরে আসিয়া দেখিলেন, এক জন দৃত এক খানি পত্র-হস্তে
দণ্ডায়মান রহিয়াছে। দৃত যথাবিধি অভিবাদন করিয়া পত্র
প্রদান্ত করিলে তিনি নিম্লোক্ত মত তাহা পাঠ করিলেন।

" বংস? অনেক দিন তোমার সহিত সাক্ষাৎ নাই, তজ্জনা নিতান্ত উদ্বিম্ন আছি, পত্রপাঠ মাত্র এখানে আসিলে যৎপরো-

চারে ভীত হইয়া ইহারা ঐ 'দেশ এককালে পরিত্যাগ করে।
ইহারা পারস্য দেশীয় রাজা খসুরু-পরিভিজের বংশীয়।
নাশর্রান্ইহাদের আর একটি নাম। ইহারা এই দেশে আগ্রন্মন করিয়া কতপ্তলি হিন্দুধর্ম অবসম্বন করে; এক্ষণে ভাহারাই
মহারাষ্ট্রীয় বলিয়া বিখ্যাত। কিন্তু শিবজী আপনাকে সূর্যাই
বংশীয় বলিয়া পুরিচয় দিতেন।

নাস্তি আহ্লাদিত হইব। সংগোপনীয় অনেক কথা আছে, সেই জন্য একাকী আসিবে।

> মঙ্গলাকাঙ্কী শ্রীরামদাস শর্মা। "

## দ্বিতীয় পরিচ্ছেদ।

#### ভবানী-মন্দিরে।

যথন পৃথিবীমণ্ডল ছোরাস্ককারাক্ষয় হইল, তথন শিবজী দুর্গ হইতে বহির্গত হইয়া নিফ্লাশিত অসিধারণ পূর্বক দক্ষিণাভিমুখে প্রধাবিত হইলেন।

শিবজী ক্রন্তপদ বিক্ষেপে চলিলেন। যামিনী একান্ত
নিঃশন্দ ও গন্ত্রীর । কেবল পাদপরাজি হইতে গিরি-ঝিলীগণের
তীক্ষোক্ত হর ক্রন্তিগোচর হইভেছে; অনবরত ঝক্তারকারী
গিরিরাজগুহাবিদারী জলপ্রপাতের কেবল মাত্র ভৈরেব নিনাদ,
কথন বা খাপদ জন্তগণের অতীব ভয়ন্তর কণ্ঠথনি, মধ্যে
মধ্যে নৈদাঘ বায়ুর অপ্রতিহত-বেগ-তাড়িত বৃক্ষ লতাদির
পালব সঞ্চালনের মর্মার শন্দ, কথন বা বৃক্ষের ভাকতপর্ণ পতন শন্দ, কথন নগরপ্রান্তে কুকুরের আর্তনাদ শুনা
যাইতেছে; অন্ধ্রকারে সন্মুখন্থ বন্ত সকল নয়ন-গোচর হয় না;
কেবল তাঁহার উক্ষীয় এবং পরিক্ষদের স্থানে হানে চন্ত্রর্গিনিভা

প্রস্তুর পরক্ষরায় পথের ইতস্তুতঃ আলোকময় ইওয়াতে গমনে কৃষ্ট হইল না।

শিবজী যে পথে গমন করিতেছিলেন, তাহা তত বন্ধুর নহে; অনেক দূর ব্যাপ্ত হইয়া নিবিড় বনাকীর্ণ সমতল ক্ষেত্র রহিয়াছে। কিয়পুর গমন করিলে একটি ভৈর্ব জলকলোল শুনিতে পাইলেন; অদূরে পর্বত-শৃঙ্গ হইতে দুই চারিটি জলপ্রপাত নিম্ন থিরিগুহার পতিত হইয়া গুড়ু সলিলময়ী নদীরূপ ধারণ করিয়া প্রচণ্ড বেগে প্রবাহিত হইতেছে। এই প্রবলতর সোত:-विभिक्ता नित्र नाम छीमा। भिवजी क्राय छीमा नहीत छीत-मधी अवर्धी इहेलान। निर्माणीय कि सम्बद्ध सान! निकार, দূরে, অপর পারে মৃত-শরীর-সংকার-জনিত অনলরাশি প্রচণ্ড ভাবে উপকুল আলো করিয়া জ্বলিতেছে; পৃতিগন্ধ গন্ধবহ ইতত্তঃ বিক্লিপ্ত হইতেছে; শবাহারী পশুপক্ষিণ্ণ ককর্মণ শব্দে চীৎকার পূর্মক পরিভূমণ করিতেছে। শবভূক পক্ষিণণ মনুষ্য-পদ-কণ্ঠ-ধ্বনি अভ্তমাত্র ভয়ে পক্ষসঞ্চালন ছারা উড়িয়া হাইতে লাগিল; পর্থগণ, কোন কোনটা ভয়ে পলায়ন করিল, कान कान्छ। वा आवुक-नयुदन डाँशाइ मिटक हाहिया वहिला। निर्कीक निरक्षी क्रज-अममक्षालय्न नमीजरावेद छेशद मिस्रा घाँटरज লাগিলেন।

শিবজী এই রূপ অনৈক পথবছন করিলে ভবানীমন্দিরের উন্নত চূড়ার অবয়ব মাত্র দেখিতে পাইলেন। সে স্থানে বৃক্ষ-প্রপাদির চিক্ষমাত্র ছিল না; নদীতীরে এক শক্ষান-ভূমির উপর মন্দির প্রতিষ্ঠিত। মহারাষ্ট্রপতি মন্দির-ছারে উপস্থিত হইয়া যোজিত ছার কর্তাড়িত করিলেন, কিন্তু ছার অর্গলাবদ্ধ ছিল বলিয়া মুক্ত হইল না। ভাঁছার করাছাত আবণ মাত্র মন্দির-মধ্য হইতে প্রশন হইল, "কন্তু ৭?"

শিवजी कहित्लन, " শিवजीत्र ।"

এক জন ব্রাহ্মণ আসিয়া ছার খুলিয়া দিল। শিষজী মন্দিরের মধ্যে প্রবেশ করিয়া সাক্ষাক্তে দেবীকে প্রণাম করিলেন।
তথায় ভয়াকরা প্রস্তরময়ী কালিকা মুর্ত্তি সংস্থাপিতা ছিল।
আশ্চর্য্য-শিশ্পচাত্র্য্য-প্রভাবে, করালকদনী বিরুপার্ক-বর্কে
পাদপক্ষ সংস্থাপিত করিয়া যেন খলখল করিয়া হাসিতেছেন।
নবকাদন্থিনী-নিন্দিত মুর্ত্তি! যেন সদ্যচ্ছিন্ন নরকপাল-মালা
গলদেশ-বিলন্থিত রহিয়াছে, তাহা হইতে যেন ঝরঝর করিয়া
রুধিরধারা বিগলিত হইতেছে; প্রশস্ত ললাট-প্রান্তে অনলশিখাপ্রভাবিশিক্ট নয়ন, তন্ত্রিক্ষে অসিত-সপ্তমী-শশিকলা-বিরান্তিত;
আকর্ণ-বিরান্তিত বিশাল-ঘোরারক্ত নয়ন, সর্ক্ষাক্তের ক্ষির
চক্ষিত্ত, বামকর-মুগলে তীক্ষতর অসি ও নরমুণ, দক্ষিণে অভয়
বরদান, ক্টিতটে নরকর-মেখলা। শিবজী আপ্রক্ষ্-লন্থিত
গলিত-কেশধারিণী ভ্রানীমুর্তি-সমীপে নানাবিধ ভক্তিরস্বস্পূর্ণ
স্থোত্র পাঠ করিতে লাগিলেন।

প্রতিমার সমূথে এক জন বৃদ্ধ ব্রাহ্মণ নয়ন মৃদ্রিত করিয়া উপবিষ্ট আছেন,—যেন মুর্তিমান দল্লাস বরুপ, গৈরিক বদন পরিধান, জটাশক্ষধারী, গলে তামুযুক্ত রুদ্যাক্ষ মালা, আছে বিভূতি লেপিত রহিয়াছে। কতিপয় শিষ্য তাঁহার লিকটে বদিয়া রহিয়াছেন। ধ্যানমগ্ন ঘোগী অনেক কণ পরে নয়নোমূক্ত করিলে শিবজী তাঁহাকে প্রণাম করিলেন। ব্রাহ্মণ করিলেন,

" এই কুশাসনে উপবেশন কর।"

শিবজী আদন গুহণ করিলে বৃদ্ধ শিষাদিগের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিলেন। এক জন ব্রাহ্মণ-কুমার তথা হইতে অন্য আর এক কক্ষায় উঠিয়া গিয়া কণকাল পরে কতগুলি কলমূল আনিয়া বৃদ্ধের নিকট দিলেন। বৃদ্ধপ্ত যাথাবিধি মন্ত্রপূত পূর্বক ফলাদি ভবানীকে নিবেদন করিয়া দিলেন। অনস্তর শিবজীকে কহিলেন, "বৎস! এই ফলমূল ভবানীর প্রদাদ; ভক্ষণ কৈর।" শিবজীর আহার সমাপ্ত হইলে, সন্মাসী কহিলেন, "বৎস, অনেক দিন পর্যান্ত ভোমার সহিত সাক্ষাৎ নাই, অতএব অগ্রে ভোমার সমুদায় কুশল-বার্তা আমাকে শুনাও।"

শিবজী বিনীত ভাবে কহিলেন, "প্ররো! আপনার আশীর্কাদে আমার কিছুই অভাব নাই। তবে শ্রীচরণ অদর্শন-নিবন্ধন যে ক্লেশ ছিল, তাহাও এক্ষণে দূর হইল।"

রামদাস স্থামী কহিলেন "সে দিন দিলা প্রদেশ হইতে যে শিষ্য আসিয়াছিল, তাহার প্রমুখাৎ বোধ হয় সকল বিষয় জাত হইয়া থাকিবে।"

শি। "হাঁ, দিলীর সিংহাসনে আরাঞ্চেব বাদশাহ হইয়াছেন, ভনিয়া অসুথে আছি।"

রা। "এক্ষণে ভয়ন্তর বিপদ উপদ্বিত।" রামদাস নামী হতোৎসাহ ভাবে ইহা কহিলেন। শি। (আগুহের সহিত) "কি বিপদ? প্রকাশ করিয়াবলুন।\*

রাঃ দিলীখরের ইচ্ছা ভোমাকে কবলিত করা, একণে— তাঁহার বাক্যাবসান না হইতেই শিবলী কহিলেন, " ভাহাত অগুই জানিকে পারিয়াছি।" রা। "এক্ষণে উপায়?"

শি। " উপায় ভবানীর কৃপা, আর প্রভুর আশী-র্কাদ।"

রা। "ভোমার দমনার্থ শাইস্তা খাঁ সদৈন্যে নিকটে থাকিয়া ভাহার চেফীয় আছে।"

শি। " সে ভয় বড় একটা করি না। ভব।নী যুর্ম-রক্তে ৃ ভূপা হন না, নচেৎ এত দিন তাহাদিগকে ছাগপালের নাায় মায়ের চরণে বলিদান করিতাম।"

রা। "এ ভামার ন্যায় বীরেঁর উপযুক্ত উত্তরই বটে; কিন্তু আরও বলিভেছি অবণ কর। আরাঞ্চের প্রথমে ভোমার তেজোতাল করার জন্য রাজা জয়সিংহ এবং দেলের খাঁ সেনানীদ্বকে শাইস্তা খাঁর সাহায্যার্থ পাঠাইতে ঘোষণা করিয়াছেন। এই অসম্ভা পঙ্গপাল তুলা সৈন্যের সহিত তুমি
কেমন করিয়া সমুখ-সংগ্রামে প্রবৃত্ত হইবে?"

শি। "এ দাস কোন্ কালে সন্মুখ সংগ্রাম করিয়া থাকে?" রা। তবে রাজ্যক্ষা করিবে কি প্রকারে?

শিবজী গম্ভীর চিম্বায় মগ্ন হইয়া ক্ষণকাল পরে সহাস্যমূখে স্থামীর প্রতি দৃষ্টিনিক্ষেপ করিলে, তিনি কহিলেন,——

" হাস কেন?"

শি। "কয়সিৎহের সহিত আমার কথনই বিবাদ-হইবে নাঃ"

় রা। "কিরূপে বুঝিলে?"

শিবজী ক্ষণকাল অধোমুখে রহিয়া পরে কহিলেন, " ভাষা পশ্চাৎ নিবেদন করিব।" রা। "ভাল জয়সি\হের ভয়ই যেন না কর, যবন সেনানী-দিগের কি কবিবে?"

শি। "শাইস্তাকে অতি শীঘুই দেশছাড়া করিব, এমন ইচ্ছা আছে।"

রা। "এ পরামর্শ যুক্তিসিদ্ধ।" পরে ক্ষণকাল ইতন্ততঃ 'পুরিভূক্ক করিয়া কহিলেন, "বৎস! এ সকল কথায় আবশ্যক কি? তুমি জান, তোমার মায়াতেই মুখ্য হইয়া আমি সৎসার পরিতাগ করিতে পারিতেছি না; সৎসারে আমার প্রার্থনার কোন বন্ধই নাই, কেবল তোমার মঙ্গল কামনায় বর্তুলবৎ পরিভূমণ করিতেছি। তুমি সুখী হইলে আমি নিতান্ত নিরুদ্ধেগ অবস্থান করি। আমার বাক্য অবহেলা করিও না। এক্ষণে এই বিপদ্সাগর উত্তীর্গ হওয়ার একমাত্র উপায় আছে; অথানীতি সন্ধি। বুদ্ধিমানেরা বিভবের অর্দ্ধ পরিত্যাগ করিয়াও আত্মরকা করেন। কেবল মনুষ্য-রুধিরে পৃথিবী প্রার্থন করিয়া শত্রর সহিত বন্ধুত্ব সংস্থাপন করাই শ্রেয়ঃ।"

শি। "আপনি কিরপ সন্ধি করিতে অনুমতি করেন?" রা। "সমুটি যাহাতে তৃপ্ত হন।"

শি। "সমাটের ইজ্বানুষায়ী কার্য্য করিতে হইলে ভাঁহার বিশাতা দ্বীকার করিতে হইবে। গুরুদেব ! আমার প্রতি এরপ আজা করিবেন না। প্রাণ থাকিতে যবনের অধীন হইব না।" রামদাস দ্বামী দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিয়া কহিলেন, "কেবল বীরত্বে জয়লাভ হয়ুনা; আরাজ্ঞেব মনে করিলেই ভোমাকে দ্বমন করিতে পারেন।"

🕳 🎢 । " র্বরুদের ! আপনি এমন মনে করিবেন না, বে,

দত্ত প্রকাশ করিয়া আপনাকে উত্তেজিত করিব। আপনার অবিদিত কিছুই নাই; দিলীর বাদশাহ জীবিত থাকিতে আমি স্বাধীন হইয়াছি।"

রা। "হাঁ, যথার্থ বটে, কিন্ত যথন তৃমি রাজ্যপ্রতিঠা কর, বোধ হয়, দিলীশ্বর তথন তংপতি কটাক্ষপাতও করেন নাই।"

শি। "করেন নাই কেন?"

রা। "অনবধান প্রযুক্ত।"

শি। "যাহাই হউক, আমি রাজপুতনার রাজাদিগের ন্যায় কখনই দিলীপরের দাস হইতে পারিব না। রণকের্কু আত্মপ্রাণ বিসজ্জন দিব, তথাচ অধীনতা বীকার করিব । १

রামদাস হামী অনেক হৃণ নীরবে থাকিয়া পরে কুহিলেন,
"এক্ষণে যদি সন্ধি করিতে ইচ্ছা না হয়, তবে যাহা ভাল
বিবৈচনা হয়, করিও। রজনী বিগভা হইলে শতুর উদ্দেশে শিসাগণকে পাঠাইব, যাহা হয়, পরে জানিতে পারিবে। আর
এই অসি গুহণ কর, ভবানী ভোমার প্রতি সন্তকী হইয়া
ইহা ভোমাকে দিতে অনুমতি করিয়াছেন। এই থড়গ লইয়া
শাইস্তা থাঁকে আক্রমণ করিও, শতু ভোমার কেশাগুও সপর্শ
করিতে পারিবে না।" ইছা বলিয়া হামী ঠাকুর শিবজীর হস্কে
অসি প্রদান করিলেন। শিবজীও মহাভক্তিপূর্বক অসি গুহণ
করিয়া গুরুপুদে প্রণাম করিলেন।

অনন্তর রামদাস স্বামী কহিলেন, " রাত্রি অধিক হইরাছে, দুর্গে পমন কর। দুর্গে না থাকিলে অনিষ্ট হইবার সম্ভাবনা। বাঙ, শাইস্তা খাঁ যেন আর অধিক দিন——"

ষামীর মুখে কথা থাকিতেই শিবজী কহিলেন, " দুই দিন পরে তাহার আর কোন সংবাদ পাইবেন না।" এই বলিয়া তিনি পুনর্কার প্রণত হইলেন। স্থামী কহিলেন, "একাকী গমন বিধি নহে; এই শিষ্যগণ তোমাকে দুর্গ পর্যান্ত রাখিয়া আসুক।

"প্রয়োজন্নাই" বলিয়া মহারাক্তুপতি মন্দির হইতে বাহির ইইলেন।

পর দিন রজনী দই প্রহরের সময় শিবজী শাইস্তা খাঁর শিবির আক্রমণ করেন; এই আক্রিক আক্রমে মোগল দেশানী বিপুল ধন এবং ন্যুনাধিক সহসু সৈন্য হারাইয়া প্রভায়ী

## তৃতীয় পরিচ্ছেদ।

### (मनानी-मर्म ।

রশিনারা সহচরীসকে প্রায়ই প্রদোষশোভা সন্দর্শন করিতে পর্বতের অধিত্যকা স্থানে গমন করিতেন । অদ্য শরৎ-কাল্যে প্রথম পক্ষ। রশিনারা অনেক ক্ষণ পর্যান্ত নৈস্থিকি শোভা দর্শন করিয়া সন্ধিনীকে কহিলেন, "গোলাব! আমি ভোমার সঙ্গে এই মনোহর স্থানে প্রায়ই ভূমণ করিতে আসিয়া থাকি;—তথাপি দুংখের কথা কি বলিব, আমরা জীবশ্রেষ্ঠ, ত্ত্ব বৃদ্ধিবলে যকল কর্মাই সম্পন্ন করিতে পারি। পত্ত-

. পক্ষীদিগের হিঙাহিত জ্ঞান নাই, কিন্ত তাহারা আমাদের অপে-ক্ষাও সুখী। "

গো। "পশু-পক্ষীদিগের আহারের চিন্তা ব্যতীত অন্য কোনরূপ চিন্তা করিতে হয় না। আমাদের শুবিষ্যতে কি . হইবে, দে চিন্তা অগ্নে করিতে হয়,—হাহা না হইলে সুধ হইত।"

রশিনারা এ কথার উত্তর করিলেন না। কহিলেন, শ্রাহা! পর্বতের কি অপূর্ব্ব শোভা! কি মনোহর ভাব-বিশিষ্ট! পর্বতমালা সমৃদু-তরক্ষের ন্যায় যেন নৃত্য করিতেছে, কৃষ্ণবর্গ অভুন্ডেদী শৃঙ্গণণ যেন উন্নত হইয়া ভূমণুলের ইতন্ততঃ নদ্দর্শন করিতেছে, নীলবর্গ মেহথণ্ড বিক্ষিপ্ত হইয়া কের্ম্বশৃষ্ট্-মণ্ডলী বেইন করিয়া অপূর্ব্ব-শোভা প্রকাশ করিতেছে, হানে ছানে মঞ্জুল বল্লীনিচয় প্রকাণ্ড পাদপ-মুলাবলম্বন করিয়া উর্কৃষ্টিত শাখাসমূহের সহিত মিলিত হইয়া কেমন দুলিতেছে, মমুর ময়ুরী প্রভৃতি বিহঙ্গণণ নৃত্য করিয়া কিরিভেছে। আহা! এই ছানের শোভা দর্শন করিলে অতিশয় সন্তাপিত ব্যক্তিরও মনশ্যঞ্জলা দুর হয়।"

রশিনারার বাক্যাবদান হইলে, গোলাবী ব্যক্ষভাবে
ঝিতমুখে কহিল, "জানিলোকেরা কহিয়া থাকেন, মনুষ্যগণ
ছাবর জলম, পশুপক্ষী হইতেও উপদেশ গুহণ কুটুবে।
অতএব আমরাও এখান হইতে নানাপ্রকার উপদেশ লইতে
পারি।"

রশিনারাও হাসিয়া কহিলেন, "কি উপদেশ? বল, শিথিয়া রাখি, যদি দুই একটা কখন কালে লাগৈ।" গো। "এই দেখুন না, রসহতী কাদন্বিনী নিজ পতি পর্বতশৃঙ্গকে কেমন দৃঢ় আলিজন করিয়া রহিয়াছে! লতিকা
সুন্দরী সহকার তরুকে কিরপে বেইন করিয়া রহিয়াছে, দেখিয়াছ ত? এ উপদেশ কি গুহণযোগ্য নহে?" এই কথা বলিয়া
দাসী হাসিতে লাগিল।

রশিনারা শুনিয়া হাসিলেন। এবং হাসিতে হাসিতে
"কহিলৈন, গোলাব, আবার দেখ, বায়ুর প্রতিকুলতা
বশতঃ লতিকাসুন্দরী ভূমিতে পড়িয়া পতির বিরহে কেমন
করিয়া রোদন করিতেছে; কাদখিনী ভর্বিরহাশকায় কাঁপিতেছে, ক্ষণকাল পরেই রোদন করিয়া নয়ননীরে পতিকে শ্বান
করাইছব ! এরপ উপদেশ গুহণ করা কি মনুষ্যের কর্ব্ব্য?"
ইহা শুনিয়া সহচরী দাসী কিছু বিশ্বিত হইয়া কহিল,
"ভাল রলুন দেখি, আপনার মনের কথা কি?"

রশিনার। করিলেন, "মনের কথা শুনিবে—ভোমাকে বলিব।" এই বলিয়া তিনি কিছু বিশ্বতের ন্যায় অন্য দিকে দৃষ্টি করিয়া রহিলেন। দেখিয়া গোলাবী কহিল,——

" আপনি কি দেখিতেছেন?"

র। "গোলাব, দেখত ও বাক্তিকে, যে আমার দিকে এক দৃষ্টিতে চাহিয়া রহিয়াছে?"

শুরু শিনারা যাহার কথা গোলাবীকে জিজ্ঞাসা করিলেন, সে তাহাকে চিনিতে পারিল। সে ব্যক্তি শিবজীর প্রসিদ্ধ সিলি-দার দৈন্যের অধিপতি দোতদ্দ মান্তাজী। সেনাপতি রশিনারার, রূপে মুখ্য হইয়া নিসপদ্দের ন্যায় ছিরদ্ফিতে তাঁহার দিকে চাইয়া রুহিয়াছিলেন। গোলাবী হাসিয়া কহিল, "আপনার ক্রপ দেখিয়া অচেডনের চেডন হয়, ও ব্যক্তি এক জন প্রধান লোক।"

র। (ভীত হইয়া) "এ উপহাসের সময় নয়; উহাকে দেখিয়া আমার ভয় হইতেছে। চল দুর্গে ঘাই; এখানে থাকা উচিত নহে।"

গো। "চলুন।" উভয়ে ব্যস্তভার সহিত ক্লতগতিতে দুর্গা-ভিমুখে চলিলেন।

রমণীছয়কে ব্রস্ত চলিতে দেখিয়া, সেনানীও অলক্ষ্যপদ-বিক্ষেপে তীরবং বেগে তাঁহাদের সমূথে আসিয়া উপস্থিত হইলেন। তাঁহাদের গমনে বাধা দিয়া মাস্কাজী পথকুছু করিয়া দণ্ডায়মান থাকিলেন।

রশিনারা সাবওঠনে দাসীর পশ্চাৎ সরিয়া দৃঁদ্রাইলেন। কামুক মান্ধাজী হাসিতে হাসিতে বলিয়া উঠিল, সুন্দরি, আমাকে ভামার গোলাম বলিয়া জানিও। লজ্জা করিও না, আমার কাছে আইস,—ভোমাকে পান্ধার কণ্ঠী দিব, হীরার অলকার দিব।"

রশিনারা কোন কথা কহিলেন না। স্তম্ভিত হইয়া রিছ-লেন। গোলাবী বিষম বিপদ দেখিয়া কহিল, "বীরবর! আপনি অতি মহং ব্যক্তি, অবলাকে রক্ষা করাই বীরের ধর্ম;—এমন ধর্ম ত্যাগ করিতে আপনি কি লঙ্গি হন্ন

এই কথা প্রবণ করিয়া হতবুদ্ধি সেনানী জকুটিপূর্বক গন্তীর ববে কহিল, "তুমি কথা কহিও না। তোমার বক্তৃতা স্তানিতে আমি এখানে আসি নাই।" গো। "দ্রীলোকের নিকট পুরুষের আসিবার অধি-কার?"

সে। পুরুষে পুরুষে বা ক্রীলোকে ক্রীলোকে যেমন আলা-পের অধিকার, তুম্নি ক্রীলোকে ও পুরুষে আলাপ করি-বার অধিকার না' থাকিবে কেন? "

গো। "তোমার কর্ম কি?" ক্রোধনত এই প্রশন করিল।
সৌ "তোমার পশ্চাতে যে সুন্দরী রহিয়াছেন, ওটি কে?"
গো। "উনি যে হন, সে পরিচয়ে তোমার প্রয়োজন?"
সে। (হাসিয়া) রূপসী রুমণীর সহিত পরিচিত হইতে
ইচ্ছা করি।"

্<sup>ত</sup> লো। (সজোধে) "বটে, বামন হইয়া চাঁদে হাড*ী* ভোমার মাভায় বজু পড়ুক !"

দাসীর ভর্ষনাতে সেনানী ক্রোধে জবলিয়া উঠিল। তথক্রণাথ হক্ত ছারা তাহার মনোহর কবরী ধরিল। গোলাবীর ইক্তা
ছিল, কথাবার্তায় তাহাকে যতক্রণ নিরস্ত রাথিতে পারে,
তভক্রণ সে কোনরূপ উপদূব করিতে পারিবে না। ইতিমধ্যে
তথায় অন্য কোন ব্যক্তির সমাগম হইতেও পারে,—তথন
কামুকের হক্ত হইতে আপনাদের রক্ষা করিতে পারিবে। কিন্ত
হঠাৎ তাহার মুখ হইতে রোষপুরিত বাক্য নির্গত হওয়াতে
ক্রেইনী তাহাকে মারিতে উল্যত হইলেন; রশিনারা অবও্ঠতনের মধ্য হইতে ভাহা দেখিতে পাইলেন। তথন আর জিন
কথা না কহিয়া থাকিতে পারিলেন না; মুখাবরণ মুক্ত করিয়া
বিদ্যুৎ-চকিত্ত-কটাক্ষ বিক্ষেপে মান্ধানীর প্রতি দৃষ্টি করিয়া
আতি মিন্ট হরে কহিলেন,

" মহাশয়, আপনি ও নিবুদ্ধি অবলাকে পরিত্যাগ করুন্,—ও কি পুরুষের মহিমা বুঝিতে পারে? উহাকে ছাড়িয়া দিন, আমার নিকটে আসুন।"

সেনানী তাঁহার ভাবভঙ্গী দেখিয়া বিবেচনা করিলেন, বুঝি
। তাঁহার কপাল প্রসন্ধ হইয়াছে। রশিনারা অনঙ্গবিস্ফারিত
অপাজে ও সুমধুর বাক্যে তাঁহার ছদয়ে যেরুপ আশীবিবদণ্ড নিক্ষেপ করিলেন, ভাহাতে কামুক সেনানী কেন বিধি
হয়, মুনি-য়িষ হইলেও নির্জিকারে থাকিতে পারিতেন কি
না, সন্দেহ। সেনাপতি আর কোন আপত্তি করিলেন না;
স্থিরদ্ফিতে তাঁহার দিকে চাহিয়া গোলাবাকে পরিত্যাগ
করিলেন। পরিচারিকা দায় হইতে নিক্ষ্তি পাইয়া বাজ্পান
কুলিত নয়নে রশিনারার দিকে চাহিলে, তিনি কহিলেন,

"তোমার ভয় নাই। সেনাপতি মহাশয় অভদু নহেন। ইহার যেরূপ কটাক্ষ ও যেরূপ বর, ইহাতে ইহাকে বিলক্ষণ রসিক বোধ হইতেছে; রসিক পুরুষ কথন কি জ্রীলোকের অবমাননা করেন?" সেনানী শুনিয়া অবাক হইয়া রহিল।

রশিনারাকে সহাস্যবদনা দেখিয়া গোলাবীও অবাক হইয়া রহিল।

অনেক হৃদ্প পরে দেনানী অতি মৃদুষরে কৃষ্টিল, " আমার বড় দৌভাগ্য যে তুমি আমাকে সুখসাগরে ভাসাইলে।" ক্র

় " আর ভাসাইলাম বই কি।" এই বলিয়া আবার সেই বিদ্যুদ্দাম-পূরিভ লোলাপালের ক্রুর কটাক্ষে সেনানীর মগজ বিলোড়িভ হইল।

মহারাষ্ট্রীয় হতটৈতনা হইয়া রশিনারার আবেশময় চক্ষের

প্রতি চারিয়া রহিল। মুখে আর বাক্য সরিল না, কি বলিয়া মনোগত ভাব ব্যক্ত করিবে, এরপ শব্দ পাইয়া উঠিল না। কেবল হন্ত প্রদারণ করিয়া তাঁহাকে ধরিতে উদ্যন্ত হইল। রশিনারা দেখিলেন, পাপিষ্ঠ হেরপ উত্মন্ত হইয়াছে, তাহাতে ধর্ম বিনক্ট হইবার বড় একটা বিলম্ব নাই। কিন্ত প্রত্যুৎপদ্মতি রশিনারা সহসা, চিন্তা পরিত্যাগ করিয়া তাহার হন্ত ধারণ করিবলেন। সেনানী, কোমলকর-সপর্শে শীহরিয়া উঠিল।

" জান, এত উচিত নয়,—— তোমার যেরপ ইচ্ছা, তাহাই করিতে আমি প্রস্তুত। কিন্তু, একটি কথা এই যে,——বলিতে বলিতে রশিনারা কিছু সঙ্কোচ করিতে লাগিলেন; আরু বলিলেন না।

সেনানী ব্যস্ত হইয়া কহিল, "কি কথা? বল বল! আমাকে গোলাম বলিয়া জানিও।"

র। "তোমাকে প্রাণ সমর্পণ করিব, সেত সৌভাগ্য বলিয়া মানি; কিন্তু সে সুখ আমার ভাগ্যে ঘটিয়া উঠে, এমন বোধ করি না।"

লে। "কুকন?"

র। "আমি ভোমাদের রাজাকে বিবাহ করিতে অভিলাব প্রত্যেশ করিয়াছি। এ কথা তিনি তনিলে, আমরা সুথী হইতে পারিব না।"

त्म। " ब्रांका क ?"

র। "শিবজী।"

मिनानी डेक हाना कतिया किन । এव कहिन, " दिनकः !

তুমি কি জান না, শিবজী নাম মাত্র রাজা; বন্ধতঃ আমার বাহুবলেই মোগল সমুটের বিরুদ্ধাচারী হইয়া দে এখনও জীবিত আছে। আমি মনে করিলেই মহারাক্ট্রের রাজা হইতে পারি। কেন তুমি তাহার ভয় কর? "

র। " তবে তুমি স্বয়ৎ রাজা না হইতেছ কেন?"

সে। (হাসিয়া) প্রেয়সি! তুমি আজি আমাকে বে রাজ্যের অধীয়র করিলে, তাহা হইতে কি এরাজ্য বড়? "

র। (ঈষদ্ধাস্যে) " না হইবে কেন। প্রেমিক না হইলে। কি কেহ কখন প্রিয় কথা বলিতে পারে?"

সে। " এও সৌভাগ্য যে তুমি কোকিলগঞ্জনা হইয়াও আমাকে প্রিয়ন্ত্রদ বলিলে!"

র। "ঈশরেক্ছায় যদি দিন পাই, তবে মনের সাধ পূরাইব। এক্ষণে আমাদের উভয়ের মিলনের উপায়্কি; ইহার একটা বুদ্ধি ভির কর।"

সে। " একণে আমার কোন বিবেচনা করার ক্ষমতা নাই; তবে এই মাত্র বলিতে পারি, শুন্তম্য শীযুৎ।"

রশিনারা ভাবিলেন, " অবোধ, তুমি শৃগাল হইয়া সিংহের রমণী হরণ করিবে! এই তোমার অধ্যপাতে ঘাইবার পথ প্রস্তুত করিয়া দিতেছি। প্রকাশে কহিলেন, " সেনাপতি মহাশয়! আমি অনেক বিবেচনা করিয়া দেখিলাম, তুরিই আমার প্রাণেরর হইবার উপযুক্ত পাত্র। কিন্ত, আমানের অভীষ্ট সিদ্ধির পক্ষে বড় প্রতিবদ্ধক দেখিতেছি।"

সে। "কি প্রতিবন্ধক?"

त । " आमता अ मूर्ल निकित रहेशा थाकिए शाहित ना !"

त्म । " **उ**द्य दकांथा यांडेदव ? "

র। "চল, আমরা এখান হইতে পলাইয়া অন্য দেশে গমন করি।" সেনানী হাঁ করিয়া রহিলেন। কোন কথা কহিলেননা।

র। " কি ভাবিতেছ?"

্রুহনা গৌলাবী বলিয়া উঠিল, " দেনাপতি মহাশয়ের স্ত্রীর কথা বুঝি মনে পড়িয়াছে?"

র। (হাসিয়া) সেনানীর গৃহিণী কি আমা হইতেও সুন্দরী? হাদি না হয়, ভবে সেই পাঁচপাঁচীর কথা কেন মনে করি-বেন?"

সেনামীর ছদয়ে আছাত লাগিল। কহিলেন, "না না, দে ব্রীলোকটা বড় ভাল; তবে কি না, একণে আর তাহার দে রূপ নাই।"

त्। "कि इडेल ?"

দে। ( হাসিয়া ) জীবন যৌবন কি চির্কাল থাকে? "

রশিনারা সময় বুঝিয়া কহিলেন, "ভবে এই ক্ষণিক সুখের জন্য এত পাপের অনুষ্ঠান করিতে বৈসিয়াছেন কেন?"

সে। " আমিত আর পাপ করিতে হাইতেছি না? বিধিমত আমাদের বিবাহ হইবে।"

সহজে এ নিরন্ত হইবে না জানিতে পারিয়া রশিনারা বলিলেন, "তবে বিবাহ হউক।" এই বলিয়া কণ্ঠ হইতে মুক্তাহার সইয়া সেনানীর কণ্ঠে প্রদান করিলেন।

आक्नात्म त्मृनानीत महीत द्रामाक्षित्र दरेन। कहित्नन, "इन, साईटिक्ट।"

- র। "এখন কি যাওয়া হয়। দুর্গে আমার গহনাপত্ত রহিয়াছে, তাহাত লইতে হইবে?"
- সে। " তাহা লইয়া আর কি হইবে? চল, আমি ভোমাকে গহনা কিনিয়া দিব।"
- র। "আপনি আমাকে অবিশ্বাসিনী ভাবিতেছেন?" রশিনারার কথার উত্তর কি করিবেন, সেনানী ভাবিয়া দির করিতে পারিলেন না। ক্ষণকাল পরে কহিলেন, "না অবিশ্বাস না। তবে কবে আমাকে সুখসাগরে ভাসাইবে?"
- র। "কবে? আজই। তুমি প্রভাতের পূর্বে খড়করী দারের নিকট আসিবে, আমি এই সহচরীর সহিত ভোমার সঙ্গে পলাইয়া যাইব।"

তরুণীর বাক্চাতুর্য্য প্রভাবে সেনানী জিলার্ছের নিমিন্তও আর তাঁহাকে অবিশ্বাস করিতে পারিলেন না। কহিলেন, "তবে ভোমরা এক্ষণে দুর্গে হাও। আমাকে ভূলিও না।"

র। "এমন কথা, ভোমাকে ভূলিব?" আবার সেই কটাক্ষ! দেনাপতি আর কোনরূপ আপত্তি না করিয়া চলিয়া। গেলেন।

রশিনারাও বিষম বিপুদ্ হইতে অব্যাহতি পাইয়া গোলা-রীব সঙ্গে ক্রতপদ বিক্ষেপে দুর্গে উপনীত হইজেন।

# চতুর্থ পরিচ্ছেদ।

#### উদ্যান-প্রান্তে।

রশিনারা নিজমন্দিরে উপনীত হইলেন। কিন্তু সেনাপতির । , দ্র্ব্যবহারে অত্রমানিত হইয়া শিবজীকে স্থবাদ দিলেন। শিবলী তথায় উপস্থিত হইলে তিনি আনুপুর্বিক সমুদায় বিষয় ভাঁহাকে খনাইলেন। মহারাষ্ট্রপতি সেনাপতির চরি-ত্রের বৃত্তান্ত অবণ মাত্র জোধে রক্তিমাবর্ণ ছইলেন; তখন ভাঁহার চকু:হাইতে অগ্নিসকুলিক বহির্গত হাইতে লাগিল। অনেক ক্ষণ পর্যান্ত অধোদদনে থাকিয়া, পরে কহিলেন, " তুমি যে কথা আমাকে শুনাইলে, ভাহাতে এখনও যে ভাহাকে ভোমার সমুখে সংহার করিলাম না, ইহাতেই আমার অনুতাপ হই-ভেছে। কি করিব, সম্প্রতি রজনী উপস্থিত, এখন আর ভাহার কিছু হইবে না, রজনী বিগত হইলে দে দুরাত্মার মুঙ ভোমাকে উপহার দিব।" তিনি আর তথায় অধিক কণ वृष्टित्मन ना। अनामत्न वृश्चिनातात निकष्ठे घष्टे विषाय लहेश, बीह कक्ताब अलिलांश এक शानि स्नामत्न करलाइन কর বিন্যাস করিয়া উপবিষ্ট হইলেন।

পৃথিবীর গতি থাকিলেও তাহা অনুমান ব্যতীত প্রত্যক্ষ হয় না; বোধ হয়, পৃথিবী দ্বির ভাবেই অবন্থিতি করিতেছেন। কিন্তু এই শাস্ত্রপবিশিষ্টা বিশ্বস্তুরার অন্তর্ভাগে মূবীর, কারবীর, চর্ণবীর প্রভৃতি ধাতুপদার্থপতি নিহিত রহিয়াছে; সেই সক্ষল ধাত্পদার্থ বারি-সংলগ্ন হইলেই দাহ্যওপ ধারণ পূর্কক
ভূ-অভ্যন্তবিত মৃত্তিকা, প্রন্তব, লৌহ প্রভৃতিকে দুবীভৃত
করে। দুবময় পদার্থপ্রলি পরকার ঘর্ষিত ও বিলোড়িত
হইলেই শান্তপাবিশিকী পৃথিবীকে বিকল্পিত করে, এবং পৃথিবীকে বিদায়িত করিয়া মহাবেগে অগ্নিশিখা, ধুম, ভঙ্মা, কর্দম
দুবপ্রস্তব প্রভৃতি পদার্থ উৎক্ষেপ করিতে থাকে, ভদ্মারা ।
আগ্নেয় গিরির উৎপত্তি হয়, এবং নিকটছ প্রদেশপ্রলি একেবারে ভক্ষাবশেষ হয়।

দেইরপ শিবজীর মানসিক বৃত্তি দকল ভদ্মরাশি হইয়া গেল।
ইতিপুর্মে তাঁহার হাদর পৃথিবীর ন্যায় অতি দ্বির ভাবে
ছিল, কথন কম্পিত বা বিলোড়িত হয় নাই। কিন্তু, অস্তঃকরণ ক্রোধ, হিৎসা প্রভৃতি পদার্থের আকর, দে পদার্থপ্রলি
কথন প্রসপর মিলিত বা দাহাপ্রণবিশিষ্ট হয় নাই। আজি
প্রণয়িনী-সন্তাহণে আত্মাকে কৃতার্থ করিবেন বলিয়া রশিনারার
আহ্মানে মহা আহ্মাদিত হন, কিন্তু এই কথায় তাঁহার
অন্তর্গান্তরম্ব পদার্থ সমুহের প্রসপর সংমিলন হইল,
দ্বির অন্তঃকর্ণকে উৎকম্পিত করিতে লাগিল; ছদয়ের মধ্যে
অগ্নি প্রজ্বলিত হইল, মানসিক প্রবৃত্তি দকল ভন্মীভূত হইতে
লাগিল।

কি পরিতাপ! সহচর, অনুচর ও আজাধীন ভৃত্য ছইয়া সেনানী যে এরূপ দুর্ঘটনা ঘটাইবেন, শিবজী তাহা বপেও বিহেচনা করেন নাই!

মহারাক্ট্রপতির শরীরে অগ্নিনৃষ্টি হইতে লাগিল। শয়না-গারে প্রমোদ উদ্যানে, মন্ত্রভবনে, বিচারালয়ে, কারাগুতে,—যে

मिटक हार्टन, मारे मिटकरे मिटबरे, পाशिष्ठ मनानी त्रिनातात् মন ভুলাইতে যতন করিতেছে! অমনি যেন শত শত তীক্ষ ছরিকা कात ग्र-मध्य विक रहेरा लाशिल: विषम यञ्जनाव त्वन मन्त्रवण काना রোদন না করিয়া থাকিতে পারিলেন না। ক্ষণকাল বোদন কবিয়া কিছু স্থির হইলেন। এবং পরে কি করিবেন বলিয়া কেবল চিন্তায় প্রবৃত্ত হুইলেন, অমনি ঘটনাপ্রলি আবার মনে পড়িল; অর বৃদ্ধির স্থিরতা সম্পাদন করিতে পারিলেন না। আবার গমীরভাব অবলম্বন করিলেন;—তথন তাঁহার ললাটনেশে শিরার উদ্ভব হইল, ছতাশন জালাবৎ নয়নতারা ঝল্সিতে লাগিল, यन यन जुद्रकारमान्तर नामादक काँशिए नाशिन, क्रयुशन আকৃঞ্জিত হইতে লাগিল, शीदादिन नेये दक्क हहेल, गञ्जीत-निर्फाय-जननि-श्रमीख त्यवद नदीत श्रमीख दरेन, जधत কম্পিত হইতে লাগিল, অঙ্গে মেদমোত: বহিতে লাগিল; উৎকট মানসিক যন্ত্রণার আজিশয়ে এক স্থানে বসিয়া থাকিতে আসন যেন অগ্নিবং বিবেচনা হইতে লাগিল; শিবলী তথন গানো-প্রান করিয়া প্রদেশুলন করিতে লাগিলেন।

সুমিশ্ব নৈশ বায়ু তাঁহার প্রতথ্য অদয়ের তাপ হরণ করিতে লাগিল। কত কল যে তিনি এই রূপ অবস্থায় পদস্ঞালন করিতেছলেন, তথিবয়ে তথন তিনি পরিমাণ-বোধ রহিত। যখন রজনী গস্তীরা, তথন একবার দীর্ঘনিখাস পরিতাগ করিয়া অনন্যমনে তথা হইতে বহিষ্ণদানে গমন করিলেন। উর্চ্নে দৃষ্টি করিয়া দেখিলেন, শারদীয় পূর্ণশশধ্রের মিগ্রময় রশিজাল বিকীণ হইয়া নীলাম্বরতল ধ্বলীকৃত হইয়াছে; অনিল-তাড়িক বারিদ-শশুন্তল ইত্তত্ত্ব, কোথাও অস্দ-

বিনিমুক ভিমিতালোকবিশিফ নক্ষরাবলীর প্রকাশ মাত্র দেখা ঘাইতেছে; কখন বা শুক্ল মেঘ-খণ্ড ক্ষতগভিতে চন্দ্রমণ্ডল উত্তীপ হওয়ায় বোধ হইতেছে, ঘেন, শুভু-রজঃকান্তি সুধাকরও মেঘের বিরুদ্ধে প্রধাবিত হইতেছে; কখন বা চকোরগণ পক্ষ দঞ্জালন পূর্বক উর্জে উঠিতেছে; প্রভাকর-কর্দংলগ্ন দীপা-বলীর নাায় খদ্যোতিকাগণ ক্ষিক্ষং বিচর্ণ করিতেছে।

এক ভাবে বছকণ উর্জে দৃষ্টি করিয়াছিলেন বলিয়া শৈব্দুরির গুীবাদেশে বেদনা করিতে লাগিল; তখন মন্তকাবনত করিয়া সমুখে দেখিলেন, উদ্যান মধ্যে নৈশ কুসুমগুলি প্রসফ্টিত হইয়া মনোহর শোভাপ্রদ হইয়াছে, পূর্ণচন্দ্র-কৌমুদী-প্রতিষাতে তরুলতা-গুলি যেন হাসিতেছে; ঈষদান্দোলিত তরুলতাদির শ্যামোজ্জ্বল পলবগুলি সুধাকর-কির্ণে পিঙ্গলবর্ণে শোভিত হইতেছে।

শিবজী কৌমুদীময়ী যামিনীর চমৎকার শোভা সন্দর্শন করিয়া সুথী হইতে পারিলেন না; মনে সুথ থাকিলেই সকল বন্ধ সুন্দর দেখায়। শিবজীর হৃদয়াকাশ ঘেন ঘোরাদ্ধকার, নক্ষত্র-বিহীন, মদীময় ঘনঘটায় ভীষণতর ব্যাপ্ত হইয়াছিল,—ক্রমে প্রচণ্ডরেরে ঝটিকা বহিতে লাগিল, ঘন ঘন বিদ্যুৎ চকিতে আরম্ভ হইল, গল্পীর-নির্ঘোষ মেঘগর্জ্জন হইতে আরম্ভ হইল, প্রচণ্ড শব্দে অশ্নিপাত হইতে লাগিল। প্রণয়ভাজনের অবমাননা বেখিলে বাস্কবের মন এক্রপ না হইবে কেন?

আনেক হল পরে তাঁহার মন অপেক্ষাকৃত সুন্থির হইল।
ভিতৰন তিনি কিংকর্তব্য পক্ষে চিন্তা করিতে লাগিলেন, "সেনানীকে রাজশক্তি ছারা দুখু দেওয়া যাইবে কি না?" ক্সনেক হল

পর্যাম্ভ মনে মনে এই প্রশন করিলেন, অথচ তাহার প্রকৃত উত্তর পাইলেন না। ক্রোধাতিশয় বশতঃ প্রথমে তিনি ইহার কিছুই স্থিরতা করিতে পারিলেন না। মন্ত্রণার অনুরোধে ক্রোধ দ্বম করিতে বাধ্য হইলেন; ক্রমে ক্রোধ যত শিথিল হইতে লাগিল, ততই বৃদ্ধি স্থির করিয়া কর্তব্য কর্মের সিদ্ধান্ত করিতে লাগিলেন। "সেনাপতির কি রাজনিয়মানুসারে দও ক্রিব ? না, না তাহা করিব না। রাজনিয়মানুসারে দণ্ড করিলে ভবিষ্যতে আমার অনিষ্ট হইবে; দৈন্য-সামন্ত প্রভৃতি অনু-চরেরা আমাকে নৃশৎস বিবেচনা করিবে। বিশেষ রশিনারা বিবেচনা করিবেন, প্রভুগণ অধীন লোকদিগের অপরাধ পাইলে যথানিয়মে ভাহাদের দণ্ড করিয়া থাকেন। অতএব ইহার দণ্ড করিতে আমার উপায়ান্তর অবলম্বন করিতে হইল; কল্য যথন তাহার অপরাধের বিচার করিব, তথন তাহাকে अज्ञात्मत् रुष्ड ममर्भन ना कतिया मुडीक निश्चिर्म माज व्यव-লন্ধন পূর্বাক দ্রাত্মাকে দৈর্থ যুদ্ধে আহ্বান করিব; ইহাতে প্রাণ যায়, অত্তে হর্গ লাভ হইবে! আর যদি আমার হত্তে তাহার জীবন শেষ হয়, তবে দ্রাচারের দণ্ড হইল,--অথচ রশিনারার জান্য যে আমি প্রাণ দিতেও পরাজ্বখ নহি, ইহা ज्ञानिए शादिशा जिनि आमार्क अवनारे खर कदिरवन; অনুচরেরাও আমাকে সমধিক ভক্তি করিবে। " যেমন **पृथत आ**द्राह्ण काटन लका हितु दाथिया मारधारम श्रम-বিক্ষেপ করিতে করিতে অভাউ ছানে গমন করা যায়, শিবজী দেইকুপ কর্তত্তা কর্মের প্রতি লক্ষ্য রাখিয়া অনেক চিন্তার পর মন্ত্রণার সিদ্ধান্ত করিলেন । মন্ত্রণা দ্বির হইল বলিয়া

তাঁহার মুখ-মণ্ডল ঈষৎ বিকসিত হইল। যথন রজনী শেষ হইয়া ুআসিল, তথন তিনি শয়ন-মন্দিরে গমন করিলেন।

### পঞ্চম পরিচ্ছেদ।

### আশাস-প্রাপণে।

अमिरक मिनानी त्रिनातात निक्र इंडेट विनाश लहेश सीश আবাদে প্রতিগমন করিলেন। রশিনারার অবার্থ কটাক্ষে শরীর জবলিতেছে,—রজনীর মধ্যে निमादिती व সপর্শপ্ত করিতে পারিলেন না; দেনানী একবার গৃহে, আবার বাহিরে—রাত্রি আর প্রভাত হয় না, রাত্রি যেন বৎসরবৎ েবোধ হইতে লাগিল। তাঁহার মনে যে কডরূপ ভাবের আবির্ভাব ইইতে লাগিল, তাহা বর্ণনা করা অসাধ্য। যথন শিবজী উদ্যান পরিত্যাগ করিয়া শয়ন-গৃহে গমন করেন, 'তথন দেনানী বিদেশ-গমনোপযোগী দুব্য সমভিব্যাহারে থড়ক্কীর ছারে উপস্থিত হইয়া রশিনারার প্রতীক্ষায় রহিলেন। আর রশিনারা ! রশিনারা যে কালভুজনীর ন্যায় ভাঁহার মন্তকে দংশন করিয়াছেন, তাহা তিনি জানিতেও পারেন নাই! মুর্থ! পুরুষ হইরা রমণীর চাতুর্য্য বুঝিতে পার না? ভোমায় ধিক্! না, না---গুরুকার বিশ্বত হইয়াছেন, দুরাত্মা মীনকেত-নের অপ্রতিহত প্রভাব দহা করা যোগীর অসাধ্য,—ভোমার किছ अश्राधं नाई।

সেনাপতি প্রভাত পর্যান্ত অপেক্ষা করিয়াণ্ড রশিনারার সাক্ষাৎ পাইলেন না। যথন চন্দ্রমা পাণ্ড্রর্গে রশ্বিত, উড়গণ হুরতেজাঃ, দ্বিজকুলের সুমধুর কুজন, পূর্ব্ব দিকে উষার জ্যোতিঃ, জগৎক্ষিপ্তকর সুমন্দ বায়ু-ল্যোতঃ বহমান; তথন মাল্বাজী ভগ্নমনক্ষাম হইয়া দীর্ঘ নিশ্বাস পরি-ত্যাগ করিতে করিতে ধীরে ধীরে গৃহাভিমুখে চলিলেন। আশা পরিত্যাগ করা সহজ কথা নহে, সেনানী এক পদ অগুসর হন, আবার পশ্চাৎ ফিরিয়া দেখেন। গৃহাভিমুখে আর পদ চলেনা; গভীর নৈরাশ্যের সহিত স্ত্রীলোকের প্রকৃতি পর্য্যালোচনা করিতে করিতে অতি ধীরে ধীরে চলিলেন।

রশিনারা দেনাপতির কথা এক কালে বিশ্বৃত হইতেও
পারেন নাই। শিবজার নিকট সকল কথা প্রকাশ করিলে
পর, তিনি যখন তাঁহার নিকট হইতে বিদায় লইলেন,
তথন রশিনারা এক খানি পত্র লিথিয়া গোলাবীর নিকট
রাখিয়াছিলেন। দেনানীর প্রত্যাগমনের কিঞ্ছিৎপরে অন্তঃপুরের ছার উদ্ঘাটন করিয়া গোলাবী বাহির হইল ; কিন্তু সঙ্কেত
ছানে তাঁহাকে দেখিতে না পাইয়া কিছু অগুসর হইল,
তথন দেখিতে পাইল, এক জন মনুষ্য অতি মৃদুমৃদু পদবিক্লেপে গমন করিতেছে। গোলাবী তাঁহাকে চিনিতে
পারিয়া একট্ বড় করিয়া বলিয়া উঠিল, "দেনাপতি মহাশর! গমনে ক্ষান্ত হউন, ক্ষান্ত হউন; নিবেদন আছে।"
বামান্তর প্রবণ করিয়া দেনানী ফিরিয়া চাহিলেন, এবং ক্রীলোক্রকে আসিতে দেখিয়া ঈবং প্রসন্ন হইয়া অমনি পশ্চাৎ ফিরিয়া
দণ্ডায়মান হইলেন। গোলাবী নিকটে উপস্থিত হইলে, তিনি

বলিলেন, "তুমি যে একাকিনী, ভোমাদের তিনি কোথায়? আমি তোমাদের জন্য খড়ককীর দারে প্রায় এক প্রহর পর্যান্ত বিলম্ব করিয়াছি, পরে কাহাকেও না দেখিয়া ফিরিয়া ঘাইতেছি।" গোলারী কহিল, "তিনি আদিতে পারিলেন না, এই পত্র খানি দিয়াছেন। প্রণাম হই, এখানে বিলম্ব করিলে অনি-ফের সম্ভাবনা।" দাসী এই বলিয়া পত্র প্রদান করিল, এবং প্রত্যান্তরের প্রত্যাহ্বানা করিয়া অতি ক্রতগতিতে অন্তংপ্রাভিমুখে চলিয়া গেল।

যত ক্ষণ দাসী দৃষ্টিপথে ছিল, তত ক্ষণ সেনাপতি এক দৃষ্টিতে তাহার দিকে চাহিয়া রহিলেন। গোলাবী অদৃশ্য হইলে তিনি অতি বিমর্থভাবে গৃহে আসিয়া উপস্থিত হইলেন। অনেক ক্ষণ অভিভূতের ন্যায় থাকিয়া পরে র্শিনারার পত্র পাঠ করিতে আরম্ভ করিলেন।

" আমি তোমাকে কি বুলিয়া যে সম্বোধন করিব, তাহা ভাবিয়াই হতজান হইয়াছি। আরু সম্বোধনের কথাই বা কি আছে? গত কল্য আমাদের যথাশাস্ত্র বিবাহ হইয়া গিয়াছে; অতএব তৃমিই আমার প্রাণেশ্বর। এক্ষণে প্রাণেশ্বর বলিয়া সম্বোধন করাই কর্তব্য।

প্রাণেশর! কল্য প্রদোষ সময় কি শুভক্ষণেই তোমার সহিত সাক্ষাৎ হইয়াছিল, সেই অবধি ভোমার মনোমোছন রূপ ও বিমল গুণের কথা এক পলের জন্যও ভূলিতে পারি মাই। আমি এখানে যেরূপে বন্দিনী হইয়া রহিয়াছি, ভাহা ভোমার অবিদিত নাই; আমি কেমন করিয়া এ দুর্গপিশুর ভগ্ন করিয়া ভোমার সহিত মিলিত হইব, এই চিস্তা করিয়া সমুদার রজনীর মধ্যে একবারও নয়ন মুদ্রিত করি নাই। ক্রমে যামিনীও শেষ ছইয়া আদিল, আমারও প্রিয়-সঙ্গম-লালসা বৃদ্ধি ছইতে লাগিল; তথন সহচরীকে গমনোপযোগী দুব্য সংগুহ করিয়ে রাখিল। আমরা বাহির ছইবার উদ্যোগ করিতেছি, এমন সময় মহারাষ্ট্রপতি আমার নিকট আসিয়া উপস্থিত ছইলেন; তাঁহার মহিত কথোপকথনে সময়াভিবাহিত ছইয়া গেল, সে সময় আমার মন যে কিরপ উৎক্ষিত ছইয়াছিল, তাহা প্রকাশ করিতে দারুময়া লেখনীও অগুসুর ছইতে চাহিতেছে না।

যাহা হউক, বাস্থল্যে আবশ্যক কি, আমার কথা কথনই লক্ষ্যন হইবার নহে; যথন শিবজী বিচারালয়ে দরবারে মনঃসংযোগ করিবেন, তথন আমি ছদ্মবেশে বহির্গত হইয়া ভোমার নিকট উপস্থিত হইব। আমাকে অবিশ্বাস করিও না, আমি যে কেমন লোক, তথন বুঝিতে পারিবে। সময় ব্যতিরেকে সকল কথা ব্যক্ত করিতে পারিলাম না; ব্যস্ত বিধায় কত স্থানে কত বর্ণাশুদ্ধি বা রচনাশুদ্ধি হইয়া থাকিবে, সে সমুদায় ক্ষমা করিবে। অলমতি বিশ্বরেণ।

আমি ভোমারই রশিনারা। "

পত্র পাঠ সমাপ্ত করিয়া সেনানী কিছু আখাস প্রাপ্ত হইলেন; মনে যে নৈরাশ্যের উদয় হইয়াছিল, তাহা দূর হইল!

# ষষ্ঠ পরিচ্ছেদ।

### প্রণয়িনী সম্ভাষণে।

• পাঠক! এক ভিক্লা, বিরক্ত হইবেন না। আমি আপনার নিকট আর কিছুরই আকাঙ্কা রাখি না, কেবল দুইটি বর্ণের,—ক্ষ-মা। যদি বসন-ভূষণে জড়িভা অপূর্ব সৃন্দরী রশি- নারাকে গিরিদুর্ণের মনোহর ভবনে দেখিতেন, তবে তাঁহার প্রণয়ের অনুরোধে চির-প্রচলিত জাতিগোরব পরিভাগ করি-তেন কি না, বলিতে পারি না। এই বিজাতীয় রাজকনার মানরক্ষার অনুরোধে আত্মপ্রাণ বিসর্জন দিতেও প্রকৃত হইতেন কি না, বলিতে পারি না। অতএব শিবজী হিন্দু হইয়াও এই ঘলনবালার রূপ দেখিয়া কুলমর্যাদা পরিভাগ করিতে যে প্রস্কৃত হইবেন, এবং তাঁহার জন্য যে প্রাণকে ভূণের ন্যায় জ্ঞান করিবেন, ভাহা বড় আক্র্য্য নহে।

ষধন বালার্কজর-সংলগ্নে দুর্গপ্রাকার প্রদীপ্ত হইল, তথন শিবজী শয্যা পরিত্যাগ পূর্বক যথাবিধি নিত্যকর্ম সমাধা করিয়া রশিনারার মন্দিরে গমন করিলেন, এবং দেখিলেন, রশিনারা নয়ন মুদ্ভিত করিয়া পরমার্থ-চিন্তায় উপ্পবিষ্ট রহিয়াছেন। তাঁহার সেই অকৃত্রিম ভক্তি, সম দম প্রীতি প্রসম্বতা এবং তংকালোচিত মুখ্ঞী সন্দর্শন করিয়া শিবজী অবাক্ হইয়া রহিলেন।

অনেক বিলম্বের পর, রশিনারা উর্চ্ছে দৃষ্টিপাত করিয়া ফ্রুযোড়ে কহিলেন, "পর্ম পিড়ঃ! দাসীকে ভূণা করিবেন

না; আপনার যাহা ইচ্ছা, দেই আমার মঙ্গল! আমি ইহ জম্মে আর কিছ্রই অভিলাষিণী নাই; ধন, মান, বিদ্যা বৃদ্ধি-যাহাকে যাহাকে সুখের আকর বলিয়া মনুষ্যে প্রাণান্ত করে, আমি আপনার প্রসাদে দে সকল পর্য্যাপ্ত পরিমাণে ভোগ করিতেছি; কিন্তু, এক দিনের নিমিত্তেও সুখী হইতে পারি নাই। হে জগৎপিতঃ বিভো! আমি যে তোমার কতরূপ নিয়ম ভঙ্গ করিয়াছি, তাহা তুমি সকলই জানিতেছ, কায়মনোবাকো অনুতা-পিত হারে ক্রমা প্রার্থনা করিতেছি, তুমি আমায় সকল প্রকার পাপ হইতে মুক্ত কর। হে অন্তর্যামিন! আমার অন্তরে যাহা আছে, দে সকলই তুমি জানিতেছ,—আমি মনে মনে ঘাঁহার কুশল কামনা করি, যাঁহার জন্য প্রাণ বিদক্জন দিতে পারি, যাঁহার বিষয়-রদন নিরীক্ষণ করিলে আমার ক্রম্য বিদীণ হয়, সেই প্রাণাধিক প্রিয়তমকে সর্বাৎশে সুখী কর । আমার পিতার পাপমতি পরিষ্কার করিয়া দাও, তিনি যেন বিধর্মী বলিয়া ইহাঁর হিৎ সা না করেন, আমার মনোমত কার্য্য করিতে যেন বিমুখ না হন। হে বিমুহর ! শক্ষানে, মশানে, সাগরে, প্রান্তরে, সংগামে, সর্বতে আমার প্রিয়ভাজনকে রক্ষা কর। ছে অনাথবন্ধো! আমি মনে মনে ঘাঁহাকে বিবাহ করিয়াছি, যিনি আমার জনা দর্মায় পরিতাাগ করিতেও কৃষ্ঠিত নহেন, এমন প্রাণেখনের মূর্ত্তি যাবজ্জীবন যেন আমার চিত্তপটে অক্তিত থাকে, কিছুতেই যেন দে যুর্তি আমার মন হইতে বিচলিত ना इत् । इ नर्खमन्नानतः! आभात शांगाधिक निवकीतः অশিব নাশ কর। তোমার নিকট এই ভিক্লা, যেন শিবজী ভিন্ন অন্য কোন পুরুষে আমার মন বিচলিত না হয় : "

শিবজীর অন্ধকারাক্তর হাদয়-মধ্যে যেন কেছ প্রদীপ জবালিয়া দিল। রশিনারা ঐকান্তিক মনে ঈশ্বর-চিন্তা করিতেছিলেন বলিয়া শিবজীর আগমন জানিতে পারেন নাই। শিবজী রশিনারার মনোগত ভাব জানিতে পারিয়া মহাজ্লাদিত হইলেন। তথান, তিনি পল্যক্ষ হইতে উঠিয়া যথায় রশিনারা বিদ্যাছিলেন, তথায় গমন করিয়া স্বকরে সুন্দরীর করপল্লব গুহণ করিলেন। রশিনারা সচকিত হইয়া মুখ ফিরাইয়া দেখিল লেন, শিবজী তাঁহার হস্ত ধারণ করিয়া ঈশ্বৎ ঈশ্বৎ হাসিতেছেন। ইহাতে সলক্ষ্য ভাবে ঈশ্বৎ হাস্যসহকারে মুখাবনত করিলেন। রশিনারাকে লজ্জিতা দেখিয়া মহারাষ্ট্রাজ কহিলেন,

"প্রিয়ে! ইহাতে লজ্জা কি? প্রিয়তমের কুশল-কামুনা কে না করিয়া থাকে?" রশিনারার বিকসিত মুখ আরও বিকসিত হইল। শিবজী দেখিলেন, হর্ষবিকসিত প্রফুল বদন কিছু বিশুক্ষ; যেন প্রসফুটিত পঙ্কজের উপরে ঈষৎ শৈবাল চিফ বিরাজিত রহিয়ছে। পরে উভয়ে পল্যান্থের উপরে উপরিষ্ট হইলেন। অনেক ক্ষণ কেছই কোন কথা কহিলেন না। পরে রশিনারা মুখে বন্দ্র দিয়া মৃদুষরে কহিতে লাগিলেন, "প্রিয়তম! দৈবগতিকে মনের কথা শুনিলে; আর মনের কবাট বন্ধ করিয়াই বা ফল কি? আমি কোন বিশেষ বিশ্বনিবন্ধন ভাব গোপন করিয়া রাখিয়াছিলাম, একাল পর্যান্ত ভামার সহিত প্রিয়মন্তাব করি নাই; অধিক কি? করিভাম কি না, তাহাও বলিতে পারি না। কিন্ত, তুমি আমার মনের সন্তোধ-সাধনের জন্য যেমন সর্ব্বদাই বান্ত, বোধ হয়, (তুমি জান না) আমার মনও তৌশাপেক্ষা অধিক কুম্নানা

হইবে। এক্ষণে সবিনয়ে প্রার্থনা করিতেছি, তুমি স্কৃতিকে বিস্করণ-হুদে বিসজ্জন কর, আমাকে স্বরণ করিয়া আর সম্ভাপিত হইও না। প্রিয়তম! আমাকে ভালবাসিয়া কেন চিরসুথে জলাঞ্জলি প্রদান কর? বুদ্ধিমানেরা সকল পরিত্যাগ করিতে পারেন, কিন্তু প্রাণাম্ভেও হুদেশ-বাৎসল্য পরিত্যাপ করিতে পারেন না। কেন আর তুমি—" বলিতে বলিতে রশিনারার কণ্ঠরোধ হইয়া আসিল; চক্ষে বন্তু দিয়া নিঃশন্ধে রোদন করিতে লাগিলেন।

পদ্ম শিশিরে নফী হয়, অনলোক্তাপে ধাতু দুব হয়, একথা যথার্থ বটে; অভএব, যে চিত্ত সহজে বিচলিত হয় না, এমন পদার্থ যে ভাবি-বিরহাশক্ষায় বিচলিত হইবে, ভাহার বৈচিত্র কি?

কত শত দেনার সহিত যুদ্ধ করিতে যাঁহার হৃদয় কল্পিত হয়
নাই, প্রাণ-তুল্য বজন-বিয়োগও যে পাষাণহৃদয়কে শোকাপ্লিতে
দূব করিতে অক্ষম হইয়াছে, রশিনারার কারণারসপূরিত
রাক্যে আজি সেই পাষাণময় হৃদয় দূবীভূতৄ হইয়া
গেল!

রশিনার। যেরপে ভাবে কথা কহিলেন, তাহাতে শিৰজী জার ধৈর্য ধরিয়া থাকিতে পারিলেন না; সমধিক কাতর হইয়া পড়িলেন। এবং মুগ্ধকারিণী রমণীর সকরণ কোমল বাক্য জাবণ করিয়া, ও তাঁহাকে রোদন করিতে দেখিয়া, তিনিও রোদন করিতে লাগিলেন। রোদন না করিবেন কেন? প্রিয়ভাষিণী যুবতী গৃহিণীর রোদন দেখিলে পাঠক মহাশয়ের হৃত্তে কি দরদর্ভি ধারা বিশ্লিত হয় না?

শিবজী অনেক ক্ষণ নীরবে বোদন করিয়া পরে দীর্ঘ-নিশাস পরিত্যাগ পূর্বক চক্ষের জল মুছিলেন। এক হন্ত রশিনারার অংশে বিন্যাস পূর্বক অপর হন্ত ছারা তাঁহার চিবুক ধারণ করিয়া সুমধ্র-সন্মেহ হাক্যে কহিলেন, "কাহাকে তুলিতে পরামর্শ দিতেছ? যে মুর্ত্তি আমার ক্ষমম্মধ্যে অহরহঃ বিরাজ করিতেছে, কি নিদ্যায়, কি হুপে, কি জাগুতে যে মুখ জিলার্ছ জন্য বিন্মৃত হইতে পর্যার না, যে মুর্ত্তি ধ্যান করিয়া এ দেহ পরিত্যাগ করিব,—প্রিয়তমে! যত দিন মেদমাৎসবিশিষ্ট দেহ থাকিবে, তত দিন ভোমাকে আমি তুলিতে পারিব না! তোমার জন্য হুদেশ কেন? আমি প্রাণ বিসক্জন দিব, তথাচ তুমি আমার ক্ষম্য-মধ্যে বদ্ধমূল হইয়া থাকিবে, ক্ষম্য-মধ্যে বদ্ধমূল হইয়া থাকিবে, ক্ষম্য-মধ্যে ব্যাম্য ক্ষম্য বিন্ধান্ত লিবে! "ইহা কহিয়া শিবজী চক্ষের জল কৈলিতে লাগিলেন; এবং বসনাগুভাগ ছারা রশিনারার নয়ন জল মুছাইতে লাগিলেন।

" একি, প্রাণাধিক ! তুমি কাঁদিতেছ?" ইহা বলিয়া রশিনারা অজ্ঞু চক্ষের জল ফেলিতে লাগিলেন; ওড়নাগু-ভাগ দ্বারা শিবজীর চক্ষের জল মুদ্রাইতে লাগিলেন।

ক্ষণকাল পরে শিবজী কছিলেন, "কাঁদিব না? প্রিয়ে! আমি অনেক যন্ত্রণা সহ্য করিতে পারি, কিন্তু ভোমার মুখ মলিন দেখিলে, আমার যে ক্ষন্ত বিদীর্ণ হয়, ভোমাকে কাঁদিতে দেখিলে যে আমি পৃথিবী শুন্য দেখি, ইহা কি তুমি জান না?"

রশিনারা আবার সেই রূপ ভাতুব কহিলেন, " ভামিন্!

ধৈর্য ধর; তুচ্ছ একটা রমণীর জন্য এত উত্তলা হও কেন? তুমি হিন্দু, আমি যবনী,—আমাকে পরিত্যাণ কর, কি জন্য চিরন্তন জাতিগোরব পরিত্যাণ কর? অদৃষ্ট-চক্রের গতিকে আমি সন্তাপসাগরে ডুব দিয়াছি ! তুমি কুশলে থাক, জগদীশ্বর ভোমাকে সুথী করুন, এই ইচ্ছা, দ্বিতীয় আর ইচ্ছা নাই !"

শিবজী ক্ষণকাল নীরব ! পরে কহিলেন, "রশিনারা, তুমি জি জান না, যে, তোমার তুল্য রমণীর সহবাদে বনবাসও অর্গভোগ! জাতিগোরব লইয়া কি হইবে ? আমি তোমার জন্য সৎসার ত্যাগ করিতে হয়, করিব; তথাচ ভোমাকে ভূলিব না।"

র। " আমি কি তোমার সহবাস-জনিত সুখভোগের ক্রিক্রা করি না? কিন্ত, আমার জন্যই যে তুমি আমার পিতার বিরাগভাজন হইয়াছ, সে কথা আমি কেমন করিয়া বিস্তৃত হইব ?"

িশি। " তোমার পিতার বিরাগে আমার কি?"

র। " তুমি ভয় না কর, কিন্তু আমি তাঁহার কন্যা।"
শি। " রশিনারা, তুমি আর কোন অনিস্টাশস্কা
করিও না৷ পরিণামে আমরা সুখী হইব।"

এই কথা শ্রবণ করিয়া রশিনারা মৌনী হইয়া রহিলেন।
ক্ষণকাল পরে অতি বিমর্ম ভাবে কহিলেন, "আজি হঠাৎ
মনের দ্বার খুলিল, নচেৎ এ পোড়া হৃদয়ের তাপ কখনও
তুমি জানিতে পারিতে না। আমি সংসারে মনন্তাপ পাইবার
জনাই জন্মগুহণ করিয়াছিলাম,——" আর বলিলেন না।
চক্ষে বন্ত্র দিয়া কাঁদিভে লাগিলেন।

শিবজী অতি অন্ত হইরা গাত্রোত্থান করিলেন। এবং অতি নৈরাশ্যের সহিত কহিলেন, "বিধাতার যদি এইরূপ অভিপ্রায়ই হইরা থাকে, তবে আত্মপ্রাণ বিসর্জন দিব। তৃমিই যদি আমার না হইলে, তবে শত্রুর অসিই সমধিক সুথকর। প্রিয়ে! প্রসন্থ হইরা বিদার দাও, দুরাত্মা সেনানীর সহিত যুদ্ধে গমন করি, হরত আমি তাহাকে সংহার করিব, নয় তাহারই সুতীক্ষ খড়গে সকল আশা-ভর্সা পূর্ণ করিব! "

রশিনারা তাঁহার চক্ষে চক্ষু: স্থাপন করিয়া কহিলেন, " রণে আগুসর হও। সংগ্রামে বাধা দেওয়া বীরাঙ্গনার কর্তব্য নহে। তুমি যুদ্ধে জয়ী হও, ঈশর তোমার মঙ্গল করুন।" এই বলিয়া বাক্ষাকুলিত লোচনে তাঁহাকে বিদায় দিলেন। শিবজীও সজলনয়নে রশিনারার প্রতি দৃষ্টিপাত ক্রিণ্র রঙ্গভূমে চলিয়া গেলেন।

### সপ্তম পরিচ্ছেদ।

### देवतथ यूटका

রশিনারার নিকট হইতে বিদায় সইয়া শিবজী যথন রঞ্গভূমে গমন করেন, তথন বেলা চারি ছয় দণ্ড হইয়াছিল। তথায় উপস্থিত হইয়া মাস্কাজীকে আহ্বান জন্য সন্নিষ্ঠিত জনৈক দৈনিককে পাঠাইলেন। মাস্কাজী রশিনারার পত্রার্থ অহ-গত হইয়া, যাত্রার উদ্যোগ করিডেছেন, এমন সময়ে শিপা হীর মুখে প্রভুর আহ্বান শ্রবণ করিয়া মহাবিমর্য হইলেন।
কি করেন, প্রভুর আত্রা লভ্ড্যন অবিধেয়, এই বিবেচনা করিয়া
পদোচিত পরিচ্ছলাদি পরিধান করিলেন; যাত্রার সময়ে তাঁহার
হাদয় কাঁপিতে লাগিল, পশ্চাং বাধা পড়িতে লাগিল, সমুখে
বিবিধ অমঙ্গল দেখিতে লাগিলেন। সেনানী শক্তিত হইয়া
রাজসন্ধিধানে উপস্থিত হইলেন।

মাল্কজৌ প্রথমে যথাবিধি অনুসারে অভিবাদন করিয়া
নতভাবে কহিলেন, "মহারাজ! আজাকারী দাস উপস্থিত;

যবনদিগকে কি আক্রমণ করিতে হইবে? অনুমতি করুন, দাস
গমনে প্রস্কৃত।"

শিবজী মন্তকোমত করিয়া তীব্র দৃষ্টিতে তাঁহার দিকে
ফৃষ্টিপাত করিয়া অতি গদ্ধীর হরে কহিলেন, "রণেরই প্রয়োজন
বটে, কিন্ত যবনেরা আজি কালি শত্তা করিভেছে না, এক্ষণে
দেখিতেছি, তুমিই আমার শত্রু হইয়াছ;—সশস্ত্র আছ,
আমার সহিত যুদ্ধে প্রবৃত্ত হও।"

শিবজার লোহিত মুর্ভি দেখিয়া দেনানী ভীত হইলেন। আকাশ পাতাল পর্যান্ত দৃষ্টি করিয়াত্ কোন অপরাধ করি-য়াছেন কি না, স্বরণ হইল না। ক্ষণকাল ইতন্ততঃ চিন্তা করিয়া কহিলেন,——

"মহারাজ! দাস কি অপরাধ করিল? অপরাধ করিয়া থাকে, যথানিয়মে দণাজা হউক। " চতুরা রশিনারার প্রতি সেনাপতির দৃঢ় বিশ্বাস, তজ্জন্য সে কথা তিনি ভূমেও মনে করিলেন না।

শিবজী ক্লোধভীষ্ণ হরে কহিলেন, " অরে নরাধম!

কল্য অপরাক্ষে তুই কি তোর পদোচিত কার্য্য করিয়াছিন?
দেই ব্রীলোকটি যে আমার আপ্রিছা, তুই তাহা জানিয়াও
তাহার প্রতি যেরপে ব্যবহার করিয়াছিন,—রে বিখান
ঘাতক! তোর অনাধ্য কর্ম নাই। " শিবজী ইহা বলিয়া
দেনানীর প্রত্যুরের অবকাশ দিলেন না। কটিবন্ধ হইতে
সুশাণিত অদি কোষশুন্য করিয়া ভীমচীৎকার পূর্বক তাঁহাকে
আক্রমণ করিলেন।

রণোমত শিবজীকে দেখিয়া দেনানী কিছু মাত্র শক্তিত্ হইলেন না। বর্থ অতি শীঘু কৃপাণের কোষ মুক্ত করিয়া তাঁহার প্রতিযোগী হইয়া দাঁড়াইলেন।

দর্শকবর্গ উভয়কে যুদ্ধ করিতে দেখিয়া অবাক হইয়া র**হি**-লেন।

প্রথমে শিবজী শন্ শন্ শব্ অদি দঞ্চালন করিতে করিতে ছহুস্কার রবে দেনানীর বধোদেশে তাঁহার মন্ত্রক লক্ষ্য করিয়ে থড়া প্রহার করিলেন। মান্কাজীও শীঘু হত্তে থড়া চালনা করিয়া তাঁহার উদ্যম ব্যর্থ করিলেন। পরে যুগলকরে বজুমুঞ্জিতে অসিধারণ করিয়া লক্ষ্ত্যানে শিবজীর হত্তে আঘাত করিলেন। তথন যদি মহারাষ্ট্রপতি বিশেষ সাবধান না হইতেন, তবে দেই আঘাতেই তাঁহাকে ছিন্নপ্রকোষ্ঠ হইতে হইত, তাহার আর সন্দেহ নাই। কিন্তু মুদ্ধবিশারদ শিবজী দেনানীর অদি তাঁহার অঙ্গে নিক্ষিপ্ত হইবার পূর্বেই উল্কেন্স পরিত্যাণ করিয়া কিছু অন্তরে পড়িয়াছিলেন, বলিয়া রক্ষা পাইলেন। উভয়ে উভয়ের নাশেক্ষায় প্রংপুনঃ মহা চেন্টা পাইতে লাগিলেন; কিন্তু উভয়েই মহা-

বীর, রণবিদ্যা-বিশারদ; অনেক ক্ষণ যুদ্ধ করিয়াও কেহ কাহার গাত্রে অন্ত্রাহাত করিতে পারিলেন না।

আনন্তর উভয়ে জিগীযাপরবশ হইয়া তুমুল সংগ্রাম আরম্ভ করিলেন। শিবজী চীংকার করিয়া কহিলেন, "দুরাজ্মন্! আত্মরকা কর্। " এই বলিয়া মহাবেগে লক্ষ্পাদান করিয়া ভূমিতে পড়িলেন; সেই দক্ষে স্বীয় অসি মেনানীর উন্ধদেশে আমূল প্রয়োগ করিলেন। মান্ধাজী যদিও ভাঁহার আঘাতের প্রতিঘাত করিলেন, কিন্তু, শিবজীর অসির অগুভাগ ভাঁহার কন্ধদেশের কবজ বিদীর্ণ করিয়া শরীরে প্রবেশ করিল। দারুণ প্রহারে শরবিদ্ধ শার্দ্দিলের নাায় সেনানী প্রচণ্ড হইয়া উঠিলেন। মহাক্রোধে ভীষণ রবে গর্জন করিয়া শিবজীর প্রতি থড়গ প্রয়োগ করিলেন। শিবজীও সুকৌশলে পুনরাঘাত ছারা আপনাকে রক্ষা করিলেন।

এই রূপে প্রহরার্ভ কাল যুদ্ধ করিয়াও কেই কাহাকে
পরাস্ক করিতে পারিলেন না। শারদীয় প্রচণ্ড রবিকিরণে,—
বিশেষ রণপরিপ্রামে উভয়েই হার্মাক্তকলেবর হইলেন।
ভাঁহাদিপের ফ্রন্ড সঞ্চালিত অসিদ্বয়ের উপরি সুর্যাকর প্রপ্
ভিত হওয়াতে বিদ্যুৎচকিতবৎ বোধ হইতে লাগিল। রণে
মন্ত হইয়াছিলেন বলিয়া কোন কন্টই ভাঁহাদের অনুভূত
হইল না।

উভয়ে অসি ধারণ করিয়া মঙলীবদ্ধ হইয়া ঘূরিতে লাগিলেন; এমন সময়ে শিবজী সিংহনাদ পূর্বক সেনানীর খড়গে ছীয় ধড়া প্রহার করিলেন; বিষম আঘাতে তাঁহার অসি হস্ত- চ্যত হইয়া দরে নিক্ষিপ্ত এবং ভগ্ন হইয়া গেল। শিবজী এই অবকাশে যেমন পুনরাঘাত করিতে অসি উঠাইলেন, অমনি মাস্কাজী তাঁহার পদতলে পড়িয়া বলিয়া উঠিলেন,—

" মহারাজ, রুণে ऋমা দিন, ऋমা দিন! "

ৃ শিবজী দেখিয়া উচ্চ হাস্য করিলেন। এবং অসি সংযম করিয়া কহিলেন,——

" তোমাকে ক্ষমা করিব না, যুদ্ধ কর।"

তথন সেনানী অতি দীনবচনে কহিলেন, "মহারাজ! ষে ্ অপ্রাধ করিয়াছিলাম, তাহার সম্পূর্ণ দণ্ড হইয়াছে, এফণে কান্ত হউন।"

শিবজী কিছু উগুভাবে কহিলেন, "সম্পূর্ণ দণ্ড কই হই-য়াছে! হোমার শিরুছেন কৈরিব।"

সেনানীও তেজীয়ান্ পুরুষ; অমনি বলিয়া উঠিলেন, " আমি এক্ষণে নিরব্র! অব্রবিহানের অঙ্গে আছাত করা কাপুরুষের কর্ম।"

শিবজী জনৈক সৈনিকের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিলে সে তাঁহার মনোগত ভাব বুঝিতে পারিয়া দ্বীয় অসি সেনানীর করে অর্পণ করিল। সেনানী থড়্গ পাইবামাত্র ক্রোধে অধীর হইয়া কহিলেন,——

" মহারাজ! এত ক্ষণ আমি সফুচিত চিত্তে যুদ্ধ করিছে-ছিলাম; আপনি কিছুতেই উপরোধ মানিলেন না, এক্ষণে আমার হস্তের বেগ সংবরণ করুন।"

মাস্কাজী এই বলিয়া ভীম চীৎকার পূর্বেক স্যেনবৎ বেংগ শিবজীর সমুখ হইতে, দূরে গেলেন এবং তথায় তিলার্জ কাল মাত্র বিলম্ব করিয়া লক্ষ্ প্রদান করত শিবজীর মন্তক লক্ষ্য করিয়া থড়্গাঘাত করিলেন। অসি মন্তকে লাগিল না, কিন্তু ভাঁহার গুরিাদেশে এরপ আঘাত লাগিল যে, অন্য আর কেহ হইলে সেই সময়েই ভূতলশায়ী হইতেন; কিন্তু শিবজী মহাবীর্যাশালী, দৃঢ়প্রতিজ্ঞ এবং দৃঢ়কায়; সে আঘাত তথন তুণের ন্যায় জ্ঞান করিয়া, তাঁহার গুরিা হইতে সেনানীর অসি উঠাইবার পুর্কেই তাঁহার সব্য হন্তে এরপ আঘাত করিলেন, যে, সেই আঘাতেই মান্ধাজী চীংকার পূর্কক ধরাশায়ী হইলেন। শিবজীর অসিপ্রয়োগ কিছু বক্রভাবে হইয়াছিল বলিয়া সেনাপতির বামেতর হন্ত ছিধা হইল না, কিন্তু ক্ষত স্থান হইতে শরীরস্থ সমুদায় শোণিত স্নোতঃ-বেগে বহির্গত হওয়াতে তাঁহার দেহ ক্রমে অবশা—পরে মুমুর্যু হইয়া ধরাতলে পড়িয়া রহি-লেন।

শিবজী অনুচরণণ সহিত বিশেষ পরীক্ষা করিয়া দেখিলেন, যে, সেনানীর প্রাণবিয়োগ হইয়াছে। তথন তিনি তাঁহার মৃতদেহ দুগনিদেন যে স্থানে হত ব্যক্তিগণের গলিত শব থাকিত, তথায় অবতারিত করিতে ভ্তাবর্গকে অনুমতি করিয়া, অতি বিষয়বদনে শয়নাগারে প্রস্থান করিলেন। পরিচারকগণও আজামাত্র মুমুর্যুর পদযুগলে রজ্জু বন্ধন করিয়া, দুর্গনিদেন নিক্ষেপ পূর্রক স্থানে চলিয়া গেল।

## অফ্টম পরিচ্ছেদ।

#### ৰুগ্ন-শয়নে !

শয়নকক্ষ্যায় গমন করিয়া শিবজী কবজাদি পরিতায়ুগ করি লেন। মাস্কাজীর আঘাতে তাঁহার গুবিদেশের শিরা সকল বিচ্ছিন্ন হইয়া গিয়াছিল। রুখিরে অঙ্গ পলাবিত হইতেছে! অন্তাদি পরিতাগ করিয়া আসন গুহণ করিলেন; যতই পরিআমজনিত ক্লেশ দূর হইতে লাগিল, ততই ক্লতস্থান হইতে লাগিল, শরীর অবসন্ন হইয়া আসিল, দেহ কম্পিত হইতে লাগিল, চক্ষে অস্কলার দেখিতে লাগিলেন;—তথন তিনি অতি কটে আসন হইতে শযায় গমন করিয়া অসফটুট স্থরে কহিতলেন,—

"প্রিয়ে, রশিনারা ! মৃত্যু, মৃত্যু—দেখা দাও!" তিনি আর কিছু বলিতে পারিলেন না; পলাক্ষের উপরে হতচেতনে শয়ান রহিলেন।

গোলাবী কক্ষ্যান্তর হইতে এই কাডরোক্তি শুনিতে পাইয়া উর্দ্ধানে দৌড়িয়া শিবজীর নিকট আদিয়া উপস্থিত হইল। এবং দেখিল, শিবজী শোণিতাদু -বসনে হতচেতনে পড়িয়া রহিয়াছেন; গভীর ক্ষতস্থান হইতে রক্তদ্যোতঃ প্রবল বেগে প্রবাহিত হইয়া শয্যাতল পলাবিত হইতেছে। পরিচারিকা রোদন করিতে করিতে কহিল, "মহারাজ! মহারাজ! একি! আঁয়া-আঁয়া!" অনেক য়ন্ডেমও ভাঁহার টৈতন্যঃসম্পাদন করিতে পারিল না।

গোলাবী তথন হতাশ হইয়া তথা হইতে গমন করিয়া দুর্গ-বাসিগণকে সংবাদ দিল। রাজার অমঙ্গলবার্তা প্রবণ করিয়া যে যেখানে যে ভাবে ছিল, সকলেই উর্ক্লনানে কক্ষ্যাভিমুখে প্রধাবিত হইল।

অনন্তর পরিচারিক। রশিনারার নিকটে উপস্থিত হইর।
চক্ষের জল ফেলিতে ফেলিতে সমুদার বিষয় নিবেদন করিল।
বাদশাহনন্দিনী দাসীর মুথে শিবজীর বিপদ শুনিরা নিসপন্দের
নাার হইলেন। মুথের ভাব বিকৃত হইল, চক্ষুঃ বারিভরাজান্ত হইল, মন্তকে যেন আকাশ ভালিয়া পড়িল, হাদয়ের
প্রজ্ঞান্ত অনলে যেন পুতাস্থতি পড়িল। তথন তিনি রোদন
না করিয়া স্থির থাকিতে পারিলেন না। মনে মনে আত্মকর্ম্ম
সকল আন্দোলন করিতে লাগিলেন; ভূতপূর্কা বৃত্তান্ত সকল
স্কৃতিপথে উদিত হওয়াতে অনুতাপজনিত কয়্ট ভোগ করিতে
লাগিলেন।

রশিনারা, তুমি বুদ্ধিমতী, পরিণামদর্শিনী। এ কথা আমি কেন ? বাধ হয়, পাঠক মহোদয়গণও অবীকার করিতে পারিবেন না। তুমি সকল বিষয়ই বিজের ন্যায় সিদ্ধান্ত করিয়াছিলে; কিন্ত একটি কর্মে ভোমার বিবেচনার অটি আছে। সে কি কর্ম ? শিবজীর সহিত প্রিয়সম্ভাষণ। এ কথায় ভোমার য়িও আপত্তি থাকুক, কিন্ত ভাহা আমাদের চিত্তগুহা নহে। কেননা, বিবেচনা করিয়া দেখ, যদি আজি শিবজীর প্রাণবিয়োগ হয়, বা কালে তুমি তাঁহার চক্ষুরন্তরে অবস্থিতি কর, তথন ভোমার মন ইছা বলিয়া অবশাই রোদন করিবে,— অনুরাপে জ্বলিবে, দে, "কেন আমি মনে মনে অনুরাগিণী

হইয়াও প্রিয়বরের সহিত প্রণয়-সয়্তাষণ না করিয়াছিলাম?"
এক্ষণে ত্মি যে আশক্ষা মনে করিয়া দাম্পত্য-সুথ হইতে আপনাকে অন্তরে রাথিয়াছ, পরে আবার সেই আশক্ষাকেই
তিরস্কার করিয়া মনের ক্ষোভ নিবারণ করিতে যতন করিবে।
এ বিষম যন্ত্রণা হইতে গুত্বকার ভোমাকে মুক্ত করিতে পারিলেন না; গুত্বকারও দোষী নহেন, কেননা, অদৃষ্টে দুঃথ থাকিলে কাহারও খণ্ডাইবার সাধ্য নাই। ভোমার অদৃষ্টচক্রের যেরকেল বিষম গতি, তাহাতে ভোমার কর্মক্ষেত্রে যেখানে যেরূপ বীজ্ঞাতিত হইয়াছে, দেখানে সেই রূপ বৃক্ষই হইবে, কালে সেই

আর ভাবিলে কি হইবে? বৃথা চক্ষের জল ফেলিলে কি হইবে? যাও, বেখানে ভামার প্রাণাধিক অজ্ঞান হইরা রিইরাজ্ফন, তথায় গমন কর; প্রমেশ্বরের নিকট ওাঁহার কুশল কামনা কর, কায়িক পরিশ্রমের দ্বারা যথাবিধি পীড়িতের শুক্রমা কর, আত্মকর্ম সাধনের জন্য যাহা যাহা করা কর্ত্বস, কর; পরিশ্রমের পুরস্কার অবশাই পাইবে!

রশিনারা চঞ্চল-চিত্তে তথা হইতে শিবজীর নিকট উপস্থিত হইলেন । শয্যাশায়ী মহারাষ্ট্রপতিকে নিরীক্ষণ করিয়া প্রস্তুর-মূর্তিবং দখায়মান রহিলেন; চক্ষুঃ হইতে দরদরিত অক্ষধারা বিগলিত হইতে লাগিল; নির্বাত নিক্ষণপ্রপারিপর নাায় জাতি স্থির হইয়া রহিলেন। গাতের বসন পর্যান্ত নড়িতেছে না।

হতটেতনা শিবজীর মুখে রক্তের চিক মাত্র নাই; মুখে সমুখ পাণ্ডুবর্ণ প্রকটিত হইয়াছে; রুধির-পলাবিত শ্যায়

লম্বমান ইইরা শরিত রবিয়াছেন। কেবল যন্ত্রণার বেগ সম্বর্ধ জন্য মধ্যে " মাতঃ! পিতঃ!" কথন বা অতি মৃদু, অতি অসফুট স্বরে রশিনারার নাম উচ্চার্ণ করিতেছেন ও দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতেছেন।

রশিনার। দেখিলেন, কক্ষাটি সোকে পরিপূর্ণ, জনতায়, পরিপূর্ণ। পীড়িতের আরোগ্যের জন্য সকলেই হাস্ত; ভিষক্ সরম ফক্তেন চিকিৎসার হাবস্থা করিতেছেন; পরিচারিকাণ্যণ শিবজীর ক্ষতস্থানে প্রলেপ দিতেছে, কিছুতেই রক্তন্তাব নিবারিত হইতেছে না। রশিনারা তথন একেহারে রোগীর শিওরে গিয়া ২সিলেন; স্বহস্তে পীড়িত্বের শুক্রমা করিতে সাগিলেন।

পরের হিতসাধনের জন্যই বোধ হয়, ড়ৢতলে রমণীকুলের সৃষ্টি হইয়াছে! পাঠক মহাশয়ের এরপ দংস্কার থাকিতে পারে, যে, কামিনীগণ অতি হিৎসাপরতন্ত্রা, কলহপ্রিয়া, এবং আত্মাভিমানিনী। কিন্তু যদি এই সাক্ষাং মুর্তিমতী পরিইতিষিতা রূপ রমণীর প্রণয়মন্ত্রে দীক্ষিত হইতেন, তবে কখনই রমণীদিগের প্রতি আপনি অবজ্ঞা করিতেন না। বিশেষতঃ কে না পীড়িত-শয়্যায় শয়ন করিয়াছেন? আত্ম বা প্রতিবেশীর রমণী কর্তৃক ঘোধ হয় অসশ্যই স্তক্ষ্মান্থিত হইয়া থাকিবেন; একবার দেই মন্ত্রণাদায়ক রুগুশয়্যা য়রণ করুম। ক্রীলোক অবোধই হউক, আর হিৎসাপরাই হউক, পাঠক মহাশয় একথা অবশ্যই স্তীকার করিবেন, যে, পরদুহথে রমণী যয়ন গলিয়া য়য়, পুরুষ তেমন নয়।

রশিনারা ভিষক্দত্ত ঔষধ লইয়া বার্মার রোগীকে পান

করাইতে লাগিলেন। চিকিৎসক নিকটে বসিয়া ঔষধ-সেবনের ব্যবস্থা করিয়া দিতে লাগিলেন; অনেক রূপে ভেষজ প্রয়োগ করিয়া শিবজীর রক্তস্থাব নিবারণ করিলেন। তথন ভিষক্ প্রফুল্ল-মুখে কহিলেন, "আর কোন চিন্তা নাই, এত শীলু যথন ,রক্তস্থাব নিবারিত হইয়াছে, তথন আর মহারাজকে সুস্থ করিতে আমার কন্ট হইবে না।"

ইহা শুনিয়া রশিনারার বিশুফ্ক মুখ কিছু প্রফুল হইল।
কহিলেন, "কত ক্লণে ইহাঁর চৈতন্য হইবে?"

ভি। "যত কণে জ্বরতাগি না হয়, তত কণে জান হইবে না!"

র। " জবরত্যাগের বিলম্ব কি?"

ভি। "রজনী প্রভাত পর্যান্ত।"

র। "বাহো যেরপ দেখা ঘাইতেছে, অন্তরেত দেরপ নয়?"

ভি। "না। ধাতুর দিব্য শমতা!"

র। "শুনিয়া সুথী হইলাম! আপনি যে কথা আমাকে শুনাইলেন, যদিও এই সামান্য বন্ধ তাহার প্রকৃত পূর্কার নহে, কিন্তু গুহণ করিলে আমি সন্তুষ্ট হইব। আর ইনি আরোগ্য লাভ করিলে আপনি যাহাতে তুন্ট হন, তাহাই পুরক্ষার দিব।" ইহা বলিয়া বহুমূল্য পাশ্বার কণ্ঠী কণ্ঠ হইতে উন্মোচন করিয়া ভিষকের হস্তে অপণি করিলেন।

ভি। (আশর্ত্যান্তিত হইরা) "মা! এক্ষণে আমি ইহা লইব না; মহারাজ ব্যাধিমুক্ত হইলে লইব। " এই ব্রেরা পাল্লার কণ্ঠা প্রত্যুপণ করিতে উদ্যুত হইলেন। র। "মহাশয়! আমি যদি আপনাকে ইহা দিয়া সুখী হট, তবে আপনি কেন গৃহণ করিবেন না?"

ভি। "মা! ভূমি অক্ষয় সুখ ভোগ কর। আমি গুহণ করিলাম। "

র। " আপনার আশীর্ঝাদ শিরোধার্য্য করিলাম।"

অনন্তর চিকিৎসক হস্ত ধরিয়া দেখিলেন; এবং কহিলেন, "আপনারা কোন রূপ চিন্তা করিবেন না; ঔষধ-সেবনের যেরূপ নিয়ম বলিয়া দিয়াছি, তাহার যেন কোন প্রকার অুটি হয় না। এক্ষণে আমি চলিলাম, আর কোন রূপ উপ-সগঁ হইবার সন্তাবনা নাই।" ভিষক ইহা বলিয়া গাত্রোপ্থান করিলেন। রশিনারা তথন মুদ্ধরে কহিলেন,——

" আপনি আবার কখন অসিবেন? "

ভিষক্ কৰিলেন, " এক প্রহর রাত্তির পর। "

রজনী সার্চপ্রহর অতীত হইল। কক্ষাটি বছবিধ প্রদীপ দ্বারা উজ্জ্বলিত হইডেছে, সুগদ্ধ বন্ধর সুগদ্ধে গৃহটি আমো-দিত করিতেছে। তখন, তথার লোকের জনতা মাত্র ছিল না, কেবল রশিনারা প্রভৃতি রমণীগণ রোগীর শুক্রষা করিতে-ছেন, আর কয়েক জন পরিচারক চিকিৎসকের প্রার্থনীয় বন্ধ সংগুহ জন্য তথায় উপস্থিত রহিয়াছে।

শিবজীর জ্বর পরিত্যাগ হইতেছে না, দেখিয়া চিকিৎসক মহাচিত্তিত হইলেন । গজদন্ত-নির্মিত একথানি চৌপাঈর উপরি হর্ণপাত্তে কি একটি ঔষধ ছিল, ভিষক্ তাহা হত্তে করিয়া ভক্তিভাবে ঈশ্বর-নাম করণ পূর্বকে শিবজীর মুখে চালিয়া দিলেন। ঔষধ তাঁহার উদর্ভ হইল। ক্ষণকাল পরে রশিনারা রোগীর শরীরে হস্ত প্রদান করিয়া কহিলেন, "গা ঘেন ছামিতেছে।"

চিকিৎসক গুনিয়া মুখোত্তোলন করিয়া সহাস্যমুখে কহিলেন, "গা ঘামিতেছে? তবে জ্বতাগের আর বিলম্ব নাই। " রশিনারা একখানি রুমাল লইয়া অভি সাবধান-হত্তে মহারাষ্ট্রপতির শরীরের স্বেদ মুছাইতে লাগিলেন। ভিষকও মুহুর্মুক্তঃ মহৌধ্ব সকল বিধিমত প্রয়োগ করিতে আরম্ভ করিলেন। জবরৈর প্রাবল্য ক্রমে হুাস হইয়া আসিল, তৎসঙ্গে গোহার অপ্প অপ্প হৈতনাের উদয় হইতে লাগিল দেখিয়া ভিষক্ কহিলেন, " এক্ষণে আর বসিয়া থাকার আবশ্যক নাই; ঔষধও যৎপরােনান্তি খাওয়ান হইয়াছে, আজি আর ঔষধ-সেবনের প্রয়োজন নাই। (রাত্রিও শেষ হইয়া আসিল, ক্ষণকাল পরেই সম্পূর্ণ হৈতনা হইবে। " এই বলিয়া চিকিৎসক চলিয়া গোলেন।

প্রভাবের কিঞ্ছিৎ পূর্বে শিবজী চক্ষুরুমীলন করিলেন।
এবং দেখিলেন, তাঁহার শিওরে বিদ্যা রশিনারা ঘহস্তে তাঁহাকে
ব্যঙ্গন করিভেছেন; গোলাবী নিঃশব্দে পদসেবা করিভেছে;
অপর কিন্ধরীগণ গাত্তে হস্ত মার্জ্জন, আহত-ছানে ঔষধ-লেপন ইত্যাদি পরিচর্যায় নিযুক্ত আছে। পাশ-ফেরার
ক্ষমতা নাই, সর্বাঙ্গে বিষম বেদনা। রশিনারা দেখিলেন,
শিবজী যেন মনে মনে কি কথা কহিভেছেন। তথ্যধ্যে
কেবল একটি কথা বুঝিতে পারিলেন,

" রশিনারা। "

রশিনারা অতি মৃদুররে কহিলেন, " তুমি কথা কহিতে

ক্ষ পাইতেছ; এক্ষণে তাহার চেন্টা করিও না। আরোগ্য লাভ করিলে দকল কথা শুনিব।"

শিবজী আবার চক্ষু: মুদ্রিত করিয়া নীরব ছইলেন। রশিনারা ব্যজন করিতে লাগিলেন এবং মধ্যে মধ্যে সুবা-সিত সুদ্ধিশ্ব বারি অম্প অম্প করিয়া তাঁহার মুখে সিঞ্চন । করিতে লাগিলেন।

রজনী প্রভাতের পর শিবজী দীর্ঘ নিশবাদ পরিত্যাগ করিয়া রশিনারার মুখের প্রতি চাহিলেন; এবং তাঁহার বিমল মুখ-কান্তি মলিন এবং জলভরাক্রান্ত নয়নদ্বর দেখিয়া, যন্ত্রণা-ক্লেশ-নিপীড়িত মুখে একটু হাসিলেন।

হাসিলেন কেন ?

পাঠক মহাশারকে আর একটি কথা বলিতে চাহি।
প্রীড়িতাবস্থায় রমণী-পরিবেটিত হইয়া কথন না কথন
শাযাশায়ী হইয়া থাকিবেন। সেই সময়ে ক্ষয়ানন্দদায়িনী
প্রণয়িনীর অপ্রফুলানন নিরীক্ষণে অমনি তটন্থ হইয়া তাঁহার
সন্তটি-সাধনে কি যতন করেন নাই ? যদি এরপ করিবার
পক্ষে আপনি যতন না করিয়া থাকেন, তবে মুক্ত-কণ্ঠে
বলিব, আপনি প্রেমিক নহেন। কিন্ত প্রণয়শীল ব্যক্তির
প্রাণান্ত হইলেও গৃহিণীর বিমর্থ দেখিতে পারেন না;
স্বয়্য সহসু যত্রণাই অনুভব করেন না কেন, সে সময় প্রাণতুল্য প্রিয়ার মলিন মুথ দেখিলে আপনার কায়িক যত্রণা
গোপন করিয়া প্রিয়ার বিশ্বক্ষমুথ প্রফুল করিতে যতন
করেন; গৃহিণীর মলিন মুথ যেন তাহার যত্রণার একটি
প্রধান উপদর্গ হয়।

শিবজীও সেই জন্য হাসিলেন। রশিনারার মলিন মুখ প্রফুল করিবার জন্য যত দূর সাধ্য যতন করিলেন। যতন বিফল হইল না। তিনি অতি কটে ঈষৎ হাস্য সহকারে মৃদু স্বরে কহিলেন,——

"রশিনারা, আমার শরীরে আর কোন যন্ত্রণা নাই; তুমি দৃঃথিত হইও না।"

রশিনার। শুনিয়া ঈষদ্বিকসিত মুখে কহিলেন, "তাইত। " রশিনারাকে হাস্যমুখী দেখিয়া শিবজী সেই মৃত্যু-শ্যাকে কুসুম-শ্যার ন্যায় জ্ঞান করিতে লাগিলেন।

রশিনারা আবার কহিলেন, "আমার জন্যই তুমি এত যন্ত্রণা পাইলে।"

শিবজীও মৃদু স্বরে কহিলেন, "'ভোমার জন্য প্রাণ দিতেও কন্ট বোধ করি না।"

র। "তাযথার্থ। কিন্তু আমি যে,——"

রশিনারা আর কহিলেন না। শিবজীও তৎপ্রতি মনোযোগ করিলেন না; কহিলেন, "প্রিয়ে! অন্ত্রব্যবদায়ী বীরগণ এরূপ কত শত আঘাত সহ্য করিয়া থাকেন, আমি এ আঘাত প্নঃপ্নঃ প্রার্থনা করি, এবং শুভসূচক বলিয়া দ্বীকার করি।"

রশিনারা শুনিয়া হাসিলেন। তাহা দেখিবামাত্র শিবজী আপনাকে বিগতক্লেশ বোধ করিতে লাগিলেন।

ক্রণকাল পরে রশিনারা সহাস্য-মুখে করিলেন, "এরপ অকুশল কামনাত কেহই করে না। যন্ত্রণা পাইতে কে ইল্ছা করে?"

ি " রোগে যার সুখ হয়, সেই ইচ্ছা করে l?"

র। (আশর্ষ্য জ্ঞানে) "রোগে সুখ, সে কি?"

শি। "রোগে সুথ নাই? আমিত দেখিতেছি মহাসুথ! প্রিয়ে! কাহার অদৃষ্টে আছে যে, পীড়িতাবস্থায় আমার ন্যায় সুখভোগ করিবে? অর্থের অপ্রাচুর্য্য হেতুক চিকিৎসা ব্যতি-রেকে কত লোক অকালে মৃত্যুকে আলিঙ্গন করিতেছে; কেছ বা . শুক্রাবাবির্হে এক বিন্দু বারির জন্য লালায়িত হইতেছে। এইরূপ কৃত কৃত হতভাগ্যদিগকে দেখিতে পাওয়া যায়। কিন্তু विदिवा कित्रा प्रथ, जूबि खा श्री मुन्दी त्रानी, विदेश আমারুজীবন-বৃক্ষের একমাত্র ফল। তুমি অনবর্ত আমার নিকট থাকিয়া ব্যন্তন করিতেছ, আর আর সুন্দরী কিকরী ললনা-গণ আমার সেবা শুক্রাষা করিতেছে। অতএব, তুমিই কেন বিবেচনা করিয়া দেখ না, এরূপ পীড়ায় সুখ না দুঃখ? আমি সেই রোগের সৃথ উপভোগ করিতেছি বলিয়া, হতভাগাগণ যে শ্যাকে কণ্টকের ন্যায় জ্ঞান করিয়া থাকে, আমার নিকট দেই শ্যা দৃক্ষফেণোপম জান হইতেছে! যে পীড়ার জন্য অভাগারা ষ ষ অদৃষ্টকে নিন্দা করে, আমি দেই সুথময় ব্যাধিজনিত সুথের প্রত্যাশায় অনুক্ষণ প্রার্থনা করি।

ইহা শুনিয়া রুম্ণীগণ হাসিতে লাগিল।

শিবজী দিন দিন সুস্থ হইতে লাগিলেন। আর সেনানী !
দুর্গন্ধময় গলিত শবের মধ্যে বিনা চিকিৎসায় পড়িয়া রহিয়াছেন !
চলুন পাঠক, এই বার ভাঁহার নিকট গমন করি।

## দ্বিতীয় খণ্ড সমাপ্ত।

## রশিনার।

## তৃতীয় খণ্ড।

\_\_\_\_

#### প্রথম পরিচ্ছেদ।

#### श्रित-मकरण्या।

অনুচরেরা মুমুর্য সেনানীকে যে স্থানে রাথিয়াছিল, সেই নরক তৃপ্য স্থানে বাস কেন? তিলার্ছ জন্য অবস্থান করাও মনু- ব্যের সাধ্য নহে। সেনানী অজ্ঞানাবস্থায় ছিলেন বলিয়া সেই শক্ষান ভূমিতে উটিতে পারিয়াছিলেন।

পূতিগন্ধবিশিষ্ট শব-নিকর-মধ্যে অটেডন্যাবছায় মান্ধান্তী
করেক দিন পড়িয়াছিলেন, তাহা তিনি জানিতে পারেন নাই।
হওভাগার আত্মীয় পরিবার তাঁহার মৃত্যু নিশ্চয় জানিয়া কড
কন্টই না পাইতেছেন! দুর্গবাসিগণ,কেহ বা তাঁহার বিরহে রোদন,
কেহ বা তাঁহার প্রণের প্রশংসা,কেহ বা "পাপী কামুক,—
রাজা তাহাকে বধ করিয়া উপযুক্ত কর্মই করিয়াছেন।" ইত্যাদি
কত রূপ কথা উত্থাপন করিয়া আন্দোলন করিতেছে।

দেই নিজ্জন অপ্রফুলকর স্থানে যে তথা পূর্যান্তও তিনি

জীবিতাবস্থার আছেন, তৈতনা প্রাপ্ত হইরা দেনাপতি বিষ্ময়া-বিত হইলেন; তখন পর্যান্তও যে তাঁহাকে খাপদে গ্রাদ করে নাই, ইহা ভাবিয়া তিনি বিষয়াপন্ন হইলেন। যুদ্ধের চারি পাঁচ দিন পরে হিমবর্ষী পর্বততলে দৈবানকলো তিনি সংজা প্রাপ্ত ইইলেন। উঠিবার শক্তি নাই, শিবজীর বিষম অসি-প্রহারে তাঁহার স্কন্ধ এবং হস্তের অস্থি চ্ছেদিত হইয়া গিয়াছিল; শরীরের শোণিত অধিক পরিমাণে নির্গত হওয়াতে এবং কয়েক দিবস অনশন জন্য একেবারে বলহান হইয়াছিলেন। একে ক্ষুত্রানে বিষম বেদনা, তাহাতে জঠুরানল প্রজ্বলিত হইয়া ছদয় বিদীর্ণ করিতেছে; বিশেষ, গলিত শবের দুর্গদ্ধে তথায় তিনি মুহূর্ত কালের জন্যেও থাকিতে পারিলেন না। অতি কফে সব্য হস্তে মৃত্তিকা আশ্রয় করিয়া অতি মৃদ্ভাবে গমন করিতে লাগিলেন। সন্মুখে একটা নির্মর বহমান ছিল, সহজ লোকে তথায় অতি শীবুই গমন করিতে পারিত, কিন্তু, সেই নির্মার স্থানে গমন করিতে তাঁহার আনেক সময় লাগিল। তাঁহার নিকটে মনুষ্য-ভক্ষণোপযোগী পরু ফলভারাক্রাম্ভ কয়েকটি वृक्क क्रिल,--- तम सात्न क्र्धा-जुखा निवात्रण कर्के दहेरव ना হলিয়া, দেনানী তথায় আপন বাসস্থান দ্বির করিলেন। অন্তর নির্মরের বিমল জল পান করিয়া কিছু সৃস্থ হইলেন; অলের ক্ষতস্থান উত্তম রূপে ধৌত করিয়া মক্ষিকাদির দৌরাস্ব্য নিবারণ জন্য বন্তা ছিল্ল করিয়া তাহা আবৃত করিলেন। निधिष्ठ दनाष्ट्रम अर्थाछ-उटम अकाकी दाम कड़ा महस्र कथा नरहा দেনানী " কুখন ফল জুপতিত হইবে, কখন তদ্বারা কুখা শান্তি করিবেন্ " এই রূপ চিস্তা করিয়া কোন মতে দিনাতিবাহি

করিতে লাগিলেন। দুর্বলের রক্ষাকর্তা জগদীখর ! এমন মৃত্যুগুল হইতে যে তিনি রক্ষা পাইবেন, ইহা বিষয়োবহ নহে।

এক পক্ষ পর্যান্ত সেই মনুষ্যসমাগমবিহীন দুর্গম স্থান-মধ্যে বাস করিয়া দেনানী অপেক্ষাকৃত সুস্থ হইলেন, শরীরের প্লানিকিছু দূর হইল। প্রথমে যতই আরোগ্য পাইতে লাগিলেন, ততই চিন্তা ভীষণ রূপে তাঁহার হৃদয়তে আছল ক্রিডে লাগিল, প্রতিহিৎসা-বহ্নি ক্রমে ভীষণ রূপে প্রজ্বলিত হুইতে আরম্ভ হইল।

দেনানী তৃণশ্যায় বৃক্ষমূল উপাধানে শ্যান ছিলেন, চিন্তার অপ্রতিহত বেগ-প্রভাবে একেবারে উঠিয়া বসিলেন। অবস্থায় কোথায় যাইবেন, কি উপায়ে স্বকার্য্য সাধন করিবেন. তাহাই ভাবিতে লাগিলেন। অনেক ক্ষণ পর্যান্ত চিন্তা করিয়াও তাহার স্থিরতা করিতে পারিলেন না। আপনার দুর্দশার প্রতি চাহিয়া মনে মনে বলিয়া উঠিলেন, "আমি ইতিপূর্ব্বে কি ছিলাম, আর এক্লণেই বা কি হইয়াছি! হাঁ আমি বিলক্ষণই বুঝিয়াছি, যে, অদৃষ্ট কাহারও দাস নহে; বিধাতার নিয়োগ-ক্রমে জীব আপনাপন কর্মোচিত ফল ভোগ করে। এক পক্ষ পুর্বেষ যথন আমি রপদে অধিষ্ঠিত ছিলাম, তথন আমার অনুমতি ক্রমে সকল কর্মাই সুসমাহিত হইত; কত শত দীনদরি দু আমার প্রতি নির্ভর করিয়া থাকিত; পীজিতের আরোগ্যের জন্য চিকিৎসক নিযুক্ত করিয়া কত লোকের ধনাবাদার্হ না হইয়াছি? একণে দেই আমি, পশুকুল-প্রপূরিত নিবিড় বনবেটিত পর্বততলে মৃতপ্রায় পড়িয়া রহিয়াছি;—হায়! আমার নাম হতভাগ্য আর কে আছে!"

অনন্তর কিছু গান্তীর্য্যভাবে থাকিয়া পরে ক্রোধ প্রকাশ পূর্বক কহিতে লাগিলেন, "আমি যে পাপাত্মার নিষ্ঠুর-তায় এরপ দশাণুস্ত হইয়াছি, তাহার আর মুখাবলোকন করিব না, প্রক্রদেবের নাম উচ্চার্ণ করিয়া প্রতিজ্ঞা করি-তেছি, यে, यত मित्रहे इडेक, তাहात শित्र म्हमन ना कतिया আর উষ্ট্রন্থ ধারণ করিব না। আর, অবিশ্বাসিনী পাপিষ্ঠা স্ত্রীলোক! তোমাদের রূপ, যৌবন, সরলতা ও ক্রুর দত্তের সুমধ্র হাস্য দেখিয়া আর কখনই ভূলিব না; তোমরা যে ঈয়ৎ ঈষৎ হাস্য করিয়া, চকু: দুইটি ঈষৎ বিকৃঞ্চিত করিয়া, আন্ত সুথাকর, পরিণাম ভয়ন্তর মধুর কপট বাক্যে আমাকে উন্মত্ত করিবে, সে আশা পরিত্যাগ কর! ইতিপূর্ব্বে তোমা-দের বিকসিত পক্ষজানন বিনির্গত সুমধুর বাক্যে এবং মরাল-বিনিন্দিত সুললিত পদবিক্ষেপে আমার হৃদয়-যন্ত্রের তন্ত্রীচয় সুম-ধ্র ম্বরে বাজিয়া উঠিত; কিন্তু একণে সেই ভূতপূর্ব্ব ব্যাপার অনুতি-পথারু ছইয়া, ভোমাদের সুমধ্র কথা অশনি-পাত-বৎ, পদবিক্ষেপ কেশরিকরাঘাতবৎ, এবৎ চক্ষের কটাক্ষ ক্র বিষধর-দন্তবৎ ক্দয়-মধ্যে বিক্লিপ্ত হইতেছে। অত-এব, সতা সতাই বলিতেছি, যত किन मर्माद कीविত থাকিব, ভুমক্রমেও দ্রীশন মুখাণ্ডে আনিব না, দ্রীলোক দর্শন कतिव ना; विश्वाम शाखिनी त्रशीरक निकटि कन ?--- मर्खा॰ एम পরিত্যাগ করিলাম! "

যোদ্ধাণ ষভাবতঃই উদ্ধত। ক্রোধাগ্নি প্রজনলিত হইলে ন্যায্যান্যাফা বিবেচনা রহিত হন। মহারাষ্ট্রসেনানীর শিব-জীর প্রতি মর্মান্তিক ক্রোধ জন্মিয়াছে; প্রতিহিৎসা প্রতি- শোধের জন্য কতরূপ উপায় উদ্ভাবন করিতে লাগিলেন।
তিনি মনে মনে যেরূপ উপায় স্থির করিলেন, তাহার কিছু
পাঠক মহাশয় অথবণ করুন।

" আমি কেমন করিয়া এ প্রতিজ্ঞা-দাগর উত্তীর্ণ হইব?" ' এই কথাটি বার্মার মনে মনে বলিতেছেন, অথচ মর্গ মর্ত পাতাল ভাবিয়াও কিছু স্থির করিতে পারিতেছেন না। ক্ষণকাল পরে আবার ভাবিলেন, " যেরপেই হউক, প্রতিজা বৈকা করা চাই। আরু कि উপায় আছে? यमिও এযাতা রক্ষা পাই, কিন্তু পুর্বের ন্যায় বাছবলত হইবে না। এত বাছবলেরই কর্ম, পাপিষ্ঠ যেরূপ আঘাত করিয়াছে—" ( বলিতে বলিতে তাঁহার চকু: আর্কু হইল।) " আমার দক্ষিণ হস্তেত বালকের বলও থাকিবে না? তবে কি গৃছে যাব? বোধ হয়, দুরাত্মা দে পথেও কণ্ঠক দিয়া থাকিবে। নিশ্চয়ই আমার বোধ হইতেছে, দুরাত্মা আমার সমুদায় সম্পত্তি বিল্ঠন এবং পরিবারদিগকে বন্দী করিয়াছে। " এই ভাবিয়া সেনাপতি রোদন করিতে লাগিলেন। পরে দীর্ঘ নিখাস পরিত্যাগ করিয়া চিন্তা করিতে লাগিলেন, "যদি আত্মীয় পরিবারণণ কট পাইতে লাগিল, তবে আর এ বৃথা জীবন থাকিয়া ফল কি! তাহারা অনাহারে কারাগৃহে প্রাণত্যাগ করিবে, আমিও নয় এই খানে—" বলিতে বলিতে দেনানী মীরব হইলেন। ऋণকাল পরে কহিলেন, "না, আমার প্রাণত্যাগ করা হইল না। আমি মরিলে ও পাপীর দণ্ড করিবে কে? যত দিন মনের জবালা নিবারণ না করি তৈ পারি, সে পর্যান্ত আমার কথঞ্জিৎ জীবন ধারণ করিয়া থাকাই কর্তব্য। "

দেনানী নীর্ব হইলেন। অনেক ক্ষণ পরে ভাঁহার মুথ হর্ষেৎফর হইল। ভাবিলেন, " আরু প্রতিজ্ঞা প্রতিপালন করার দিব্য উপায় পাইয়াছি। শান্ত্র-কারেরা কহিয়াছেন, যে, যেমন লোকের পদতলে কণ্টক বিদ্ধ হইলে তাহা অন্য কণ্টক ছারা বহির্গত করে, তদ্রপ বৃদ্ধি-মানেরা শতুষারা শতুকে হনন করিবেন। এক্ষণে দেখিতেছি, মহারাফুর্জ-গ্লানি শিবজীই আমার প্রধান বৈরী, এবং ্যবনেরাও আমাদের শত্রু; ইহারা শিবজীকে দমন করার জন্য বিশেষ যতন পাইতেছে, কেবল আমাদের জন্য এত কাল তাহার কিছুই করিয়া উঠিতে পারে নাই। আমি তাহাদের সাহাত্য করিলে, আমার অভিসন্ধি সিদ্ধ হইবে, তাহাদেরও চিরাভিলায-" ৰলিতে বলিতে তিনি শীহরিয়া উঠি-লেন, হৃদয়ের মধ্যে বিদ্যুৎচ**কি**তবৎ অন্তঃকরণ উল্লসিভ হইতে লাগিল। মনোবৃত্তি সকল নিশ্চেষ্ট হইয়া পড়িল, পুর্ব্বাভিদন্ধি দকল উন্মূলিত হইয়া গেল। আবার ভাবিলেন, " আমি কি এমনই নরাধম, যে, একের জন্য প্রিয় জন্মভূমিকে যকন-করে সমর্পণ করিব? স্বজাতীয় অমূল্য স্বাধীনতা বিল্পু করিব? কোটিকম্প নরকে থাকা ভাল, তথাচ এক দিনের নিমিত্তও পরাধীন হওয়া পুরুষত্ব নহে। তবে এক্ষণে আমি করি কি । তবে কি ভগুপ্রতিজ হইব । সেওত মহাপাপ। না কিছু দিন যবনের নিক্ট বন্ধুভাগ করিয়া অবস্থানপূর্বক আত্মকর্ম সাধন করিব? শিবজীকে বধ করাই আমার উদ্দেশ্য, তার্হাদেরও দেই অভিপ্রায়। আমি কৌশলছারা এ কর্ম সম্পন্ন করিব; তাহাতে উভয় কুলই রক্ষা পাইবে। 22 অনেক বিতর্কের পর যত দিন শিবজীকে বধ করিতে না পারেন, দে পর্যান্ত তিনি মোগলের পক্ষ হইবেন বলিয়া সংকল্প করিলেন।

## দ্বিতীয় পরিচ্ছেদ।

#### আশ্রয়-গ্রহণে।

সুথ-দঃথ স্থায়ী করিবার জন্য দিন কথনই বসিয়া থাকে না। লোকে সহসু যন্ত্রণাই কেন ভোগ করুন না, ইচ্ছাপুর্বক কেহই প্রিয়তম সংসার পরিতাাগ করিতে চাহেন না। দুর্দিন আসিয়া যথন লোকের স্কন্ধে আরোহণ করে, বুদ্ধিমানেরা কথ-নই তাহাতে অনুৎসাহিত হন না, বর্ৎ সুদিনের আগমন প্রতীক্ষায় ধৈর্য্যাবলম্বন করিয়া থাকেন। আমরা কথনই দঃখের প্রত্যাশায় দিন গণনা করি না, সুখের জনাই ভূমণ কবিয়া ফিবিতেছি। রোগ, শোক—কত কত কউদায়ক যন্ত্রে নিঞ্পেষিত হইয়াও শুভ দিনের প্রতি নিরীক্ষণ করিয়া থাকি। मिन यात्र ; मिन मिन मकलारे द्या, मुःथ यात्र, मूर्थ्य - जिम्हा द्या ; ভোগাশা বৃদ্ধি পায়, মহাদন্তে আসফালন করি। পৃথিবী কেমন পরিবর্তনশীল! সুথের সময় পূর্বের কথা কিছুই बात थीरक ना, य मित्नत जना मित्नत श्री दित मुखिएड চাহিয়া থাকি, দিন পাইলে আরু দে ভাব থাকে না; তথন মনে করি, এদিন যেন কথনই অন্তর্হিত হইবে মা। তাহা বলি-शाह कि मिन विभिधा थाकिएतं?

দিন গেল, দিনে দিনে সেনানী অনেক সৃষ্ হইলেন;
যে দিনের প্রতি চাহিয়া, দিন গণনা করিতেছিলেন, সে দিন
তাঁহাকে দর্শন দিল। প্রতিহিৎসা-কালফণীর দংশনে শরীর
জবলিয়া উঠিল; সেনানী ভূতপূর্ক বৃহান্ত সকল ভূলিয়া গেলেন।
দয়া, মমতার অদুর পর্যান্ত উন্মূলিত হইয়া গেল, তিনি মহাদয়ের উঠিয়া দাঁড়াইলেন। যথায় শিবজীর সহিত রণে পরান্ত
হইয়া শাইল্ডা খাঁ মহারাষ্ট্রদেশ জয় করার জন্য সৈন্য সংগুহ
করিতেছিলেন, জোধোন্সত মান্ধাজী সেই দিকে চাহিলেন।
বিশাস্থাতক! যে মনঃছে তুমি আজি এত দয় করিতেছ,
তাহা সিদ্ধ হউক, বা না হউক, দিন তোমার জন্য উপেক্ষা
করিবে না।

শরংকালীন সূর্য্যের কর ক্রমে তীক্ষতর হইতে লাগিল।
মন্তকের উপরি হইতে দিবাকর অনল বর্ষণ করিতে আরম্ভ
করিল। প্রথম রক্ষিজালে জড়িত হইয়া ছাবর-জলম যেন
ক্রোধভীষণ-কলেবর ধারণ করিল। নভামগুলের ছানে ছানে
কাদ্দিনীর সঞ্চার মাত্র দেখা ঘাইতেছে, তাহা আবার সকল
ছানে সমান রূপ নহে, কোন ছানে দ্বীষণ মদীবর্গ, কোন
ছানে রক্ষর ধানাতৃত, কোন ছানে বা ধবল কার্পাসের নায়
শোভা পাইয়া মন্দ সমীরণ-ভরে ইষৎ দ্বীষণ বিচলিত হইতেছে। হরিৎবর্গ-সুশোভিত তরুগুল্লাভা-শন্যপূর্ণ বিস্তৃত
প্রান্তর,—সর্বত্রই যেন ধু ধু করিতেছে। শাথা-পলববিশিষ্ট
পালপশাথার পক্ষিকুল চঞ্চু ব্যাদান করিয়া বিশ্রাম করিবতেছে। উরগ-নিচয় তরুর সুক্রায়ায় অবছিতি পূর্বক ক্ষণে ক্ষণে

জ্মণ করিতেছে; তৃষ্ণাকুলিত গাভীবৃদ্দ ক্রতগতিতে জলাশারের দিকে প্রধাবিত হইতেছে; রাথালগণ বৃক্কের শাখায় উপবিষ্ট হইয়া মনের আনন্দে গান করিতেছে। মাস্কাজী এই সমুদায় দেখিতে দেখিতে গমন করিতে লাগিলেন।

মহারাষ্ট্র-দৈন্যাধিনায়ক সম্পূর্ণ আরোগ্য প্রাপ্ত হন নাই; শরীরের বলাধান পূর্ব্বের ন্যায় ছিল না বলিয়া, প্রথর অরণ-তেজে এবং পদব্রজে গমন জন্য একেবারে অধৈর্য্য হইয়া পড়িলেন। কিয়ংকাল চলেন, আবার কিয়ৎকাল বিশ্রাম করেন; এইরূপে অনেক কন্টে মোগল সেনাপতির শিবির-সন্ধিকটে উপস্থিত হইলেন।

করেক জন শন্ত্রপাণি শিপাহী শিবিরের ইতস্ততঃ ভুমণ করিয়া প্রহরীর কার্য্য করিতেছে। মোগল সৈন্যের ফল্লা-বারে পদমর্য্যাদানুযায়ী চিক ছিল। মাল্লান্নী পট-মখ-পের মধ্যে অপেকাকৃত উন্নত এবং বিবিধ শিপেসম্পন্ন একটি শিবির দেখিয়া সেনানীর বাসস্থান বলিয়া অনুভব করিলেন; এবং ধীরে ধীরে ভাহার নিক্ট উপস্থিত হইয়া প্রহরীকে বলিলেন,

" রক্ষিবর! তুমি দেনাপতি মহাশরকে বল, আমি ভাঁহার সহিত সাক্ষাং করিতে ইচ্ছা করি।"

প্রহরী তাঁহাকে বসিতে বলিয়া শিবিরের মধ্যে গেল, অনতিবিলম্বে প্রত্যাগত হইয়া কহিল, "আসুন।"

মাস্কাজী শিবিরের মধ্যে প্রবেশ করিয়া দেখিলেন, শাইস্তা থাঁ বহুমূল্য পরিচ্ছদ ছারা সুসজ্জিত হইয়া মছনদে বসিয়া আছেন, দুই চারিটি মোসাহেব নিকটে উপস্থিত থাকিয়া ওাঁহার বাক্যের প্রতিধ্বনি করিতেছে। মহারাষ্ট্র-সেনানী ওাঁহার সমীপে উপস্থিত হইয়া যথাবিধি অভিবাদন করিয়া দঙায়মান থাকিলেন। শাইস্কা থাঁ বলিলেন,———

" আপনাকে দেখিয়া বিলক্ষণই অনুভব হইতেছে, আপনি মহারাষ্ট্রীয় দত। আপনার কার্য্য কি, জানিতে ইচ্ছা করি।"

মাস্কার্জী তাহার কথার উত্তর না করিয়া কেবল একবার মোদাহেবদিগের প্রতি চাহিলেন।

শাইস্তা খাঁ তাঁহার মনোগত ভাব বুঝিতে পারিরা কহি-লেন, "আপনি বসুন। এখানে সকল কথাই ব্যক্ত করিতে পারেন। ইঁহাদের অবিশ্বাস করিবার কোন কথা নাই;— কোন কথাই প্রকাশ পাইবে না।"

মাক্কাজী আসন গুহণ করিয়া অতি বিমর্যভাবে কহি-লেন, "জনাব! আমি সকল বিষয়ই বলিতেছি। অগ্নে আমার শরীর দর্শন করুন।" এই বলিয়া অলের ক্ষতস্থান সকল বিশেষ করিয়া দেখাইলেন।

শাইস্কা খাঁ দেখিয়া কহিলেন, " এরপ সাৎঘাতিক প্রহার আপনাকে কে করিয়াছে?"

মা। .(-রোদন করিতে করিতে) যে পাঁপিষ্ঠের জন্য আপ-নারা এখানে বাস করিতেছেন, সেই দুরাত্মা শিবজী কর্তৃক আমি এরপ প্রহারিত হইয়াছি।"

শা। "কি জন্য কাফের ডাকাইত আপনাকে অব্রাঘাত করিয়াছে।"

মা। দে দকল বিস্তর কথা। আপনি আমাকে আশ্রয় প্রদান করুন, আমি শিবজীকে ধরিয়া দিব। কিন্তু এক কথা এই যে, যে আমার প্রাণ নাশ করিতে উদ্যত হইয়াছিল, আমি বহুতে তাহাকে বধ করিব।

শা। "আপনার কথা আমি কেমন করিয়া বিশ্বাস করিতে পারি? শতুগণ কভরূপ শঠতা করিয়া কার্য্যোদ্ধার করে।

মা। (ক্রোধ ভরে) " তবে কি আমি মিথ্যা কহিতেছি?"

শা। "না দে কথা আমি বলিতে চাই না।" ক্ষণকাল ভাবিয়া "তবে আপনি এক কর্ম ক্রুন, প্রতিভাপূর্বক দিল্লী-শবরের সৈনিককর্মে ব্রতী হউন, আপনার গুণোচিত বেতন গুহণ ক্রুন; আপনাকে আশ্রয় দিতেছি।"

মা। (অনেক চিন্তার পর) "মহাশয়! আমি জন্মভূমির কলক করিতে এখানে আসিয়াছি, তাহা—কিন্তু, আমি কখনই আপনাদের নিকট হইতে বেতন গুহণ করিব না; যত দিন সৃদ্ধ ও সবল না হই, এবং কার্যোদ্ধার না করিতে পারি, তত দিন, আপনি আমাকে চিকিৎসা করাইয়া নিকটে স্থান দিবেন, কেবল এই মাত্র ইচ্ছা।"

শা। " কর্ম সম্পন্ন হইলে পর কি করিবেন?"

মা। ''পাপের প্রায়শ্চিত হরপ অনশন হারা প্রাণ ত্যাণ করিব।"

শা। "কেন?"

মা। "আমি প্রতিজ্ঞার দায়ে এই প্রকৃতর পাপ কর্মে প্রবৃত্ত হইয়াছি,—যাহা হউক মহাশয়, অধিক বলিবার আবশাক কি? যদি আপনি আমাকে আশ্রয় প্রদানে কৃষ্টিত হন, তবে বলুন, অন্যত্ত গমন করি।" শাইস্কা থাঁ দেখিলেন, এ ব্যক্তি যেরপ ক্রোধভরে আসিয়াছে, তাহাতে শিবজীর প্রতি যে ইহার মর্মান্তিক বিছেষ জন্মিয়াছে, তাহার আর সন্দেহ নাই। ইহাকে প্রত্যাখ্যান করা সংপরাফর্শ নহে; এ যদি অন্য কোন সেনাপত্তির সাহায্যে শিব-, জীকে ধরিয়া দেয়, তবে তিনিই পুরুষ্কৃত হইবেন। এই ভাবিয়া প্রকাশে বলিলেন,——

"ভাল, আপনি এখানে যথাসুখে বাস করুন। হত দিন উত্তম রূপে আরোগ্য প্রাপ্ত না হন, দে পর্যন্ত আমিও আক্রমণের চেক্টা পাইব না। যদি আপনি শিবজীকে ধরিয়া দিতে পারেন, তবে আমি আপনাকে যথেক পুরস্কার দিব।"

মা। "আমি পুরস্কার গুহণ করিতে চাহি না, কেবল আপনার সাহায্যে পাপিছের ক্রথির দর্শন করিব, এই মাত্র ইচ্ছা। ফলে, যত দিন কর্ম্ম সম্পন্ন করিতে না পারি, তত দিন আমি বাদশাহের পক্ষ অবলম্বন করিলাম, কিন্তু বেতনগুছি হইব না।"

এ কথায় শাইস্তা খাঁ আর কোন আপত্তি করিলেন না। ভাঁহার আরোগ্য-সম্পাদন জন্য চিকিৎসক এবং ভৃত্য নিযুক্ত করিয়া দিলেন। মান্ধাজী কেন যে যবন-ভৃতি-ভোগী হইলেন না, তাহার এই অর্থ ব্যায়,——

"ধন্য স্থদেশ-হিতৈষিতা! ?

## তৃতীয় পরিচ্ছেদ।

#### কথোপকথনে ।

मकलारे व्यवशं व्याह्मन, त्य, मूमलमान मन्त्रिं मिर्शत त्राज्ञ সময়ে তাহারা হুজাতি ভিন্ন সকলকেই ঘূণা করিত। বিশে-घडः हिम्मुमिरात् रा यड अनिस्माधन कतिरा शातिङ, মুদলমান-দমাজের মধ্যে দে তত্ই দাধু ও ধার্মিক পদের বাচ্য হইত। সেই জনাই হিন্দু ও মুসলমানে চির-বিছেষ ভাব প্রকাশ পাইয়া আদিতেছে। মুদলমানদিগের অভ্যুদয় কালীন রজ্পুত-রাজগণ একে একে সকলেই তাহাদের বশ্যতা স্বীকার করিয়াছিলেন; জেতার সন্তুষ্টি সাধন করিতে রজ:পুতজুপালেরা কেহই অুটি করেন নাই, ভগবস্ত দাস প্রভৃতি প্রধান প্রধান নৃপতিগণ জাতিকুল-গৌরব ত্যাগ चीकांत कतिया मिल्लीत मञ्जा हेकूटन कन्गामान कतियां वीत-বৈরীগণকে স্থিঅপ্রণে বন্ধ করিতে পারেন নাই i মহামতি আক্বরশাহ ভিম হিন্দুদিগের প্রতি বিষেষ প্রকাশ করেন নাই, मिलीत ताजव राम अक्र ठाकि जात्य नार दिलाल हानि नारे। यथन निलीत नि॰ शंमान हिन्दिरहरी आहार कर दाम-শাহ অধিরোহণ করিলেন, তথন ভাঁহার পূর্বগামী সমুট্-দিনের কার্য্যে অসম্ভুষ্ট মুসলমানেরা মহোৎসাহের সহিত তাঁহার কার্য্যে প্রাণপণ করিতে লাগিল। আরাঞ্চেব যেমন

হিল্দিণের অবজা করিতে লাগিলেন, তেমনি সেই সময়ে মহারাষ্ট্রকুল-গৌরব রাজা শিবজী মন্তকোনত করিয়া, মুসলমান-বিহেথী হইয়া বসিলেন। যথন যে জাতির অভ্যানয় হয়, তথন সেই জাতীয় ব্যক্তিগণ সহসু পাপ কর্মের অনুষ্ঠানই করুক, বা সারল্যবিহীনই হউক, প্রাণাম্ভ হইলেও তাহাদের বুদ্ধি ও তেজবিতার হ্রাসতা প্রতীয়মান হয়

মহারাষ্ট্রদেনানী এখানে ক্রমে সম্পূর্কপে আরোগ্য লাভ করিলেন; কিন্ত দক্ষিণ হন্তে পূর্বের ন্যার আর বল হইল না। তিনি ব্যাধিমুক্ত হইলে, শাইস্তা খাঁ এক দিন তাঁহাকে আহ্বান করিয়া নিকটে বসাইলেন; অন্য আর কেহ তথায় ছিল না। শাইস্তা খাঁ বলিলেন,—

" এক্ষণে আপনি সুস্থ হইয়াছেন? "

মার্কাজী কহিলেন, "হাঁ মহাশয়, আপনার অনুগুহে আমি নীবোগ হইয়াছি।"

শা। " এক্ষণে দূর্গ আক্রমণ করা ঘাইতে পারে?" মা। " পারে।"

শা। "তবে দুর্গ-গমনের পথ বলিয়া দিউন; আমরা এ দেশের পথ ঘাট কিছুই জানি না।"

এই কথায় মাস্কাজী মৌনভাবাবলম্বন করিলেন; কি করি-বেন ভাবিয়া স্থির করিতে পারিতেছেন না। ভাঁহাকে নীরব দেখিয়া শাইস্কার্থা বলিলেন,—

"কই, কোন কথা বলেন না যে?" মালাজী ূস্থির দৃষ্টিতে ভাঁহার দিকে দৃষ্টিপাত করিয়া অভিগান্তীয় ভাবে বলিলেন, " মহাশয়! আমা হইতে দে সকল কথা প্রকাশ পাইবে না!"

শা। (কিছু বিষয়ত হইয়া) তবে কি প্রকারে শিবজীকে ধরিয়া দিবেন?

মা। "ধরিয়া দিবার আবশ্যক নাই; আমি আপনার কতিপয় অনুচর লইয়া ঔও ভাবে গিয়া তাহার মস্তক আনিয়া দিব।"

শাইন্তা তাঁহার কথার ভাবগতিক কিছু বুঝিতে না পারিয়া অবাক্ হইয়া রহিলেন; এবং কিছু বিরক্তও হইলেন। কণকাল নীরবে থাকিয়া পরে কহিলেন, "আমি তোমার কথার মর্ম কিছুই বুঝিতে পারিতেছিনা; তুমি বলিতেছ, শিবজীর শিরশ্ছেদ করিয়া আমার নিকট আনিবে, কিন্তু দুগে যাইবার পথ বলিতেছ না, ইহার কারণ কি?"

মা। "কারণ আর কি? আমি প্রতিজা করিয়াছি,
শিবজীকে বধ করিব, দেই জন্যই আপনার শরণ লইয়াছি।
একের জন্য যে আর সকলকে অতল-জলে বিসর্জন করিব, এমন
মন্দাভিপ্রায় কথনই আমার হুদ্রের মধ্যে উদ্ভূত হয় নাই, বা দেজন্য এখানে আগমনও করি নাই। তবে কেন ভূমি আমাকে
বিবক্ত কব ?"

হিন্দুদিগের প্রতি মুসলমানেরা ৰভাবত ই বিছেষী; সুতরাৎ হিন্দুর মুখে এইরুপ দৃঢ় প্রতিজ্ঞার কথা প্রবণ করিয়া এবং তাঁহার সাহস দেখিয়া শাইস্তা মহা ক্রোধান্থিত হইলেন। কি করেন, শতুকে উত্তেজনা করিলে পাছে আত্মকার্য্য নউ হয়, এই ভারিয়া ক্রোধ সম্বর্গ করিলেন; এবং কহিলেন, "ভাল, তুমি মহারাষ্ট্রীয়দিগের গতিবিধির অনুসন্ধান না বলিলে,—দিল্লীয়রের কার্য্য স্বীকার করিতৈছ না কেন? "

মা। " আমি তাঁহার কার্য্য দ্বীকার না করিব কেন? তাঁহার প্রম শতুকে বধ করিতে প্রস্তুত হইয়াছি, আর কি করিব?"

শা। "বেতন পুহণ কর, রীতিমত রাজকার্য্য সমাধা কর। প্রভূকে সন্তুষ্ট করাই অধীনের কর্ত্ব্য কর্ম।"

এই কথায় সেনানী একেবারেই জ্বলিয়া উঠিলেন;
তাঁহার মুখভঙ্গীতে মহাক্রোধের লক্ষণ প্রকাশ পাইতে লাগিল;
অতিনিশঙ্কচিত্তে অতিগর্মিত বচনে কহিলেন,——

" আমার প্রত্তক?"

শা। এখন দিল্লীর বাদশাহ। "

মা। "আমরা যবনের অধীন নহি। তবে আরাঞ্জেব আমাদের প্রভূ কি করিয়া হুইলেন?"

শা। "বাদশাছের দৈনিক কার্য্যে প্রবেশ করিয়াছ,— বাদশাছের অধীন নও কেন?"

মা। "মহাশয়! পাপকর্মের চরিতার্থ করিবার জনাই এথানে আসিয়াছি, কিন্ত আমার পাপের এত দূর অধংপাত হয় নাই, য়ে, আপনাদিগকে সমুলে বিনশ্যতি করিব,—য়বনের অর্থ-পুহণ করিয়া মুপ্রসিদ্ধ মহারাষ্ট্র-কুলে কলকার্পণ করিব? তবে বলিয়াছি, য়ে পর্যান্ত আত্ম-কার্য্য সমাধা না হয়, সেপর্যান্ত মোগলের পক্ষাবলন্তন করিলাম। পক্ষাবলন্তন করিলাম। পক্ষাবলন্তন করিলাম। বলিয়া কি বাদশাহের অধীন হইব?"

নিষ্ঠুর যবন, ছ্ণাকপদ হিন্দুর মুখে এইরূপ গর্কিত বচন আবণ করিয়া যৎপরোনান্তি রোষাত্তিত হইল। পরে কিছু দ্বির হইরা কহিল, "তুমি আমাদের নিকট বেতন গুহণ কর বা না কর, তাহাতে আমার ক্ষতিবৃদ্ধি কি? আমাদের দুর্গে লইয়া ঘাইবে না ভাল,—এক্ষণে ভোমার বিবেচনানুযায়ী দৈন্য লইয়া ভোমার কর্ম সম্পন্ন এবং বাদ-শাহ-নন্দিনীর উদ্ধার সাধন করিয়া লইয়া আইস, বিলম্ব করিও না।"

মান্ধাজী কহিলেন, " আমি প্রস্তুত আছি।" অনন্তর, কতপ্রলি দৈন্য-সমভিব্যাহারে গিরিদুর্গাভিমুখে গমন করি-লেন ।

# চতুর্থ পরিচ্ছেদ।

#### পরামর্শে।

মান্তাজী সদৈন্যে বিদায় লইলে পর শাইন্তা খাঁ কপোলে কর-বিন্যান করিয়া উপবিষ্ট হইলেন। মহারাষ্ট্র-সেনানীর সহিত সৈন্য পাঠাইবার সময়ে তিনি ক্রোধান্থিত ছিলেন বলিয়া এরপ বিবেচনা করিতে অসমর্থ হইয়াছিলেন। "মহারাষ্ট্র-সেনানী যথার্থ শিবজীর বধাকাঙ্কী, না বঞ্চনা করিয়া মোগল-সেনাবল অপচ্যু করিবার জন্য আমার নিকট হইতে কতগুলি পদাত্তিক লইয়া গেল।" এই রূপ সন্দিহান হইয়া মহাচিন্তাকুলিত হইলেন; কত রূপ আশন্তা করিয়া আপনাকে ধিক্কার দিতে লাগিলেন। আরাজেব ন্যেমন কাহাকেও বিশ্বাস করিতেন না,

ভাঁহার কর্মচারিগণও তজ্ঞপ লোক ছিলেন। যাহারা স্বয়ৎ মন্দ, তাহারাই আপনার ন্যায় অন্যকে বিবেচনা করে।

অনন্তর কি করিবেন, তাহার স্থিরতার জন্য সম্ভিব্যাহারী দেমানীদিগের আম্বান করিয়া কহিলেন, " তোমরা সকলেই অবগত আছ, যে, দিলীখর, শাহজাদীর উদ্ধার এবং দস্য শিবজীকে ধৃত করিবার জন্য আমাকে নিযুক্ত করিয়াছেন; যদিও তাহারা আমাদের অপেক্ষা সংখ্যায় অধিক না হউক, তথাপি তাহারা দলজ্য পর্বতীয় দর্গাপ্রয় করিয়া অনায়াদে আমা-দিগকে পরাস্ত করিতে পারে। বাদশাহ এই আশস্কা প্রযুক্ত রাজা জয়সিৎহ এবং দেলের খাঁ সেনানী দ্বাকে আমার সাহা-য্যার্থ পাঠাইতে চাইরাছিলেন; কিন্তু তিনি তাঁহাদিগকে প্রের্ণ করিতে কেন যে বিলম্ব করিতেছেন, বলিতে পারি না। আমি শबुर अधिकादर अमारधात हिलाम रिलेश ममुज्ञ (म मिन আমাকে যেরপ অপমান করিরাছে, তাহাও তোমরা জানিয়াছ। अकरण कि कति, ममानन आंघारमत तक्कत छेलत आरताहन করিয়া বাদশাহের অধিকৃত দেশ সকলকে ভয়ন্তর্রূপে উৎপীড়িত করিতেছে; তাহাদের দৌরাত্মা নিবারণ করা নিতান্ত কর্তব্য: किन कि उलाग्न बाता जाशामिशतक ममन कतिय, जाविया हिन्दिया কিছ্ই স্থির করিতে পারিতেছি না। এক্ষণে তোমাদের নিকট জিজাসা করি, তোমরা আমাকে কি উপায় অবলম্বন করিতে श्रवामर्ग माड?"

সেনাপতিগণ অনেক হ্নণ নীরবে থাকিয়া পরে পরস্পার ঐক-মত্য অবলম্বন পূর্বাক কহিলেন, " শিবজীকে কৌশলে ধৃত করিতে না পারিলে কোন উদ্যুম্বই সফল হইবে নানা যে সকল পর্বাতীয় পথে ছাগ মেব প্রভৃতি জন্তগণেরও গতায়াতের কফ ছয়, সেই সকল
দুর্গম স্থানে দুরাত্মা দসুগণ অনায়াদে গতিবিধি করে,—তাহার।
কথনই আমাদের সহিত সমুখ সংগ্রাম করিবে না; সমুখরণে
পরাস্ত করিতে না পারিলে, তাহাদের আয়ত্ত করা আমাদের
সাধ্য নহে। তবে, এক কথা এই যে, রাজা জয়সিংহ এবং
দেলের খাঁ যোক্ত্রেরে সহিত একত্রে গিরিদুর্গ আক্ষুণ্
করিলে, বোধ হয়, তাহাদের পরাস্ত করা ঘাইতে পারে।"

শাইস্কা খাঁ কহিলেন, " তাহা হইলে আমার লাভ কি?" দেনাপতিগণ কহিলেন, " তবে কৌশলাস্তর অবলম্বন করুন।"

শা। "ভাহাওত করিতে অুটি করি নাই।"

সেনাপতিদিনের মধ্য হইতে উত্তর প্রদত্ত হইল, " কি কৌশল? আমরা শুনিতে পাই কি?"

শাইস্তা থাঁ যথন আনুপূর্মিক সকল কথা খুলিয়া বলিলেন, তথন এক জন সৈনিক কহিলেন, "জনাব! বড় বিশিষ্ট কর্ম করেন নাই।

শা। "সে সময়ে আমার তত বিবেচনা হইল না। ফলতঃ
দুক্ত কাফেরের সঙ্গে দৈন্য পাঠাইয়া বড় সন্দিহান হইয়াছি।"

সেই ব্যক্তি কহিল, " আপনি ভাহার চরিত্র যেরূপ বলিলেন, ভাহাতে দে যে শিবজীর প্রেরিত দূত, ভাহার আর সন্দেহ নাই। এক্ষণে দেখিতেছি, অনর্থক কতওলি দৈন্যাপচয় হইল।"

শ্বাইস্তা খাঁ ক্ষণকাল ভাবিয়া কহিলেন, " এদোষ সংশোধনের কি উপায় নাই?"

এক জন পারিষদ কথিলেন, " উপায় না হইবার কোন কারণ দেখিতেছি না; বুদ্ধির অগম্য কিছুই নাই?" শা। " তবে বুদ্ধির স্থিরতা কর।"

পা। (ক্ষণকাল ভাবিয়া) এক্ষণে এদোষ সংশোধিত হওয়ার এক মাত্র উপায় দেখিতেছি। আমাদের যে সকল সৈনিক মহারা ফ্রীয়ের সমভিব্যাহারে গমন করিয়াছে, তাহাদের নিকট দৃত প্রেরণ করা যাউক, তাহারা দৃষ্টের সহিত যে পথ দিয়া দুর্গে গমন করিবে, তাহা জানিয়া দে অনতিবিলয়ে আমাদের সংবাদ দিলে আমরাও আবশাক মত দৈনা সজ্জা করিয়া ভাহাদের পশ্চাৎ পশ্চাৎ দূর্গে প্রবেশ করিব। এইরূপ করিতে পারিলে বোধ হয়, দফৌর অধিসন্ধি বিফল হইলেও হইতে পাবে।"

শাইস্তা থাঁ শুনিয়া মহা আহলাদিত হইয়া কহিলেন, তুমি "সৎপরামর্শই স্থির করিয়াছ।" অনন্তর জানৈক অনুচরকে ডাকিয়া অভীষ্ট স্থানে পাঠাইয়া দিলেন। পরে সুর্য্যান্তের পর আপনারাও সদৈনো গমন জনা প্রস্তুত হইতে লাগিলেন।

# পঞ্চম পরিচেছদ। পুনর্মিলনে।

যে দুর্গম উপত্যকা হইতে শিবজী রশিনারাকে হরণ कतिया ज्यात्मन, त्मरे साम एवं महावनाकीर्ण अव उपारंत मान তাহা পাঠক মহাশয়ের ক্ষরণ হইতে পারে। মাল্লাজী মোগল-সেনাবল-সমভিব্যাহারে দেই ভয়ানক স্থানে বাস করিতে লাগি-লেন। যে গুরুতর কার্য্য সাধন করিতে প্রতিজ্ঞা করিয়াছিলেন, কেমন করিয়া তাহা সিদ্ধ হইবে, তিনি অনন্যমনে কেবল তাহারই উপায় উদ্ভাবন পক্ষে চিন্তা করিতে লাগিলেন।

ক্রমে বেলা শেষ হইয়া আসিল। সূর্য্যের সৃতীক্ষ রক্ষিজাল বিদ্রিত হইল। মৃদুল রক্ষাতপ সংযোগে নীলাম্বরতলম্ব আনিবিড় শুক্র মেঘগুলি তরল সুবর্ণের ন্যায় ইতন্ততঃ
বিচলিত হইয়া অপূর্বে শোভা বিকাস করিতে লাগিল; পক্রিগণ সুমধ্র কলরব করিয়া শাখা হইতে শাখাস্তরে গমনাগমন করিতে লাগিল। মুমন্দ বায়ুভরে বৃক্ষলভাদির পত্রাবলি
পরিচালিত হইয়া এক অপূর্বে ক্রান্তিস্থাকর শন্দ হইতে
লাগিল; নিকুশ্ব-সমুত কুসুম-নিচয় ঈষৎ প্রসফ্টিত হইয়া
সৌগন্ধ বিস্তার করিতে লাগিল। ক্রমে পর্বতের ছেলাংশ
অন্ধকারাবৃত হইবার লক্ষণ প্রকটিত হইবার উপক্রম হইল,—
তথন, মান্ধাজী সঙ্গিগণকে কহিলেন, "এখানে আর বিলম্ব
করা কর্তব্য নহে, ক্ষণকাল পরেই একেবারে নিবিড় অন্ধকারাবৃত হইবে; তথন ভোমরা কেহই এখান হইতে এক
পদ্ধ অগুসর হইতে পারিবে না; অতএব আমার পশ্চাৎ
পশ্চাৎ আগমন কর।"

মাকাজীর সহিত দৈন্যগণ অনতিবিলক্ষেই গিরিসকট উত্তীর্ণ হইয়া একেবারে দুর্গের অনতিদূরস্থ এক মহাবন্ধর প্রদেশে প্রপ্ত ভাবে রহিল। যথন সূর্য্য অন্তমিত হইয়া আসিতেছিল, তথন সেনানী সৈন্যদিগের মধ্যম্ব যে ব্যক্তি উচ্চপদাভিষিক্ত ছিল; ভাহার কর্ণমূলে কি একটা কথা কহিয়া একাকী দুর্গে উঠিবার স্থানে গমন করিলেন; ভাঁহাদের প্রচলিত প্রথানুন্দারে সাক্ষেত্রিক শদ করিতে আরম্ভ করিলেন। কিয়ৎক্ষণ

পরেই পর্বতের উপরিভাগ হইতে একটি দোলা অবতারিত হইল। সেনানী ভদবলম্বনে দুর্গে উত্তীর্ণ হইলেন। সেনাপতিকে পুরুজ্জীবিত দেখিয়া দুর্গন্থ সকলেই বিষয়ান্তিত হইল। পরে সকলের প্রশনানুসারে উত্তর দান করিয়া শিবজীর সদনে উপস্থিত হইলেন। শিবজী তথন, রশিনারার সহিত কথোপকথনে ছিলেন; দেনানী তাঁহার আগমন-বার্তা জানাইলে মহারাষ্ট্র-পতি একেবারে বিষয়সাগরে মগ্ন হইলেন; এবং কৌতুক বশতঃ তাঁহার সহিত সাক্ষাৎ করার জন্য বাহির হইলেন। আসিবার সময়ে মনে মনে ভাবিতে লাগিলেন, " কি আশ্চর্য ! দে দ্রাত্মাকে না দে দিন বধ করিয়াছিলাম? তবে কেমন করিয়া দে প্রাণ-দান পাইল? না,ভবানী তাহাকে রক্ষা করিয়াছেন? পাপীর প্রতি যে দেবী সদয়া হইবেন, এরপত কথনই সম্লাবিত নহে? তবে কি মৃত্যুসঞ্জিবনীর আঘাণে সে প্রাণ পাইল হৈবে! নানাবিধ ঔষধ-পরিপূর্ণ পর্বাত-স্থলীতে কিছুই বিষয়াবহ নহে। " এইরূপ ভাবিতে ভাবিতে খাসকামরায় উপস্থিত হইলেন। এবং দেখিলেন, মাস্কাজী দণ্ডায়মান বৃহিয়াছেন। অনন্তর দকৌতুকে কহিলেন, "বল মান্তাজী, তুমি কিরুপে 

সেনানী তথন তাঁহার চরণতলে পতিত হইরা সকাতরে কবিলেন, মহারাজ! যেমন কর্ম তেমনি কল পাইরছি। পাতকিগণ দেহান্তে নরক-ভোগ করে, তাহা আমি সশরীরে ভোগ করিয়াছি। এক্ষণে আমার অপরাধ মার্জনা করিতে আভ্রাহতীক।"

শিবজী বীর্যাবস্ত দেনানীকে আন্তরিক ক্রিছে করিছেন।

তাঁহার সাহায্যে মহা মহা বিপদ হইতে পরিতাণ পাইয়াছিলেন।
সূতরাৎ এক্ষণে তাঁহার কাতরতা দর্শন করিয়া পূর্বভাব
পরিতাাণ করিয়া কহিলেন,———

" তুমি যেরপ কুকর্মে প্রবৃত্ত হইয়াছিলে, তাহাতে তোমার মুখ যে আর দেখিব না, এমন প্রতিজ্ঞা করিয়াছিলাম। তথাপি, আমি তোমার সকল অপরাধ ক্ষমা করিলাম।' এই বলিয়া সেনানীর হস্তধারণ করিয়া চরণতল হইতে উঠাইলেন। পরে উভরে উপবিষ্ট হইলে শিবজী কহিলেন,——

" তোমার প্রাণপ্রাপ্তির কথা বল, আমি প্রবণ করি।" দেনানী কহিলেন, " মহারাজ! এ হতভাগার কথা আর কি শুনিবেন?—আপনার বিষম প্রহারে আমি অজ্ঞান হইয়া পড়িলাম, তাহার পর যে কি হইল, বলিতে পারি না। যথন আমার চৈতন্য সঞ্চার হইল, তথন দেখিলাম, যে, কতক-धिन गनि मत्त्र मत्त्र महान कतिहा त्रिहा है । महीत् मातून दिमना, कृथा-जुखाय अब जतिलिखाइ। गत मगुरहत् शिले गा भन-সমুত দৃই একটি কীট আমার ক্তত্বানে লাগিয়াছে। আরু তথায় ভিষ্ঠিতে পারিলাম না। স্থানাস্তরে গমন করি-বার শক্তিও নাই; আপনার অসি-প্রহারে আমার দক্ষিণ হস্তের অভিছেদ হইয়া গিয়াছিল। তথন বিষম অক্ট-বন্ধনে পড়িলাম। কি করি, আমি তখন মৃত্যু নিশ্চর জানিয়া সকল যন্ত্রণা, সকল দঃথা ভবানীর চর্ণে সমর্পণ করিলাম। মুত্য হউক. তাহাতে কিছু মাত্র থেদ নাই; কেননা, জন্মগুহণ করিলে এক मिन व्यवनारे मातिए इंदर्य ; किन्छ, म जधना न्हारन मतिए প্রবৃত্তি হইল না। তথন অনেক কটে বামইত্তের উপরে শরীরের

\*27

ভারার্পণ করিয়া আন্তে আন্তে এক নির্মর সমীপে গমন করিলাম। সুমিপ্ত সুনির্মলে বারিপান করিয়া কিছু স্থির হইলে,
শরীরাদি পরিক্ষত্ত করিলাম। যন্ত্রণার বেগ সম্বরণ করার
যে এক প্রসিদ্ধ উপায় আছে, আমি আকাঙ্কা না করিতেই
দয়া করিয়া দেই সর্ব্রসন্তাপহারিণী নিদ্যাদেবী আমার নয়নয়ুগলে
আবির্ভা হইলেন। তথন এক বৃক্ষমুলে শয়ন করিয়া নিদ্রিভ
হইলাম। নিদ্যাবেশে এক স্থপ্প দেখিলাম—" বলিতে বলিতে
সেনানী কাঁপিয়া উঠিলেন। শিবজী তথন আগুহ সহকারে
কহিলেন, "বল, বল, স্বপ্পে কি দেখিলো?"

রেনানী কহিতে লাগিলেন; "রপ্নে দেখিলাম, যেন পূর্ণিমা রক্ষনীতে আমি দিব্য বন্ধ-মাল্যে বিভূষিত হইয়া, একাকী এক বিজন অরণ্যের নিকটে ভূমণ করিতেছি। আকাশতল একেবারে নির্মাল, মাধবী যামিনীর নৈশবক্ষে রিঞ্চোজ্জ্বল রশ্মি বিকীর্ণ করিয়া পূর্ণচন্দ্র বিরাজ করিতেছে; সেই সুধামর কিরণ প্রাপ্ত হইয়া তারকাবলী দৃদুমন্দ হাস্য করিতেছে; সেই রিপ্তময় কর সংলগ্নে তরুগুলা হাসিতেছে। মন্দ বায়্ম সঞ্চালিত হওয়াতে বৃহ্ফাগুভাগ ঈষং বিলোড়িত হইতেছে; কথন দুই একটা অফ-পত্র-পত্র-শন্দ শুনা যাইতেছে, কথন বা বিশ্রাম লাভার্থ পিক্ষিকুলের পক্ষপূট-সঞ্চালনের শন্দ শুনা যাইতেছে; নিকটে, অদূরে ক্ষচিং হিংসুজন্ডদিগের আর্তনাদ শুনা যাইতেছে; নিকটে, আদূরে ক্ষচিং হিংসুজন্ডদিগের আর্তনাদ শুনা যাইতেছে; নিকটে, আদূরে ক্ষচিং হিংসুজন্ডদিগের আর্তনাদ শুনা যাইতেছে। আমি ক্রমে অরণ্যের মধ্যে গমন করিলাম, বাহিরের ন্যায় অট্যভান্তরে জ্যোৎয়া ছিল না, কিন্তু অন্ধকারাক্ষম্বও নহে, পৌর্ণমানী চন্দ্রকার বিম্লালোক

ক্রমনিচয়ের পালব-বিচ্ছেদ স্থান সকল ভোদ করিয়া অরণ্যানী অপেক্ষাকৃত উজ্জ্বল করিয়াছে, যেন নীলবসনের স্থানে স্থানে মহার্ঘ হীরার কাজে সুশোভিত রহিয়াছে, মহারাজ! তখন সুধাৎখার অংশ্র খণ্ড খণ্ড হইয়া অরণ্যের যে যে স্থান ধবলীকৃত করিয়াছিল, সেই সেই স্থানে গেত কুসুমগুলির যে কি মনোহর শোভা দেখিয়াছিলাম, তাহা আমি জীবন থাকিতে বিশ্বভ হইব না।"

এই সময়ে শিবজী কহিলেন, "তার পর কি হইল?" দেনানী কহিলেন, "ভ্মণ করিতে করিতে অধিক দূর গ্মন করিলাম। কি অভিপ্রায়ে পর্য্যটন করিয়াছিলাম, তাহার কারণ আমিও জানিতে পারি নাই। অক্সাৎ ঘন্ঘটায় গগণ ব্যাপ্ত হইল ; চন্দ্র, নক্ষত্র, বৃক্ষ, লতা, কুসুম,—সকলই আমার দৃষ্টিপথ হইতে অন্তৰ্হিত হইল। আমি অন্ধকারে সাবধানে অতি ধীরে ধীরে চলিতে লাগিলাম, বনপথ উত্তীর্ণ না হইতেই প্রবলবেগে ঝটিকা প্রবাহিত হইতে আরম্ভ হইল, মহারবে মেঘ-গজ্জন-শদ হইতে লাগিল, ঘনঘন বিদ্যুদাম প্রকাশ পাইতে লাগিল। তথ্য যে আমি কিরুপ বিপদে পড়িলাম, বোধ হয়, প্রবল ধারাপাত কালীন ঘাঁহারা রজনীতে একাকী অজ্ঞাত বনব্রজে ভূমণ করিয়াছেন, তাঁহারাই ইহা বুঝিতে পারিবেন। ঝঞ্ঝা-নিলের প্রতিঘাতে কৃক্ষণণ মহাশবে বিলোড়িত হইতে লাগিল, সমাথে, পার্মে, পশ্চাতে পুরাতন ক্রমগুলি, কোনটা বা সমুলে উৎপাটিত হইল, কোন কোনটার বা মধ্যদেশ ভগ্ন হইয়া পড়িতে লাগিল। তাহাতে আমার বোধ হইল, বুঝি ভগ্ন পাদপ-প্রলি আমার মন্তকোপরিই পতিত হইল। যাহা হউক, পরে প্রচণ্ড

বাতার দহিত মহাবেগে বৃষ্টি পড়িতে লাগিল। যেমন বৃষণ গণ মন্তকোপরি বৃষ্টিধারা-পতন দহা করিয়া অবনত শিরে গমন করে, আমিও দেই রূপ ধারাপাত মন্তকে ধারণ করিয়া ঘাইতে লাগিলাম। মহারাজ!——" বলিতে বলিতে দেনানীর শরীর লোমাঞ্জিত হইল। "বিপদের উপর বিপদ্! ঘন ঘন মেঘার্মর্জন, তৎসহ বজুপতন-শন্দ, প্রবল ঝটিকাঘাতে বৃহ্ণাদি ভগ্ন এবং পরিচালন-শন্দ,—এত ভীষণ শন্দের আমি ভীত হই নাই। আমার পশ্চাৎ যে এক ভারত্বর শন্দ হইতেছিল, তাহাতেই আমার ফার কাঁপিতে লাগিল। তাহার কারণানুসন্ধান জন্য একবার মুখ ফিরাইলাম, কিন্তু কিছুই দেখিতে পাইলাম না; কেবল দেই শন্দই ক্রমে নিকটাগত হইতে লাগিল। তথন, সভয়ান্তকেরণে ক্রত পদবিক্রেপে চলিতে লাগিলাম, পদে পদে আরণ্য লতায় গতিরোধ করিতে লাগিল, কিন্তু তাহা তৃণ জ্ঞান করিয়া যাইতে লাগিলাম, শন্দও পূর্ববিৎ ক্রত গতিতে আমার অনুসরণ করিতে লাগিলা। "

পরে কহিলেন, " মহারাজ। সেই ভৈরব শব্দ যওই নিকট্র হইতে লানিল, আমিও তত উর্দ্বখানে দৌড়িলাম; অনেক ক্রেই, অনেক পরিশ্রম করিয়া বনপথ উত্তীর্ণ হইরা প্রান্তরে উপস্থিত হইলাম। পশ্চাতের শব্দ যেন আরও নিকট্র হইল, তথন ভয় প্রযুক্ত আর একবার মুখ ফিরাইরা বিদ্যুদ্দামস্ফ্রিভালোকে দেখিতে পাইলাম,—" (সেনানী শীহরিয়া উঠিলেন।) "মহারাজ! কি বিকটাকার মুর্ত্তি! একটা তাল বৃক্ষের ন্যায় মহাকায় পুরুষ দীর্ঘ দীর্ঘ পদ-সঞ্চালনে, আজানুলান্তিত ভুজন্বয় দোদুল্যমান করিতে ক্রিতে আমার দিকে

প্রধাবিত হইতেছে। যেমন বিষধর গরুড় দর্শন করিবামাত্র একেবারে গতিশক্তি রহিত হয়, সেই বিকটাকার মূর্ত্তি দশন করিয়া আমিও সেইরপ নিশ্চল হইয়া দণ্ডায়মান রহিলাম। এই অবকাশ পাইয়া মহাকায় পুক্ষ আমার কেশধারণ করিয়া আকাশ-মার্গে উঠিল। আমি তথন অজ্ঞান হইয়া পড়িলাম। "

" যখন সংজ্ঞা প্রাপ্ত হইলাম, তখন দেখি, আপনার প্রতি-ষ্টিত ভবানী-মন্দিরের মধ্যে হস্তপদে দঢ়শৃঙ্খলাবদ্ধ হইয়া পড়িয়া রহিয়াছি। মহারাজ! সে স্থানে যে যে অন্ত কাও প্রতাক্ষ করিলাম, তাহা বলিতে বা স্মর্ণ করিতে এখনও আমার অদ্ক স্পাহয়। ছিল্ল পার্য নরদেহ লইয়া প্রেতিনীগণ विकरे मूथ वामान श्रुक्तक ठर्क्सण कतिराउट ; डाकिनी, राशिनी পিশাচী, প্রভৃতি ভৈর্বী অনুচারিণীগণ আপ্রল্ফ-লম্বিড চিকুরজাল আল্লায়িত করিয়া উলঙ্গিনী বেশে, নরমুখ-গলিত রুধির উদরপুর্ণ করিয়া পান করিতেছ; কোন পিশিতাশিনী নরমুও মড় মড় শব্দে চর্ক্রণ করিতেছে; কেহবা থলখল করিয়া হাসিতে হাসিতে আসবপূর্ণ কলস ধরিয়া বিকট মুখে ঢালিতেছে। ইত্যাদি প্রেত-কৃলের মহোৎ-সব দর্শন করিয়া আমার শরীরের শোণিত শুফক হইতে লাগিল। ক্ষণকাল পরে ধূপ ধুনার গন্ধে দেব-মন্দির আমো দিত হইল; দেখিলাম, এক জন সন্ন্যানী সচন্দন পুষ্প বিল্ল-পত্রাঞ্চলি দ্বারা ভবানীর পূজা আরম্ভ করিলেন। বলির প্রাককালিক পূজা সমাধা হইলে তিনি আমার শরীর প্রকা-লন করিতে অনুমতি করিলেন; যে আমাকে রাত করাইছে

লইয়া চলিল, সেও একটা বিক্টাকার ভূত! স্থান সমাধা হইলে রক্তবন্ত্র, রক্তপুঞ্পমালা এবং সিন্দুর দারা আমাকে সজ্জিত করিল। সন্ন্যাসী মন্ত্রপূত করিয়া আমার অঙ্গ প্রতাঙ্গ শোধন করিয়া দেবীর চরণে উৎসর্গ করিয়া দিলেন। আমি তথন প্রাণভয়ে একান্ত ব্যাকৃলিত হইয়া ভক্তিভাবে দেবীকে खरुखि कर्तिए लाशिलाम। प्रती श्रमन इटेप्लम मा। বিষম-বহ্নি-সিভাসিত লোচনত্রয় ঘূর্ণিত করিয়া মহাক্রোধে কহিলেন, " অরে দ্রাত্মন! তুই আমার বরপুত্র শিবজীর অনিষ্ট করিতে চেষ্টা করিয়াছিলি, তোকে আর ক্ষমা করিব না। তুই ঘূণিত রিপুপরতন্ত্র হইয়া সতীর সতীত্ব নক্ট করিতে ইচ্ছা করিয়াছিলি। অতএব তোর পাপদেহ পিশাচী কর্তৃক চর্কণ করাইব। " ভবানী আর কিছু বলিলেন না। পরে যে মহাকায় পুরুষ আমাকে ধৃত করিয়া আনিয়াছিল, দে একথান সুতীক্ষ খড়্গ এবং আমাকে লইয়া মন্দিরের বাহিরে গেল। পিশাচীগণ আনন্দে নৃত্য করিতে লাগিল। ভৈরব পুরুষ কেবল আমার বধের উদ্যোগ করিতেছে, এমন সময়ে যেন আপনি আগমন করিয়া আমার হস্তধারণ করিলেন ; আপনাকে দর্শন করিবায়াত্র ভুত প্রেত সকলেই তথা হইতে পলায়ন করিল। পরে আপনি যেন আমাকে লইয়া মায়ের নিকট গমন করিলেন, এবং মায়ের চরণে স্কৃতি করিয়া আমার প্রাণ ভিক্ষা চাহিলেন। মাতাও যেন হাসিতে হাসিতে আমাকে অভয় দান করিলেন। কহিলেন, " এ যদি আর কথন ভোমার অনিষ্ট কামনা করে, তবে ইহাকে অবশাই বলি গুহণ করিব।" অনন্তর দেবীর অনুমতি হইলে, আমরা উভয়েই দুর্গে প্রত্যাগমন করিলাম। এমন সময়ে আমার নিদ্যা-ভঙ্গ হইল, তথন দেখি, সেই নির্মর-সমীপে পড়িয়া রহি-য়াছি।"

এই রূপ ষধ-বৃত্তান্ত বর্ণন করিয়া সেনানী পুনশ্চ কহি-লেন, "মহারাজ! ষধ্মে আপনা কর্তৃক আমি জীবন দান পাইয়াছি, এক্ষণে এজীবন আপনার কার্য্যে সমর্পণ করিতে না পারিলে, আমার কৃত্যুতা প্রকাশ পাইবে।"

ষপ্ন-বৃত্তান্ত আবণ করিয়া শিবজী বিষয়োবিষ্ট হইলেন; এবং কহিলেন, " তুমি এক্ষণে বিদায় ছও; কল্য বিবেচনা পূর্ব্ধক যাহা হয়, করা যাইবে।"

সেনানী প্রণাম করিয়া চলিয়া গেলেন। শিবজীও অনেক ক্ষণ পর্যান্ত ঐ সকল কথা আন্দোলন করিয়া, কার্য্যান্তরে গমন বরিলেন।

### ষষ্ঠ পরিচ্ছেদ।

#### তুর্গাক্রমরে।

রজনী তৃতীয় প্রহর অতীত হইলে যখন দুর্গবাসিগণ নীরবে শয়াশায়ী হইল, তখন মান্ধাজী প্রতিজ্ঞা পালনার্থে বহির্গত হইলেন। দেখিলেন, প্রহরী ব্যতীত অন্য আরু কেহই জাগুতাবন্ধায় নাই। প্রহরিগণ বিবিধ অন্তাদি ধারণ করিয়া দুর্গের ইতন্ততঃ পরিভূমণ করিতেছে। দেনানীকে গমন করিতে দেখিয়া এক জন ঘোরনাদে কহিল,

"কেও, কোথা যাও?"

সেনানী প্রশনকারীর নিকট উপস্থিত হইয়া কহিলেন,
"আমাকে কি ভূমি চেন না?"

প্রহরী অবনত-শিরে কহিল, "দাসের অপরাধ লইবেন না। এত রাত্রে একাকী আপনি কোথায় যাইতেছেন?"

সেনাপতি কহিলেন, "মহারাজের নিদেশ-ক্রমে আজি আমি প্রহরিগণের কার্য্য স্বচক্ষে দেখিব। "

প্রহরী আর কোন কথা কহিল না। তিনিও তথা হইতে প্রস্থান করিলেন।

মাকালী তথন নানা ছার, প্রাক্তণ, প্রকোষ্ঠ অতিক্রম করিয়া দুর্গে উঠিবার স্থানে গমন করিলেন। তিনি মহারাষ্ট্রটৈসনা মধ্যে এক জন প্রধান ব্যক্তি ছিলেন, সূত্রাৎ প্রহরিগণ তাঁহাকে দেখিয়া বাঙ্নিঞ্চান্তিও করিল না। দুর্গছারে যে ব্যক্তিপ্রহরির কার্য্য করিতেছিল, সে পাছে কার্য্যের ব্যাহাত জন্মায়, এই সন্দেহ ক্রমে কটিবিলছিত অসি নিফ্কাশিত করিয়া ভাহার জ্ঞাতে তাহাকে ছিখণ্ড করিয়া ফেলিলেন। নিরপরাধ প্রহরিকে সংহার করিয়া ছার মুক্ত করিলেন, এবং উপরি হইতে রক্জুবিশিক্ট দোলা নামাইয়া দিলেন। মোগল দৈনিকগণ পূর্বেই জাঁহা কর্তৃক শিক্ষিত হইয়া তথায় ছিল, এক্ষণে দোলা নামিয়াছে দেখিতে পাইয়া, এক জন দশক্ত মোগলদৈন্য ভদারোহণে দুর্গে উঠিল। এইরপে পুন:পুন: বহুসম্ভাক দেনা দুর্গে উঠিল সেনানী কহিলেন, "নি:শব্দে আমার পশ্চাৎ পশ্চাৎ আইস; গোলহোগ করিও না, শিবজীকে ধরিয়া দিব।"

শাইকা খাঁও অসন্থ্য সেনাবল-সম্ভিব্যাহারে দুর্গ-নিক্ষে

অবস্থান করিতেলাগিলেন, মাস্কাজী তাহা জানেন না। তিনি
যথন সৈন্য লইয়া চলিয়া গেলেন, তথন পশ্চাৎস্থিত কডগুলি
মোগল সৈনিক দোলা ছারা ক্রমে ক্রমে সমুদায় সামন্তদিগকে
দুর্গে উঠাইল। মোগলেরা আপনাদের দলবল অধিক দেখিয়া
তৎক্ষণাৎ সেই দুর্গ-প্রাকার হইতে "আল্লা—লা—হো" তূর্যানিনাদ করিতে করিতে দুর্গ আক্রমণ করিল।

প্রহিরণণ যবনদিগের রণ-ভৈরব নিনাদ শ্রবণ করিয়া বুঝিতে পারিল, যে, শালু-কর্তৃক দুর্গ আক্রান্ত হইয়াছে। তথন সকলে উর্দ্ধানে ছুটিয়া একেবারে শিবজীর নিকট উপদ্বিত হইয়া আগতপ্রায় মহাবিপদের সংবাদ প্রদান করিল। মহারাষ্ট্র-পতি ইতিপূর্ব্বেই শালু-কোলাহলে জাগুত হইয়াছিলেন। দুর্গ-বাসীরাও কেহ নিদ্যুত ছিলেন না, তংক্ষণাৎ অক্সাদি লইয়া মোগল-দিগের আক্রমণের প্রত্যাক্রমণ বরিলেন। তথন মহারাষ্ট্রীয়-দিগের "ববম্-ববম্—মহাদেব, জয় ভবানি!" এবং মোগল-দিগের "আলা—লা—হো" উভয় জাতীয়ের রণ-ভৈরব নিনাদে পর্ব্বত হইতে প্রতিধ্বনিত হইয়া মহাশদ সমৃদ্ধৃত হইতে লাগিল।

দে দিন দুর্গে এত অধিক পরিমাণের দৈন্য ছিল না, যে, প্রবল মোগল-দৈন্য-দ্যোতের অপ্রতিহত বেগ সম্বর্ণ করে। তথাপি দুর্গম্থ দৈন্যগণ সতর্ক হইয়া এরূপ ঘোরতর তুমুল সংগ্রাম আরম্ভ করিল যে, মোগলেরা তাহাদের অপেক্ষা চতুর্থ গ হইয়াও যুদ্ধে স্থির থাকিতে পারিল না। মহারাষ্ট্রীয়গণ কথন শত্র্-সমক্ষে, কথন শত্র্-পদ্যাতে, কথন বা শত্র অভ্তরে অবস্থিতি করিয়া রণ-কৌশল বিস্তার পূর্বক প্রতি আঘা-তেই মুসলমান দৈন্য সংহার করিতে লাগিল। মোগলেরা

অজ্ঞাত অন্ধকারায়য় স্থানে বিপক্ষের দমন করা দূরে থাকুক, শত্রুহন্তে আপনারাই অপদস্থ হইতে লাগিলেন। তথন শাইন্তা থাঁ দেখিলেন, এ রণে রক্ষা পাওয়া দুর্ঘট; কি করিবেন, কিছুই দ্বির করিতে পারিলেন না। অনন্তর অনেক উপায়ে রণ-জয়ের কারণ উদ্ভাবন করিলেন। যে সকল পর্ণগৃহে মহারাষ্ট্রীয় অনুচরগণ বাস করিত, সেই সকল কুটার অগ্নিদ্বায়া দগ্ধ করিলেন; মহারবে অগ্নি প্রজ্ঞানিত হইয়া উচিল। মোগলেরা তথন আলোক প্রাপ্ত হইয়া তুর্যা-ধ্বনি করিয়া মহারাষ্ট্রীয়ন্দিগের উপরে বৃষ্টিবৎ ন্তর্বর্ষণ করিতে আরম্ভ করিল। মোগল-সৈন্য সংখ্যায় মহারাষ্ট্রীয়দিগের অপেক্ষা অধিক, এ জন্য অপ্সক্ষণ মাত্র যুদ্ধ করিয়া মোগলেরা মহারাষ্ট্রীয়নিগকে পরাজিত করিল।

শিবজী দেখিলেন, এ যুদ্ধে নিস্তার পাওয়া দুর্ঘট। সুতরাৎ তথন চকিতের ন্যান শত্মস্থ হইতে অন্তর্হিত হইয়া একেবারে রশিনারার কক্ষ্যায় আসিয়া উপস্থিত হইলেন। রশিনারা শিবজীকে দেখিয়া কহিলেন,——

" বড় কোলাহল খনা যাইতেছে; কারণ কি?"

শিবজী ব্যস্ত সমস্ত হইয়া কহিলেন, " ভোমার পিতৃদৈন্যে আমার দুর্গ আক্রমণ করিয়াছে; বোধ হয়, এতক্ষণ ভাহাদের জয় হইল।"

রশিনার। তটস্থ হইয়া কহিলেন, "তার পর?"
শিবজী কহিলেন, "তোমাকেত এখনই লইয়া ঘাইবে।"
ইহা শুনিয়ারশিনারা কাতর্ম্বরে কহিলেন, "তুমি পলায়ন কর,
যদি শকু কর্তৃক ধৃত হও, তবে বিবেক-শুনা বাদশাহ ভোমাকে

বধ করিবেন "——বলিতে বলিতে রশিনারা রোদন করিয়া উঠিলেন।

শিবজীও রোদন করিতে করিতে করিলেন, "আমি কেমন করিয়া ভোমার নিরহ-জনিত কঠে ভোগ করিব?"

রশিনারা কিয়ৎক্ষণ নীরবে থাকিয়া পরে শিবজীর করে কর স্থাপন করিয়া কহিলেন, "প্রিয়বর! তুনি নিশ্চয়ই জানিও, যে, রশিনারা তোমার ভিন্ন আরু কাহারও নহে; আমি যেখানেই কেন থাকি না, তোমারই রহিলাম। আরু যদি পোড়া অদ্টের প্রণে"—এই বলিয়া তিনি রোদন করিতে লাগিলেন। ক্ষণকাল পরে চক্ষের জল মুছিয়া কহিলেন, "যদি আরু কখন ভোমার দহিত দাক্ষাৎ না হয়, ভবে এ জীবন ভোমার ঐ চরণ ধ্যান করিয়া অতিবাহিত করিবে! প্রিয়-তম!—এ শঅুকোলাহল নিকটবর্ত্তা হইল; যাও পলাও, আমার অনুরোধ রাখ!"

শিবজী তথন অতি বিমর্মভাবে সকরণ-য়েহ-ব্যঞ্ককপূরিত-লোচনে রশিনারার প্রতি দৃষ্টিপাত করিয়া এমনি ভাবে
দুর্গ পরিত্যাগ করিলেন, যে, মোগলেরা তাহার বিন্দু-বিসর্গপ্ত
জানিতে পারিল না। ধ্বং সাবশিষ্ট সৈন্য-সামস্ত এবং দাসদাসীগণ, কেহ কেহ বা শিবজীর সহিত, কেহ কেহ বা উপায়ান্তর
অবলম্বন করিয়া দুর্গ পরিত্যাগ করিল। তাঁহারা পলায়ন করিলে,
যাহা যাহা ঘটিয়াছিল, তাহা পর পরিচ্ছেদে বিবৃত হইল।

### সপ্তম পরিচ্ছেদ।

### কর্মোচিত ফল-লাভে।

মান্ধাজী দেখিলেন, যে শাইস্কা খাঁ একেবারে দলবল সহিত দুর্গ আক্রমণ করিয়াছেন; মহারাষ্ট্রীয়েরা অনেক যতন করি-য়াও দুর্গ রক্ষা করিতে পারিল না। যবন কর্তৃক প্রহারিত হইয়া ক্রমে তাহারা রূপে ভঙ্গ দিয়া পলায়ন করিতে আরম্ভ করিল। তথন দেনানীর আর দঃখের ইয়তা রহিল না। ভাবিতে লাগিলেন, " যদি শিবজীকে বধ করিতে না পারিলাম, তবে দৃষ্ট যবনদিগকে দুর্গে আনিয়া আমার কি পুরুষত্ব প্রকাশ পাইল? লোকে জীবন বিব্রুক্তন দিয়াও জন্মজুমির মুখোজ্বল করে, কিন্তু আমি নিতান্ত মুড়ের ন্যায় অনুষ্ঠান করিয়া দেই পুণ্যক্ষেত্রের ধ্বংস করিলাম! হায়! আমি বৈর্নির্যাতন ক্ষরিতে আসিয়া আত্মীয় বান্ধবদিগকে চির্নির্ঝাসিত করিলাম! হার! আমার ধিক্! শত সহসু ধিক!! " সেনানী মনে মনে এইরূপ অনুভাপ করিতে লাগিলেন; অনুভাপের আধিক্য প্রযুক্ত শবুর অজ্ঞাতে এক নির্জন প্রকোষ্ঠে গমন পূর্বক অধোবদনে উপবিষ্ট হইয়া মুক্তমুক্ত নয়নাঞ্চ পাত করিতে লাগিলেন, ফলতঃ প্রবল দৃঃখন্তারে ছদয় অপ্রতিবিধেয় ভারাক্রান্ত হইল; বাহ্যেন্দ্রিয়ণণ অচলপ্রায় হইয়া পড়িল। অনুভাপই শাপের প্রায়শিত।

এ দিকে মোগলের। মহারাষ্ট্রীয়দিগকে পরান্ত করিয়া দুর্গের কক্ষ্যায় কক্ষ্যায় পরিভূমণপূঞ্জক প্রচ্র দুব্যসামগ্রী বিলুক্তন করিতে আরম্ভ করিল। মুসলমানের। অভিশয় জালা-মভাব! জেতৃগণের ধন, স্ত্রী অপহরণ করাই ভাহাদের যুদ্ধের প্রধানাঙ্গ; পরপ্রিয়া আপনাদিগের কৌতৃক-তৃক্ষা নিবারণ করাই ভাহাদের ধর্ম। শাইস্ত্রা গাঁ দুর্গ জয় করিয়া সৈন্যদিগকে কহিলেন, "কাফের ডাকাইভকে দেখিভেছি না; দে কি পলাভক? না যুদ্ধে নিধনপ্রাপ্ত হইল? ভোমরা আলো ধরিয়া দুর্গের সকল স্থান অস্থেন্যণ কর। সে যদি পলাইয়া থাকে, ভবে দুর্গ জয় করিয়া কি ফল হইল? যে রূপেই হউক ভাহাকে ধরা চাই। আর শত্র্গণের ক্রী-পরিবার সকল খুঁজিয়া আন। সে নেমকহারাম সেনাপভিকে দেখিভেছি না; দে দুই বড় অহক্রারী; ভাহাকে ঘেখানে পাও, বন্ধন করিয়া আন। " অনস্তর স্থীয় পুত্র আবুল্ফতে খাঁকে কহিলেন, "পুত্র! ভূমি শাহজাদীর অনুস্ক্রান করিয়া এখানে আন্যান কর।"

অনুমতি পাইবামাত্র দেনাগণ দুর্গের ইতন্ততঃ অন্বেরণে ধাবিত হইল। বৃথা অন্বেরণ! শিবজী দৈবানুকুল্যে অনুক্ষণরক্ষণ গীয়। লোকে সহসু সুমন্ত্রণার বশবর্তী হইরা কার্যে। প্রবৃত্ত হউক না কেন, দৈব যাহার বর্মারপে অঙ্গাছ্যাদন করিয়া রহিয়াছেন, তাহাকে আক্রমণ করা, তাহার মর্মভেদ করা যে কত দুর সম্ভব, তাহা অদ্যাধানী মাত্রেই বুঝিতে পারেন। এ স্থানে তাহা বলা বাছ্স্য।

অবেষণকারী সৈনোর। দুর্গন্ধ যাবতীর কক্ষ্যার দার ভগ্ন জিবিয়া গৃহে প্রবেশ করিল। তন্ধ তন্ন করিয়া অনুসন্ধান করি-

য়াও জনপ্রাণীর সাক্ষাৎ পাইল না। তথন তাহারা নিজ নিজ বিল্পন কার্য্যে ব্যাপৃত হইল।

অনন্তর আবুল্ফতে খাঁ অনুচর-সমভিব্যাহারে অনেক অনুসন্ধানের পর রশিনারার কক্ষ্যায় গিরা উপস্থিত হইলেন।
তথায় দেখিলেন, একটি পরমা সুন্দরী রমণী পল্যক্ষের উপরি
উপবিষ্টা থাকিয়া রোদন করিতেছেন। আবুল্ফতে খাঁ তাঁহার
পরিচ্ছদাদি দেখিয়া অনুভব করিলেন, তিনিই বাদশাহ-কন্যা।
তথন তিনি তাঁহাকে অভিবাদন করিয়া নতশিরে কহিলেন,—

মাতঃ! আপনার বন্ধন-দশার শেষ হইয়াছে। যে দুরাঝা আপনাকে বন্দী করিয়া রাথিয়াছিল, দে কোথা পলায়ন করিয়াছে। আসুন, দেনাপতি আপনার দিলী-গমন-যোগ্য বান-বাহন প্রস্তুত করিয়া রাথিয়াছেন।"

রশিনারা আর একাকিনী দুর্গে থাকিয়া কি করিবেন; মস্তকে অবপ্রষ্ঠন দিয়া আবুল্ফতে খাঁর সহিত দেনানীর নিকট উপনীতা হইলেন।

. রশিনারার আগমনের কিঞিৎ পূর্ব্ধে কয়েকটি মোগল দৈনিক মান্ধাজীর হস্তপদ শৃথালাবদ্ধ করিয়া শাইস্তা খাঁর নিকটে উপস্থিত করে। তাঁহার মূর্ত্তি ভয়ন্ধর; মনোদুঃখে নয়নদ্বর হইতে অজ্ঞু বারিধারা বিগলিত হইতেছে; নাসার্জু কণে ক্ষণে বিস্ফারিত হইতেছে, দশন দ্বারা অধর দংশন করিতেছেন। কাহার দিকে দৃক্পাত্ত নাই। দর্শকগণ তাঁহাকে বেইটন করিয়া দ্খায়মান রহিয়াছে। শাইস্তা খাঁ কহিলেন,—

"ওরে কাফের! মনে করিয়াছিলি, আমাকে ঠকাইবি; কেমন এখন তোর চতুরতা কোথা গেল?" মাস্কাজী গভীর স্বরে কহিলেন, "মহাশয়! আমি আপ-নার সহিত যে চতুরতা করিয়াছি, তাহা কি প্রকারে বুঝি-লেন?"

শা। " যাক, সে কথায় আর কাজ কি। ভাল, বল দেখি, তোদের সে ভূতোপাসক কাফের দস্য কোথায় পলা ইয়াছে?"

মাস্কাজীর মর্ম্মে আঘাত লাগিল। অতি থরতর দৃষ্টিতে শাইস্কার মুথের প্রতি চাহিয়া, গস্পার-জীমুত-মন্দ্র-ধ্বনিতে কহিলেন, "রে যবন! তুই এমন মনে করিদ না, যে, আমি তোর দস্তে বা জলাদের কুঠারে ভয় করিব! তুই আমাদের দেবতাকে নিদা করিতেছিদ্ কর,—কিন্তু আমি তোদের ন্যায় নরাধম নহি, যে, পাপমুথে পরমেশরের কুৎদা করিয়া জিল্লাকে অপবিত্র করিব।" পরে কিছু দ্বির হইয়া কহিলেন, "দেনাপতি মহাশয়! আমি যেরপ কুকর্ম্ম করিয়াছি, তাহার প্রায়াশিত ইহ জন্মে হইবে না, এক্ষণে আপুনার নিকট এই ভিক্ষা যে, যত শীঘু হয়, আপনাদের কর্ম্ম সম্পন্ধ করিয়া আমাকে কুতার্থ কর্দন।"

শাইস্তা গাঁ ঈষৎ হাসিতে হাসিতে কহিলেন, "্সে ত পরের কথা৷ তুই বলিতে পারিস্ শিবজী কোথায়?"

মাস্কাজী কহিলেন, " না মহাশয়, আমি বলিতে পারি না।" সকলেই অনেক ক্ষণ নীরবে রহিলেন। পরে শাইস্কার্থী মাস্কাজীকে কহিলেন, "ওরে, ভোর কি বাঁচিয়া থাকিতে ইচ্ছা করে না?"

মা। " ভিলার্ছের জন্যও নহে।"

শা। (ঝিত মুথে) "তুই যদি মিথা। ধর্ম পরিত্যাগ করিয়া সুনাতন মহম্মদীয় ধর্ম গুহুণ করিস্, তবে তোকে বধ করি না। ভাল, তুই কেন বিবেচনা করিয়া দেখ না, ভূতের পূজাপেক্ষা"——

শাইস্কার মুখে কথা থাকিতেই মান্তাজী ক্রোধভীষণ-যরে কহিয়া উঠিলেন, "রে বিধর্মি যবন! তুই ত্বসুক্ষণ আমার সমক্ষে আমাদের ধর্মের নিন্দা করিতেছিল, কিন্ত, আমি যদি এক্ষণে মুক্ত থাকিতাম, তবে তোর ও পাপ মুগু ছেদ করিয়া পদাঘাত পূর্বক তাহার প্রতিশোধ করিতাম, তাহার অণুমাত্রও সংশয় নাই।"

মান্তাজীর এবন্ধি সগর্জ-বাক্য শ্রহণ করিয়া শাইস্তা খাঁ ক্রোধে কাঁপিতে লাগিলেন। এবং কহিলেন, এক্ষণে ভোরে যাহা ইচ্ছা তাহাই করিতে পারি।"

মা। "তোর ও কথায় আমি ভয় করি না। এই আমি প্রস্তুত, তোদের ফেছাচারিতা বৃত্তি চরিতার্থ করে।"

"ভাল, তাহাই হউক।" এই বলিয়া শাইন্তা থাঁ জনৈক সৈনিকের প্রতি দৃষ্টি নিজেপ করিলেন। সে তথা হইতে গমন করিয়া ক্ষণকাল পরে এক খান পাত্রে করিয়া কডকণ্ডলি মুসল-মানীয় খাদ্য আনয়ন করিল। শাইন্তা খাঁ মান্ধাজীকে ক্রিলেন,—

" তুমি জুখিত আছ, এই সকল উৎকৃষ্ট দুব্য ভক্ষণ কর। " মহারাষ্ট্রীয়গণ কথনই মদ্য-মাৎস ভক্ষণ করিত না। এক্ষণে যবন কর্তৃক নিপীড়িত হইয়া সেনাপতিকে মুসলমান হইতে হইল। যথন মুখ বাদান করাইয়া যবনেরা ডাঁহাকে সমাৎসাল ভক্ষণ করায়, তথন তিনি রোদন করিতে করিতে কহি-লেন,——

" হা প্রমেশ্র! আমি যেমন কর্ম করিয়াছিলাম, তদনু-যায়ী ফলই প্রাপ্ত হইলাম।"

আনন্তর মুসলমানের। তাঁহার জাতিপাত করিয়াও ক্লান্ত হইল না। সুতীক্ষ আসিদারা তাহাদের নিষ্ঠুরতার বিশেষ পরিচয় প্রদান করিল।

### তৃতীয় খণ্ড সমাপ্ত।

# রশিনার।

## চতুর্থ খণ্ড।

প্রথম পরিচ্ছেদ।



### धक्र-कृषीदव ।

মোগল দেনাপতি মহারাষ্ট্রীয় দুর্গ জয় করিয়া শিবজীর মন্দিরে বাস করিতে লাগিলেন। যে সকল সোধের যে সকল ছল তাঁহাদের ছারা নই হইয়াছিল, তৎসমুদায় সংশোধন জন্য ছপতি এবং সূত্রধর প্রভৃতি শিশ্পী নিয়োজিত করিয়া দিলেন। শিবজী রণে পতিত হন নাই, কোথায় পলায়ন করিয়াছেন, অনুসন্ধানে তাহার কিছুই দ্বির হইল না। তিনি পাছে সগণে দুর্গ পুনরাধিকার করেন, এই আশঙ্কা প্রযুক্ত দুর্গের ছানে ছানে দৃঢ়কায় সৈনিকদিগকে প্রহরীর কার্যে নিযুক্ত করিলেন। যেথানে যাহা কর্ত্ব্যা, তাহার কিছুরই অ্টি হইল না। এই রূপে আট-ঘাট বন্ধ করিয়া, মহানন্দেরশিনারার সমন্তিব্যাহারে এই শুন্তুস্ক সংবাদ লিপিবন্ধ করিয়া বাদশাহ সমীপে পাটাইয়া দিলেন।

পাঠক মহাশয়ণণ! পুদ্ধকারকে ক্ষমা করিবেন। তিনি এক্ষণে আপনাদিগের কৌত্হল নিবারণে অক্ষম। শিবজীর সহিত বিচ্ছেদের পর রশিনারার কি হইল, জানিবার জন্য আপনাদের ইচ্ছা জন্মিতে পারে; তিনি মনে করিলেই সে ইচ্ছা এখানেই পূর্ণ করিতে পারিতেন। কিন্তু ইতিহাস-সম্পর্কীয় উপাখ্যানে মধ্যে মধ্যে যুদ্ধ-বিগুহাদি বর্ণন করিতে হয়, স্থানাবিশেষে তাহা প্রকাশ না করিলেও গুদ্ধের উদ্দেশ্য সাধিত হয় না। অতএব পর্থতে বিরহ-বিধুরা রশিনারার সহিত সাক্ষাৎ পাইবেন। গুদ্ধকার, এক্ষণে রাজকীয় ঘটনা-প্রকাশ করিতে বাধ্য হইলেন; পাঠক মহাশয়েরা বিরক্ত হইবেন না।

রশিনারার নিকট ছইতে বিদায় লইয়া শিবজী কয়েক দিন যে কোথায় ছিলেন, তাহা কেছই জানিতে পারে নাই। শাইস্তা থাঁ কেবল ভাঁহার একটি মাত্র দুর্গ রাজগড় জয় করেন। কিন্তু ভাঁহার অন্যান্য গড় হইতে রাজগড়ই সমধিক প্রসিদ্ধ, এই দুর্গেই রাজকোষ, বিচারালয় প্রভৃতি যাবতীয় রাজকার্য্যোপযোগী সৌধমালা প্রভিত্তিত ছিল;—এই দুর্গটি হস্তম্থালিত হওয়াতে শিবজী যে কি পর্যান্ত বাাকুলচিত্ত হইয়াছিলেন, তাহা বর্গনে অক্ষম। মোগলেরা যেরূপে দুর্গ আক্রমণ করে, তাহার ফরুপ অনুভব করিতে পারিয়া তিনি মহাক্রোধান্থিত হইলেন। এবং মনে মনে স্থিরসক্ষণে করিলেন, যে, দুর্গ যদি পুনর্বারে জয় করিতে পারেন, তবে অগ্রে বিশ্বাসঘাতক সেনাপতির বিশেষ দণ্ড করিবেন; পরে যবনদিগকে এরূপে বিনষ্ট করিবেন, যে, তাহার সংবাদ প্রদানের জন্য একটিয়াত্র লোকও রাখিবেন না। এই রূপ চিন্তা-ব্যাকুলিভান্তঃকরণে দুর্গ জয়ের চারি দিন পরে তিনি

যে কোথা হইতে হঠাৎ রামদাস স্বামীর কুটীরে আসিয়া উপন্থিত হইলেন, তাহার বাঞ্চমাত্রও যবনেরা জানিতে পারিল না।

রামদাস স্বামী স্বীয় কুটীরে কুশাসনোপরি উপবিষ্ট হইয়া ধ্যানে মগ্ন রহিয়াছেন। শিবজী যোড়হন্তে তাঁহার নিকট দণ্ডায়মান থাকিলেন। অনেক ক্ষণ পরে রামদাস স্বামী নয়নো-স্মালন করিলেন; তথন শিবজী ভক্তিভাবে প্রক্রপদে প্রণাম করিয়া কিছু অন্তরে উপবিষ্ট হইয়া অধোবদনে চিন্তা করিতে লাগিলেন। রামদাস স্বামী তথন কহিলেন,——

"বৎস! শুনিলাম যবনেরা ভোমার দুর্গ জয় করিয়াছে।
এত চিন্তার বিষয়ই বটে; কিন্তু যাহা হইয়া গিয়াছে,
তাহার জন্য ক্ষম হওয়া কর্ত্তব্য নহে। তুমি যে প্রক্রত্র কার্য্যক্ষেত্রে পদার্পণ করিয়াছ, তাহাতে পদে পদে বিম্ন হইবার
সম্মাবনা। তাহা বলিয়াই কর্ত্তব্য কর্মো উদাসীন হওয়া
উচিত নহে। যে ব্যক্তি কার্য্যে প্রবৃত্ত হইয়া বিম্ন দর্শনে
পরাঙ্মুথ হয়, সে অধম পুরুষ; যে ব্যক্তি সংকর্মো অগুসর
হইয়া দুই তিন বার যতন করিয়াও অনুষ্ঠিত বিষয় সুসাধ্য
করিতে পারে নাই, কিন্তু ইচ্ছা আছে, সয়য় পাইলেই পুনর্বার যতন পাইবে, এরুপ ব্যক্তি মধ্যম পুরুষ; আর যে
ব্যক্তি প্রতিজ্ঞা, উদাম এবং অধ্যবসায় দ্বারা বারন্বার অবসয় হইয়াও যতন সুচারু রূপে সুক্তরীকৃত করেন, তিনিই উত্তম
পুরুষ। অভএব বংস! তুমিও দেই উত্তম পুরুষ হইতে চেন্টা
কর, চেন্টার পুরন্ধার অবশ্যই পাওয়া যায়।"

শিবজী অথোমুথে থাকিয়াই তাঁহার উপদেশ শুনিলেন,
ভাল মন্দ কিছুই উত্তর করিলেন না। শিবজীর চিত্তেক্তে কেবল

রশিনারার প্রতিমূর্তি বিরাজ করিতেছে। শতু যে, ওাঁহার শিরশ্ছেদ করিতে শাণিত অসি উত্তোলন করিয়া রহিয়াছে, তাহা তিনি ভ্মেও মনে করিতেছেন না। কেবল ভাবিতেছেন, " আমাকে विनाय कतियाव मगय প্রেयमी य कहिलन, ' আমি যেখানেই কেন থাকি না, তোমারই রহিলাম '—অহো! কি মধর কথা! আমার ছদয়ের মধ্যে দেই কথাপ্রলি অনু-ক্ষণ প্রতিধানিত হইতেছে। যথন আমি বিবহাশস্কা করিয়া নৈরা-শোর সহিত তাঁহার মুখপানে চাহিলাম,—বিরহ-যন্ত্রণা পাইক বলিয়া কত রূপ কহিতে লাগিলাম; তখন তিনি বাকৃশ্কি-রহিতার ন্যায় স্থির-দৃষ্টিতে আমার বিমর্থ-বদন নিরীক্ষণ করিতে লাগিলেন। অহো! কি চমৎকার মুখ 🕮 ! কি অভূতপূর্ব সুমিগ্ধ দৃষ্টি! দীর্ঘায়ত চকুঃ, বিরহাশস্কায় বারিভারাকীর্ণ হইতেছে, অথচ নয়নাসার বিগলিত হইতেছে না। সেই স্লেহ-ব্যশ্বক দৃষ্টি, সেই মনোগত-ভাবপ্রকাশক্ষম মুদূলালকাভ অধর-পল্লব, দেই দু:খপ্রকাশক ঈষৎ বিকৃঞ্জিত ললাট मर्भन कतिया कि आत हित इहेगा थाकिए शारत रे आते কি আমি দেই প্রফুল মুখের সুমধ্র হাস্য দেখিতে পাইব ?---" এই সকল কথা মনে মনে আন্দোলন করিতে করিতে তিনি রোদন করিয়া উঠিলেন।

রামদাস স্বামী এ সকল কথার বিন্দুমাত্রও অবগত ছিলেন না। তিনি শিবজীকে ক্রন্দন করিতে দেখিয়া ভাবিলেন, বুঝি মোগল কর্তৃক পরাজিত হইয়া অপমানে এই রূপ রোদন করিতেছেন। অনেক হৃণ পর্যান্ত কেহই কোন কথা কহিলেন না। পরে রামদাস স্বামী কহিলেন

"জয়-পরাজয় দৈবের হাত। ইহাতে ক্ষুর না হইয়া বর্ যাহাতে জেতার উপরে বীর্যা প্রকাশ করা যায়, তাহা-রই যুক্তি দ্বির করা উচিত।"

শিবজী তথন দীর্ঘ নিঃধাস ত্যাগ করিয়া কছিলেন, "কর্তব্যাকর্তব্যের স্থিরতার জন্যই আচরণ সমীপে আসি-য়াছি।"

রা। " শুনিয়া সন্তুষ্ট হইলাম। কিন্তু, দেখিতেছি, সন্মুখ যুদ্ধে যবনদিগকে পরাস্ত করা সহজ ব্যাপার নহে। তদ্ধপ যুদ্ধে, পরাজিত বা সমূলে উচ্ছেদিত হওয়ার সম্ভাবনা।" এই বলিয়া তিনি চিম্ভা করিতে লাগিলেন।

শি। "তবে কি রূপে দুর্গ অধিকার করিব?"

রামদাস স্বামী মত দ্বির করিয়া কহিলেন, " যে রূপে আলী আদল শাহের প্রাসদ্ধি সেনাপতি আবন্ধূল খাঁকে পরাস্ত করিয়াছিলে, সেই রূপ উপায় দ্বারা শাইস্তাকেও দুর্গ হুইতে বিদ্রিত করিয়া দাও।"

শি। " প্ররুর আজা শিরোধার্য্য। আমিও মনে মনে তাহাই দ্বির করিয়াছি।"

রা। "তবে গুভদ্য শীঘুৎ।"

শি। "আর বলিতে হইবে না; দৈন্য সংগুহ জন্য ছানে ছানে দৃত প্রেরণ করিয়াছি। আদ্য রজনীতে দুর্গন্থ হবনদিগকে আক্রমণ করিব, এমন অভিপ্রায় করিয়াছি।"

রামদাস স্থামী আবার অবনত-শিরে চিন্তা করিতে লাগি-দেন, দেখিয়া শিবজী কহিলেন,——

" ধরো! কি ভাবিতেছেন? "

রা। (অনুৎসাহ সহকারে ) আর কি ভাবিব? তুমি যে কেমন করিয়া দূর্গে যাইবে, ভাহাই ভাবিতেছি। "

শি। "সে জন্য চিন্তা কি?"

রা। " যবনেরা দুর্গ জয় করিয়া অবশাই সভর্ক হইয়া রহিয়াছে; দুর্গে উঠিবার সময় ভাহারা জানিতে পারিয়া, অতি সহজেই ভোমাদের নিরম্ভ করিবে।"

শিবজীর মুখে ঈষদ্ধাস্য প্রকটিত হইল। এবং কহিলেন, "প্রক্রদেব! পৃথিবীর যে যে স্থানের অধিবাসিগণ আমাকে জানিতে পারিয়াছে, তাহারা আমাকে কৌশনজ বলিয়া থাকে। অতএব প্ররো! আমার দুর্গে আমি যাইব, তাহার জন্য এত চিন্তা কেন? "

রা। "সেই জনাইত চিন্তা করিতেছি; যবনের। ভোমার চত্রতা বুঝিয়াছে।"

শি। " বোধ হয়, এখনও তাহারা সমাক্রপে বুঝিতে পারে নাই। আজি যথন তাহাদের আক্রমণ করিব, তথন তাহারা জানিবে, যে, বল অপেক্লা বুদ্ধিবলাই প্রধান।"

রা। " কিরপ বৃদ্ধির স্থিতা করিলে, প্রকাশে বল?"

শি। " আমি কল্য মোগল সৈনিকভূক জনৈক মহা-রাষ্ট্রীয়ের দাক্ষাৎ পাইয়াছিলাম; তাহার দাইত অনেক ক্থা-বার্ত্তার পর দ্বির হইল, যে, তাহার অধীনে যত মহারাষ্ট্রীয় আছে, তাহারা ,আদ্য দুর্গদার রক্ষা করার ভার পাইবে;—ভাহারাই আমাদের দুর্গগমনের সহায়তা করিবে।"

রা। " ভাহাদের কথায় বিশ্বাস কি?"

শি। "অবিখাস করিবার কোন কারণ নাই। যদিও

ভাষারা ধনলোভে যবনের অনুচর্যা। করিতেছে, তথাচ ভাষারা মনে মনে যে আমার কুশল কামনা করিবে, ভাষার আর সন্দেহ নাই। স্থাধীন হইতে কাষার না ইচ্ছা? আমি ভাষাকে অনেক রূপ উপদেশ দিলাম এবং এরূপ স্থীকারও করিলাম, যে, দুর্গ জয় করিলে ভাষাদিগকে নিজ দৈনিকপদে নিয়োজিভ করিব। সে ব্যক্তি প্রতিজ্ঞা পূর্বক স্থীকার করিয়াছে, যে, আমাদের সাহায্য পক্ষে প্রাণপণ করিবে। দৈনিকের যে কথা সেই কর্ম,—আমাদের কর্মের সুবিধার জন্য যবন পদাতিক বেশে নৃত্যজীকে ভাষার সঙ্গে দুর্গে প্রেরণ করিয়াছি; এক্ষণে আপনি আশীর্কাদ করুন, যেন নির্বিদ্ধে কার্য্য সম্পন্ধ হয়।"

রামদাস ঘামীর মুখ প্রসন্ন হইল; এবং কহিলেন, "ভাল, এটি যেন সুস্থির হইল; কিন্ত অধিক সৈন্য একত্র সংমিলিত দেখিলে যবনেরা সাবধান হইতে পারে? তাহাদের গুপুচরেরা তোমার ছিদ্রানুসন্ধান করিয়া ফিরিতেছে।"

শি। "প্ররো! তাহারও উপায় করিয়াছি।" এই বলিয়া স্বামীর কর্ণমূলে সকল কথা গোপনে কহিলেন।

রা। " আমি তোমার মঙ্গল কামনায় যোগাসনে বসিলাম; ভুমি যাত্রা কর।"

শিবজী প্রণাম করিয়া চলিয়া গেলেন।

### দ্বিতীয় পরিচ্ছেদ।

#### বরবেশে।

বেলা শেষ হইয়া আদিল। অকশাৎ বাদ্যোদ্যমে চত্ত-র্দিক ব্যাপ্ত হইল। বহুবিধ শিবিকায় মহা মহা সদ্ভান্ত ব্যক্তিগণ আগমন করিতেছেন; তংসহ অসঙ্খ্য সাদী নিসাদী পদাতি-গণ অন্ত্র শত্রে সুসজ্জিত হইয়া যাইতেছে। ঐ সকল শিবিকার মধ্যে একথানি পাল্কী বহুমূল্য কারুচাতুর্য্যে বিভ্ষিত; তাহার মধ্যে একটি জীমান বীরপুরুষ বর্বেশে উপবিষ্ট রহিয়াছেন, শিবিকার দূই পার্শে কডগুলি অখারোহী সম-ভাবে অশ্ব পরিচালন করিয়া যাইতেছে। বরের বেশ অপর্ব্ধ, রূপ অপূর্ক! যে রূপ গম্ভীর ভাবে শিবিকার মধ্যে বসিয়া আছেন, যে রূপ অধোবদনে থাকিয়া গুভক্ষণের আগমন-প্রতী-ক্ষায় চিন্তা করিভেছেন, ভাছাতে কে না তাঁহাকে বর বলিয়া উপলব্ধি করিবে? বিবাহের দিন পরিণেতার মুখ যেমন হতঃ বিকসিত বোধ হয়, এ মুখও সেই রূপ বোধ হইল। কেবল মাত্র সে মুখে ঈষৎ মলিনতা সহকারে ঈষৎ উদ্ভিম্ন ভাব প্রকাশ পাইতে লাগিল; তাহা আবার অনুভব করা সহজ কথা নছে, সহসা লোকের কর্মা নছে; তীক্ষ চক্ষু: চাই, তীক্ষ ভাবুক চাই। পাঠক মহাশয়ের চক্ষু: যদি তীক্ষ হয়, অঁপ-বের বেশভ্যা রূপ দেখিয়াই যদি তাহার মনের ভাব বাহির করিতে দক্ষম হন, তবে এই বরের প্রতি কটাক্ষপাত করুন; তপ্ত সুবর্ণের উপর যে একটু কালিমা পড়িয়াছে, দেখিতে পাইবেন।

ক্রমে বর্যাত্রিগণ পুণার বাজারে আসিয়া উপস্থিত হইল। রাজপথ মাট ঘাট সর্বত্ত লোক-পরিপূর্ণ। স্ট্রান্ত ব্যক্তিগণ বিশ্রামার্থ রাজপথের উপরে শিবিকা নামাইলেন: বাহকগণ ক্ষম হইতে শিবিকা ভূমিতলে রাথিয়া পথের উপরে পদসঞ্চা-লন এবং বস্ত্রাগভাগ দক্ষিণ হস্তে ধারণ করিয়া ঘর্মাক্ত কলে-वरत वाश्च वाक्रम कतिराउटह; अधिशासित महीत स्वमकारम আদু; কোন কোনটা মৃত্তিকায় পড়িয়া গড়াগড়ি দিতেছে, কোন কোনটা মুখদ্ চর্মণ করিতে করিতে বক্তপুরি মধ্যে মধ্যে দীর্ঘ করিতেছে; প্রায় সকলটারই মুখে সফেণ চর্ব্বিত দুর্ব্রাদল, কোন কোনটার বা সময়ে সময়ে নাকাগাট্—রক্ষক-গণ রীতিমত তাহাদের শুক্রাষা করিতেছে। যাঁহারা শিবিকা-রোহণে আসিয়াছেন, ওাঁহারা বাহকের স্কন্ধে পাল্কী থাকিতেই লক্ষত্যাণ করিয়া জুমিতলে অবতর্ণ করিলেন, লোকে ওাঁহাদের প্রতি চাহিয়া রহিয়াছে কি না, বক্রনয়নে তাহা দেখিতে লাগি-**ल्ला डांडात्म्द्रहे अभाद मुर्थ! अभादद उटक आ**द्धाहन कतिया आमियारक्त, उथाठ डाँदारत् करकेत भीमा नाह । র্জাদ্দ চর্মণ করিতে করিতে পরস্পর শারীরিক অপটুতার विषयं करूरे कहिएक माशिक्सन । कामुखेरामिशंव करहन, " यमि বিধাতা ভাগাবানের এবং অভাগোর ললাট-লিপিতে সুখ-मृत्थ मच्छीय घरेनावली चित्रीकृष्ठ ना कतिरवन, उरव रकह वा মহাস্থে শিবিকারোহণে যাইবে কেন, আরু কেছ বা ডাঁহাকে करक कतिया वहन कतिरव रकन?"

অনেক হল পরে বরবেশী অপর একটি স্ট্রান্ত ব্যক্তিকে কহিলেন, "ওহে বাজীপ্রভূ! বাদ্যকরদিগকে একবার বাদন করিতে বল, কে কেমন বাজায়, তাহা আমরা পরীহ্বা করি।"

বাজীপ্রভূ অবনতশিরে কহিলেন, "যে আজা মহারাজ!"
শিবজী হয়ৎ বরবেশী, মোগলেরা তাঁহার গুপু সামস্তদিগের
প্রথানুসন্ধান পাইবে, এই আশস্থায় তিনি বাদ্যবাদন করিতে
অনুমতি করিলেন।

মাওলা দৈন্যাধ্যক্ষ বাজীপ্রভূ উচ্চৈঃষরে বাদ্যকরদিগকে বাজাইতে অনুমতি করিলেন। বাদ্যকরেরাও বাদ্য বাজাইয়া আমোদ বর্জন করিতে লাগিল। দর্শকেরা ঐকান্তিক মনে তাহা শুনিতে লাগিল। শতুগণ, বিবাহের বর্ষাত্ত্বী বলিয়া ভাঁছাদের সহিত কোনরূপ কথাই কহিল না। ধন্য শিবজীর চত্রভা!!

পাঠকগণ! এই অপরাহ্ণ সময়। সূর্য্যান্তের কিঞ্জিৎ বিলম্ব আছে। এখন একবার সহা পর্বতের প্রতি নয়ন নিক্ষেপ করুন; বিশ্বপিতার অপার মহিমার কার্য্য-কলাপ দর্শন করুন, অন্তরাত্মা সন্তোষন্দ্রতে ভাসমান হইবে। এ স্রোতের দুর্গম বেগ; এক বার তাহাতে গাহমান হইলে, যত ক্ষণ-তাহার প্রবল প্রবাহ থাকিবে, তত ক্ষণ আর আত্মা তিলার্চ্চ জন্য সংয়মিত হইবে না; জলোক্ষ্যিত নদীবক্ষে তরণী যেমন তারবং গমন করে, দেইরূপ বেগে সন্তোষ-স্রোত্ত মনন্তরী চলিবে। এ স্থানে প্রাকৃতিক এবং কৃত্রিম উভয়বিধ বন্ধ আছে, যাহাতে যাঁহার তৃপ্তি জন্মে, তিনি তাহাই দর্শন করুন। এই সময় আমি একটা কথা বলিয়া রাখি, "প্রাকৃতিক শোভা দর্শনে যত

সূথ, অপ্রাকৃতিক নয়ন ভৃপ্তকর কারুকার্য্য দর্শনে তত দূর হইবে, এরূপ বিশাস করা ঘাইতে পারে না। "

দেখুন পাঠক! শৃঙ্গধরের কিমনোরম শোভা! মেরুশিখরন্থ উন্নতাবনত শৃঙ্গমণ্ডলী নীরদ-জালে বিমণ্ডিত হইয়া কেমন পাৎশ্ব বর্ণে রঞ্জিত দেখা যাইতেছে। আবার দেখুন, ঘনঘটা-বিমুক্ত উপলথণ্ড অন্তগমনোম্মুখ দিবাকর-কর-কদন্থে কেমন সূর-ক্ষিত। অন্তগামী দিনমণির মৃদুল কিরণ দর্শনে নীড়ান্থেষণ-পর পক্ষিকুল পক্ষপৃট সঞ্চালন পূর্বেক কলরব করিয়া কেমন আকৃশ্মার্গে উঠিতেছে! শাখাসীন বিহঙ্গমেরা মধ্যুরে কেমন রব করিতেছে! এ সুধামিশ্রিত বর অপেক্ষা কি বীণাবাদ্য, না গায়িকার কণ্ঠবর-লালিতা উত্তম? ইহাতে যদি কাহার সন্দেহ জম্মে, তবে আপনাদের রসজ্ঞান নাই, স্বর্রোধ নাই বলিলেও ক্ষতি নাই।

রজনী সুন্দরী আসিতেছেন; অণ্টে সহচরগণ নিংশদে নীলাকাশে দুই একটি করিয়া আগমন পূর্বক মঙ্গলাচরণ করিতে লাগিল; প্রদোষ-সমীরণ মন্দগতিতে যামিনীর আগমন বার্তা দিতে লাগিল। তাহা প্রবণ করিয়া জল স্থল সকলই যেন কৃষ্ণবস্ত্রে অঙ্গভূষণ করিল। পর্বতের আর দুংথের সীমা নাই! একে প্রভূষিভেদ-জনিত দুন্দিভায় শরীর মলিন হইয়াছে, তাহাতে আবার সন্ধ্যাতিমির গাদরূপে তাহাকে আছেম্ম করিয়া ফেলিল;—প্রভূবিয়োগে কাহার না মন বিগলিত হয়? জীবিতেরত কথাই নাই, পাষাণপ্ত দুব হইল! পর্বতিশিথর মেঘজালে মণ্ডিত, তাহার কটিতটে শিবজীর অভ্যুক্ত সৌধমালা বিভূষিত, পর্বত শ্রীরে প্রকাণ্ড প্রকাণ্ড ক্ষরগণ উন্ধতাকারে দৃশ্যমান রহিয়াছে;

ইহাতে বোধ হইতেছে, যেন গিরি সর্বাচ্ছে ভন্ম জেপন করিয়া উর্ক্লন্তে অজসু নির্মার রূপ নয়নাসার ঝরঝর শব্দে পাতন পূর্বক প্রভূবিরহে রোদন করিতেছে। পাষাণ! ধৈর্য ধর, অনতিবিলম্বে প্রভূর সাক্ষাৎ পাইবে।

# তৃতীয় পরিচ্ছেদ।

#### পুনরধিকারে।

রজনী ক্রমে গভীর হইয়া আসিল। বিশ্বমণ্ডল তিমিরাবৃত হইল। তথন শিবজী শিবিকা হইতে নামিয়া দুর্গ-নিম্নে গমন পূর্স্রক উপরে উঠিবার সঙ্গেত করিলেন। মহারাষ্ট্রবীর নৃত্যজী পল্কর প্রপ্রভাবে দুর্গে অবস্থান করিতেছিলেন। তিনি সাঙ্কেতিক ধ্রনি শ্বনিতে পাইয়া দোলা নামাইয়া দিলেন, প্রথমে শিবজী দুর্গলারে উপনীত হইলেন; পরে রঘুনাথ পদ্ধ, তানাজী মালুশ্র, বাজীপ্রভু প্রভৃতি যোদ্ধাগণ উঠিলেন। তাঁহারাও বহুসংখ্যক দোলা নামাইয়া ক্রমে অগণিত মহারাষ্ট্রইন্সন্য দুর্গে আনিলেন। সাদী নিসাদী বাদ্যকরগণ আশ্বাদি অনুচর দ্বারা অন্যত্তে পাঠাইয়া দিয়া সশক্রে দুর্গে উঠিল। এই প্রকারে মাওলী প্রভৃতি দৈনা সামস্তেরা গড়ে উপন্থিত হইলে, সকলে একত্র হইয়া দুর্গলার হইতে "বব্য—ব্যক্তিন করিতে করিতে মোগলদিগকে আক্রমণ করিলেন।

শाइडा थाँ ठाति निन माज मूर्ग जग्न कतिगारक्त, डाहाद

দৈন্যগণ পর্বভদ্ধন উত্তমরূপে পরিজ্ঞাত হইতে পারে নাই।
বিশেষ শিবজী বিপক্ষের শতপ্তণ দৈন্য সমভিব্যাহারে তাহাদিগকে
আক্রমণ করিলেন, ইহাতে যে তাহারা জবলম্ভ অনল-শিখায় পত-ক্রের ন্যায় ভন্মীভূত হইবে, তাহা বিচিত্র নহে। কিন্তু মুসলমানেরা
বহুদিন পর্যান্ত হিন্দুদিগকে রুণে পরান্ত করিয়া আসিতেছে,
সুতরাৎ এক্ষণে সেই অবজ্ঞেয় হিন্দুগণ দলবলে প্রবল হইলেও
তাহারা পলায়নপর হইল না, নিক্ষাশিত অসি ধারণ করিয়া,
"আল্লা-লা-হো" ভৈরব নিনাদে মহারাষ্ট্রীয়দিগের সন্মুখে
আদ্যিয়া পড়িল।

শাইন্তা থাঁ কতিপয় বার্যাবান্ দৈনিকসহ বিপুল ধন-প্রপূরিত কোষাগার রক্ষার্থ নিযুক্ত রহিলেন। তাঁহার পূল তেজবী আবুলকতে থাঁ অসি চর্ম গুহণপূর্মক হগণে সুরক্ষিত হইয়া শিব-জীর সমুথে উপন্থিত হইলেন। এবং মহাদন্তে কহিলেন, "অরে কাফের! মনে করিয়াছিস, দুর্গ অধিকার করিয়া লইবি, এখনই তোর সে আশা পুরাইতেছি।" এই বলিয়া অসি ঘূরাইয়া শিবজীর সহিত যুদ্ধে প্রবৃত্ত হইল।

মহারাক্ট্রপতি দান্ত্রিক যবনের কথায় ক্লোধে উন্মন্ত হইয়া উঠিলেন। তিনি তাহার কথার কোন উত্তর না করিয়া দিংহবং প্রচণ্ড বেগে লক্ষ্ণ দিয়া তাহার উপরে পড়িলেন। শরীরের দুর্দম প্রহারে যবন তৎক্ষণাৎ ভূতলশায়ী হইল। শিবজী অমনি ভূমিশায়ী যসনকে ধড়গাঘাতে দ্বিখণ্ড করিয়া ফেলিলেন। আবুলফতে খাঁ রণে পতিত হইলে, প্রবল ঝটিকা যেমন শাম্মলি শিল্পী উন্মূক্ত করিয়া ভূলারাশি উড়াইয়া লয়, মহারাক্ত্রীয়গণ চতুর্দিক্ হইতে অক্সাদি নিক্ষেপ করিয়া তক্ষপ মোগলদিগকে নিপাত করিতে লাগিল। অনস্তর যবন-দৈন্যগণ যুদ্ধে নিশ্চয় মৃত্যু জানিতে পারিয়া প্রাণপণে সমর আরম্ভ করিল। কিছুতেই আত্মরক্ষা করিতে পারিল না, মহারাষ্ট্রীয়দিগের অসি, বর্সা, তীর ইত্যাদি অন্ত্রা-ঘাতে অত্যম্প ক্ষণেই তাহারা নিঃশেষিত হইয়া পর্ম্বত উপরে স্কুপে স্কুপে পড়িয়া রহিল।

শাইস্তা খাঁ দেখিলেন, মহারাষ্ট্রীয় দৈন্য তাঁহার সপুত্র নিপাত করিয়াছে। তথন তিনি সামন্তবর্গকে একেবাবে প্রাণরক্ষার্থ বিশেষ ব্যগু হইলেন। কয়েক জন প্রহরীর সহিত স্থান পরিত্যার করিয়া ভীমা নদীর দিকে উর্ক্লখানে দৌড়িলেন। যে পথে তাঁহারা গমন করিলেন, সে দিকে মহারাষ্ট্র-দৈন্যতর্ত্ত উপস্থিত ছিল না, সুতরাৎ তথন তিনি নির্বিয়ে নিক্ষান্ত হইতে পারিলেন। কিয়দুর গমন করিয়াছেন মাত্র, এমন সময়ে কত-গুলি বিপক্ষদেনা ভীমনাদে ওাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ দৌড়িতে লাগিল। শিবজীর কতপ্রলি দেনা তাঁহার বিশাস্ঘাতক সেনা-নীর অনুসন্ধান করিয়া ফিরিতেছিল, যবনদিগকে পলাইতে দেথিয়া তাহারা তাহাদেরও পশ্চাৎধাবিত হইল। শত্র নিকটে उपिश्व इहेवाद शृद्धि यवनगण नतीत मध्या लक्क तिया शिक्ष কিন্ত যেমন তাহারা জলে পড়িল, মহারাষ্ট্রীয়গণ অমনি সঙ্গে সঙ্গে অসি প্রহার ছারা যবনদিগকে নিপাত পূর্বকে শাইস্ভার প্রাঞ্জি অসি প্রচালন করিল, মোগল সেনানীর প্রাণনফ হইল না বটে, কিন্তু তিনি হস্ত দ্বারা আঘাত নিবারণ করিতে গিয়া দক্ষিণ হত্তের অঙ্গুলিওলি হারাইলেন। শবু পুনর্কার খড়্গ উত্তোলন করিতে, নদীর অপ্রভিহত বেগে সোতের অভিমুখে ভাসিয়া যে कार्थाय शिलन, जारा अकान कहा आमात्मद निक्नु राज्ञन ।

### চতুর্থ পরিচ্ছেদ।

#### মহারাফ্র অবরোধে।

শিবজী দুর্গ হস্তগত করিলেন। যে সকল বিপক্ষ মহারাষ্ট্রীয় দৈনিকদিগের সাহায্যে তিনি ষস্থান অধিকার করিয়াছিলেন, ফার্য্য সমাধান্তে নিজ অঙ্গীকারানুষারী তাহাদিগকে স্বীয়
দলে নিযুক্ত করিলেন। অনস্তর, তাহাদের মুখে বিশ্বাসহতঃ
মাঙ্কাজীর দুর্দশার বৃত্তান্ত প্রবণ করিয়া প্রথমে ভিনি কিছু
সন্তন্ত হইলেন। আবার পরক্ষণেই যবনের কার্য্য পর্য্যালোচনা করিয়া অতি দুর্গথে আপনা আপনি কহিয়া উঠিলেন,
"হা ভারতলক্ষ্মি! তুমি কি ভাবিয়া, তোমার উপযুক্ত সন্তানদিগকে উপেক্ষা করিয়া দুরান্থা যবনদিগকে স্বীয় অঙ্গে স্থান
প্রদান করিলে! হাঁ বুঝিয়াছি, পাপীর সংসর্গে থাকিতে
তুমি সুথ বিবেচনা কর।"

শাইস্কা থাঁর পরান্তের পর, শিবজী মোগলাধিকৃত সুরাট রাজ্য আক্রমণ পূর্বক অতি অপ্পক্ষণ মধ্যে লুঠ করিয়া বিপুল ধনসঞ্চয় করিলেন। এই সময়ে তাঁহার পিতা শাহজীর মৃত্যু সংঘ টন হয়। শিবজী পিতার উর্ক্লেহিক ক্রিয়াকলাপ সমাধা করিয়া স্বনামে মুদ্রা প্রচলিত এবং পার্স্য শন্দের পরিবর্তে সংস্কৃত শদানুযায়ী কর্মচারীদিগের উপাধি প্রদান ও রাজকার্য্য সম্পাদন করিতে লাগিলেন।

অভংপর শিবজীর রণপোত্ত দৈনিকগণ, মাকর্ত্র গহনো-অুথ মুসলমান যাত্রীদিগের জাহাজ বলপূর্বক ধৃত করিয়া ভাহাদের প্রভূত ধন অপহরণ করিয়া দুর্গে আনয়ন করে।
শিবজী ও নৃভ্যজী পল্কর, সদৈন্যে বহিগত হইয়া মোগল
সমুটের অধিকৃত অওরঙ্গাবাদ, অহমদনগর, গোকর্ণ, গোয়া,
বেঙ্গুলোর প্রভৃতি দান সকল বিলুঠন করিয়া দ্বীয় অধিশ্ কারভুক্ত করিলেন।

এই সকল ঘটনা যখন সংঘটিত হয়, তখন দিলীখার. আরাঞ্জেব মারাত্মক পীড়ার হস্ক হইতে মুক্তি পাইয়া, বায়ু পরিবর্তন জন্য কাশ্মীরে গমন করেন। শাইস্তা খাঁ পরা ত্তের পর শাহজাদা সুলতান ময়জ্জম্ দাক্ষিণাতোর শার্নকর্তা হইয়া আগমন করেন। রাজকুমার আনেক যতন করিয়াও শিবজীর দৌরাম্ম দংযত করিতে পারিলেন না। আরাঞ্কেব যারপর নাই গোঁড়া মুদলমান, মহা সমৃদ্ধিশালী সুরাট প্রভৃতি দেশ সকল হস্তম্থলিত হওয়াতে যত হউক বানা হউক, মককা-ভীর্থযাত্রিগণের দুর্দশার কথা প্রবণ করিয়া মহা ক্রোধান্থিত হইলেন; তিনি কাশ্মীর গমন কালীন, র্জ্ঞপুত রাজা ভয়-সিৎহকে এক পত্র লেখেন, তাহার মর্ম এই যে, " আপনি প্রথমে শিবজীকে লৌহ-পিঞ্কবাবদ্ধ কবিয়া বাজধানীতে পাঠা-ইবেন, পরে বিজয়পুরের বিরুদ্ধে যুদ্ধে গমন করিবেন। " জয়সিৎহ পত্র পাঠ মাত্র দেলের খাঁর সহিত একেবারে পুনায় আসিয়া উপস্থিত হইলেন। সম্ভিত্যাহারী সেনানী দেলেবকে পুরন্দরপুর বেউন করিতে কহিয়া বয়ৎ রজ্ঞপুত দৈনোর সহিত্র সিংহগত আক্রমণ করিলেন।

। মহাবীর জয়সিংহের এই রূপ আকৃষ্মিক আক্রমণে মহা-রাষ্ট্রীয়গণ অত্যন্ত ভীত হইল। ভাঁহার গতিরোধ করার জন্য যথোচিত চেষ্টা করিতে লাগিল। কিন্তু কিছুতেই রক্তঃপৃতদিপের সহিত রণে সমকক্ষ হইতে পারিল না। শিবজী তথন মন্ত্রিবর্গের সহিত মন্ত্রণা করিয়া সদ্ধি সংস্থাপন জনা রক্তঃপৃত-শিবিরে ধ্বয়ৎ উপস্থিত হইবার জনা দিন স্থির করিতে লাগিলেন।

### পঞ্চম পরিচ্ছেদ।

#### রজঃপুত-শিবিরে।

একদা রাজা জয়সিৎহ পারিষদমণ্ডলীর মধ্যে উপবিষ্ট আছেন, এমন সময়ে শিবজী একাকী তথায় আগমন পূর্বক রীতি-মত অভিবাদন করিয়া নিকটে দণ্ডায়মান থাকিলেন। রজ্ঞপূত রাজা তাঁহার পরিচয় জিজাসু হইলে, তিনি কহিলেন,———

"মহারাজ! লুপ্তপ্রায় পবিত্র হিল্পুধর্ম পুনরুদ্ধারাকাঞ্ছনী শিবজী।"

জয়সিংহ নিরন্ত শিবজীকে তাঁহার সমীপে উপস্থিত দেখিয়া বিষয়াপার হইলেন; এবং স্থিরদৃষ্টিতে তাঁহার মুখপানে চাহিয়া মনে মনে ভাবিলেন, "এত বড় সাহদা না হইলে কি কেহ কথন সাম্মাজ্য সংস্থাপন করিতে পারে? আমার সেনাবল অধিক না হইলে কথনই ইহার সহিত যুদ্ধে পারিতাম না।" এই রূপ মনে মনে শিবজীকে প্রশংসা করিয়া আসন ত্যাগ করিয়া উঠিলেন, এবং সমন্ত্র্মে তাঁহাকে আলিঙ্কন ক্রিয়া নিকটে বসাইলেন। অনেক ক্ষণ পর্যান্ত সদালাপের প্রির্বাহ্নপৃতপতি কহিলেন,

" মহাশয়, আপনাকেত বড় সাহসী দেখিতেছি; আমরা আপনার শরু, শরুশিবিরে একাকী নির্ত্ত হটয়া আসিতে কি আপনার কিছুমাত্র ভয় হইল না?"

নির্ভাক শিবজী ঈষৎ হাস্য সহকারে কহিলেন, " মাহারাজ! আপনি মহাবীর্যাবান্ পুরুষ; ক্ষত্রকুলোচিত ধর্মে বিশেষ পারদর্শী;—অভএব আপনার সমুথে আমি নিরম্ভে আসিব, ইহাতে ভয় কি?"

হর্ষে জয়সিংহের মুখ প্রফুল হইল এবং কছিলেন, "যোদ্ধাদিগের এই রূপ নিয়মই বটে; রণক্ষেত্র ভিন্ন শৃত্তে মিত্র জান করিতে হইবে।"

অনস্থর তিনি মহারাজ্ঞপিতিকে স্বাগত প্রশন জিল্ঞাসা করিলে, তিনি কহিলেন, " মহারাজ! এসময় আপনি আমাকে এখানে উপস্থিত দেখিয়া বিষয়াপন্ন হইয়াছেন; না হইবার কারণও নাই। কিন্তু, মহারাজ! আমি এক আত্মপ্রতীতি মাত্র অবলম্বন করিয়া এখানে আসিতে সাহসী হইয়াছি।"

जग्नि° र कहित्नन, " कि ? "

শি। "আমার মনে এইটি সহদা উদ্ভব হইয়াছে যে, আপনার দহিত দাক্ষাৎ করিলে, এ হোর দমরানল একেবারে নির্মাণ হইয়া ঘাইরে।"

এই কথা খনিয়া জয়সিংহ তাঁহার আগমনের কারণ কতক কতক বুঝিতে পারিলেন; তথন তাঁহার কথা কত দূর গিয়া দাঁড়ায়, তাহা জানিবার জনা দহিঁদা কোন প্রকৃত উত্তর না করিয়া কাহিলেন, "আপনার কি ইচ্ছা?"

শি। " সক্ষি।"

জ। "আমার প্রভু আমাকে মহারাষ্ট্রকুল উচ্ছেদ জন্য পাঠাইয়াছেন; সন্ধি করিতে পাঠান নাই।"

শিবজীর মুথ কিছু গন্ধীর হইল; এবং কহিলেন, "এ আপনার সদৃশ ব্যক্তির তুল্য উত্তর হয় নাই।" জয়সিংহ দেখিলেন, যে, শিবজীর চকুর্ছয় অপেক্ষাকৃত আরক্ত হইয়াছে; অধরপল্লবে মনস্তাপের লক্ষণ বিক্ষিত হইয়াছে। অনন্তর কহিলেন, "কেন?"

শিবজা ঈষং-গর্মবিসফারিত বচনে কহিলেন, " আপনি রাজপ্তনার রাজা, মহাবীর্যাশালী; কিন্তু আপনি বিবে-চনা করিয়া দেখুন, আপনার কি এই কর্ত্তব্য, যে, দিল্লীশ্বরের দাসজ্ঞ-নিগড় চরণে ধারণ করিয়া ধীয় গোত্যোভূত জাতিধর্ম রক্ষাভিলাষী এক ব্যক্তিকে সমুলে উচ্ছেদ করেন? আপনি ইহান্ত বিবেচনা করুন, যে, উভয় পক্ষ ধ্বংস ভিন্ন একের উচ্ছেদ কিছুতেই হইবে না।"

শিবজীর কথা শ্রবণ করিয়া জয়সিংহ মস্কুকু অবনত করি-লেন এবং ক্ষণকাল পরেশ্মুদুস্থরে কহিলেন, "আমি বাদশাহের আনুগত্য করিতেছি, ইহা নিতান্ত ঘূণার কথা। কিন্তু অনু-গত না হইয়াই বা কি করি? যে বল দ্বারা লোকে প্রভুক্ত প্রচার করিতে সক্ষম হয়, তাহার অভাব হইলেই তাহাকে অধীন হইতে হয়।"

শিবজী কহিলেন " এত দুর্বল হইবার কারণ কি?

জয়সিৎহ দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিয়া কহিলেন, " আমা-দের পরস্পার আত্মবিচ্ছেদ জন্য উত্তমান্সবিহীন সর্পের ন্যায় দিল্লীশ্বরের পদতলে মর্দিত হইতেছি।"

শি। " আমিও সে জন্য কখন কখন আপনা আপনি বিরক हरे। तमरे जनारे हिन्दुनाम यवत्नत् निक्छे घृगां मन्त रहेशा छ। মহারাজ! यमिও আরাঞ্জেব কার্য্য সাধনের উদ্দেশে আপনাকে বন্ধ বলিয়া সম্ভাষণ করিতেছেন, কিন্ত বোধ হয়, তিনি আপ-नात्क मन्त्र्र्शक्त्र विनवाम करत्न ना। এই युद्ध यमि आमारम्ब মধ্যে कांदात् প্রাণবিয়োগ হয়, তাহাতে বাদশাহের্ই জয়। তিনি আপনাকে যে কখনই অ্যান্য করেন নাই, ভাহার বিশেষ কারণও আছে, যে সকল যুদ্ধে তাঁহার মোগল. যোদ্ধাণ অপার্গ, দেই দেই স্থানে তিনি আপনাকে পাঠাইয়া দেন। বন্ততঃ কার্যাসিদ্ধিই তাঁহার উদ্দেশ্য। দেখুন, য়োধ-পুরের রাজা যশোবস্ত সিৎহ তাঁহার জনাই আবগানি-স্থানে প্রাণবিসজ্জন করেন, কিন্তু আপনার করেণ থাকিতে পারে, তাঁহার পুত্র-কলত্রের প্রতি শেষে বাদশাহ কি দ্র্তিব: হার্ট না করিয়াছিলেন ? অতএব মহারাজ ! আজি যদি আপ-নার মৃত্যু হয়, তবে কল্য সাধারণে দেখিবে, আরাঞ্চেব আপনার পরিবারের প্রতি কিরুপ ব্যবহার করেন? যাহা হউক, মিথ্যা বাগাড়ম্বর আমার উদ্দেশ্য নহে, যদি আমরা উভয়ে সন্মিলিত হইয়া হিন্দ্দিগের পুনরভাদয় করিতে সক্ষম इहै, उद्य डाहाद (ठकी ना कदिव किन? स्थम निकल् हिन्तु-নাম বহ্নার জন্য আমি প্রাণপণ করিতেছি, দেই রূপ যদি উত্তরে আপনি একটু মনোযোগ করেন, তবে যবনেরা হিন্দু विशा आंत्र आमारित घुना कतिरव ना ;--वामनार्टत मिर्श्र त ব্যক্ষার আরু আমাদের সহ্য করিতে হইবে না। "

রাজা জয়সিংহ শিবজীর কথা তানিয়া কিছু লডিজত

হইলেন; এবং ক্ষণকাল চিন্তা করিয়। কহিলেন, " মহারাস্ট্ররাজ! আপনার উপদেশে আমার চৈত্রন্য হইল। আমি আপনার অভিমত কার্য্য করিতে পরাশ্মুখ নহি। কিন্তু আপনার নিকট আমার একটি মাত্র কথা জিজাস্য আছে, তাহা স্থীকার করিলে, আমার আর কোন আপত্তি নাই।"

শিবজী আগুছ সহ কহিলেন, " কি করিতে হইবে, অনুমতি ককন।"

জয়সিৎ কহিলেন, "যদি আমি এমন প্রতিজ্ঞা করি, যে, বাদশাহের সহিত আপনি সাক্ষাৎ করিলে, তিনি যদি আপনার অপমান করেন, তবে আমি তাঁহার বিরুদ্ধে অন্তথারণ করিব; এরূপ ছইলে আপনি বাদশাহের সহিত সাক্ষাৎ করিতে ইচ্ছুক কি না!"

শিবজীর মুথ প্রফুল হইল; এবং সহাস্য মুথে উৎসাহের সহিত কহিলেন, "আমি এখনই বাদশাহের সহিত সাক্ষাৎ করিতে হাইব। তিনি আমার অপমান করিলেই যদি আপনি জমভূমির পুনকৃদ্ধার করেন, এমন অপমান প্রাথনীয়।"

জয়সিংহ তাঁহাকে বহুবিধ প্রশংসা করিয়া কহিলেন।
" আর একটা কথা আছে।"

শি। "বলুন।"

জ। "এক্ষণে আমি আপনার সহিত সন্ধি করিতে প্রস্তুত আছি। কিন্তু একটি কথা এই যে, আমার সেনাগণ ডে সকল দুর্গ ও দেশ জয় করিয়াছে, আপাততঃ তাহা বাদশাহের শাসনে থাকুক। আমি অতি শীঘুই বিজয়পুরের বাদশাহ আদি আদল শাহের সহিত যুদ্ধে গমন করিব; আপনিও সলৈনে আমার সাহাযার্থ চলুন, ইহাতে বাদশাহ আপনার প্রতি সন্ত্যী হইবেন। ঈশ্বরেজ্যার যদি যুদ্ধ জয় করিতে পারি, তবে বাদশাহের নিকট আপনার প্রণ প্রক্ষম থাকিবে না; তিনি অবশাই আপনাকে উপযুক্ত পুরস্কার দিবেন, আপ-নিও এই সুযোগে আপনার রাজ্য দৃঢ়তর করিতে পারি-বেন।"

এই কথা প্রবিণানন্তর শিবজী চিন্তামগ্ন হইলেন। অনেক ক্ষণ পরে মন্তকোরোলন পূর্বক কহিলেন, "আমি বাদশাহের পক্ষাবলম্বন করিতে অনিচ্ছুক নহি। কিন্তু আমার দেনাগণ যে সকল দেশ জয় করিবে, তাহার রাজন্বের চতুরাৎশের এক অৎশ তাহাদের ভৃতি বরুপ দিতে হইবে। ইহাতে আপনাদের ইউ ভিন্ন অনিউ হইবেনা; কেননা, তাহাদের বিত্তন রাজকোষ হইতে দিতে হইবেনা, অথচ, ব ব ভৃতি জন্য তাহারা উৎসাহের সহিত অধিক দেশ জয় করিবে। আপনি ইহা বীকার করুন, আমি যুদ্ধে গমন করিতে প্রক্তত আছি।"

এই কথার মর্মা, বোধ হয়, জয়সিংহ বুঝিতে পারেন নাই।
তিনি শিবজীর ইচ্ছানুসারে সন্ধিপত্র করিলেন। বাদশাহও
তাহাতে হাক্ষর করিলেন। সন্ধির নিয়ম এবং বিজয়পুরের
যুদ্ধ বাহুল্য জ্ঞানে এছানে প্রকাশ করা গেল না, পাঠকগণ ইতিটাস পাঠ করিলে ইহার স্বিশেষ জানিতে পারিবেন।

শিবজী বাদশাহের মন সম্ভট্ট করিতে গমন করিলেন

আমরাও অনেক দিন, রশিনারার কি হইল জানিতে পারি নাই। অতএব পাঠক মহাশয়, চলুন, রশিনারার সহিত সাক্ষাৎ করিয়া দৈবের গতি প্রত্যক্ষ করি।

# চতুর্থ খণ্ড সমাপ্ত।

# রশিনারা।

### পঞ্চন খণ্ড।

### প্রথম পরিচ্ছেদ।

#### কারাগৃহে।

রশিনারা নির্বিদ্মে দিলীতে উপনীতা হইলেন। একণে আর দে কুসুম সুমুহ মধ্যে গোলাবফুলের ন্যায় মনো-মোহিনী সৌন্দর্য্য-গর্ব্ধ, সে লন্ধমান ফণি-তুল্য মনোহর বেণী, সে পারজামা, সে তাঁচলী, সে পেসওয়াজ, সে ওড়না, সে রক্তনালন্ধার প্রভৃতি কিছুই নাই। সে সুকোমল দেহ ক্ষণি হইয়াছে, সে দীর্ঘায়ত লোল চক্ষে দরদরিত ধারা বিগলিত হইতেছে, সে অবিরত হাস্য-সংযুক্ত মৃদুলালক্ত-নিভ অধর-পল্লব মনস্তাপে বিকুঞ্জিত হইয়াছে, সে চিকুরজাল এক্ষণে অবেণী-সম্বন্ধ, ধূলায় ধূসরিত ইয়া রহিয়াছে, সে সুকোমল ক্ষণি শরীরে এক্ষণে অলক্ষারের চিক্ষমাত্র রহিয়াছে; সে আমোদ আক্ষাদ এক্ষণে কিছুই নাই, স্থেবল সর্বাদা রোদন করিয়া দিন যাপন করিতেছেন। বিধির নির্বন্ধ কে থণ্ডাইবে! রশিনারা কারাগৃহে বন্দিনী! রশিনারা পিতৃসমক্ষে শিবজীর গুণানুবাদ করিয়াছিলেম

বলিয়া বন্দিনী হন। তাঁহাকে সাধারণ কারাগারে যাইতে হয় নাই, নিজ পিতামহ যে অন্তঃপূর্-কারাগৃহে ছিলেন, তিনিও সেই কারাগৃহে বন্দিনী রহিলেন। উভয়েই বন্দী, চির দুঃখী! তবে এ উভয়ের মধ্যে প্রভেদ এই, যে, সাজাহানের মুখমণ্ডল অভ্যন্ত গদ্ধীর, নয়ন-প্রান্তে কঠোর জ্বালা; রশিনারার তাহা নহে; তাঁহার মুখ কেবল বিরহ-বিশ্বফক, কেবল মাত্র প্রিয়জন সম্ভাষণ জন্য মলিনা, শক্ষিতা, রোদন-পরা!

রশিনারা! তোমার দোষ কি? তুমিত পরিণাম দর্শন করিতে পারিয়াছিলে; এই জনাই শিবজীর সহিত প্রণয়-সম্ভাষণ করিতে ইচ্ছুক ছিলে না, এই আশক্ষাক্রমেই উপযুক্ত পারে মনংপ্রাণ সমর্পণ করিয়াও তৎসহবাস-সুথে আপনাকে বঞ্চিতা করিয়াছিলে; এই আশক্ষাতেই শিবজীকে নিকটে সমাগত দেখিয়া ইন্দুনিভানন মলিন করিতে,—ভবিষাৎ ভাবিয়া রোদন করিতে; এই আশক্ষাতেই তোমাকে তুলিতে প্রিয়ভাজনকে পরামর্শ দিতে; এই আশক্ষাতেই তোমাকে তুলিতে প্রিয়ভাজনকে পরামর্শ দিতে; এই আশক্ষাতেই তরঙ্গালা বিরাজিত অনুরাগ-স্নোভবতীকে তড়াগের ন্যায় দ্বির করিয়া রাখিতে। এত করিয়াও কি হইল! যে ভয় করিয়া এত কৌশল করিয়াছিলে, কালে মুর্তিমতী হইয়া সে সকলই তোমার ক্ষম্কে আরোহণ করিল! যে স্যোভবতীকে তড়াগের ন্যায় দ্বির রাখিয়াছিলে, এক্ষণে সেই তড়াগে লোফু নিক্ষিপ্ত হইল; তড়াগ-জল আন্দোলিত—বিলোড়ত হইতে নাগিল।

সাজাহান, রশিনারার সহিত প্রথম কথা কহিলেন না; এমন কি, পোল্রী বলিয়া তাঁহার দিকে নেত্রপাতও করিলেন না। সাজাহান রশিনারার সহিত কথা কহিলেন না কেন? রশিনারা আরাঞ্চেবের কনা; যে আরাঞ্চেব তাঁহার পুল হইয়া তাঁহাকে কারাবন্দী করিয়াছে, সপুল পুল্রয়কে বিনফী করিয়াছে। বৃদ্ধ বাদশাহ এক্ষণে দেই নিঠুর পুলের অপত্যের জন্য যে দুংখ প্রকাশ করিবেন, ইহা কি সম্ভব হইতে পারে? যে নক্ষ্ত্র আকাশচ্যত হইয়াছে, তাহা কি পুনর্ঝার নীলাম্বর-বক্ষে বিরাজ করিবে? বে স্কেহ একবার হাদয় হইতে কিচ্লিত হইয়া গিয়াছে, দে অমুল্য পদার্থ কি আর সেই দক্ষহদয়ে পুনর্ঝার সঞ্চার হইবে!

সাজাহান পূর্বরূপ য়েহ করুন বা না করুন, কিন্ত রশিনার। তাঁহাকে যথোচিত সেবা-শুক্রা করিতে লাগিলেন। মধ্যে মধ্যে নানারপ হিতোপদেশ ছারা পিতামহের দুঃখ বিদ্বিত করিতে যতন করিতে লাগিলেন। এক দিন সাজাহান শায়ন করিয়া আছেন, রশিনারা তাঁহার পদসেবা করিতেছেন; আনেক ক্ষণ পরে, বৃদ্ধ ঈথৎ নয়নোম্মীলন করিয়া রশিনারাকে দেখিতে লাগিলেন;— স্বর্ণলভিকা তুল্য সুকুমার দেহ যেন প্রবলাতপ বিশোষিত, শিশির-বিশ্বক পক্জানন, দীর্ঘায়ত কোমল চক্ষুঃ বিকৃঞ্জিত হইয়া অবিরল অক্ষধারা বিস্কর্জন করিতেছে! সেই নয়নাসারে তাঁহার চরণতল সিক্ত হইতেছে। ইহা দেখিতে দেখিতে সাজাহানের চক্ষুঃ হইতে দরদর করিয়া ধারা বহিতে লাগিল,— স্নেহ-কলিকা পুনরুৎফুল হইল। তথন ভিনি অতি শীঘু প্রত্যোধান করিয়া রশিনারার চক্ষুর জল মুছাইতে লাগিলেন। তথন, রশিনারার নয়ন-জল ছিণ্ডণ বেগে প্রবাহিত হইতে লাগিল। সাজাহান অনেক ক্ষণ নীর্বে রোদ্য করিয়া

পরে কাঁদিতে কাঁদিতে কহিলেন, "রশিনারা, আরা কেব ভামার প্রতি এত নিদারণ ব্যবহার কেন করিল? আমি সর্ব্রদাই ভোমাকে রোদন করিতে দেখি; ইহার কারণ যদি প্রকাশ্য হয়, তবে বল, যদি আমার কোন সাধ্য থাকে, তবে আমি এ দুঃথ হইতে ভোমাকে মুক্ত করিব।"

রশিনারা চক্ষুর জল মুছিয়া কহিলেন, পিতার দোষ কি, এ বিডম্বনা আমার ললাট-লিপির ফল। "

সাজাহান ক্ষণকাল নীরবে থাকিয়া পরে অতি মৃদুখরে কহিলেন, "রশিনারা, তুমিত ইতিপূর্বে তোমার স্থানদুংখ যাহাই কেন ছউক না, সকল বিষয়ই অকপটে আমার নিকট ব্যক্ত করিতে! এক্ষণে দেখিতেছি, তোমার শরীরের আর সে আ নাই! চিত্তবৈকলা না হইলে এরপ কিসে ছইল? আরাঞ্জেবই সা কেন তোমার প্রতি নিষ্ঠুর ছইল? আমি তোমার পিতামহ, আমার নিকট তুমি সকল বিষয়ই ব্যক্ত করিতে পার। তবে বল না কেন? হাঁ, বুঝিয়াছি, আমি তোমার পিতৃশব্, সেই জন্মই গোপন করিতেছ! ভাল, তোমার পিতারই যেন শব্রু হইয়াছি, তোমারত শব্রু নহি, তোমার মলিন মুখ দেখিয়া আমার ক্রনয় বিদীণ হইতেছে! বল বল, বিলম্ব করিও না।"

রশিনার। বৃদ্ধের প্রতি স্থির দৃষ্টিতে চাইরা রহিলেন; চক্ষ্র পলক নাই। ক্ষণকাল পরে কাঁদিয়া কহিলেন,——

" এ দঞ্জ কলেবরে আর কেন লবণাক্ত বারি সিঞ্চন করেন? আপনি পিতার শত্রু, আমি কি তাঁহার সূত্রং? তাহা হইলে এ অভাগীর এরপ ভাগ্য হইবে কেন? তিনি যদি আমাকে আপনার শুক্রায়ায় পাঠাইতেন, তবে কি আমি তাঁহার কুশল কামনায় পরমেশরকে ভাকিতাম না? তিনি আমার ছৎ-পক্ষের "—বলিতে বলিতে রশিনারা কাঁদিয়া উঠিলেন।

বাদশাহ তাঁহাকে কহিলেন, "বল বল, দুংখীর নিকট দুংখের কথা কহিলে দুংখের অনেক লাঘব হয়।"

রশিনারা সজল-নয়নে অতি গদ্গদ বচনে কহিছে লাগি-লেন, "পিতামহ! কি কহিব ? বোধ হয়, পূর্বজন্মে আমি কোন প্রণয়-সুথ-বিশিষ্টা ললনাকে স্বামি-সুথ হইতে বঞ্জিত করিয়াছিলাম; তাহা না হইলে কেন আমি পিতার জ্যোধ-ভাজন হইব ?"

সাজাহান রশিনারা সম্বন্ধে কিছুই অবগত ছিলেন না; এই জন্য তাহার সবিশেষ শুনিবার জন্য ব্যগু হইলেন। এবং আগুহ সহ কহিলেন, "কোথায়ও কি উপযুক্ত বরপাইয়াছিলে?"

রশিনারা তখন আনুপূর্মিক আত্ম-বৃত্তান্ত বলিতে লাগিংলেন। তাঁহার জন্মোৎসব, পিতৃ-উদ্দেশে মাদুরা গমন, পথে দুঘটনা, শিবজীর দুর্গে বাস, উভয়ের অনুরাগ সঞ্চার, সেনানীর দুর্বাবহার, হৈরথ যুদ্ধ, শিবজীর পীড়িত শ্যা, দুর্গ জয়, প্রভৃতি সকল বিষয় বলিয়া পরে কহিলেন, "আমার নিকট বিদায় লইয়া যে তিনি কোথায় গিয়াছেন, বলিতে পারি না।" রশিনারা আবার রোদন করিতে লাগিলেন।

সাজাহানও রোদন করিতেছিলেন। ক্ষণকাল পরে দীর্ঘ-নিশ্বাস ত্যাগ করিয়া কছিলেন, "নিষ্ঠুর পুত্রের আচরণে যে এত হইয়া গিয়াছে, আমি ইহার কিছুই অবগত নিছ! আরাঞ্চেব,"—বৃদ্ধ আরু কিছু বলিতে পারিলেন না,— রোদন করিতে লাগিলেন। রশিনারা জলভরাকীর্ণ নয়নে গদ্গদ স্বরে কহিলেন, " আপনি কেন আর ভূতপূর্ব বৃত্তান্ত স্বরণ করিয়া অনুতাপিত হন? বিধির চক্র কে বুঝিবে? নচেৎ আপনি কত শত লোকের ধন-প্রাণের কর্তা হইয়া এরূপ পাতকীর ন্যায় বন্দী হইবেন কেন?"

সাজাহান চক্ষুর জল মুছিয়া কহিলেন, "মনকে প্রবোধ দিবার কথাই এই। যাহা হউক, এক্ষণে তুমি ধৈর্য ধর, যে রূপেই হউক, আমি শিবজীর সংবাদ জানিয়া তোমাকে কহিব; যদি বিমুখ না হন, তবে তোমার সকল প্রয়োজন সিদ্ধ হইবে।"

উভয়েই নীরবে চিন্তা করিতে লাগিলেন। অনেক ক্ষণ পরে রশিনারা কহিলেন, "আপনি কিরুপে এ কার্য্য সম্পন্ন করি-বেন? আপনার কি আর সে দিন আছে? কে আপনার কথায় কর্ণপাত করিবে? সকলই ত লক্ষীর বর্যাত্র; আপনি হিন্দু-স্থানের একমাত্র রাজা হইয়াও দুর্জ্জনের চক্রে এক্ষণে বন্দী হইয়াছেন; বন্দীর কথা কে শুনিবে?"

রশিনারা যাহা কহিলেন, সাজাহানও তাহাই ভাবিতেছিলেন।
পরে রোদন করিতে করিতে কহিলেন, "হা প্রিয়পুত্র দারা!
হা প্রিয়ভাজন সূজা! হা প্রাণাধিক মোরাদ! তোমরা কি ভাবিয়া
এ হডভাগা পিতাকে করণ করিতেছ না! তোমাদের বিয়োগশোকে আমার ফদয় বিদীর্ণ হইয়া যাইতেছে। তোমাদের
সূচরিত্রে ভারতভূমি শান্তিসূথে ভাসমান হইয়াছিলেন। আমি
ভোমাদের বিশ্বাস করিতাম বলিয়া পারিষদগণ আমার প্রতি
বিরক্ত হইতেন। তোমরা অতি সক্তরিত্র ছিলে, কিন্তু তোমাদের ভ্রাতা আরাভের এমন পামর-প্রকৃতি হইল কেন? হাঁ

এ সকল আমারই পাপের ফল বলিতে হইবে; আমি ইতিপূর্বেযে সকল প্রক্তর পাপকার্য্যের অনুষ্ঠান করিয়াছিলাম,
ভাহারই প্রত্যক্ষ ফল বরুপ এই নর-রাক্ষস আমার ঔরসে জন্মিরাছে! যে মূর্তিমান পাপ, ভোমাদিগকে গ্রাস করিল, সে কেন
আমাকেও সংহার করে না?—হা প্রাণ! তুমি আর কি সুথে এ
দেহে রহিয়াছ? প্রিয়তম পূজ্রগণ যেখানে গিষাছে, তুমিও°
তথায় গমন কর, আর বিলম্ব করিও না। হে কৃতান্ত!
যথন ঘৌবন-প্রমন্ত হইয়া ভোগসুথে রত ছিলাম, তথনই
যেন ভোমাকে শত্রু বলিয়া অবজা হইত, কিন্তু দেখ কৃতান্ত!
এক্ষণে আমার ভোমাকে বন্ধু বলিয়া সদ্ভাষণ করিবার সময়ও সমুপন্থিত হইয়াছে,—ইন্সিয় বিকল, বলের হ্রাসতা, শরীর
জরাগুন্ত; অতএব বন্ধাে! আইস, ভোমাকে সুথে আলিস্থন
করি। "শোকাকুল বাদশাহ এই বলিয়া অব্যক্ত হরে রোদনী
করিতে লাগিলেন।

রশিনারা বাদশাহকে নানাপ্রকার প্রবোধ দিতে লাগিলন। কিন্তু তাঁহার মন কিছুতেই প্রবোধ মানিল না। পরে কাঁদিতে কাঁদিতে কহিলেন, "যে পাাপিষ্ঠ এত পাপের অনুষ্ঠান করিতেছে, তাহারত কিছুরই অভাব নাই! " এই বলিয়া বৃদ্ধ নীরব হইলেন। ক্ষণকাল ভাবিয়া কহিলেন, "আরাঞ্জেবের অপরাধ নাই! আমিও আমার পিতার বিরুদ্ধে অন্ত্র ধারণ করিয়াছিলাম; পিতাও তাঁহার পিতার বিপক্ষতাচরণ করিয়াছিলেন। অতএব, আমাদের বংশ-পর্শানতাই এই রূপ হইয়া আসিতেছে; তবেকেন আর অনুশানা করি?" এইরূপ কহিয়া বৃদ্ধ অপেকাকৃত সুদ্ধির হইলেন।

রশিনারা, ভাঁহার দুঃথের সময় বছবিধ যুক্তিগর্ভ উপদেশ, এবং সাধুলোকের পুরাবৃত্তাদি বর্ণন ছারা ভাঁহার
শোকাপনোদন করিতে যক্তন করিতে লাগিলেন। বাদশাহও
মধ্যে মধ্যে শিবজীর প্রণগ্রাম কহিয়া ভাঁহাকে সাস্ত্রনা করিতে
লাগিলেন। সাজাহান শিবজীর সংবাদ আনয়ন জন্য সাধ্যমত
চেন্টায় রহিলেন। এইক্লপে উভয়ে কোন রূপে জীবন যাপন
করিতে লাগিলেন।

## দ্বিতীয় পরিচ্ছেদ।

#### স্থসংবাদে।

কারাগৃহের যে কক্ষ্যায় রশিনার। অবস্থিতি করিতেছিলেন, তথায় আর কাহারও যাইবার অনুমতি ছিল না; এক জন নপুংসক ও একটি পরিচারিকা মাত্র তাঁহার সেবার জন্য নিয়ত নিকটে উপস্থিত থাকিত। রশিনারা দিবসের অধিকাংশ কাল পিতামহের সহিত কথোপকথনে অতিবাহিত করিতেন; অবশিষ্ট সময় স্কৃতি-সহচরী সঙ্গে বাদ করিয়া ভূতপূর্ব্ব কথা সকল তাহার মুখে শুনিতেন।

যে দিন শিবজী দিলীতে উপনীত হন, সেই দিন অপ-রাক্ষ কালে রশিনারা আপাদ-মন্তক শযোত্তরক্ষদে আতৃত করিয়া শয়ানা রহিয়াছেন। নয়নজলে মুখমণ্ডল পালাবিত ও উপাধান অভিষিক্ত হইতেছে, মধ্যে মধ্যে অঞ্চ মার্জন জন্য মলিন বসনাঞ্চলভাগ আদু হিইডেছে। অসিত-শশিকলার নাায় कींग करलवत्, ठांहां आवात् महीगीयञ्च हीत्-वारम नव-ঘনঘটার ন্যায় আবৃত বৃহিয়াছে; নুবনীরদ আকাঙ্কায় চাতকী যেমন সর্ব্রদাই ব্যাক্লা, রশিনারাও শিবজীর সঙ্গ-লাভের প্রত্যাশায় সেইরূপ উৎক্তিতা হইয়াছেন। ব্রহাগ্নি প্রজ্বলিত হইয়া মনোবৃত্তি সকল দক্ষ করিতেছে;— এখন আরু সে ধীরতা নাই; নিতান্ত অধীরা হইয়া উচিয়াছেন ৷ श्रमश निভास मुर्फमशीय दश्यात्य अक अक वाद ভावित्यत्वन, ঘে " এ পাপপুরী হইতে ভিথারিণী বেশে বহির্গতা হইয়া. নগরে, কান্তারে, প্রান্তরে, পর্বতে, যেখানে প্রিয়তমকে পাই, অন্বেষণ করিব। " আবার ভাবিতেছেন, "এখান হইতে বাহির হইবার উপায় কি? প্রহরিগণ আমাকে গমন করিতে দিবে কেন? ধন ছারা কি তাহাদের বশ করিতে পারিব না? ভাল তাহারাই যেন ধনলোভে আমাকে ছাড়িয়া দিল 🕻 পথে যদি অন্য কেছ আমাকে চিনিতে পারে? মিনতি कतित्व कि छाहाता खनित्य ना? खनित्य वह कि। मुश्यिनीत দুঃথে পাষাণ দুব হয়, তাহারা অবশাই আমাকে নিক্ষান্ত হইতে দিবে। " এইরূপ ভাবিয়া, রশিনারা শয্যোত্তরুছের পরিত্যাগ করিলেন; যুগল কোমল কর-পল্লব দারা চকুঃ মুছিলেন, এবৎ গাভোত্থান করিয়া বসিলেন। যথন শ্যা-ত্যাগ করিয়া উঠিলেন, তথন পা কাঁপিতে লাগিল, অঙ্গও কাঁপিতে লাগিল;—কোথাও কি গমনের সাধ্য আছে? শরীরে কি আর পূর্ববং সামর্থ্য আছে? এক পদও অগুসর হইতে পারিলেন না; হডাল হইয়া আবার বিসলেন, উদাম বিফল হইল বলিয়া রোদন করিতে লাগিলেন। ऋণকাল

ক্রন্দন করিয়া সম্ভাপের কিছু ব্রাস ছইলে, পূনর্কার অঙ্গা-ছাদন করিয়া শয়ন করিলেন; এবং নয়ন মুদ্রিত করিয়া আবার ভাবিতে লাগিলেন, "মহারাষ্ট্রপতি কোথায় গমন করিয়াছেন? আমি তাঁহাকে অন্তেবণ করিয়া কোথায় পাইব? এ অবস্থায় কি একাকিনী ভূমণ করা কর্তব্য? যুবতী কামিনী কথন গৃহবহির্গতা হইবে না; বিশেষতঃ এক্ষণে লোকের ধর্মবৃদ্ধি অতি অপ্প। না আমার ষাওয়া ছইল না।" এই ভাবিয়া ভিনি নীর্বে রহি-লেন।

অনেক ক্ষণ পরে রশিনারার পূর্বক্রিত আগরিত হইতে লাগিল; গিরি-দুর্গের মনোহর কক্ষায় গোলাবার সহিত যেরপ আমোদ আক্ষাদ করিতেন, তাহা মনে পড়িল; শিবজী তাঁহার সহিত যেরপ হাসিয়া হাসিয়া কথা কহিতেন, তাহা মনে পড়িল; তিনি আবার বেরপে ভাব গোপন করিয়া প্রাণাধিককে কন্ট দিতেন, তাহা মনে পড়িল; পীড়িত শ্যায় হততৈত্ব্য শিবজী যেরপ কন্ট পাইয়াছিলেন, তাহা মনে পড়িল; দেই মৃত্যপ্রায় অবস্থাতে যে রূপে তিনি তাঁহাকে সন্তন্ত করিতে যতন পাইয়াছিলেন, তাহা মনে পড়িল; কেই মৃত্যপ্রায় অবস্থাতে যে রূপে তিনি তাঁহাকে সন্তন্ত করিতে যতন পাইয়াছিলেন, তাহা মনে পড়িল। রশিনারা অনন্যচিত্তা হইয়া এই সকল চিন্তা করিতে লাগিলেন; হঠাৎ আবার শিবজী যেরপে বিশ্বক্ষ মুখে তাঁহার নিকট হইতে বিদায় লইয়াছিলেন, তাহা মনে পড়িল; অমনি মন অথ্যায় হইয়া পড়িল; অনুতাপ দ্বিওণ প্রবল হইয়া ক্ষম মধ্যে ক্রেকিয়া উঠিল। রশিনারা তথন রোদন করিতে লাগিলেন।

ক্ষণকাল রোদন করিয়া কহিলেন, "কেন আমি পাষাণীর ন্যায় মনকে কঠিন করিয়াছিলাম! কেন আমি প্রিয়বরের সহিত প্রিয়-সম্ভাষণ করি নাই! রে কটিন মন! কেন তুই ভবিষ্যৎ ভাবিয়া এত কটিন্ হইয়াছিলি! ধিক্ নারীর বুদ্ধি! ধিক নারীর বুংশা জন্ম!"

রশিনারা যখন ভূতপূর্ব বৃত্তান্ত পর্য্যালোচনা করিয়া অনুতাপিতা হন, তখন সাহাজান তাঁহার নিকটে আসিয়া নীরবে বসিয়াছিলেন। প্রবল চিন্তার অপ্রতিবিধেয় বেগপ্রভাবে রশিনারা তাহার কিছুই জানিতে পারেন নাই।
অনেক ক্ষণ পরে বৃদ্ধ তাঁহাকে উঠাইতে চেন্টা করিতে লাগিলনে। প্রথমে তাঁহাকে ডাকিলেন, কিন্তু রশিনারা কোন উত্তর করিলেন না। পরে অঙ্গাচ্ছাদন উত্তোলন করিয়া দেখিলেন, রশিনারা নয়ন মুদ্ভিত করিয়া রহিয়াছেন, সেই মুদ্ভিত নয়নদ্বর হইতে অবিরল ধারা বিগলিত হইতেছে। সাজাহান তখন হস্তদারা রশিনারার আঙ্গ মার্জ্জন করিছে করিতে কহিলেন, "রশিনারা! শুন, কোন কথা আছে, উঠ।"

তথন তিনি নয়নোমাকু করিয়া বৃদ্ধের প্রতি দৃষ্টিপাত করিলে তিনি দেখিলেন, রশিনারা ঘেন আত্ম-বিম্বলার ন্যায় তাঁহার প্রতি চাহিতেছেন। তথন তিনি কহিলেন,——

" কি ভাবিতেছ?"

রশিনারা নীরবে রহিলেন, কোন কথা কহিলেন না।
সাজাহান পুনর্কার কহিলেন, "এরপ দিবানিশি চিন্তা
করিয়া কি উন্মন্তা হইবে?"

রশিনারা তথন অতিমৃদু অসফুট ছরে কছিলেন, "আমার ন্যায় অভাগীদিগের ভাহাই ভাল।" ইহা কহিয়া ভিনি উঠিয়া বদিলেন।

সাজাহান বিঝিত হইয়া কহিলেন, " সে কি?"

রশিনারা চক্র জল মুছিয়া কহিলেন, "উন্নতা হইলে আরু সুঠি-যন্ত্রণাভোগ করিতে হইবেনা।"

সাজাহান কহিলেন, "প্রিয়তমে! এত নিরাশা হও কেন? কিছুই চির্ম্থায়ী নহে। এক দিনের দুঃথ কি অন্য দিনে থাকিবে?"

রশিনারা চক্ষুর জল ফেলিতে ফেলিতে কহিলেন, " মহাস্থান্! কেন আপনার অমূল্য উপদেশ অপাত্রে দান করিয়া
বৃথা নক্ষ করেন?"

সাজাহান হাসিয়া কহিলেন, "আমার উপদেশ কথনই বৃথা নক্ত হয় না;—এ অমুল্য ধন প্রদানের পাতাপাত নাই, সময়ে সকলই সুসিদ্ধ হয়।"

্রশিনারা পিতামছের মুখে অনেক দিন হাস্য দেখেন নাই। তাঁহাকে হাস্য করিতে দেখিয়া কহিলেন, মরুক্তেত বারিমাত্র নাই,—আমার কি মরীচিকা ভুম হইল? "

সাজাহান আবার হাসিয়া কহিলেন, "ভুম হইবে কেন? তৃক্ষা নিবারণও হইবে।"

রশিনারা বিজয়াপয়া হইয়া কহিলেন, " আমি কিছুই বুঝিতে পারিতেছি না। আজিকার সংবাদ কি শুনিতে পাই?" সাজাহান সহাস্য বদনে কহিলেন, " সুসংবাদই বটে।" রশিনারা ছিরদ্ফিতে পিভামহের প্রতি নিরীক্ষণ করিয়া মৃদুমন্দ স্থরে কহিলেন, " সুসংবাদটি কি শুনিতে পাই না?" সাজাহান ঈষৎ হাস্য বদনে কহিলেন, " ভোমার প্রণয়-ভাজন শিবজী আসিয়াছেন।"

ইহা শুনিয়া রশিনারা ভাবিলেন, বুঝি তাঁচাকে প্রবোধ দিবার জন্য সাজাহান এই সংবাদ দিতেছেন। অনন্তর দীর্ঘ-নিশাস পরিত্যাগ করিয়া কহিলেন, "এ দুঃখিনীকে কেন আর ছলনা করিতেছেন? আমি সকলই বুঝিতে পারি। এ বিষয় যুদ্ধা"—বলিতে বলিতে রশিনারা কাঁদিয়া উঠিলেন।

সাজাহান কহিলেন, "প্রবঞ্চনা করিডেছি না; রশিনারা, তুমিত নির্কৃষি নও, যে, ভোমাকে হাহা বলিব ভাহাতেই প্রবোধিতা হইবে? আমি স্বরূপই বলিতেছি, মহারাষ্ট্রবাজ শিবজী আসিয়াছেন।" ইহা কহিয়া ভাঁহার মুখের প্রতি চাহিয়া রহিলেন। সে প্রাভাতিক নক্ষত্র পূর্বভাব প্রাপ্ত হয় কি না, সে নির্বাণোমাখী প্রদীপ আবার প্রজ্বলিত হয় কি না, সে অনতিবিল্প্ত সৌন্দর্যারাশি সেই ক্ষণিকলেবরে প্রকটিত হয় কি না, সে বিশুক্ত পদ্মমুখে পূর্বের নায় হাস্য বিরাজ করে কি না, দেখিবার জন্য সাজাহান স্থিরনয়নে রশিনারার প্রতি চাহিয়া রহিলেন।

রশিনারার চচ্চে দরদর করিয়া পুলকাঞ্চ বিগলিত হইতে লাগিল; হর্ষে শরীর রোমাঞ্চিত হইল, আরক্ত অধর পালবে সম্ভোবের লক্ষণ বিকসিত হইল, হাদমের মধ্যে আশ্বাস প্রদীপ্ত হইল। অকস্মাৎ বাতচলিত পাদপের ন্যাঃ সাজাহানের পদতলে পতিতা হইয়া যুগল বাছবলী দার তাঁহার চরণ ধারণ করিয়া অতি ভক্তি-পুরিত বচনে কহি লেন,——

" এ রেহের পুরস্কার আর আমি আপনাকে কি দিব ঘেমন আপনি আমাকে জীবন দান করিলেন, আমি ঈশ্বরের নিকট প্রার্থনা করিতেছি, আপনার আক্ষয়-স্বর্গ লাভ হউক। "

সাজাহান রশিনারার হস্ত ধারণ করিয়া উঠাইয়া কহিলেন, "বুদ্ধিমতি! ভোমার কথা সফল হউক। ভোম-রাও দম্পতী মিলিত হও, ইহা দেখিয়া আমি জীবনকে সার্থক , জঃন করি।

## তৃতীয় পরিচ্ছেদ।

#### পুৰুষবেশে।

্তানেক ক্ষণ পরে সাজাহান রশিনারার নিকট হইতে বিদায় লইয়া দ্বীয় কক্ষ্যায় গমন করিলেন। তথন রশিনারা করলগ্ন-কপোলে শ্যার উপরে উপবিষ্ট হইয়া চিস্তায় নিমগ্ন হইলেন।

প্রথমে তিনি আপনার মনকে জিজাসা করিলেন, "হে অনিবার্যাবেগ-বিশিষ্ট-কান্ত-সাগর-গামী মন! তুমি যে রমণীমোরন রাজকান্তি সন্দর্শন করিয়া বিমোহিত হইয়াছ! যাহার রমণী-ছাদয়জিত অপূর্ব্ব মী, তোমাতে অবিচলিত রূপে সংস্থাপিত রহিয়াছে! কি জাগুতে, কি স্থাপ্র তিলান্ধ জন্য যে রূপ-মাধুর্য বিস্তৃত হইতে পার নাই, সেই ছালয়েশ্বর এথানেই আসিয়াডুলন!—তবে আবার সাত পাঁচ ভাব কেন? আবার অনিষ্টাশক্ষা কর কেন? তুমি যে ভয় করিয়া প্রাণেশরের সহিত প্রণয়-সম্ভাষণ কর নাই, তাহা হইতেই

বা মুক্ত হইলে কই? চল, এবার আকাঙ্কা পরিপূর্ণ করিয়া সন্মিলনসূথ সম্ভোগ করিও; ভবিষ্যতে যাহা হয় হইবে, আর তুমি ভবিষ্যৎ চিন্তা করিও না। "

অনন্তর তিনি মনে মনে সক্ষণ করিলেন, যে, আদ্য রজনীতে শিবজীর সহিত সন্মিলিতা হইবেন। যেরূপে গৃহ হইতে
বহির্গতা হইবেন, তাহা একপ্রকার দ্বির করিয়া বেশভূষা•
একরূপ সংগুহ করিয়া রাখিলেন। সন্ধ্যার পর রশিনারা নিজ
কক্ষ্যার দ্বার অর্গলবন্ধ করিয়া ক্ষণালোকের নিকট বসিয়া
বেশভূষা করিতে লাগিলেন। চমৎকার পরিচ্ছদ! রমণীভ্রষণের চিক্ন মাত্রও নাই।

যাত্রাকালে রশিনারা পিতামহের নিকট বিদায় লইতে গেলেন। সাজাহান তাঁহাকে দেখিয়া চিনিতে পারিলেন না। কেমন করিয়াই বা চিনিবেন? অঙ্গে কি জ্রীলোকের চিক্ষ আছে? যে মনোমোহন সৌন্দর্য্য-প্রভাবে শিবজী চিরদুঃখী হইয়াছেন, যে স্থরানলোদীপক রূপের ছটা দর্শন করিয়া মাল্লাজী উন্মত্ত হইয়াছিল, দে রূপসীর রূপের ছটা এক্ষণে তরুগ-বয়ন্ত যুবা প্রত্বের অনুরূপ হইয়াছে; রূপসী ললনার সুন্দর মুখ কৃত্রিম ক্ষক্ষয়ণিত হৈওয়াতে, পরম সুন্দর যুবা প্রত্বের ন্যায় দীপ্তি পাইতেছে। মন্তকের সুদীর্ঘ কেশপ্তলি, পূর্বে ফণিনীর ন্যায় ছূল বেণী-সম্বন্ধ হইয়া কত শত যুবজনের হাদয়ে দংশন করিয়াছে, এক্ষণে সেই চিকুরজাল কুণ্ডলীকৃত হইয়া উন্ধাবের মধ্যে লুককায়িত রহিন্মাছে। সাটিনের কাবা দ্বারা শরীর আচ্ছাদিত্র, তদুপরি রহুমুল্য উন্তরীয় বসনে উরং বিমণ্ডির হইয়া স্কল্পের উপর

দিরা পৃষ্ঠে দুলিতেছে; পায়জামা পরিধান, রমণীয় প্রবাল-শোভিত পাদুকা-য়ারা চরণ-মুগল সুশোভিত, এবং বহু-মুল্য সারসনে প্রবাল-জড়িত কোষ-সম্বন্ধ অসি বামদিকে দোদুল্ল্যমান হইলেছে। রশিনারা, কেবল মাত্র মুখের কোমলতা—্রিকেল মাত্র মরালবিনিদিতা-গতি লুকাইতে পারেন নাই। দিনমান হইলে তাঁহার মুখ দেখিয়া রমণী-মুখের ন্যায় কতক অনুভূত হইতে পারে, কিন্তু রজনীতে মুখের সে সূক্ষ্মভাব বাহির করা সহজ ব্যাপার নহে। রশিনারা সাজাহানের সন্মুখে উপন্থিত হইলে, তিনি আরাজ্ঞেবের কনিষ্ঠ পুভের ন্যায় রশিনারার অবয়ব দেখিয়া কহিলেন,—

"কি রে বংদ! এ বৃদ্ধ পিতামহের কথা কি তোদের করে আছে? বংদ! আমি যে এরপ দশাগুন্ত হইয়াছি, ভাহাতে আমার তত ক্লেশ নাই, কিন্তু, ভোরা পূর্বের যেমন আমার নিকটে আসিয়া আমোদ আহ্লাদ করিতিস, এক্লণে বে কেন ভাহা করিস না, ভাহা স্থাবিয়াই কন্ট পাইভেছি। বংদ! আরাঞ্জেব কি আমার নিকটে আসিতে ভোদের নিষেধ করিয়াছে?"

সাজাহান সজল-নয়নে এইরপ কহিরা রশিনারার দিকে চাহিয়া রহিলেন। রশিনারাও কক্টে অঞ্চ সম্বর্ণ করিয়া মৃদুস্বরে কহিলেন,—

"পিতামহ! আমি আপনার পৌত্র নছি,—অভাগিনী রশিনারা।" সাজাহান বিশ্বিত হইয়া কহিলেন," বংসে! তুমি পুরুষের বেশধারণ করিয়াছ কেন?"

র। (হাসিয়া) " আপনি বিবেচনা করেন কি ?"

#### श्रुक्तव इस्तान्। विकास सम्मान

সাজাহানের মুখ মলিন হইল; তাঁহার কথার কোন উত্তর করিলেন না।

রশিনারা আবার কহিলেন, "আমি এক্ষণেপ্রয়োজন সাধনো-দ্বেশে চলিলাম, আশীর্ঝাদ করুন, যেন মনস্কামনা পূর্ণ হয়। ''

বৃদ্ধ কোন কথা ক কুলেন না; কেবল দ্বির দৃষ্টিতে রশি-নারার মুখ প্রতি চাইয়া রহিলেন।

রশিনারা পুনর্কার কহিলেন, "আপনার **কি** ইহাতে অভিমত নাই?"

সাজাহান কহিলেন, " আছে।"

র। "তবে প্রণাম হই; প্রসন্ন হইয়া অবনুমতি করেন।" এই বলিয়া রশিনারা ভাঁহার চরণে প্রণতা হইয়া, সহাস্য-মূথে গমনে উদ্যতা হইলেন।

তথন সাজাহান, চিন্তা পরিত্যাগ করিয়া কহিলেন, "যথা-ধই কি চলিলে?"

র। "আজা হা।"

म। " দুই এক দিন প্রতীক্ষা করিলে কি হয় না?"

ইহা শুনিয়া রশিনারা স্থির হইয়া দাঁড়াইলেন। তাঁহার হৃদয়ের মধ্যে ঝটিকা বহিতে লাগিল, চক্ষু আবার বারি-ভারাকীর্ণ হইল। কোন কথা কহিতে পারিলেন না, আধোবদনে বসিয়া পড়িলেন।

বৃদ্ধ রশিনারার মুখ দেখিয়া বুঝিলেন, যে, রশিনারা ভাঁতার কথায় বিরক্ত হইয়াছেন; অতএব তিনি কথান্তর অবলম্বন করিয়া কহিলেন, "শিবজীর কি কোন সংবাদ পাইয়াছ? তিনি কোথায় অবস্থিতি করিতেছেন?" রশিনারার মন তখনও প্রান্ত হয় নাই। অনুষ্ঠিত কার্য্যে কেহ বাধা জন্মাইলে যে কি পর্যান্ত মনঃকুষ্ণ হইতে হয়, তাহা বোধ হয় পাঠক মহাশয় বুঝিতে পারিবেন। রশিনারা সাজাহানের কথায় কোন উত্তর করিলেন না।

ইহাতে সাজাহান কহিলেন, "আমি কি ভোমাকে কুপরামর্শ দিতেছি? অগুপশ্চাৎ বিবেচনা করিয়া চলিলে লোকে কথন বিপদ্পুত্ত হয় না।"

র। (দীর্ঘনিশ্বাদ ত্যাগ করত) " আর আমার অগু-পশ্চাৎ বিবেচনা করিতে ইচ্ছা করে না।"

সা। "রশিনারা! বিজ্ঞালোকে সিদ্ধান্ত করিয়াছেন, যে, বৃদ্ধস্য বচনৎ গ্রাহ্য। তুমি বালিকা, সকল বিষয় বিবেচনা করিয়া উঠিতে পার না; আমার কথা রাখ, পশ্চাৎ সুখী হইবে।"

র। (চক্ষুর জল মুছিয়া) "কি কথা, অনুমতি হইক।"

সা। "সে ব্যক্তি কেবল অদ্য এখানে আসিয়াছে,
কোথায় বাস করিতেছে, তাহা তুমি জানিতে পার নাই।
তুমি ঘেমন তাহার জন্য উৎকণ্ঠিতা হইয়ছে, সে ব্যক্তিও
ভোমার জন্য চিন্তান্বিত না হইবে, এমন কোন কথা নাই;
অতএব সে অবশাই তোমাকে সৎবাদ দিবে। আরও
কথা এই যে, আরাজের তাহাকে নিমন্ত্রণ করিয়া এখানে
আনিয়াছে, তাহার সহিত যে সে কিরপ ব্যবহার করে, তাহা
তুমি কলাই বচক্ষে দেখিতে পাইবে। যদি আরাজের রীতিমত তাহার করে তোমাকে সমর্পণ করে,—আমি সেই জন্য
ভোমাকে দুই দিন প্রতীক্ষা করিতে পরায়র্শ দিতেছি।"

র। (ক্ষণকাল ভাবিয়া) "আপনার আজা লঞ্জন করা কার সাধ্য?"

সা। "আমি তোমার ভালর জন্যেই একথা বলিলাম,—
মন্দর জন্যে নছে। আরাদ্ধেব তাঁহার সহিত যদি ভদুতা
ব্যবহার করিয়া তোমাকে তাঁহার করে সমর্পণ করে, তবে উভয়
কুলই রক্ষা পাইবে; নচেৎ তুমি নিজে উপযাচক হইয়া যাইবে
কেন? বে রূপেই হউক, আমি ভোমাকে শিবজীর সকাশে
পাঠাইয়া দিব।"

অনন্তর রশিনার। দীর্ঘনিশ্ব: স পরিত্যাগ করিয়া উঠি-লেন; এবং ছন্মবেশ পরিত্যাগ করিতে পূর্ব্ব কক্ষ্যায় গমন করিলেন।

# চতুর্থ পরিচ্ছেদ।

#### আমখাসে 1

পর দিন, শিবজী আরা ঝেবের সহিত সাক্ষাৎ করিবার জন্য ক্লাজ-দরবারে উপস্থিত হইলেন; সমস্তিব্যাহারী কুমার রাম-সিৎহ ছারা আপনার আগমন-বার্তা বাদশাহকে জানাইলেন। কিন্তু, স্মাট্ তাঁহাকে যথাবিধি অভ্যর্থনা করিলেন না।

শিবজী রাজ-সম্ভাষণে উপস্থিত হইলে তিনি যে সামুজ্য সংস্থাপনে সক্ষম, সভ্যগণ তাঁহাকে দেখিবা মাত্রই বুঝিতে পারিলেন। হিন্দু রাজনাগণ মনে মনে তাঁহাকে ধন্য-বাদ দিতে লাগিলেন। শিবজী কাহারও প্রতি দৃক্পাত না

कबिया अत्कराद्व वामगारुत मिश्रामत्तत् निकट् छेशचित्र इहे-লেন; এবং যথাবিধি অভিবাদনাদি করিয়া ভাঁহার দিকে চাহিয়া मिथिएनन, रा, आदार क्षेत्र उेरकृषे शोहतर्ग; अनिकिश् ভ्यत-গঞ্জিত শাক্ষজালে মুখমণ্ডিত; ললাট প্রশস্ত, তদবলদ্বী অতি সুক্ষা রেথাত্রয় ঈষৎ বায় তাড়িত সরস্তরকের ন্যায় প্রতীয়মান ুহইতেছে। নাসা ঈষদুরত; চকুর্দ্বর বিশাল, আকর্ণ পর্যান্ত বলা যাইতে পারে; কিন্ত এ চকে কিছুমাত্র দ্বিশ্বতা নাই, विमारहज्ञः পরিপূর্ণ; সে চক্ষে কেবল মাত্র কৃঠিল ভাব প্রকাশ পাইতেছে। চকুর উপরিভাগে নয়নের উপযুক্ত का; দৈ জ বক্র করিয়া যাহার প্রতি কটাক্ষপাত হয়, তাহারই ওষ্ঠাগত প্রাণ হয়। আরাজেবের প্রশস্ত ললাটোপরি হীরকাদি-খচিত মুকৃট সংস্থাপিত ছিল। হীরক-মণি-মাণিক্যাদি-শোভিত ু পরিচ্ছদ অতি তেজোময়। রাজসিৎহাসন চমৎকার ধাতৃ-নির্মিত দুইটি ময়ুর, নৃত্যকর শিথিতুল্য পুচ্ছ বিস্তৃত করিয়া ब्रहिशाए ; मञ्चादत् नतीत् रयमन रय रय दर्श मृत् कि छ, मिहे বর্ণের প্রস্তুর ছারা নির্মিত বলিয়া এ শিখণ্ডছয়ও প্রকৃত শিখণ্ড বলিয়া উপলব্ধি হইত। ময়ুর-যুগলের পৃষ্ঠের উপর দিবাগাঠিত এক খানি আদন দংখাপিত ছিল, বাদশাহ দেই আদনে বসিয়া-ছিলেন। দিংহাসনের উভয় পার্শ্বে সুবর্ণমণ্ডিত বেদীর উপরে ওমরাহণণ নতশিরে উপনিষ্ট রহিয়াছেন। আমখাস সভাটি খেত প্রস্তারে নির্মিত, বিচিত্র শিল্প-নৈপুণ্যে বোধ হইতেছিল, যেন এক খণ্ড প্রস্তুর দ্বারাই সভাগৃহটি প্রস্তুত হইয়াছে। হায়! কালের কি কৃঠিল গতি! যে সাজা-शन मिलीए अब अर्था विख् क कविशास्त्रितन. ন্তিনি

একণে এক জন সামান্য বন্দী হইয়া দিন্যাপন করি-তেছেন।

মহারাষ্ট্রপতি যথন বাদশাহকে অভিবাদন করিয়া ওম্-রাহদিগের আদনে উপবিষ্ট হইতে যান, তথন এক জন শিক্ষিত নকীব উট্টেশ্বরে বলিয়া উঠিল।———

" সাগরাম্বরা পৃথিবীর অদ্বিতীয় ঈশ্বর আলম্গের বাদ- । শাহের অনুপুতে আজি শিবজী পঞ্চাজারীর মুন্সবদার হউলেন।"

এই অপমান-সূচক বাক্য শ্রাবণ করিয়া শিবজী আর বসিতে পারিলেন না, অচলের ন্যায় দণ্ডায়মান রহিলেন। অনেক ক্ষণ অভিভূতের ন্যায় থাকিয়া পরে কহিলেন,——

" জাঁহাপনা! এই কি আপনার কর্তব্য?"

আরাঞ্চের কিছু গর্বিত বচনে কহিলেন, " অনুচিত কিছে। হইল?"

শিবজা কিছু উত্তর না করিয়া তীব্র দৃষ্টিতে বাদশীহের প্রতি চাহিয়া রহিলেন। তাঁহার নাসা রক্তু কাঁপিতে লাগিল, শরীর রক্তবর্গ হইল। পরে সক্রোধ বচনে কহিলেন,——

"আপনি জানেন, আমি স্থাধীন রাজা,— আপনার শাসনাধীন নহি। আমি যদি এখানে না আসিভাম, তবেভ আপনি আমাকে অপমান করিতে পারিভেন না?" এই বলিয়া তিনি রোদন করিতে লাগিলেন।

আরাঞ্চের, দৃর্জ্জর শত্তকে কাঁদিতে দেখিয়া মনে মনে অভারী আহলাদিত হইলেন। এবং কহিলেন, " আমি কি ভোয়াকে অপ্নান করিতেছি? তুমি আমার সেনাপতির সহিত যুদ্ধে পরাস্ত হটয়া আমার অধীনতা স্থীকার করিয়াছ; পরে আলি আদলের সহিত যুদ্ধে আমার দেনানীর অধীনে এক সামান্য দৈনিকের কর্মে নিযুক্ত হইয়াছিলে, সর্ব্বসাধারণেই জানিয়াছে, যে, তুমি আমার পঞ্চাজারীর মুন্সবদার হইয়াছ। অতএব ভোমার তুল্য লোকের ইহা হইতে আর কি সৌভাগ্য হইতে পারে?"

, জোধে শিবজীর শরীর ছিপ্তণ জবলিয়া উঠিল। এবং কহিলেন, "আমি আপনার সহিত যুদ্ধে পরাস্ত হইনাই। আপনার
দেনাপতি অণ্প দিন হইল, আমার সাহায্যে বিজয়পুর জয়
করিয়াছেন, নচেং এবার আর আপনার দক্ষিণ দেশে থাকিতে
হইত না।"

অনেক ক্ষণ কেহই কিছু 'বাঙ্নিঞ্পত্তি করিলেন না। পরে
শিবদ্ধী ক্রোধ দম্বরণ করিয়া পুনর্কার কহিলেন, " দিলীম্বর!
জ্মাপনার দেনানী জয়িদিংহের বাক্যের প্রতি বিশ্বাস করিয়া
জ্মাপনাকে দর্শন করিতে আদিয়াছিলাম; আপনি তাঁহার
বাক্য মিথ্যা করিলেন।"

শিবজী বলিতেছিলেন, এমন সময় আরাঞ্জেব বলিলেন, "জয়সিংহের সহিত ভোমার কিরুপ কথা হইয়াছিল?"

শিবজী কহিলেন, "তিনি কহিয়াছিলেন, আপনি যদি আমাকে অপমান করেন, তবে দে অপমান তাঁহারই হইল, এরপ জান করিবেন। ফলে আপনি আমাকে সমাদরে গুহণ করিবেন, ইহা তিনি কহিয়াছিলেন বলিয়া আপনি আমাকে দেখিতে পাইলেন। কিন্তু আমাকে অপমান করা আপনার কর্ত্ব্য ছিল না।" ইহা কহিয়া তিনি আবার চক্ষুর জল ফেলিতে লাগিলেন।

শিবজীর কথা সমাপ্ত হইলে, আরাঞ্ছের মন্তকাবনত করিয়া ভাবিলেন, "জয়িনিংহের সহিত যদি ইহার এরপ কথোপকথন হইয়া থাকে, তবেত বড় অন্যায় হইয়াছে। রজঃপূতদিগের মধ্যে জয়িনিংই বীয়্যশালী, সেয়দি বিদ্যোহী হইয়া দাঁড়ায়, তবেইত বিষম বিভ্যুট্। কি করি, যাহা সক্ষণে করিয়াছিলাম, এক্ষণে তাহা করা হইল না।" এই ভাবিয়া। তিনি মুখ তুলিয়া কহিলেন, "জয়িনংহের সহিত তোমার কিরপ কথা হইয়াছিল, তাহা আমি জ্ঞাত নহি; অতএব, তাহার ভাবং বৃত্তান্ত জানিবার জন্য আমি তাঁহার নিকট পত্র লিখিলাম, তুমি প্রত্যুত্তর আগমন পর্যান্ত প্রতীক্ষা করে। তোমাকে খেলোয়াৎ কবিয়া বিদায় কবিব।"

আরাঞ্চেবের মনের ভাব শিবজীকে কবলিত করেন। কিন্তু, শিবজী বাদশাহ অপেক্ষা চতুর কম ছিলেন না। অমন্ত্রি বলিয়া উঠিলেন,——

" দিল্লীর্মবের যেরূপ ইচ্ছা। কিন্তু আমার এক নিবেদন এই যে, মহারাষ্ট্রীয় সৈন্যদিগের এ দেশের জল বায়ু সহ্য হইবে না, তাহারা দেশে প্রত্যাগমন করুক; আমি একাকী এখানে থাকি।"

আরাজেবের মুথ প্রফুল হইল; এবং ভাবিলেন, " দদৈন্যে দুরাদ্মা এথানে না থাকিলে, ষথন ইচ্ছা, তথনই উহাকে বধ করিব। লোকে উহাকে চতুর বলিয়া থাকে, কিন্তু আমি উহাকে নিতান্ত অবোধ দেখিতেছি।" প্রকাশে কহিলেন, "তাহাই হউক।"

শিবজী অভিবাদন করিয়া চলিয়া গেলেন।

অন্তঃপুরের এক গবাক্ষরস্কু হইতে সমুদায় দেখিয়া শুনিয়া রশিনারা আশা ভরসা একেবারে পরিত্যাগ করিলেন।

## পঞ্চম পরিচ্ছেদ।

# নিভৃত-গৃহে।

সন্ধ্যার পর আরাঞ্চেব অন্তঃপুরের এক নিভৃত-গৃহে গিয়া উপবিষ্ট হইলেন। পুর্বেই তথায় লিখিবার উপকরণাদি আহ-রিত ছিল, লেখনী হত্তে পত্র লিখিতে বসিলেন। মুখমগুল অত্যম্ভ গঞ্জীর, কি লিখিবেন, চিম্ভা করিতে লাগিলেন।

ক্ষণকাল পরে লেখনী পরিত্যাগ করিয়া অধোবদনে অঙ্গুলি
ক্ষণ্ডুয়ন করিতে লাগিলেন। অনেক চিন্তার পর আবার তাঁহার
চিত্তের ভাবান্তর হইল। জয়সিংহকে এ বিষয় কিছু লিখিবার
আবশ্যক নাই, কেননা তাহা হইলে, পরম শর্ শিবজীকে দণ্ড
দেওয়া হইবে না। শিবজী সভার মধ্যে যাহা প্রকাশ করিয়াছে,
ভাহা সভ্য হইতেও পারে, ভবে কেন আর জয়সিংহকে ভদ্বিষয়
লিখিয়া জন্ধাল বৃদ্ধি করি? শিবজীকে বধ করাই
কর্তব্য; অভএব, ভাহারই উপায় অন্বেষণে চিত্ত নিয়োজিত
করিলেন।

আরা ধ্রের মনে মনে ইহাই তর্ক করিতে লাগিলেন, যে, "জয়সিংহ শিবজীর সহিত যে সদ্ধি করেন, সে সদ্ধিপত্তে এমন কি কথা আছে, যে শিবজী আমার অধীন নহে? সে সন্ধিপত্তের তাৎপ্র্যা কি? তাহাতে এই মাত্র উল্লেখ আছে, যে, তাহার সৈন্যাগণ রাজকোষ হইতে সেতন পাইবার পরিবর্তে অধিকৃত দেশ সমুহের রাজহের চতুর্থাৎশের একাৎশ পাইলেই সন্তুম্ট থাকিবে। আর জয়সিৎহ মহারাফ্ট্রের সমুদায়ই জয় করিয়াছেন; তবে দুফ্ট দস্য আমার অধীন নয় কেন? একণে আমি যাহা মনে করি, তাহাই করিতে পারি। পাপিষ্ঠ চৌর আমার কন্যাকে হরণ করিয়াছিল, সে জন্য সে অবশাই বধ্যোগ্য। কিন্তু, সহসা এ কর্ম্ম করা শ্রেয়ঃ নহে; জয়সিৎহের পরীক্ষা গুহণ না করিয়া, শিবজীকে বধ করিলে পশ্চাৎ চতুর্দ্দিক হইতে বিদ্যোহানল প্রজ্বলিত হইয়া উঠিতে পারে, প্রথমে সেই পথে কণ্টক দেওয়া কর্ত্র্ব্য। তাহা হইলে প্রথমে পরমোপকারী জয়সিৎহের বিনাপরাধে প্রাণদণ্ড করিতে হইবে; হইলই বা। যে ব্যক্তি উপকার করিতে পারে, পরিণামে সে আবার অপকার করিতেও পারে। তাহাকেত আমি বিনা অপরাধে দণ্ড দিতে যাইতেছি না? পরীক্ষায় ঠেকিলেই প্রাণ হারাইবে; আমার অপরাধ নাই।"

আরাঞ্চের কিংকর্ত্ব্য পক্ষে যাহা করিবেন, তাহার দ্বিতা করিলেন। পরে দাহ্মিণাত্যের শাসনকর্তা দ্বীয় পুজ সুলতান মোয়াজিমকে এক খানি পত্র লিখিলেন। সেই পত্র এই:—

"প্রাণাধিক পূত্র ! তুমি আমার নিতান্ত বাধ্য, দেই জনাই আমি অন্যান্য সন্তান অপেকা তোমাকেই অধিক রেহ ও বিশাস করি। তোমার ভাতা তোমার পিতৃত্য সুজার কন্যা বিবাহ করিয়া আমার অবাধ্য হইয়াছিল, সেই জন্য সে এখন পর্যান্তও বন্দী রহিয়াছে। অতএর পূত্র, সাবধান ! আমার মতের অন্যথাচরপ্র

করিও না, করিলে ভোমার ভাতার দশা ভোমাকে ভোগ করিতে হইবে। ভরদা করি, পরমেশর দেরপ কুপ্রবৃত্তি ভোমার অন্তরে প্রদান না করুন। এখন ঘেমন তৃমি আমার বাধ্য, চিরকাল দেইরপ থাকিলে, আমার বন্ধায়াদ-লব্ধু এই ভারতরাজ্য মৃত্যুকালে ভোমার করেই সমর্পণ করিয়া ছাইব। দে যাহা হউক, বাহুল্যে আবশ্যক কি, তুমি পত্র পাঠ মাত্র বিজয়প্র প্রদেশে গমন করিয়া জয়দিংহ প্রভৃতি দেনানীদিগকে কহিবে যে, 'আমি পিতার বিরুদ্ধে বিদ্যোহী হইয়া শ্বয়ং রাজ্যেশর হইব।' তোমার কথায় যে যে তোমাকে সাহায্য করিতে ছাকুত হইবে, ভূমি অবিলম্বে তাহাদের নাম লিখিয়া আমার নিকট পাঠাইবে।"

লিপি সমাপনান্তে বাদশাহ তাহা মনোঘোগের সহিত পাঠ করিলেন। দুই তিন বার পাঠ করিয়া আবার ভাবিলেন, "যদি সেনাপতি পুত্রের কথায় সমতে না দেয়, তবে কি হইবে?" মনে মনে ইহা ভাবিয়া, আরাজের চিন্তায় ময় হইলেন। অনেক ক্ষণ পরে দীর্ঘনিয়াদ পরিতাগ করিয়া কহিয়া উঠিলেন, "হায়! রাজ্যতন্ত্র কি ভয়য়র ব্যাপার! এ পাদারড় ব্যক্তিগণের আর নিশ্চিত্ত হইবার সময় নাই! ভ্রান্ত-পোকেরা বিবেচনা করে, রাজপদাভিষিক্ত ব্যক্তিগণ মহামুখী!—
কৈ আমিত ইহাতে কিছুমাত্র সুখ দেখি না! এই গভীরা রজনীতে দীনদুংখী কুঠিরবাসিগণ সকলেই বিশ্রাম-দুখ ভোগ করিতেছে; কেবল মাত্র আমি এশিক নিয়ম লঙ্গন করিয়া চিন্তায় দংলিও রহিয়াছি! হাঁ, আমার পক্ষে চিন্তায়ুক্ত প্রাক্রাই শ্রেয়; নচেং বিষম ভূতপূর্বে ক্রিড অনুক্ষণ হাদয়

বিদীর্ণ করিত। বিষয়াস্তরে মনঃসংযোগ না করিলে স্মরণের যন্ত্রণা সহ্য করিবার আর উপায় নাই।"

অনম্ভর পত্রের শিরোনাম লিখিয়া ভাবিলেন, " এখনত পত্র পাঠান ঘাউক, পবে যাহা হয় বিবেচনা করা যাইবে।" এই স্থির করিয়া এক জন বিশবাসী দৃতকে আহ্বান করিলেন। দত আগমন করিলে তাহাকে কহিলেন, "থোদাবক্স!-ভোমার দারা আমি অনেক উপকার প্রাপ্ত হইয়াছি, এবং ভবিষাতে হইব, এমনও আশা রাখি৷ তুমি এই পত্র লইয়া দক্ষিণ রাজ্যে গমন কর,—পুত্র এই পত্র পাঠ করিয়া রিজয়-পুর গমন করিবেন, ভুমিও ভাঁহার সহিত তথায় গমন করিও। দেনাপতিদিগের সহিত কুমারের যেরূপ কথা হয়, ভাহা তুমি অন্তরে থাকিয়া শ্রবণ করিও; জয়সিৎহ প্রভৃতি যে কেন হউক না, যে পুজের কথায় সমত ইয়, তাহাকে তৃমি এই বন্ধ আহার করিতে দিবে। তুমি কৌশলে কার্য্য সমাধা কবিতে পার, সেই জন্য এ কার্য্যের ভার ভোমার প্রতি অর্পণ कतिलाम। जादधान, এ कथा रान क्षीख्त ना हरा। राषि তুমি এ কার্য্য সম্পাদন করিয়া আদিতে পার, তবে ভোমাকে. আমি বড় লোক করিব।" এই বলিয়া পত্র এবং একটি কাগ-জের মোড়ক তাহার হত্তে দিলেন।

দূত, অতি বিনীত ভাবে পত্রাদি গুহণ করিয়া, যথানীতি অভিবাদন পূর্বকে চলিয়া গেল।

## ষষ্ঠ পরিচ্ছেদ।

### প্রবাস-গৃহে।

শিবজী বাদশাহের নিকট হইতে বিদায় লইয়া বাসা বালীতে গমন করিলেন; এবং মাওলি দেনানী নৃত্যজী পল্করের প্রতি রাজ্যের সমুদায় ভার সমর্পণ করিয়া দৈন্যদিগকে বিদায় দিলেন। অনস্তর, তিনি আত্মরক্ষা এবং রশিনা-রার উদ্ধার করিবার সদুপায়ও কৌশল চিস্তা করিতে লাগিলেন।

শিবজী দেখিলেন, তিনি যে সুর্ম্য হর্মে বাদ করিতেত্রেন, তাহার দারে দারে ভীমপরাক্রম প্রহরিগণ দশত্রে দশ্রীয়মান রহিয়াছে। বাদশাহ যে তাঁহাকে নজরবন্দী করিয়া রাখিয়াছেন, তাহা বুঝিতে শিবজীর তুল্য তাক্রির অধিক ক্রণ লাগে না। তিনি মনে মনে হাসিয়া ভাবিতে লাগিলেন, "যে সিংহকে লৌহ-পিঞ্জরে আবদ্ধ করিয়া রাখা দুঃসাধ্য, তাহাকে কি আরাজের বিতৎসে বন্ধন করিয়া রাখিবেন? তিনি ভাবিয়াছেন, যে, দৈন্য-সামন্ত বিদায় দিয়া আমি এক কালে নিঃসহায় হইয়া পড়িয়াছি। স্বন্ধন দেশে প্রেরণ করিয়া যে আমি তাঁহার ষড়য়াল ছিল্ল করিয়ার সূত্রপাত করিয়াছি, তাহা তাঁহার ক্র্দুগুল্ডফরণ স্থান পাইবে কেন? দেখা যাইবে, তাঁহার মন্ত্রণা-বৃক্ষে কি ফল ফলে!"

আরাঞ্চেব তাঁহার পরিচর্যা হেডু দাস-দাসী নিযুক্ত করিয়া দিলেন, যখন যাহা আবশ্যক তাহা তিনি ব্যক্ত না করিতেই প্রাপ্ত হইতে লাগিলেন। প্রতাহ কুমার রামসিংহ

এক এক বার করিরা তাঁহাকে তক্তর লইরা ঘাইতেন।
এইরপ কিছু দিন গত হইলে রামসিংহের সহিত তাঁহার
বিশেষ প্রণয় হইল। এক দিন শিবজী অধােমুখে বসিয়া
রশিনারাকে কেমন করিয়া পাইবেন, তাহারই চিন্তা করিতে
ছেন, এমন সময় রামসিংহ তথায় আসিয়া উপস্থিত
হইলেন। শিবজী তখন তাঁহার সহিত সম্ভাষণানুরাধে
চিন্তা হইতে ফান্ত হইলেন। পরস্পর অভিবাদনাদি সমাপনান্তে কুমার আসন গুহণ করিলেন। ফণকাল পরে শিবজী
কহিলেন,——

"যুবরাজ ৷ আপনার পিতার নিকট বাদশাহ যে পত্র লিথিয়াছিলেন, তাহার কোন উত্তর আদিয়াছে?"

রামসিৎহ কহিলেন, " না। "

শিবজী তখন দীর্ঘনিশাস পরিত্যাগ করিয়া অধো-বদন হইলেন, এবং কপোলে কর বিন্যাস করিয়া চিন্তা করিতে লাগিলেন। ইহা দেখিয়া রামসিংহ কহিলেন,——

" কি ভাবিতেছেন? "

শিবজী মুখ ভূলিয়া কছিলেন, "আমার শরীর দেখি-তেছেন না।"

রা। "তাহাত দেখিতেছি, বড় কৃশ হইয়াছেন।"

শি। "আমিও সেই জনা চিম্ভা করিতেছি।"

রা। "কেন?"

শি। "এদেশের জল বায়ু আমাদের পক্ষে নিভাস্ত অস্বাস্থ্যকর,—আমার বড় উৎকট পীড়া হইয়াছে।" রা। "তবে এত দিন প্রকাশ করেন নাই কেন? ব্যাধিও শত্রু ক্ষুদু হইলেও উপেক্ষা করা কর্ত্তব্য নহে।"

শি। "তাহাত বুঝি, কিন্ত ভাবিয়াছিলাম, যে, আপনার পিতার নিকট হইতে সজর সংবাদ আসিলে, গৃহে যাইয়া পীড়ার চিকিৎসা করাইব।"

রা। "পিতার নিকট হইতে পত্রের প্রত্যুত্তর আদিবার বিলম্ব আছে; আপনার দে পর্যান্ত এখানে থাকিতে হইবে। আমার বিবেচনায়, এ সংবাদ বাদশাহকে দেওয়া কর্তব্য। রাজবাটীতে অনেক বিজ চিকিৎসক আছেন, ভাঁহাদের চিকিৎসা-প্রণালী অভিশয় উৎকৃষ্ট; অবশাই আরোগালাভ করিবেন।"

শি। "শুনিয়া সন্তুফী হইলাম। তবে আপনি অদাই

এ সংবাদ বাদশাহকে জানাইবেন; চিকিৎসা ব্যতিরেকে
শেষে পীড়া প্রবল হইতে পারে।"

রা। "সে জন্য আপনি কোন চিন্তা করিবেন না; যাহাতে আপনি সভার সুস্থ হইতে পারেন, তৎপক্ষে যভেনর অুটি হইবে না।"

শি। "হাঁ মহাশয়! কেবল চিকিৎসার জন্য আমার কোন চিস্তা নাই। কিন্তু, এ রোগ বায়ু পরিবর্ত্তিত হইলেই অনেক্ লাহব হইতে পারে।"

রা। "বাদশাহকে না জানাইয়া কোথায় যাইবেন?"

শি। "না মহাশয়, অন্যত্র হাইতে চাহিতেছি না;
এই রাজধানীর নিকটেই যনুনা-তীরস্থ সুশীতল বায়ু সেবন
করিতে ইচ্ছা হইয়াছে।"

রা। "তাহাতে আপত্তি কি? এখনই চলুন।"
শিবজী রামসিংহের সহিত চলিলেন। প্রহরিগণও তাঁহাদের পশ্চাং পশ্চাং চলিল।

### সপ্তম পরিচ্ছেদ।

#### नमीकुरन।

শিবজী রামসিংহের সহিত গৃহ হইতে বহির্গত, হইয়া
যমুনা-তারে গিয়া উপস্থিত হইলেন। তথন, অন্তগামী
প্রভাকর রক্তবর্ণাকৃতি ধারণ করিয়া যেন হাস্য করিতেছে; সেই
রবিচ্ছবি-প্রতিবিদ্ধ যমুনার পশ্চিমাংশে নীল জলের মধ্যে
বিকম্পিত হইতেছে। নদীর পারে এক বৃহৎ দিকতাময়
ভূমি, তাহার উপর দিয়া অগণিত বিহঙ্গম বিহার করিয়া
বেড়াইতেছে। নৌকাই নদীর প্রকৃত অভরণ; যমুনার উভয়
কুল ক্রোশার্দ্ধ ব্যাপ্ত হইয়া সাংঘাত্রিকদিগের বাণিজ্যপোত বিরাজ্ত,—কোন কোন বণিক্ বিবিধ পণ্যদ্ব্য-প্রপূরিত নৌকার
বন্ধন মোচন করিয়া সোতোভিমুখে যাইতেছে, কাহারাও বা
বিদেশ হইতে আগমন করিয়া জলামন সকল তারলগ্ন করিয়া
দৃদ্রপে বন্ধন করিতেছে। এই সকল দেখিয়া শিবজী
পুলকিত বা দৃঃখিত কিছুই হইলেন না।

উভয়ে বিবিধ কথোপকথন করিতে করিতে সোভদ্বতীর ভট হইয়া পশ্চিমাভিমুখে গমন করিতে লাগিলেন। নদীসপৃষ্ট শীতল বসন্ত-বায়ু ভাঁহাদের শরীর দ্বিশ্ব করিতে লাগিল। নগর অন্তিক্রম করিয়া কিয়দূর গমন করিলে, সমুখে আদুরে দুইটি জ্ঞীপুরুষ বসিয়া রহিয়াছে, দেখিতে পাইলেন; জ্ঞীপুরুষ উভয়েই ঘেন সন্ধ্যানধর্মাবলদ্ধী, এমন বিবেচনা হইল। পরে তাঁহাদের নিকটবর্ত্তা হইলে, শিবজীর মুথ প্রফুল হইল। প্রাসী ব্যক্তি আত্মীয় স্বজনের দর্শন পাইলে যেমন প্রফুল হন, শিবজী সেইরূপ সন্তুষ্ট হইলেন। সন্ধ্যাসীকে দেখিবা মাত্র তাঁহার বিপন্নাবস্থার ক্লেশ দূর হইল।

সন্ন্যাসীর নিকট উপস্থিত হইবার পূর্ব্বে রামসিৎহ শিবজীকে জিজাসা করিলেন,——

" आश्रीन कि थे याशीमिरशत निक्र याहरतन?"

**啊!"彭!"** 

রা। "কেন?"

'শি। "আমি শুনিয়াছি, সন্ন্যাসিগণ ঘোগবলে অসাধ্য সাধন করিতে পারেন। বোধ হয়, স্তবস্তৃতি করিলে ঐ সন্মাসী আমাকে নির্ব্যাধি করিতে পারেন।"

রা। "সমুব বটে।"

অনন্তর উভয়ে সাফীক্ষে প্রণত হইয়া তপদ্বীর সন্ধুর্থ দগায়মান রহিলেন। তথান সন্ধ্যাসি-মিথুন নয়ন মৃদ্রিত করিয়া উপবিফ ছিলেন,—অনেক ক্ষণ পরে সন্ধ্যাসী তাঁহাদের প্রতি চাহিয়া বলিলেন,———

" বৎস! ভোমরা কে?"

শিবজী অতি বিনীতভাবে উত্তর করিলেন, "প্রভো! আহি মহারাষ্ট্রের অধীশ্বর, ইনি জরপুরাধিপতির কুমার।"

স। এথানে কি প্রয়োজনে আগমন হইয়াছে? "

শি। "প্রভুর চরণে এক ভিক্ষা আছে।"

স'। (আশ্চর্যান্থিত হইয়া) তোমরা রাজা, আমি বন-বাসী; আমার নিকট ভিক্লা?"

শি। "মহাপুরুষের কিছুই অসাধ্য নাই।"

স। "আমার কিছুই সাধ্য নাই; তবে কিনা, মুখে আশীর্কাদ করিতে পারি।"

শি। " জীচরণে অন্য কোন ভিক্ষা নাই; যাহা বলিলেন, তাহাই আমার প্রার্থনীয়।"

স। " কি করিতে হইবে বল, স্বীকৃত আছি।"

শি। (বিনীত ভাবে) "প্রভো!দেখিতেছেন, আমি অত্যন্ত ক্লিফ হইয়াছি, যদি অনুণূহ করিয়া আমার কল্যাণার্থ কিছু দৈবক্রিয়া করেন, তবে যার পর নাই উপকৃত হই।"

এই কথা শ্রবণ করিয়া সন্ন্যামী চিন্তায় মগ্ন হইলেন। আনেক হৃণ পর্যান্ত কিছুই বলিলেন না। পরে চিন্তা পরিতাাগ করিয়া কহিলেন,——

" বংস! এ কথাটি আমি এক্ষণে স্বীকার করিতে পারিলাম না; কেননা কল্যই সাগর-সঙ্গমে গমন করিব, এমন অভিপ্রায় করিয়াছি।"

শিবজী তখন, তপদ্বীর পদ্যুগল ধারণ করিয়া রোদন করিতে করিতে কহিলেন,——

"প্রভো। দাসকে অবজা করিবেন না; আমার অনু-রোধ পরিত্যাগ করিলে আপনাদের নির্মাল চরিত্রে কলন্ধা-পিতি হউবে।"

স। " কি কলক ?"

শি। "মহাপুরুষেরা ভক্তবংসল, এবং পরোপকারী,—
দাসকে দুণা করা ভবং সদৃশ মহাত্মজনের অনুচিত।"

সন্ন্যাসী ইহা শুনিয়া হাস্য করিয়া কহিলেন, "ভাল, ভোমার ইচ্ছাকে আমি পরাঙ্মুখ করিব না। কল্য প্রভূাবে এই স্থানেই আমার সাক্ষাৎ পাইবে, দৈবক্রিয়ার আয়োজন কর গে।"

শিবজী আবার কহিলেন, " আর একটি নিবেদন, বলিতে শঙ্কা হয়, যদি অভয় প্রদান করেন, তবে নিবেদন করি।"

সন্মাসী ওাঁহার মনোগত ভাব বুঝিতে পারিয়া কহিলেন, "আছা, আমার সঞ্জিনীও নিমন্ত্রিতা হইলেন।"

শিবজী পুলকিত অন্তরে কছিলেন, "প্রভো! কৃতার্থ হইলাম।"

' অনন্তর উভয়ে পুনরায় সন্ধ্যাসীর চরণে প্রণত হইয়া বাসা বাটীতে প্রভ্যাগত হইলেন।

তথ্ন, সন্থ্যাসী নিজ সঙ্গিনীকে কহিলেন,---

" গোলাব! তবে চল, আমরাও যাই; ঈশবেচ্ছায় যবন শিবজীর কেশাগুও সপর্শ করিতে পারিবে না।"

ছক্ষবেশধারিণী গোলাবী কহিল, " যবনের সাধ্য কি যে আমাদের রাজার অনিউ করিবে?"

এই রূপ কহিতে কহিতে উভয়ে একটি বনের মধ্যে প্রবেশ করিলেন।

## অফ্টম পরিচ্ছেদ।

### **मृ**ठी-मश्वादम ।

আরা থের যে দূতকে দক্ষিণ রাজ্যে প্রেরণ করিয়াছিলেন, তাহার বিজয়পুর গমন করিতে এবং তথা হইতে দিল্লী আদিতে প্রায় দুই মাস কাল গত হয়। একাল পর্যান্ত শিবজী কেবল আত্মোদ্ধার পক্ষে যতন করেন নাই, রশিনারার উদ্ধার সাধনেই যতনবান্ছিলেন। এত দিন কবে তিনি প্লায়ন করিতেন, কেবল রশিনারার উদ্ধার জন্য এত বিলম্ব হইয়াছিল। ইহাতে তাঁহার মনোবাঞ্ছা কত দূর সিদ্ধ হইয়াছিল, তাহা অদ্যই প্রকাশ পাইবে।

শিবজী নদীকুল হইতে যে সন্ত্যাসী ও সন্ত্যাসিনীকে নিম্প্রণ করিয়া আনেন, তাঁহাদের সাহায্যে নিফ্লি পাইবার পদা প্রস্তুত করিতে লাগিলেন। বন্ততঃ সন্ত্যাসী ও সন্ত্যাসিনী প্রকৃত তাপদ নহে, ছল্মবেশী মাত্র। সন্ত্যাসী তাঁহার প্রকৃত বাপদ নহে, ছল্মবেশী মাত্র। সন্ত্যাসী তাঁহার প্রকারিকা গোলাবী। শিবজীর কুশলার্থ স্থামী চাকুর প্রত্যহই স্বন্ত্যয়নাদি দৈবক্রিয়ার অনুষ্ঠান করিতে লাগিলেন। নিবেদিত আহারীয় বন্তু পাত্র প্রপূরিত করিয়া নগরবাদীদিগের গৃহে পাচাইতে লাগিলেন। এই তাঁহার অব্যাহতি পাইবার সূত্রপাত হইয়া রহিল। গোলাবীর দ্বারা রশিনারার সংবাদ আনিয়া শ্বনিতে লাগিলেন। এই রূপে কিছু দিন গত হইল।

একদা শিবজী বাসায় বসিয়া আছেন, সহচরী গোলাবী

নিকটে অধামুখে উপবিষ্টা আছে। অনেক হৃণ পরে শিবজী দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিয়া গোলাবীকে কহিলেন,——

"গোলাব, তুমিত রশিনারার নিকট প্রতাহই ঘাইতেছ, কই, মিলনের উপায় কিছাইত করিতে পারিতেছ না।"

গো। "মহারাজ! চেষ্টারত অুটি করিতেছি না।"

শি। "কালি কিরুপ কথা-বার্তা স্থির হইরাছিল?"

গো। "তাঁহার মনের ভাব জানিতে বাকী কি? তাঁহার মন আপনার প্রতিই আছে।"

শি। "তাত জানি। তিনি আসিবার কথা কি কহি-লেন?"

গো। "কালি অনেক কথা হইল, পরে আমি ভাঁহাকে আপনার অবস্থা বিস্তার করিয়া কহিলাম। শুনিয়া তিনি কাঁদিতে লাগিলেন।"

শি। " আমার দুংথে কি তিনি কাঁদিয়াছিলেন?"
গো। "মহারাক্ষ! না কাঁদিবেন কেন? আপনি হেমন
তাঁহার জন্য ব্যস্ত হইয়াছেন, তিনিও সেই রূপ আপনার
জন্য সর্বাদা উৎক্তিতা, প্রণয়ের কি অসাধারণ মোহিনীশক্তি!"

শি। "তবে তিনি আসিতে বিলম্ব করেন কেন?"
গো়। "প্রকাশ্যেত আর আসিতে পারেন না, প্রহরিগণ অফীপ্রহর সতর্ক রহিয়াছে।"

শি। (নৈরাশ্যে) "তবে উপায়?"

গো। "উপায় আছে বৈ কি। মনে করিলে সকল ঘরেই সিঁদ দেওয়া যায়।" শি। "কি রূপ ? বল, বল !"

লো। "মহারাজ! উতলা হইবেন না; ভবানীর কৃপায় অবশাই তাঁহার দাক্ষাং পাইবেন। স্বামী ঠাকুর কলা গমন করিয়াছেন, আপনিও অবিলম্বে বাহিব হইবাব চেষ্টা করুন; আমি শাহজাদীকে দঙ্গে লইয়া আপনাব সহিত মিলিতা হইব। "

শি। "গোলাব! ভোমাব কথায় সভ্ত হইলাম: আমার জন্য তোমার কোন চিন্তা নাই, ক্ষণ কাল পরেই পলা-য়ন করিব। ভাল, ভোমরা দেই দুর্গম পুরি হইতে কেমন করিয়া বাহির হইবে?"

গো। " আজি বাদশাহের জন্মতিথি,—মহা আমোদ প্রমোদ হইবে, আজিকার দিনে কাহারও কোথায় ঘাইবার নিষেধ নাই; আমরা কোন রূপে তথা হইতে বাহিই হইতে পারিব, তজ্জন্য চিন্তা করিবেন না। "

শি। "তবে তুমি যাও। আমি এক খানি পত্র দিতেছি, তাহা রশিনারাকে দিও। আমার সহিত অমুক স্থানে সাক্ষাৎ পাইবে। " এই বলিয়া গোপনীয় স্থানের কথা গোলাবীর কর্ণমূলে কহিয়া দিলেন।

অনস্তর শীঘুহস্তে একখান পত্র লিখিয়া গোলাবীর इत्स मिलन। গোলাবী পত लहेश तां ज्ञानामां छिमू त्थ চলিয়া গেল।

### নবম পরিচ্ছেদ।

#### আত্মবঞ্চনায়।

শিবজীর পত্র লইয়া দাসী রাজনিকেতনাভ্যন্তরে প্রবেশ করিল। অদ্য বাদশাহের জন্ম দিন, অবারিত দ্বার, যেখানে যাহার ইচ্ছা, সে দেইখানেই গমনাগমন করিতেছে। এই দিনে অন্তঃপুরেও মহা সমারোহ হইয়া থাকে; দ্রীলোক ভিন্ন পুরুষের তথায় গমন বিধি নাই। নানা দিগদেশ ललनानन विविध मुता-मामनी विक्रार्थ সমাগতা হইয়াছে। অন্তঃপুরিকাগণের আনন্দের আর পরিসীমা নাই, বহুমূল্য পরিচ্ছেন, অলক্ষারাদিতে বিভূষিতা ছইয়া ভুমণ করিতেছেন। সুগন্ধ বন্তর ঘাণে চতুর্দিক্ মোহিত ক্রিকৈছে; আতর, গোলাব, তামূল, পুক্স, পরিচ্ছদ, হীরকাদি খাঁচিত স্বর্ণালকার—যাঁহার যাহাতে অভিলাষ, তিনি তাহাই ক্রয় করিতেছেন। গোলাবী অন্তঃপুরস্থ বাজারের মধ্যে তন্ন তম করিয়া অনুসন্ধান করিয়াও বৃশিনারার সাক্ষাৎ পাইল না। অনন্তর অন্য আর এক প্রকোষ্ঠে গমন করিয়া দেখিল, যে, রশিনারা এক বৃদ্ধের সহিত এক অপুর্ব্ব অট্টালিকার ভাবে দভায়মানা রহিয়াছেন। গোলাবী তাঁহার মুখের ভাবান্তর দেখিয়া কিছু বিন্মিতা হইল, দে এরূপ বিমর্ষ ভাব তাঁহার মুখে কথনই দেখে নাই। গোলাবী কিছু না বলিতেই রশিনারা অতি মৃদ্যুরে কহিলেন,

<sup>&</sup>quot; ওলো, তুমি কোথায় যাইতেছ?"

গোলাবী তাঁহাকে অভিবাদন করিয়া কহিল, " আপনার উপযুক্ত কোন দুব্য আনিয়াছি, আপনি তাহা গুহণ করিলে সম্ভুক্ত হইব।"

র। "দেখি, পদার্থটা কি?"

গো। "গৃহাভান্তরে চল্ন, দেখাইতেছি।"

রশিনারা আর কোন আপত্তি করিলেন না; বিদেশিনীকে সমভিব্যাহারে লইয়া স্থীয় কক্ষ্যায় গমন করিলেন। বৃদ্ধও ভাঁহাদের সঙ্গে চলিলেন।

রশিনারা পৃতে উপস্থিতা হইয়া সঙ্গিনীকে ক**হিলেন,** "গোলাব! সমাচাব কি?"

গোলাবী আঁহার কথায় উত্তর না দিয়া বৃদ্ধের প্রতি চাহিয়া অধোবদনা হইয়া রহিল। ইহা দেখিয়া রশিনার। কহিলেন,———

"গোলাব! তুমি আমাদের সকল কথাই এখানে প্রকাশ করিতে পার, কাহাকে দেখিরা সঙ্কৃতিতা হইতেছ? ইনি আমার পিতামহ, আমার দুঃখে দুঃখী! তুমি যাহা প্রকাশ করিতে কৃণ্টিতা হইতেছ, ইনি তাহা সকলই জানেন।"

গোলাবী তথন নতশিরে সাজাহানকে বলৈল, "জঁহা-পুনা! দাসী না জানিয়া অপ্রাধ করিয়াছে, অপ্রাধ ক্ষা করিতে আজা হয়।"

সা। "তোমার অপরাধ কি? তুমি যথাবিধি কার্যাই, করিয়াছি। এক্ষণে, রশিনারা যাহা বলিলেন, তাহা প্রকাশ কর।"

গো। "আমাদের মহারাজ বোধ হয় এত ক্ষণ প্লায়ন

করিয়াছেন। যমুনার পারে যে এক নিবিড় বন আছে, তম্মধ্যবর্ত্তী পূরাতন অট্টোলিকার মধ্যে আপনার জন্য বিলম্ব করিতেছেন, আপনি চলুন।"

সা। "তিনি পলায়ন করিলেন কেন?"

গো। " বাদশাহ ভাঁহার প্রাণদণ্ড করিবেন বুঝিতে পারিয়া পলায়ন করিয়াছেন।"

সাজাহান দীর্ঘনিখাস পরিত্যাগ করিয়া অধোবদনে রহি-লেন।

রশিনারাও অধোবদনে যেন কি ভাবিতে লাগিলেন। গোলাবী পুনশ্চ কহিল,——

" শাহজাদি, যথন তিনি আমাকে আপনার নিকট পাঠান, তথন তিনি একথানি পত্র দিয়াছিলেন, সে পত্র এই; কি লিখিয়াছেন পড়িয়া দেখুন।" এই বলিয়া দাসী অঞ্চলপ্রান্ত হাত্ত লিপি বাহির করিয়া রশিনারার হাত্ত দিল।

রশিনারা পত্র হস্তে করিয়া দাসীর দিকে চাহিয়া রহি-লেন। সাজাহান তথন রশিনারার হস্ত হইতে লিপি লইয়া স্বয়ং তাহা থুলিয়া পাঠ করিতে আর্ম্ভ করিলেন,——

" প্রাণের রশিনারা!----

প্রিয়তমে! অনেক দিন গত হইল, তোমার সহিত সাক্ষাৎ
নাই,—তোমার ইন্দু-নিভানন অদর্শন-জনিত যে কি পর্যান্ত
কক্ষী সহ্য করিতেছি, তাহা লিখিয়া কি জানাইব? অদ্য
যথন সাক্ষাৎ হইবে, তখন তাহা ৰচক্ষেই অনুভব করিতে
পারিবে।

আমি যখন তোমাকে হরণ করিয়া দুর্গে লইয়া ঘাই,

তথন আমার এমন আশা ছিল না, যে, তোমার প্রণয়াকাঙ্কী হইব; কিন্তু প্রথম দর্শনেই আমার মন তোমার অপূর্ব্ব রূপে মুগ্ধ হইল। পরে তোমার সহিত ঘতই আলাপ হইতে লাগিল, ততই যেন আমার মনোবৃত্তি পরিবর্তিত হইতে লাগিল,—পাষাণ হৃদয়ে তোমার প্রতিমুর্ত্তি পর্যস্ত অক্কিত করিয়াছি। লোকে বলে তরুণী-সপর্শ অতীব সুখজনক, তবে কেন তোমার প্রতিমুর্ত্তি অনলোত্তাপের নাায় আমার পাষাণময় হৃদয়কে দুব করিতেছে?

প্রেয়ি ! আমি তোমার মন যোগাইতে বুটি করি নাই, তুমিই তোমার পিতার ভরে আমার সহিত হাস্যমুথে কথা কহিতে না, নিদারুণ বিধির চক্রে তুমি সে সকল যন্ত্রণাই ভোগ করিতেছ ! যাহা হউক, তাহা মনে করিয়া আর কি হইবে ? প্রিয়ে ! আমি সকলই ত্যাগ করিতে পারি, কেবল তোমাকে নহে,—আর যন্ত্রণা সহ্য হয় না; আমাকে দর্শন দিয়া প্রাণদান কব ।

যথন তোমার পিতৃ-দৈন্য আমার দুর্গ জয় করে, তথন আমি তোমার নিকট উপস্থিত হইরা রোদন করিতে লাগিলাম, তুমি সেই সময় আমাকে যাহা যাহা বলিয়াছিলে, এখনও সেই সকল কথা বীণাবং আমার কৃর্ণকুহরে প্রতিধ্বনিত হইতেছে; জীবন থাকিতে তাহা বিষ্মৃত ইইতে পারিব না।

আমি যে এখানে কিরুপ বিপদে পড়িয়াছি, তাহা তুমি সকলই জানিতেছ; আজি আমার মন অত্যন্ত ব্যাকুল হই-য়াছে, প্রাণভয়ে অঙ্গ কাঁপিতেছে, কেন যে এরুপ হইল, বলিতে পারি না। সেই জন্য আমি পলায়ন করিলাম, তুমি গোলাবীর মুখে সাঙ্কেতিক স্থানের কথা শুনিয়া শীমূ আগগ্যন করিয়া আমার শুষক দেহে অমূত বর্ষণ কর।

এটি আমার দৃঢ় বিশ্বাস আছে, যে, তুমি কখনই আমাকে ত্যাগ করিবে না; কিন্তু যদি ইহার অন্য মত হয়, তবে নিশ্চয়ই জানিও, এ প্রাণ বিসম্ভর্ন দিব; তুমিই যদি আমার না হইলে, তবে আর দেহ লইয়া কি হইবে? তোমার কামনায় সাগরে দেহত্যাগ করিলে পুনর্জ্জন্ম অবশ্যই তুমি আমার হইবে।

তোমার পিতা আমার প্রাণবধের জন্য চেষ্টা পাইতেছেন, আমি তাহা বুঝিতে পরিয়াছি; প্রাণ বিসর্জনই দিব, কিন্তু তোমার পিতার নিষ্ঠুর কুঠারে নহে। মরণ নিশ্চয় হইলে তোমার জন্য সুস্থানে মরিব! সেই ভাল!

ন্তাধিক লেথার সময় পাইলাম না; কহিবার অনেক কথা আছে; সাক্ষাতে—নির্জ্জনে সকল কহিব। তুমি বিলম্ব না করিয়া গোলাবীর সঙ্গে আগমন কর। ইতি——

> ভোমার প্রণয়াধীন শিবজী।"

পত্র পাঠ সমাপ্ত করিয়া সাজাহান কহিলেন, " তবে যাও, বৃদ্ধের কথা মনে রাখিও।"

রশিনাল্লা কোন উত্তর করিলেন না, কেবল নীরবে রোদন করিতে লাগিলেন।

সাজাহান দেখিয়া কহিলেন, কাঁদ কেন? যাও—এই দৃতীর সঙ্গে গেলে কেহ জানিতে পারিবে না; আজি সকলেই আহোদ আছলাদে মগ্র আছে।"

রশিনারা চকুর জল মুছিয়া কহিলেন, " আমার যাওয়া ছইল না।"

সাজাহান ও গোলাবী উভয়েই সচকিত হইয়া উঠিলেন। সাজাহান কহিলেন,———

সে কি ? এই না তুমি সে দিন উন্মাদিনীর নাায় একেবারে অধৈর্যা হইরা পড়িয়াছিলে ? তথনই দেখি ছন্মাবেশে গমন কর ! এখন আবার মন ফিরিল কেন ? "

রশিনার। য়প্লোশিতার ন্যায় হইরা এই মাত্র কহিলেন, "লালাট-লিপি কে খণাইবে?" তিনি আর তথায় বসিয়া রহিলেন না। গাত্রোপান করিয়া গোলাবীকে কহিলেন, "আইস।"

গোলাবী তাঁহার সঙ্গে অন্য আর একটি কক্ষ্যায় গমন করিল। রশিনারা তাহাকে বসিতে বলিয়া স্বয়ৎ পত্র কি. থাত বসিলেন। গোলাবী দেখিল, লিখিবার সময় তাঁহার চক্ষুঃ হইতে অজসু বারি বিগলিও হইতেছে। পত্র সমাপ্ত করিয়া গোলাবীকে কহিসেন, "তুমি এই পত্র লইয়া বিদায় হও; আমি পিতার মনঃপীড়া দিতে পারিব না। তোমাদের সহিত আর আমার দেখা হইবে না। তোমাদের সহিত আমি অনেক দিন একত্রে ছিলাম, সহোদরা ভগিনীক ন্যায় আমাকে শ্বেহ করিয়াছ,—আমি তোমাকে আর কি দিব, এই সামান্য বন্ধ নিকটে রাখিয়া হবনী ভগিনীকে মনে করিও। অধিক আর কি কহিব, তুমি বুদ্ধিমতী, হাহাতে তিনি সৃত্ব থাকেন, তৎপক্ষে হতন করিও।" এই বলিয়া তিনি শহ্যাতল হইতে এক গাছা মুক্তার হার ও পত্র

গোলাবীর হস্তে দিলেন। গোলাবী কিছুই বলিতে পারিল না, কাঁদিতে কাঁদিতে গৃহ হইতে বহির্গতা হইল। রশিনারাও একাকিনী পল্যকে শয়ন করিয়া কাঁদিতে লাগিলেন।

## দশম পরিচ্ছেদ।

#### মনোর্থ-ভঙ্গে 1

জন্মদিনোপলক্ষে আরাঞ্ছেব বাদশাহ পারিষদ্-মণ্ডলীমধ্যে উপবিষ্ট হইয়া আমোদ প্রমোদে রত আছেন। দৈন্য
সামন্ত, ওমরাহ, রাজা, রাজপ্রতিভূ, জানপদবর্গ, পৌরবর্গ
সকলেই আজি বাদশাহ-চরণে রজত-কাঞ্চনাদি উপঢ়ৌকন
প্রদান করিতেছেন। নট নটা, গায়ক গায়িকা, বাদক
ইত্যাদি সকলে চতুর্দিকে নৃত্যগীত করিতেছে। কোথাও আহার,
কোথাও পান, কোথাও দান, নৃত্যগীত, বাদ্যোদ্যম, লোক-কোলাহল, ইত্যাদিতে রাজপুরী পরিপূর্ণ। স্থর্ণ, রৌপ্য, কাৎস্য,
হীরা, মতি, মুক্তা, পায়া, পৃষ্প, গন্ধ, বসন, ভূষণ, আহারীয়, পানীয়, তান্থল, শিলপকার্য্যসম্পন্ধ দ্যুবজাত বিক্রেতাগণ ক্রেতাদিগের সহিত মহাকোলাহল করিতেছে। আজিকার দিনৈ সকলেরই আমোদ আক্রাদ, কেবল সাজাহান
আর রশিনারা অন্তঃপুরের মধ্যে রোদন করিতেছেন!

বেলা শেষ হইরা আসিল। তথন বাদশাহ তুলা-যন্ত্রের নিকট উপদ্থিত হইয়া পুরুষ-পরম্পরা-রীত্যনুসারে মহার্ঘ্য দুবোর সহিত তুলিত হইলেন। পরে সেই সকল বস্তু দরিদু- সাৎ করিতে অনুজা করিয়া অন্যান্য ক্রিয়া-কলাপ সম্পন্ন করিলেন; পরে আমখাসে গমন করিয়া সিংহাসনাসীন হইলেন। এই সময়ে যে দূত দক্ষিণরাজ্যে গমন করিয়াছিল, দে যথাবিধি অভিবাদন করিয়া বাদশাহের হস্তে একথানি পত্র প্রদান করিল। আরাজ্ঞেব পত্রার্থ অবগত হইয়া পত্রবাহককে যথোচিত পুনস্কার দিলেন। পরে বজুগদ্ধীর মরে চীৎকার করিয়া কহিলেন,—

" নগ্রপাল !----

নগরপাল নতশিরে বক্ষে বাহু স্থাপন করিয়া কহিল,—
"জাঁহাপনা,!——

আরাঞ্জেব সেইরূপ স্বরে কহিলেন, "শিবজীর মস্তক দেখিতে চাই।"

বাদশাহের মুখ হইতে বাক্য নির্গত হইবা মাত্র নগঁর-পাল মহারাষ্ট্রপতির বধার্থ প্রধাবিত হইল। শত সহসু লোক শিবজীর বধ দেখিবার জন্য নগরপালের পশ্চাৎ পশ্চাৎ চলিল।

আরাজের তথন মনে ননে বলিতে লাগিলেন, "আর কি? আমার সকল আশাই পূর্ণ হইল। পূথিবীতে আমার আর শত্রু নাই; জয়সিংহ বিদ্যোহী হইয়াইছলেন, বলিয়া মারা গিয়াছেন, অন্যান্য দুষ্টাদিগেরও অব্যাহতি নাই; বিদ্যোহের কথা উত্থাপন করিয়া পুলও সাধারণের অবি-খাসের স্থল হইয়াছেন। শিবজীর এতক্ষণ বধ হইল। লোকে সহসু কৌশলই করুক, আমার, বুদ্ধির ১১জে সক-লই বিফল হইবে।" বাদশাহ এইরপে যখন মনে মনে পর্য্যালোচনা করিছে-ছেন, তাহার কির্থক্ষণ পরেই নগরপাল কাঁদিতে কাঁদিতে উর্দ্ধানে দৌড়িরা আসিরা একেবারে সিংহাসনের তলে পড়িল। আরাঞ্চেব তাহার ভাব দেখিয়াই বুঝিতে পারি লেন, যে, তাঁহার মন্ত্রণা বিফল হইয়া গিয়াছে। তখন তিনি কোধ-গন্ধীর ঘরে বলিলেন, "কি হইয়াছে?"

নগরপাল সেই ভাবে থাকিয়াই কহিল, "জাঁহাপনা! দাদেরা আজি আমোদ প্রমোদে রত ছিল,——

আরাঞ্রে তাহাকে আর বলিতে না দিরা বলিলেন, "শিবজী কি পলায়ন করিয়াছে?"

ন। "ধর্মাবতার,——

মহারাষ্ট্রপতি নিত্য নিত্য ঝুড়িপূর্ণ করিয়া আহারীয় দুব্য নগরে বিতরণ করিতেন; অদ্য রশিনারার নিকট গোলাবীকে পাঠাইয়া পরে ষয়ৎ তাহার একটা ঝুড়িতে উপবিষ্ট হন; বাহক ভাঁহাকে মস্তকে করিয়া বাহির হয়। প্রহরিগণ আহারীয় ঘাইতেছে, এই জ্ঞানে তৎপ্রতি কটাক্ষপাতও করে না। সুতরাৎ শিবজী নির্মিষ্টে নিষ্কুন্ত হইতে পারেন।

আরা ঝের তথন বন্দিশালার অধ্যক্ষের হস্তে নগরপালকে সমর্পণ ক্রিয়া দেনানীর প্রতি শিবজীর অনুসন্ধানের আজা করিয়া কহিলেন,——

" যে রূপেই হউক, শিবজীকে ধরা চাই। ব্যাঘুকে পিঞ্জ-রাবন্ধ করিয়া পুনর্কার ছাড়িয়া দেওয়া বিপদের কার্ণ।"

সেনাপতি সদৈন্যে শিবজীর অন্বেষণে প্রধাবিত হইলেন। বৃথা অক্টেমণ ! পলাতকের অনুসন্ধান পাওয়া সহজ ব্যাপার নহে।

# একাদশ পরিচ্ছেদ।

#### विजन-वटन।

প্রভাকর অস্তমিত হইল। ক্রমে সন্ধ্যাতিমির গাড়তর হইরা উঠিল। গোলাবী তথন লৌহময় দেতু অবলম্বন করিয়া মমুনা পার হইয়া এক নিবিড় অরণ্য-মধ্যে প্রবেশ করিল। বনপথ গোলাবীর অপরিজাত; বিশেষ ঘোরান্ধকার মধ্যে কিছুই লক্ষ হয় না; কেবল হস্ত ছারা সম্মূথস্থ বৃক্ষলতাদি অনুমান করিয়া অতিসাবধানে ভগ্নাট্টালিকা অনুসন্ধান করিয়া বেড়াইতে লাগিল। এই রূপ অন্ধকারময় দুর্গম বন মধ্যে ভগ্নগৃহ কোন দিকে আছে, প্রহরার্দ্ধ পর্যান্ত পর্যান্তন করিয়াও তাহার সন্ধান পাইল না। পরে অনেক ক্ষণ ভূমণ করিয়া একটি বৃক্ষশূন্য স্থানে উপস্থিত হইল; তথায় অপেক্ষাকৃত পরিক্ষ্কৃত নক্ষত্রের ন্তিমিতালোকে দেখিতে পাইল, সম্মুখে লভা-প্রল্যাবৃত একটি মন্দির রহিয়াছে; তম্ম্য হইতে মৃদু মৃদু মনুষ্য-কণ্ঠ-বিনির্গত অসপন্ট সন্ধাত-ধ্বনি রাহির হইতেছে। অনুভবে বুঝিতে পারিল, শিবজাই একাকী সেই বিজন স্থানে মৃদুম্বরে গান করিতেছেন। তথন জিজ্ঞানা করিল,—

" মহারাজ কি এখানে আছেন?" মন্দির মধ্য হইতে উত্তর হইল," গোলাবী না কি?" গো। "আজা হাঁ। কোন্পথে ঘাইব?"

শি। "অপেক্ষা কর, আমিই হাইতেছি।" এই বলিয়া শিবজী গৃহের বাহির হইয়া গোলাবীর নিকট গোলেন। ভাঁহার উষ্ণীষস্থিত অর্কপ্রভাতুল্য মণিকিরণে দিবসের ন্যায় তথায় আলো হইল। গোলাবীকে একাকিনী দেখিয়া শিবজী কহিলেন-----

রশিনারা কই ? "

গো। "আসেন নাই।"

শি। " কেন?"

গোলাবী মনে মনে ভাবিল, "আমি কেন এই দুংথের কথা কহিয়া ইঁহাকে দুংখিত করিব? পত্রেই সকল জানিতে পারিবেন।" প্রকাশে কহিল, "মহারাজ! তিনি এই পত্র দিয়াছেন, পাঠ করিলে সমুদ্র জানিতে পারিবেন।" এই বিলিয়া বশিনারার পত্র শিবজীব হস্তে প্রদান করিল।

শিবজী রশিনারাকে পাইবার পক্ষে একেবারে নিরাশ ইন নাই; ভাবিলেন, বুঝি কোন প্রতিবন্ধক হেতু তিনি আদিতে পারেন নাই। এই বিবেচনা করিয়া পত্র খুলিয়া পাঠ করিতে লাগিলেন,

"মহারাষ্ট্রপতি! ভোমার পত্র পাঠ করিয়া আমি মহা দুঃথিতা হইলাম; কেননা আমি প্রাধীনা, নচেৎ আহ্লা-দিতা হইতাম, সন্দেহ নাই।

তুমি যে যাতনা পাইতেছ, তাহা আমা হইতেই আমি জানিতে পারিতেছি; ইহা ভোমার আমার দোষ নহে, দৈবই এ মনঃপীড়া দিবার মুল; অতএব আমরা উভয়ে যাবজ্জীবন দৈবকেই তিরস্কার করিয়া মনকে প্রবোধ দিব।

আমি তোমার দহিত দাক্ষাৎ করিলাম না, ইহার এক বিশেষ কারণ আছে; তুমি এমন বিবেচনা করিও না, যে, আমি আত্মধৈয়ে বশতঃ এইরূপ করিলাম, কেবল ভোমার দহিত মিলিতা হইলে পিতা দুঃখিত হইবেন, সেই জন্মই ভোমার প্রণর-সুখ-ভাগিনী হইলাম না।

ত্মি আমার জন্য অধৈর্য্য হইরাছ, হইবারও সম্ভব। কিন্তু এখন হইতে মনে কর, রশিনারা বলিয়া পৃথিবীতে কেহ নাই,—রশিনারার মৃত্যু হইরাছে।

তুমি দেশে গমন কর। বাদশাহ তোমার পরম শতু, সময় পাইলেই তোমার অনিষ্ট করিবেন। স্থদেশে গিয়া প্রজাপালন করিয়া রাজধর্ম রক্ষা কর; তাহারা তোমার বিরহে কফ্ট পাইতেছে।

সুদ্দরী কামিনী দুষ্পাপ্য নহে। অনুসন্ধান করিলে আমা অপেক্ষাও সুদ্দরী কামিনী পাইবে। তবে কেন ঘবনীর প্রণয়-ভাজন হও? তোমার বিরাগ-ভাজন হও? তোমার নিকট এই ভিক্ষা, আমাকে ভুলিয়া সুথী হও, স্মিচরণে দিতীয় ভিক্ষা নাই।

তোমার কন্ট পাইবার কোন কারণ দেখিতেছি না;
কেন না, তুমি যেমন তোমার স্ত্রীকে ত্যাণ করিলে, দেইরপ
আমিও আমাকে স্থামিসুথ হইতে অন্তরে রাখিলাম।
আমার দকল সুথ-দুঃথ ঈশ্বরের প্রতি দমর্পণ করিয়াছি।
বিধাতা চির-কুমারী থাকিবার জন্য আমাকে সৃষ্টি করিয়াছেন, আমি কিরপে তাঁহার অথও নিয়ম লঙ্খন
করিব? তুমি আর আমাকে করেণ করিয়া দুঃখিত হইও না!
আমার ছদয় পাষাণময়, দকল প্রকার আঘাতই দহ্য হইবে!
অধিক লেখা নিষ্প্রেয়জন। দাসী চির-বিদায় লইল।

পত্রপাঠ করিয়া শিবজী স্কৃত্তিত হইয়া রহিলেন। গোলাবী কহিল, " মহারাজ! ভূতপূর্ব্ব ব্যাপার স্মরণ করিয়া আর কি হইবে? চলুন, দেশে যাই।"

শিবজী কহিলেন, "রশিনারার সহিত আর আমার সাক্ষাৎ হইল না! এই বলিয়া তিনি রোদন করিয়া উঠি-লেন। গোলাবী ভাঁছাকে সাম্বুনা করিতে লাগিল।

ARP

### পঞ্চন খণ্ড সমাপ্তা



